CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

आम्नाय-ग्रन्थालय,
भारतनिधि, करौंदी
वाराणसी-5

आम्नाय-ग्रन्थालय,
भारतनिधि, करौंदी
वाराणसी-5

लय
सी-५

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

आम्नाय—ग्रन्थालय,
भारतनिधि, कबीर
वाराणसी-5

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

[পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষাপর্ষদ্-নির্ধারিত ৮ম শ্রেণীর অবশ্য পাঠ্য]

Vide Circular of the Board of Secondary Education, West Bengal, No. 24/61 dated 27. 11. 1961.

সংস্কৃত

ব্যাকরণ-উপক্রমণিকা
ও
অনুবাদ-শিক্ষা

[৬ষ্ঠ, ৭ম, ৮ম ব
নূতন ব্যবস্থায় অষ্টম শ্রেণীর অবশ্য পাঠ্য]

আনন্দরাম বড়ুয়া ও রাণী রামরক্ষী গবেষণা সুবর্ণপদক এবং
যোগেন্দ্র ঘোষ গবেষণা পুরস্কার প্রাপ্ত
কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য ও রীডার
অধ্যাপক ডক্টর কৃষ্ণগোপাল গোস্বামী শাস্ত্রী
এম্. এ., পি আর্. এস্., ডি ফিল্., স্মৃতি-মীমাংসা-তীর্থ
কর্তৃক সম্পাদিত

প্রাপ্তিস্থান
ক্যালকাটা বুক হাউস
১।১, কলেজ স্কোয়ার ইস্ট, কলিকাতা—১২

সর্বস্ব লেখকের সংরক্ষিত]

মূল্য ২·২৫ পয়সা মাত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রকাশক
কে. জি. গোস্বামী
২৫, বিডন রো
কলিকাতা-৬

মুদ্রাক
শ্রীপ্রণবগোপা গোস্বামী
রূ প ন ন্দ প্রে স
১৩৮।১ আচার্য প্রফুল্লচন্দ্র রোড
কলিকা-৬

॥ ১৯৬৫ ॥

বিজ্ঞপ্তি

এই উপক্রমণিকার [illegible]রণে [illegible] অভিনব সমাবেশ, বিন্যাস-বৈশিষ্ট্য, এবং সন্ধি, [illegible] ও [illegible] গঠ[illegible] সঙ্কেত-সূত্র, অনুবাদ-শিক্ষণ-পন্থা ও ক্রমসঙ্গতি প্রভৃতি গ্রন্থসম্পাদকে[illegible] [illegible] ও মৌলিক অবদান। পুস্তকটির স্বত্ব গ্রন্থসম্পাদকের সংরক্ষিত। এই বইখানির প্রত্যক্ষ বা ছন্ন অনুকরণ (colourable alteration) উক্ত আইনগত স্বত্বের পরিপন্থী বলিয়া গণ্য হবে।

গ্রন্থসম্পাদক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আম্নায়-গ্রন্থালয়,

পাঠভবন
শান্তিনিকেতন

ভূমিকা

সংস্কৃতের প্রাণধারা ছাত্রমানসে উৎসারিত করিবার উদ্দেশ্যে শিক্ষামান অব্যাহত রাখিয়া নূতন পরিকল্পনায় আমি যে কয়খানি পুস্তক প্রণয়ন করিয়াছি, তন্মধ্যে সংস্কৃত শিক্ষার্থীর পাঠ্য ব্যাকরণ-উপক্রমণিকা অন্যতম। ইহাতে অভিনব বিশ্লেষণ-রীতির সহায়তায় এবং পদ ও বাক্যরচনা রহস্যের সন্ধান-সঙ্কেতে ব্যাকরণের নীরস তথ্যগুলিকে সরল, সরস ও সহজগ্রাহ্য করিয়া তুলিতে যথাসাধ্য চেষ্টা করিয়াছি। প্রয়োগ-কুশলতা ব্যাকরণ-কল্পবৃক্ষের অভীষ্ট ফল ;—পদ ও বাক্যের কুসুম-কোরকেই রহিয়াছে তাহার সূচনা। এই আদর্শের প্রতি লক্ষ্য রাখিয়াই একাধারে **ব্যাকরণ, অনুবাদশিক্ষা, অনুবাদ-আদর্শ** এবং পদ ও বাক্যগঠন-প্রণালীর **নিয়ম-সঙ্কেত** প্রভৃতির অপূর্ব সমন্বয়ে এবং শব্দরূপ প্রভৃতির দেবনাগরী লিপি যোজনায় ইহার বিশিষ্ট রূপ দিয়াছি।

আলোচ্য সমগ্র বিষয়বস্তুকে সঙ্গতি ও শৃঙ্খলা-ক্রমে দুই ভাগে বিভক্ত করিয়াছি। বস্তুতঃ বিষয়বস্তুকে অযথা ভারাক্রান্ত না করিয়া সংস্কৃত শিক্ষার যথার্থ সহায়তায় সহজ ও প্রাঞ্জল ভাষায় সর্বজনপূজ্য ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত **সংস্কৃত ব্যাকরণ-উপক্রমণিকার** এই অত্যাবশ্যক পরিশোধিত সংস্করণের রূপ পরিকল্পিত করিয়াছি।

উপক্রমণিকার এই সংস্করণ যদি প্রথম শিক্ষার্থীর সংস্কৃত শিক্ষার প্রশস্ততর পথ নির্দেশ করিতে পারে, এবং বিচার-মননশীল বিদ্বজ্জন-মনের পরিতোষ বিধানে সমর্থ হয়, তবেই আমার শ্রম সার্থক জ্ঞান করিব। কারণ—

"आ परितोषाद् विदुषां न साधु मन्ये प्रयोगविज्ञानम् ।"

বিনীত—শ্রীকৃষ্ণগোপাল গোস্বামী
কলিকাতা বিশ্ববিদ্যালয়ের
অধ্যাপক ও সিনেট সদস্য

২৫ বিডন রো
কলিকাতা-৬

আম্নায়-গ্রন্থালয়,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

THE LATEST SYLLABUS

For 1963 onwards.

Sanskrit Grammar & Composition for Class VIII

Vide Circular of the Board of Secondary Education, West Bengal, No. 24/61 dated 27. 11. 1961

"**Grammar :** Any suitable grammar may be used (for example, Upakramanika by Pandit Iswar Chandra Vidyasagar).

Composition : Pupils should be given special training in

(a) Translation of simple sentences from English or from the first language, and

(b) Construction of short sentences illustrating concordance of Subject and Predicate as well as of Adjective and Noun. They will also be expected to express simple ideass in Classical Language."

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সূচীপত্র

প্রথম ভাগ

বিষয়			পৃষ্ঠা
বর্ণপ্রকরণ	...	..	১
স্বরবর্ণ	...	...	১
ব্যঞ্জনবর্ণ	...	...	২
সন্ধিপ্রকরণ	...	...	৪
স্বরসন্ধি	...	...	৪
ব্যঞ্জনসন্ধি	...	...	১০
বিসর্গসন্ধি	...	...	১৪
ণত্ববিধান	...	...	১৮
ষত্ববিধান	...	...	১৯
পদবিবরণ	...	...	২০
বিশেষ্য বিশেষণ	...	...	২০
লিঙ্গ	...	...	২১
বচন	...	...	২৩
সুবন্তপ্রকরণ	...	...	২৪
সুপ্ বিভক্তি	...	...	২৪
শব্দরূপ	...	...	২৬
স্বরান্ত পুংলিঙ্গ	...	...	২৬
অনুবাদশিক্ষা (১)	...	...	২৮
স্বরান্ত স্ত্রীলিঙ্গ	...	...	৩৬
স্বরান্ত ক্লীবলিঙ্গ	...	...	৪১
সুবন্ত বিশেষণ	...	...	৪৩
অনুবাদশিক্ষা (২)	...	...	৪৫

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিষয়			পৃষ্ঠা
ব্যঞ্জনান্ত পুংলিঙ্গ শব্দ	...	...	৪৮
ব্যঞ্জনান্ত স্ত্রীলিঙ্গ শব্দ	...	...	৫৩
ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গ শব্দ	...	...	৫৪
সর্বনাম শব্দরূপ	...	...	৫৬
অনুবাদশিক্ষা (৩)	...	...	৬২
সংখ্যাবাচক শব্দ	...	...	৬৪
অব্যয়	...	...	৬৬
ক্রিয়াপদ বিবরণ	...	...	৬৭
তিঙ্ বিভক্তি	...	...	৬৯
ধাতুরূপ	...	...	৭১
অনুবাদশিক্ষা (৪)	...	...	৮১
কারক	...	...	৮৪
বিভক্তি	...	...	৮৭

নিবেদন

সুধী শিক্ষকমণ্ডলীর সুসূক্ষ্ম বিচার ও অকৃপণ বদান্যতা স্বল্পকাল মধ্যেই বইখানিকে খ্যাতি ও প্রতিষ্ঠার গৌরব দান করিয়াছে। পদ ও বাক্যরীতির সঙ্কেত-সূত্র সহ ব্যাকরণ এবং অনুবাদবিধির ক্রমসঙ্গতি ও শিক্ষণপদ্ধতির মৌলিকতায় পুস্তকটিকে তাঁহারা দ্বিধাহীন ভাষায় অনন্যসাধারণ ও অত্যুৎকৃষ্ট বলিয়া অভিনন্দিত করিয়াছেন। তাঁহাদের সেই স্বতঃস্ফূর্ত মহানুভবতার ঋণ শ্রদ্ধানত শিরে স্বীকার করি এবং অন্তরের গভীর অনুভূতি দিয়া তাঁহাদিগকে জানাই কৃতজ্ঞতার অশেষ আবেদন।

১৯৬৪ বিনীত—শ্রীকৃষ্ণগোপাল গোস্বামী

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্রততী নিয়োগী

দ্বিতীয় ভাগ

বিষয়			পৃষ্ঠা
সন্ধি (পুনরনুশীলন)	...	...	৯৩
পদ, কারক ও বিভক্তি (পুনরনুশীলন)	...	...	৯৭
শব্দরূপ	...	...	৯৮
স্বরান্ত পুংলিঙ্গ	...	...	৯৮
স্বরান্ত স্ত্রীলিঙ্গ	...	...	১০১
স্বরান্ত ক্লীবলিঙ্গ	...	...	১০২
ব্যঞ্জনান্ত পুংলিঙ্গ	...	...	১০৪
ব্যঞ্জনান্ত স্ত্রীলিঙ্গ	...	...	১১০
ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গ	...	...	১১২
অনুবাদশিক্ষা (৫)	...	...	১১৫
সর্বনাম শব্দ	...	...	১১৭
সংখ্যাবাচক শব্দ	...	...	১২০
অনুবাদশিক্ষা (৬)	...	...	১২১
অব্যয়—অন্যান্য জ্ঞাতব্য	...	...	১২২
ণত্ব ও ষত্ব—অন্যান্য জ্ঞাতব্য	...	..	১২৪
ধাতুরূপ	...	...	১২৬
ভ্বাদিগণীয় ধাতু	...	...	১২৭
তুদাদিগণীয় ধাতু	...	...	১২৯
দিবাদিগণীয় ধাতু	...	...	১২৯
স্বাদিগণীয় ধাতু	...	...	১৩১
তনাদিগণীয় ধাতু	...	...	১৩২
ক্র্যাদিগণীয় ধাতু	...	...	১৩৩
অদাদিগণীয় ধাতু	...	...	১৩৫
হ্বাদিগণীয় ধাতু	...	...	১৩৯

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিষয়	পৃষ্ঠা
ক্র্যাদিগণীয় ধাতু	১৪১
চুরাদিগণীয় ধাতু	১৪২
ক্রিয়া	১৪৪
অকর্মক ও দ্বিকর্মক ক্রিয়া	১৪৪
আত্মনেপদ ও পরস্মৈপদ-বিধি	১৪৫
বাচ্য	১৪৬
অনুবাদশিক্ষা (৭)	১৪৮
স্ত্রীপ্রত্যয়	১৪৮
কারক—অন্যান্য জ্ঞাতব্য	১৫০
বিভক্তি—অন্যান্য জ্ঞাতব্য	১৫৪
কৃৎ-প্রত্যয়	১৫৭
অনুবাদশিক্ষা (৮)	১৫৮
অনুবাদশিক্ষা (৯)	১৬০
অনুবাদশিক্ষা (১০)	১৬২
অনুবাদশিক্ষা (১১)	১৬৪
সমাস	১৬৬
অনুবাদশিক্ষা (১২)	১৭১
তদ্ধিত প্রত্যয়	১৭২
পরিশিষ্ট	১৭৫

দ্রষ্টব্য—ব্যাকরণ পাঠ্য পুস্তকে ভুল থাকা অবাঞ্ছনীয়। নির্ভুল ছাপিবার জন্য বিশেষ সতর্কতা অবলম্বন করা হইয়াছে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সংস্কৃত

ব্যাকরণ-উপক্রমণিকা

ও

অনুবাদ-শিক্ষা

—০ঃ)※(ঃ০—

প্রথম ভাগ

বর্ণপ্রকরণ

অ, আ, ই, ঈ, ক্, খ্, গ্, ঘ্ ঙ্ প্রভৃতি এক একটি বর্ণ। বর্ণ দুই প্রকার—স্বর ও ব্যঞ্জন।

স্বরবর্ণ (Vowel)

যে বর্ণ অন্য কোনও বর্ণের সাহায্য না লইয়া নিজে নিজেই উচ্চারিত হইতে পারে, তাহাকে স্বরবর্ণ বলে। অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, ৠ, ঌ, এ, ঐ, ও, ঔ—এই তেরটি স্বরবর্ণ।

স্বরবর্ণ দুই প্রকারের—হ্রস্ব ও দীর্ঘ।

হ্রস্বস্বর—অ ই উ ঋ ঌ।

দীর্ঘস্বর—আ ঈ ঊ ৠ * এ ঐ ও ঔ।

হ্রস্বস্বর লঘু ও দীর্ঘস্বর গুরু। অনুস্বারযুক্ত, বিসর্গযুক্ত বা যুক্তাক্ষরের পূর্বের বর্ণ হ্রস্ব হইলেও গুরু। হংসঃ, চন্দ্রঃ—এখানে অ-কার গুরুবর্ণ।

---

* কেহ কেহ দীর্ঘ ঌ স্বীকার করেন। কিন্তু ইহার প্রয়োগ নাই।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্যঞ্জনবর্ণ (Consonant)

স্বরবর্ণের সাহায্য ব্যতীত যে সকল বর্ণ উচ্চারিত হইতে পারে না, তাহাদিগকে ব্যঞ্জনবর্ণ বলে। ব্যঞ্জনবর্ণ পঁয়ত্রিশটি।

হসন্ত (্) চিহ্নের দ্বারা স্বরের সহিত অসংযুক্ত শুদ্ধ ব্যঞ্জনবর্ণ বুঝায়। ঐ চিহ্ন না থাকিলে বুঝিতে হইবে ব্যঞ্জনের পর স্বর আছে, যেমন—ক = ক্ + অ। উচ্চারণের সুবিধার জন্য অ-কার যোগে ব্যঞ্জনবর্ণ উচ্চারিত হয়। পঁয়ত্রিশটি ব্যঞ্জনবর্ণ যথা—

ক্	খ্	গ্	ঘ্	ঙ্—ক-বর্গ	এই পঁচিশটি স্পর্শ বর্ণ বা বর্গীয় বর্ণ
চ্	ছ্	জ্	ঝ্	ঞ্—চ-বর্গ	
ট্	ঠ্	ড্	ঢ্	ণ্—ট-বর্গ	
ত্	থ্	দ্	ধ্	ন্—ত-বর্গ	
প্	ফ্	ব্	ভ্	ম্—প-বর্গ	

য্ র্ ল্ ব্—এই চারিটি অন্তঃস্থ বর্ণ।

শ্ ষ্ স্ হ্—এই চারিটি উষ্ম বর্ণ

ং ঃ—এই দুইটি অযোগবাহ বর্ণ।

বর্ণবিশ্লেষ—স্বর ও ব্যঞ্জনবর্ণের সংযোগে শব্দ গঠিত হয়। বর্ণগুলিকে পর পর পৃথক্‌ভাবে সাজাইলে বর্ণবিশ্লেষ করা হয়। যেমন—কাকঃ = ক্ + আ + ক্ + অ + ঃ। নদী = ন্ + অ + দ্ + ঈ। কৃষ্ণঃ = ক্ + ঋ + ষ্ + ণ্ + অ + ঃ। সন্ধিতে প্রথম শব্দের বা পদের শেষ বর্ণ ও পরপদের প্রথম বর্ণের মিল হয়। বর্ণবিশ্লেষের সাহায্যে সেই বর্ণগুলি বাছিয়া লইয়া সন্ধি করিবে। সন্ধির নিয়ম পরে বলিতেছি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বর্ণের উচ্চারণস্থান

অ, আ, ক-বর্গ*, ্—কণ্ঠ হইতে উচ্চারিত বলিয়া কণ্ঠ্য বর্ণ।
ই, ঈ, চ-বর্গ, য্, শ্—তালু „ „ „ তালব্য বর্ণ।
ঋ, ৠ, ট-বর্গ, র্, ষ্—মূর্ধা† „ „ „ মূর্ধন্য বর্ণ।
ঌ, ত-বর্গ, ল্, স্—দন্ত „ „ „ দন্ত্য বর্ণ।
উ, ঊ, প-বর্গ—ওষ্ঠ „ „ „ ওষ্ঠ্য বর্ণ।
এ, ঐ—কণ্ঠ ও তালু „ „ „ কণ্ঠতালব্য বর্ণ
ও, ঔ—কণ্ঠ ও ওষ্ঠ „ „ „ কণ্ঠৌষ্ঠ্য বর্ণ
অন্তঃস্থ ব্—দন্ত ও ওষ্ঠ „ „ „ দন্তৌষ্ঠ্য বর্ণ।
ং (অনুস্বার)—নাসিকা „ „ „ অনুনাসিক।
ঙ্ ঞ্ ন্ ণ্ ম্—নাসিকা হইতেও „ „ অনুনাসিক বর্ণ।
ঃ (বিসর্গ)—পূর্ববর্তী স্বরের উচ্চারণ স্থানই বিসর্গের উচ্চারণ স্থান।

অনুশীলনী

১। বর্ণ কয় প্রকার এবং কি কি?

২। স্বরবর্ণে ও ব্যঞ্জনবর্ণে কোন প্রভেদ আছে কিনা? প্রভেদ কিরূপ?

৩। নিম্নের পদগুলিতে কি কি বর্ণ আছে লিখিয়া দেখাও :—
অজঃ, ঈশঃ, হিমালয়ঃ, লক্ষ্মণঃ, বাল্মীকিঃ, বিদ্যা।

৪। অন্তঃস্থ বর্ণ, স্পর্শবর্ণ ও উষ্মবর্ণ কি কি?

৫। নিম্নের বর্ণগুলির উচ্চারণস্থান স্থির কর :—
অ, উ, ট্, গ্, জ্, ঔ, ব্, ক্।

---

* ক-বর্গের উচ্চারণস্থান জিহ্বামূল বলিয়া ক-বর্গকে জিহ্বামূলীয়ও বলা হয়।

† মূর্ধা অর্থাৎ মুখের উপরিভাগ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সন্ধিপ্রকরণ

নিকটস্থ দুই বর্ণের মিলনের নাম সন্ধি। পূর্ববর্তী শব্দ বা পদের শেষবর্ণের সঙ্গেই পরবর্তী শব্দ বা পদের আদিবর্ণের সন্ধি হয়। সন্ধি দুই প্রকার—স্বরসন্ধি ও ব্যঞ্জনসন্ধি। স্বরবর্ণে স্বরবর্ণে যে সন্ধি উহা স্বরসন্ধি। আর, ব্যঞ্জনবর্ণে ব্যঞ্জনবর্ণে অথবা ব্যঞ্জনবর্ণে স্বরবর্ণে যে সন্ধি, তাহা ব্যঞ্জনসন্ধি। বিসর্গসন্ধি ব্যঞ্জনসন্ধির অন্তর্ভুক্ত।

স্বরসন্ধি

(ক) সবর্ণ দীর্ঘ

বিশেষ দ্রষ্টব্য—অ হইতে ঋ পর্যন্ত যে যে স্বরবর্ণ একস্থান হইতে উচ্চারিত—সেই স্বরবর্ণগুলি পরস্পর সবর্ণ। যথা—অ আ, ই ঈ, উ ঊ বা ঋ ৠ ইত্যাদি। দুই সবর্ণ স্বর মিলিয়া দীর্ঘ হয়।

১। অ-কার অথবা আ-কারের পর অ-কার কিংবা আ-কার থাকিলে উভয় মিলিয়া আ-কার হয়। আ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

শশ + অঙ্কঃ = শশাঙ্কঃ। দেব + আলয়ঃ = দেবালয়ঃ।
মহা + অর্ঘঃ = মহার্ঘঃ। বিদ্যা + আলয়ঃ = বিদ্যালয়ঃ।

২। হ্রস্ব ই-কার অথবা দীর্ঘ ঈ-কারের পর ই কিংবা দীর্ঘ ঈ থাকিলে উভয় মিলিয়া দীর্ঘ ঈ-কার হয়। দীর্ঘ ঈ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

গিরি + ইন্দ্রঃ = গিরীন্দ্রঃ। ক্ষিতি + ঈশঃ = ক্ষিতীশঃ।
মহী + ইন্দ্রঃ = মহীন্দ্রঃ। লক্ষ্মী + ঈশঃ = লক্ষ্মীশঃ।

৩। হ্রস্ব উ-কার অথবা দীর্ঘ ঊ-কারের পর উ কিংবা দীর্ঘ ঊ থাকিলে উভয় মিলিয়া দীর্ঘ ঊ-কার হয়। দীর্ঘ ঊ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

বিধু + উদয়ঃ = বিধূদয়ঃ। লঘু + ঊর্মিঃ = লঘূর্মিঃ।
বধূ + উৎসবঃ = বধূৎসবঃ। ভূ + ঊর্ধ্বম্ = ভূর্ধ্বম্।

৪। ঋ-কারের পর ঋ থাকিলে উভয় মিলিয়া দীর্ঘ ৠ-কার হয়। দীর্ঘ ৠ-কার পূর্ববর্ণে যুক্ত হয়। পিতৃ + ঋণম্ = পিতৄণম্।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(খ) পরবর্ণের গুণ

বিশেষ দ্রষ্টব্য—গুণ বলিতে ই ঈ স্থানে এ, উ ঊ স্থানে ও, ঋ স্থানে অর্, ৯ স্থানে অল্। অ-কার কিংবা আ-কারের পর ই, ঈ, উ, ঊ বা ঋ থাকিলে উভয় মিলিয়া পরবর্ণের গুণ হয়।

৫। অ-কার কিংবা আ-কারের পর হ্রস্ব ই কিংবা দীর্ঘ ঈ থাকিলে উভয় মিলিয়া এ-কার হয়। এ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।
পূর্ণ + ইন্দুঃ = পূর্ণেন্দুঃ (পরে ই, উভয় মিলিয়া পরবর্ণের গুণ 'এ' হইল)।
দেব + ঈশঃ = দেবেশঃ। মহা + ইন্দ্রঃ = মহেন্দ্রঃ। মহা + ঈশঃ = মহেশঃ।

৬। অ-কার কিংবা আ-কারের পর হ্রস্ব উ কার কিংবা দীর্ঘ ঊ থাকিলে উভয় মিলিয়া ও-কার হয়। ও-কার পূর্ববর্ণে যুক্ত হয়।
সূর্য + উদয়ঃ = সূর্যোদয়ঃ। একঃ + ঊনবিংশতিঃ = একোনবিংশতিঃ।
মহা + উদয়ঃ = মহোদয়ঃ। গঙ্গা + ঊর্মিঃ = গঙ্গোর্মিঃ।

৭। অ-কার কিংবা আ-কারের পর ঋ-কার থাকিলে উভয় মিলিয়া 'অর্' হয়। 'অর্'-এর 'অ' পূর্ববর্ণে যুক্ত হয় এবং 'র্' রেফ্ হইয়া পরবর্ণের মস্তকে যায়।

দেব + ঋষিঃ = দেবর্ষিঃ। মহা + ঋষিঃ = মহর্ষিঃ।

৮। তৃতীয়া-তৎপুরুষ সমাসে অ-কার কিংবা আ-কারের পর 'ঋত' শব্দের ঋ 'আর্' হয়। যথা—শীত + ঋতঃ = শীতার্তঃ। কিন্তু তৃতীয়া-তৎপুরুষ না হওয়ায় অর্ হয়, যথা—পরম + ঋতঃ = পরমর্তঃ।

৯। নিম্নোক্ত বিশিষ্ট সন্ধিগুলি মনে রাখিও—
স্ব + ঈরম্ = স্বৈরম্। স্ব + ঈরিণী = স্বৈরিণী।
অক্ষ + ঊহিনী = অক্ষৌহিণী (ণত্ববিধি অনুসারে মূর্ধন্য ণ্)।
প্র + ঊহঃ = প্রৌহঃ। প্র + ঊঢ়ঃ = প্রৌঢ়ঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(গ) পরবর্ণের বৃদ্ধি

বিশেষ দ্রষ্টব্য—বৃদ্ধি বলিতে অ, আ স্থানে আ, ই ঈ এ ঐ স্থানে ঐ, উ ঊ ও ঔ স্থানে ঔ, ঋ স্থানে আর্, ৯ স্থানে আল্। অ বা আ-কারের পর এ ঐ বা ও ঔ থাকিলে উভয় মিলিয়া পরবর্ণের বৃদ্ধি হয়।

১০। অ-কার কিংবা আ-কারের পর এ কিংবা ঐ থাকিলে উভয় মিলিয়া ঐ-কার হয়। ঐ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

অদ্য + এব = অদ্যৈব। মত + ঐক্যম্ = মতৈক্যম্।
সদা + এব = সদৈব। মহা + ঐশ্বর্যম্ = মহৈশ্বর্যম্।

১১। অ-কার কিংবা আ-কারের পর ও কিংবা ঔ থাকিলে উভয় মিলিয়া ঔ-কার হয়। ঔ-কার পূর্ববর্ণে যুক্ত হয়।

জল + ওঘঃ = জলৌঘঃ। চিত্ত + ঔদার্যম্ = চিত্তৌদার্যম্।
মহা + ওষধিঃ = মহৌষধিঃ। মহা + ঔদার্যম্ = মহৌদার্যম্।

(ঘ) অসবর্ণ পরে ই ঈ স্থানে য, উ ঊ স্থানে ব ও ঋ স্থানে র্

১২। হ্রস্ব ই-কার কিংবা দীর্ঘ ঈ-কার ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে ই বা ঈ স্থানে য্ হয়। য-ফলা পূর্ববর্ণে এবং পরের স্বর য্-কারে যুক্ত হয়।

যদি + অপি = যদ্যপি। অতি + আচারঃ = অত্যাচারঃ।
অতি + উৎসুকঃ = অত্যুৎসুকঃ। মুনি + ঋষভঃ = মুন্যৃষভঃ।
প্রতি + একম্ = প্রত্যেকম্। অতি + ঔদার্যম্ = অত্যৌদার্যম্।
নদী + অম্বু = নদ্যম্বু। দেবী + আগতা = দেব্যাগতা।
দ্রৌপদী + উক্তম্ = দ্রৌপদ্যুক্তম্। বাণী + ঔচিত্যম্ = বাণ্যৌচিত্যম্।

১৩। হ্রস্ব উ-কার কিংবা দীর্ঘ ঊ-কার ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে উ বা ঊ স্থানে ব্ হয়। ব্ পূর্ববর্ণে, আর পরের স্বর ব্-কারে যুক্ত হয়।

অনু + অয়ঃ = অন্বয়ঃ। সু + আগতম্ = স্বাগতম্।
সাধু + ইদম্ = সাধ্বিদম্। অনু + ঈক্ষা = অন্বীক্ষা।
মধু + ঋতে = মধ্বৃতে। অনু + এষণম্ = অন্বেষণম্।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সরযূ + অম্বু = সরয্বম্বু। বধূ + আদিঃ = বধ্বাদিঃ।
বধূ + ঐশ্বর্যম্ = বধ্বৈশ্বর্যম্। বধূ + ঔদার্যম্ = বধ্বৌদার্যম্।

১৪। ঋ-ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে ঋ স্থানে র্ হয়। র্ (র-ফলা) পূর্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর র্-কারে যুক্ত হয়।

পিতৃ + অনুমতিঃ = পিত্রনুমতিঃ। পিতৃ + আদেশঃ = পিত্রাদেশঃ।
মাতৃ + ইচ্ছা = মাত্রিচ্ছা। মাতৃ + উপদেশঃ = মাত্রুপদেশঃ।

(ঙ) এ ঐ ও ঔ স্থানে যথাক্রমে অয়্, আয়্, অব্, আব্।

১৫। স্বরবর্ণ পরে থাকিলে এ স্থানে অয়্, ঐ স্থানে আয়্, ও স্থানে অব্ এবং ঔ স্থানে আব্ হয়। অ বা আ পূর্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর 'য়্' বা 'ব্' এর সঙ্গে যুক্ত হয়।

এ স্থানে অয়্—নে + অনম্ = নয়নম্, স্নে + ইতম্ = স্নয়িতম্।
ঐ স্থানে আয়্—নৈ + অকঃ = নায়কঃ, রৈ + আ = রায়া।
ও স্থানে অব্—পো + অনঃ = পবনঃ, গো + আ = গবা।
ঔ স্থানে আব্—পৌ + অকঃ = পাবকঃ, নৌ + ইকঃ = নাবিকঃ।

১৬। পদান্তস্থিত (অর্থাৎ বিভক্তিযুক্ত শব্দ বা ধাতুর অন্তে স্থিত) এ-কার কিংবা ও-কারের পর অ থাকিলে অ-র লোপ হয়। লোপ হইলে অ-কারের একটি (ऽ) চিহ্ন থাকে। তাহাকে লুপ্ত অ-কার বলে।

গ্রামে + অত্র = গ্রামেऽত্র। প্রভো + অর্পয় = প্রভোऽর্পয়।

১৭। পদান্তস্থিত এ, ঐ, ও, ঔ স্থানে যে অয়্, আয়্, অব্, আব্ যথাক্রমে হয়, তাহার অ বা আ পূর্ববর্ণে যুক্ত হয় এবং পরের 'য়্'-কার বা 'ব্'-কারের বিকল্পে লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না।

মুনে + আগচ্ছ = (মুনয্ আগচ্ছ) = মুনয়াগচ্ছ, মুন আগচ্ছ।
শ্রিয়ৈ + আদরঃ = (শ্রিয়ায্ আদরঃ) = শ্রিয়ায়াদরঃ, শ্রিয়া আদরঃ।
প্রভো + এহি = (প্রভব্ এহি) = প্রভবেহি, প্রভ এহি।
রবৌ + উদিতে = (রবাব্ উদিতে) = রবাবুদিতে, রবা উদিতে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(চ) সন্ধিনিষেধ

১৮। একস্বর-বিশিষ্ট অব্যয়, ও-কারান্ত অব্যয়, দ্বিবচন নিষ্পন্ন দীর্ঘ ঈ-কারান্ত, দীর্ঘ ঊ-কারান্ত ও এ-কারান্ত পদ এবং অমূ ও অমী পদের সহিত পরবর্তী কোন স্বরবর্ণের সন্ধি হয় না।

উ উমেশঃ ; অহো ঈশ্বর ; মুনী ইমৌ ; সাধূ এতৌ ; লতে এতে ; যাচেতে * অর্থম্ ; অমূ অর্ভকৌ ; অমী অশ্বাঃ।

(ছ) নিপাতনে সিদ্ধ

১৯। সাধারণ নিয়মে নিম্নের সন্ধিগুলি সিদ্ধ নয় বলিয়া ইহারা নিপাতনে সিদ্ধ। শক + অন্ধুঃ = শকন্ধুঃ (কূপ), কুল + অটা = কুলটা, হল + ঈষা = হলীষা, লাঙ্গল + ঈষা = লাঙ্গলীষা, মনস্ + ঈষা = মনীষা, পতত্ + অঞ্জলিঃ = পতঞ্জলিঃ, গো + অক্ষঃ = গবাক্ষঃ।

স্বরসন্ধি-সঙ্কেত

বিশেষ দ্রষ্টব্য— সঙ্কেতগুলির পার্শ্বে যে সংখ্যা উহা সূত্রসংখ্যা।

(ক) সবর্ণ দীর্ঘ (উভয় মিলিয়া)

অ আ + অ আ = আ (১)
ই ঈ + ই ঈ = ঈ (২)
উ ঊ + উ ঊ = ঊ (৩)
ঋ ৠ + ঋ ৠ = ৠ (৪)

(খ) পরবর্ণের গুণ (উভয় মিলিয়া)

অ আ + ই ঈ = এ (৫)
অ আ + উ ঊ = ও (৬)
অ আ + ঋ ৠ = অর্ (৭)
অ আ + ঌ ৡ = অল্ (*)

(গ) পরবর্ণের বৃদ্ধি (উভয় মিলিয়া)

অ আ + এ ঐ = ঐ (৯)
অ আ + ও ঔ = ঔ (১০)

---

* যাচেতে—দ্বিবচননিষ্পন্ন একারান্ত ক্রিয়াপদ।

(*) যথা—তব + ঌকারঃ = তবল্কারঃ। এই সন্ধির প্রয়োগ বিশেষ নাই।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(ঘ) অসবর্ণ পরে ই ঈ স্থানে য্, উ ঊ স্থানে ব্, ঋ স্থানে র্

ই ঈ + ই ঈ-ভিন্ন স্বরবর্ণ = ই ঈ স্থানে য্ ফলা (১২)

উ ঊ + উ ঊ-ভিন্ন স্বরবর্ণ = উ ঊ স্থানে ব ফলা (১৩)

ঋ ৠ + ঋ ৠ-ভিন্ন স্বরবর্ণ = ঋ স্থানে র্ ফলা (১৪)

(ঙ) এ ঐ ও ঔ স্থানে যথাক্রমে অয়্, আয়্, অব্, আব্

পূর্বের স্বর পদান্ত না হইলে	পূর্বের স্বর পদান্ত হইলে
এ + স্বরবর্ণ = এ স্থানে অয় (১৫)	বিকল্পে য্ লোপ (১৭)
ঐ + স্বরবর্ণ = ঐ স্থানে আয় (১৫)	" য্ লোপ (১৭)
ও + স্বরবর্ণ = ও স্থানে অব্ (১৫)	" ব্ লোপ (১৭)
ঔ + স্বরবর্ণ = ঔ স্থানে আব্ (১৫)	" ব্ লোপ (১৭)

(চ) অ পরে থাকিলে পদান্তস্থিত এ, ও স্থানে বিশেষ নিয়ম

পদান্ত এ + অ = অ লোপ (১৬)

পদান্ত ও + অ = অ লোপ (১৬)

অনুশীলনী

১। স্বরসন্ধি কাহাকে বলে ? সূত্র উল্লেখে সন্ধি কর :—

रत्न+आकरः, महा+ईशः, वृथा+एव, मातृ+ऋणम्, अनु+एषणम्, सिन्धु+ऊर्मिः, नदी+अम्बु, महा+ऋषिः, देव+इन्द्रः, सखे+अत्र, देवी+एषा, रवौ+उदिते, अक्ष+ऊहिनी, माता+इव, साधू+इमौ, मातृ+आदेशः, गो+अक्षः, मधु+ऋते, प्रभो+एहि।

২। সন্ধিবিচ্ছেদ কর :—ब्रह्मर्षिः, स्वागतम्, नाविकः, मत्स्याधारः, प्रतीक्षा, पित्रर्थम्, गुर्वादेशः, पितृणम्, गङ्गोर्मिः, प्रौढः, शीतार्तः, महेशः, साधोऽत्र, द्वावेव, सूर्य उदिते, लतैव, महेन्द्रः, आत्रिच्छा, द्वा एव।

৩। কারণ দেখাইয়া শুদ্ধ কর :—

अल्पाधिकः, परिक्षा, मात्रीच्छा, भुम्याधिकारी, देवार्षिः, पित्र्यानुमतिः।

—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্যঞ্জন সন্ধি

(ক) ত-বর্গ স্থানে চ-বর্গ

১। 'চ্' বা 'ছ্' পরে থাকিলে পূর্বের 'ত্' ও 'দ্' স্থানে 'চ্' হয়।
মহত্ + চরিত্রম্ = মহচ্চরিত্রম্। মহত্ + ছত্রম্ = মহচ্ছত্রম্।
বিপদ্ + চয়ঃ = বিপচ্চয়ঃ। তদ্ + ছত্রম্ = তচ্ছত্রম্।

২। 'জ্' বা 'ঝ্' পরে থাকিলে পূর্বের 'ত্' ও 'দ্' স্থানে 'জ্' হয়।
উত্ + জ্বলঃ = উজ্জ্বলঃ। মহত্ + ঝঞ্ঝনম্ = মহজ্ঝঞ্ঝনম্।
বিপদ্ + জালম্ = বিপজ্জালম্। তদ্ + ঝঙ্কারঃ = তজ্ঝঙ্কারঃ।

৩। 'শ্' পরে থাকিলে 'ত্' ও 'দ্' স্থানে 'চ্' হয় এবং ঐ 'শ্' স্থানে বিকল্পে 'ছ্' হয়। যথা—মহত্ + শকটম্ = মহচ্শকটম্, মহচ্ছকটম্। তদ্ + শরীরম্ = তচ্শরীরম্, তচ্ছরীরম্।

৪। 'শ' পরে থাকিলে পূর্বের 'ন্' স্থানে 'ঞ্' হয় এবং ঐ 'শ' স্থানে বিকল্পে 'ছ্' হয়। মহান্ + শব্দঃ = মহাঞ্ শব্দঃ, মহাঞ্ছব্দঃ।

৫। 'জ্' বা 'ঝ্' পরে থাকিলে পূর্বের 'ন্' স্থানে 'ঞ' হয়।
মহান্ + জয়ঃ = মহাঞ্জয়ঃ। গচ্ছন্ + ঝটিতি = গচ্ছঞ্ঝটিতি।

৬। 'চ্' বা 'জ্' এর পর 'ন্' থাকিলে 'ন্' স্থানে 'ঞ্' হয়।
যাচ্ + না = যাচ্ঞা যজ্ + নঃ = যজ্ঞঃ।

(খ) ত-বর্গ স্থানে ট-বর্গ

৭। 'ট্' বা 'ঠ্' পরে থাকিলে 'ত্' ও 'দ্' স্থানে 'ট্' হয়।
মহত্ + টঙ্কনম্ = মহট্টঙ্কনম্। সত্ + ঠক্কুরঃ = সট্ঠক্কুরঃ।
তদ্ + টীকা = তট্টীকা। তদ্ + ঠক্কুরঃ = তট্ঠক্কুরঃ।

৮। 'ড্' বা 'ঢ্' পরে থাকিলে 'ত্' ও 'দ্' স্থানে 'ড' হয়।
উত্ + ডীনঃ = উড্ডীনঃ। মহত্ + ঢক্কা = মহড্ঢক্কা।
তদ্ + ডমরুঃ = তড্ডমরুঃ। এতদ্ + ঢক্কারঃ = এতড্ঢক্কারঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৯। 'ড্' বা 'ঢ্' পরে থাকিলে দন্ত্য 'ন্' স্থানে মূর্ধন্য 'ণ্' হয়।
মহান্ + ডামরঃ = মহাণ্ডামরঃ। নদন্ + ঢক্কাম্ = নদণ্ঢক্কাম্।

১০। 'ষ্' এর পরের 'ত্' স্থানে 'ট্' এবং 'থ্' স্থানে 'ঠ্' হয়।
উৎকৃষ্ + তঃ = উৎকৃষ্টঃ। ষষ্ + থঃ = ষষ্ঠঃ।

(গ) বর্গের প্রথম বর্ণ স্থানে অন্য বর্ণ

১১। স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ বা য, র্, ল্, ব্, হ্ পরে থাকিলে বর্গের প্রথম বর্ণ স্থানে তৃতীয় বর্ণ হয়। যথা—দিক্ + অন্তঃ = দিগন্তঃ। বাক্ + ঈশঃ = বাগীশঃ। প্রাক্ + এব = প্রাগেব। দিক্ + গজঃ = দিগ্গজঃ। বাক্ + জালম্ = বাগ্জালম্। বাক্ + দানম্ = বাগ্দানম্। দিক্ + ভাগঃ = দিগ্ভাগঃ। ধিক্ + মূর্খম্ = ধিগ্মূর্খম্। বাক্ + বোধ = বাগ্বোধঃ। ণিচ্ + অন্তঃ = ণিজন্তঃ। ষট্ + আননঃ = ষড়াননঃ। জগৎ + ঈশঃ = জগদীশঃ। মহৎ + ভয়ম্ = মহদ্ভয়ম্। উৎ + যোগঃ = উদ্যোগঃ। অপ্ + ঘটঃ = অব্ঘটঃ। অপ্ + জঃ = অব্জঃ।

১২। 'ন্' কিংবা 'ম্' পরে থাকিলে পদের অন্তেস্থিত 'ক্' স্থানে বিকল্পে 'ঙ্' এবং 'ত্' স্থানে বিকল্পে 'ন্' হয়। যথা—দিক্ + নাগঃ = দিগ্নাগঃ, দিঙ্নাগঃ। প্রাক্ + মুখঃ = প্রাগ্মুখঃ, প্রাঙ্মুখঃ। জগৎ + নাথঃ = জগদ্নাথঃ, জগন্নাথঃ। তৎ + মুরারি = তদ্মুরারিঃ, তন্মুরারিঃ। কিন্তু মাত্র ও ময় প্রত্যয় পরে থাকিলে নিত্যই 'ক্' স্থানে 'ঙ্' ও 'ত্' স্থানে 'ন্' হয়। যেমন—বাঙ্মাত্রম্। মৃন্ময়ী।

১৩। 'হ্' পরে থাকিলে পদের অন্তেস্থিত 'ক্' স্থানে 'গ্' এবং পরের 'হ্' স্থানে বিকল্পে 'ঘ্', ও পদের অন্তেস্থিত 'ত্' স্থানে 'দ্' এবং পরের 'হ্' স্থানে বিকল্পে 'ধ্' হয়। যথা—দিক্ + হস্তী = দিগ্হস্তী, দিগ্ঘস্তী। উৎ + হৃতঃ = উদ্হৃতঃ, উদ্ধৃতঃ।

১৪। 'ল্' পরে থাকিলে 'ত্' ও 'দ্' স্থানে 'ল্' হয়।
উৎ + লেখঃ = উল্লেখঃ। তদ্ + লাভঃ = তল্লাভঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(খ) ম্ ও ন্ স্থানে সন্ধি ও বিশেষ বিধি

১৫। ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে পদের অন্তস্থিত 'ম্' স্থানে অনুস্বার হয়। যথা—মধুরম্ + হসতি = মধুরং হসতি। কষ্টম্ + সহতি = কষ্টং সহতে। কিন্তু স্পর্শবর্ণ পরে থাকিলে সেই বর্ণের বর্গ অনুসারে বিকল্পে পঞ্চম বর্ণ হয়। যথা—কিম্ + কর্তব্যম্ = কিংকর্তব্যম্, কিঙ্কর্তব্যম্।

১৬। 'চ্' 'ছ্', 'ট্' 'ঠ্', 'ত্' 'থ্' পরে থাকিলে পদের অন্তস্থিত 'ন্' স্থানে অনুস্বার হয় ও পরবর্ণের উচ্চারণস্থান অনুসারে যথাক্রমে তালব্য 'শ্', মূর্ধন্য 'ষ্' ও দন্ত্য 'স্' আগম হয়। অর্থাৎ 'চ্' 'ছ্' থাকিলে তালব্য 'শ্', 'ট্' 'ঠ্' থাকিলে মূর্ধন্য 'ষ্' এবং 'ত্' 'থ্' থাকিলে দন্ত্য 'স্' আগম হয়।

হসন্ + চলিতঃ = হসংশ্চলিতঃ। ধাবন্ + ছাগঃ = ধাবংশ্ছাগঃ।
চলন্ + টিট্টিভঃ = চলংষ্টিট্টিভঃ। মহান্ + ঠক্কুরঃ = মহাংষ্ঠক্কুরঃ।
পতন্ + তরুঃ = পতংস্তরুঃ। ক্ষিপন্ + থুৎকারম্ = ক্ষিপংস্থুৎকারম্।

১৭। 'ল্' পরে থাকিলে 'ন্' স্থানে আনুনাসিক 'ল্' হয়। পূর্ববর্ণে চন্দ্রবিন্দু (ঁ) যোগ করিলে পরবর্তী 'ল্' আনুনাসিক হয়। যথা—
মহান্ + লাভঃ = মহাঁল্লাভঃ। বিদ্বান্ + লিখতি = বিদ্বাঁল্লিখতি।

১৮। পদের অন্তস্থিত 'ন্' এর পূর্বে যদি হ্রস্বস্বর থাকে এবং 'ন্' এর পরে স্বরবর্ণ থাকে, তাহা হইলে ঐ 'ন্' এর পর আর একটি 'ন্' হয় ও উহা পরের স্বরে যুক্ত হয়। ধাবন্ + আয়াতি = ধাবন্নায়াতি। চিন্তয়ন্ + ইহ = চিন্তয়ন্নিহ। 'ন্' এর পূর্বে দীর্ঘস্বর থাকিলে ঐরূপ দ্বিত্ব হয় না। যেমন—মহান্ + আগ্রহঃ = মহানাগ্রহঃ।

১৯ স্বরবর্ণের পরে 'ছ্' থাকিলে 'ছ' স্থানে 'চ্ছ্' হয়।
বৃক্ষ + ছায়া = বৃক্ষচ্ছায়া। পরি + ছেদঃ = পরিচ্ছেদঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

২০। উত্ উপসর্গের পর 'স্থা' ও 'স্তম্ভ্' ধাতুর স্-কারের লোপ হয়।
উত্ + স্থানম্ = উত্থানম্। উত্ + স্তম্ভনম্ = উত্তম্ভনম্।

ব্যঞ্জনসন্ধি-সঙ্কেত

(ক) ত-বর্গ স্থানে চ-বর্গ

ত্ দ্ + চ্ ছ্ = ত্ দ্ স্থানে চ্ (১) ন্ + শ্ = ন্ স্থানে ঞ ⎫
ত্ দ্ + জ ঝ্ = " " জ্ (২) (শ্ স্থানে বিকল্পে ছ্) ⎭ (৪)

ত্ দ্ + শ্ = " " চ্ ⎫ (৩) ন্ + জ ঝ্ = ন্ স্থানে ঞ্ (৫)
(শ্ স্থানে বিকল্পে ছ) ⎭ চ্ জ্ + ন্ = ন্ স্থানে ঞ্ (৬)

(খ) ত-বর্গ স্থানে ট-বর্গ

ত্ দ্ + ট্ ঠ = ত্ দ্ স্থানে ট্ (৭) ন্ + ড ঢ্ = ন্ স্থানে মূর্ধন্য ণ্ (৯)
ত্ দ্ + ড ঢ্ = " " ড (৮) ষ্ + ত্ থ্ = ত্ থ্ স্থানে ট্ ঠ্ (১০)

(গ) বর্গের ১ম বর্ণ স্থানে অন্য বর্ণ

বর্গের ১ম বর্ণ + স্বরবর্ণ, গ জ ড্ দ্ ব্, ঘ ঝ্ ঢ্ ধ্ ভ্,
ঙ্ ঞ্ ণ্ ন্ ম্, য্ র্ ল্ ব্ হ্—১ম বর্ণ স্থানে ৩য় বর্ণ (১১)
ক্ + ন্, ম্ = গ্ বা ঙ্ (১২) ক্ + হ্ = গ্; হ্ স্থানে বিকল্পে ঘ্ (১৩)
ত্ + ন্, ম্ = দ্ বা ন্ (১২) ত্ + হ্ = দ্; হ্ স্থানে বিকল্পে ধ্ (১৩)
ত্ দ্ + ল্ = ত্ দ্ স্থানে ল্ (১৪)

(ঘ) ম্ ন্ স্থানে সন্ধি ও বিশেষ বিধি

ম্ + ব্যঞ্জনবর্ণ = ম্ স্থানে ং, স্পর্শবর্ণ অনুসারে বিকল্পে ৫ম বর্ণ (১৫)
ন্ + চ্, ছ্ = ংশ্, ংশ্ছ্ (১৬) ন্ + ট্, ঠ্ = ংষ্ট্, ংষ্ঠ্ (১৬)
ত্ + ত্, থ্ = ংস্ত, ংস্থ্ (১৬)
ন্ + ল্ = ঁল্ল্ (১৭), হ্রস্বস্বরের পর পদান্ত ন্ + স্বরবর্ণ = ন্ স্থানে ন্ন্ (১৮)
স্বরবর্ণ + ছ = ছ্ স্থানে চ্ছ (১৯), উত্ + স্থা, স্তম্ভ্ = স্ লোপ (২০)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুশীলনী

১। 'ন্' এর পর 'শ্', 'চ্', 'ট্', ও 'ত্' থাকিলে কি কি হয় বল।

২। সূত্র উল্লেখে সন্ধি কর :—भवान्+जीवतु, वाक्+देवी, हसन्+चलति, पठन्+आस्ते, बालकम्+च, बालकान्+च, तत्+छविः, जगत्+माता, अव+छेदः, दिक्+अन्तः, चलत्+चित्तम्, हसन्+एति, अपरम्+च, भगवत्+गीता, पतन्+तरुः, सन्+शम्भुः, धावन्+अश्वः, तरु+छाया, तत्+श्रुत्वा, महान्+लाभः।

৩। সন্ধিবিচ্ছেদ কর :—पतंस्तरुः, प्राङ्मुखः, उत्थानम्, तल्लावण्यम्, उद्धतः ध्यायेत्नित्यम्, जगन्नाथः, तच्छरीरम्, हसन्नागतः।

৪। কারণ উল্লেখে শুদ্ধ কর :—महान्नादरः, महद्पथः, शीघ्रंश्चल, भगवत्नाम, तद्चित्रम्, चिद्मयम्, फलं आनय।

বিসর্গ সন্ধি

১। যদি অ-কারের পর বিসর্গ থাকে এবং পরে অ-কার থাকে, তাহা হইলে পূর্ব অ-কার ও বিসর্গ স্থানে ও হয়। ও-কার পূর্ববর্ণে যুক্ত হয়, আর পরের অ-কারের লোপ হয়। লুপ্ত অ-কারের চিহ্ন (ऽ) থাকে। যথা— नरः+अयम्=नरोऽयम्। कः+अपि=कोऽपि।

২। যদি অ-কারের পর বিসর্গ থাকে এবং পরে অ-কার ভিন্ন স্বর-বর্ণ থাকে,তাহা হইলে অ-কারের পরবর্তী বিসর্গের লোপ হয়; লোপের পর আর সন্ধি হয় না। যথা—कुतः+आगतः=कुत आगतः। नरः+इव=नर इव। चन्द्रः+उदेति=चन्द्र उदेति। कः+एषः=क एषः।

৩। যদি অ-কারের পর বিসর্গ থাকে এবং পরে বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ অথবা য্ র্ ল্ ব্ হ্ থাকে, তাহা হইলে পূর্ব অ-কার ও বিসর্গ মিলিয়া ও হয়। ও-কার পূর্ববর্ণে যুক্ত হয়। যথা—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মধুরঃ + গন্ধঃ = মধুরো গন্ধঃ। সুন্দরঃ + ঘটঃ = সুন্দরো ঘটঃ। সদ্যঃ + জাতঃ = সদ্যো জাতঃ। অশ্বঃ + ধাবতি = অশ্বো ধাবতি। উন্নতঃ + নগঃ = উন্নতো নগঃ। কৃতঃ + যত্নঃ = কৃতো যত্নঃ। মনঃ + হরঃ = মনোহরঃ।

৪। যদি আ-কারের পর বিসর্গ থাকে এবং পরে স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ অথবা য্, র্, ল্, ব্, হ্, থাকে, তাহা হইলে আ-কারের পরবর্তী বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না। যথা—গজাঃ + অমী = গজা অমী। অশ্বাঃ + ইমে = অশ্বা ইমে। আগতাঃ + ঋষয়ঃ = আগতা ঋষয়ঃ। নরাঃ + এতে = নরা এতে। হতাঃ + গজাঃ = হতা গজাঃ। নষ্টাঃ + ঘটাঃ = নষ্টা ঘটাঃ। পুত্রাঃ + জাতাঃ = পুত্রা জাতাঃ। অশ্বাঃ + ধাবন্তি = অশ্বা ধাবন্তি। অতীতাঃ + মাসাঃ = অতীতা মাসাঃ। বালকাঃ + হসন্তি = বালকা হসন্তি।

৫। যদি অ আ ভিন্ন স্বরবর্ণের পর বিসর্গ থাকে, পরে স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ অথবা য্, র্, ল্, ব্, হ্, থাকে, তাহা হইলে বিসর্গ স্থানে 'র্' হয়। 'র্' পরের স্বরবর্ণের সহিত যুক্ত হয়, বা পরের ব্যঞ্জনবর্ণের মস্তকে রেফ্ হইয়া যুক্ত হয়। যথা—কবিঃ + অয়ম্ = কবিরয়ম্। মুনিঃ + আগতঃ = মুনিরাগতঃ। মতিঃ + ইয়ম্ = মতিরিয়ম্। রবিঃ + উদিতঃ = রবিরুদিতঃ। শ্রীঃ + অসৌ = শ্রীরসৌ। গুরুঃ + উবাচ = গুরুরুবাচ। মাতৄঃ + অর্চয় = মাতৄরর্চয়। রবেঃ + উদয়ঃ = রবেরুদয়ঃ। নরৈঃ + উক্তম্ = নরৈরুক্তম্। ঋষিঃ + গচ্ছতি = ঋষির্গচ্ছতি। গুরুঃ + জয়তি = গুরুর্জয়তি। নিঃ + ধনঃ = নির্ধনঃ। দুঃ + নীতিঃ = দুর্নীতিঃ। বায়ুঃ + বাতি = বায়ুর্বাতি। শিশুঃ + হসতি = শিশুর্হসতি।

৬। যদি অ-কারের পর 'র্'-জাত বিসর্গ থাকে, এবং পরে স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ বা য্, র্, ল্, ব্, হ্, থাকে, তাহা হইলে সেই বিসর্গ স্থানে 'র্' হয়। পুনঃ, অন্তঃ, প্রাতঃ, স্বঃ (স্বর্গ) এবং

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুশীলনী

১। 'ন্' এর পর 'শ্', 'চ্', 'ট্', ও 'ত্' থাকিলে কি কি হয় বল।

২। সূত্র উল্লেখে সন্ধি কর :—ভবান্+জীবতু, বাক্+দেবী, হসন্+চলতি, পঠন্+আস্তে, বালকম্+চ, বালকান্+চ, তত্+ছবিঃ, জগত্+মাতা, অব+ছেদঃ, দিক্+অন্তঃ, চলত্+চিত্তম্, হসন্+এতি, অপরম্+চ, ভগবত্+গীতা, পতন্+তরুঃ, সন্+শম্ভুঃ, ধাবন্+অশ্বঃ, তরু+ছায়া, তত্+শ্রুত্বা, মহান্+লাভঃ।

৩। সন্ধিবিচ্ছেদ কর :—পতংস্তরুঃ, প্রাঙ্মুখঃ, উত্থানম্, তল্লাবণ্যম্, উদ্ধতঃ ধ্যায়েন্নিত্যম্, জগন্নাথঃ, তচ্ছরীরম্, হসন্নাগতঃ।

৪। কারণ উল্লেখে শুদ্ধ কর :—মহান্নাদরঃ, মহদ্পথঃ, শীঘ্রংশ্বল, ভগবত্নাম, তদ্চিত্রম, চিদ্‌ময়ম, ফলং আনয়।

বিসর্গ সন্ধি

১। যদি অ-কারের পর বিসর্গ থাকে এবং পরে অ-কার থাকে, তাহা হইলে পূর্ব অ-কার ও বিসর্গ স্থানে ও হয়। ও-কার পূর্ববর্ণে যুক্ত হয়, আর পরের অ-কারের লোপ হয়। লুপ্ত অ-কারের চিহ্ন (ऽ) থাকে। যথা— নরঃ+অয়ম্=নরোऽয়ম্। কঃ+অপি=কোऽপি।

২। যদি অ-কারের পর বিসর্গ থাকে এবং পরে অ-কার ভিন্ন স্বরবর্ণ থাকে, তাহা হইলে অ-কারের পরবর্তী বিসর্গের লোপ হয়; লোপের পর আর সন্ধি হয় না। যথা—কুতঃ+আগতঃ=কুত আগতঃ। নরঃ+ইব=নর ইব। চন্দ্রঃ+উদেতি=চন্দ্র উদেতি। কঃ+এষঃ=ক এষঃ।

৩। যদি অ-কারের পর বিসর্গ থাকে এবং পরে বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ অথবা য্ র্ ল্ ব্ হ্ থাকে, তাহা হইলে পূর্ব অ-কার ও বিসর্গ মিলিয়া ও হয়। ও-কার পূর্ববর্ণে যুক্ত হয়। যথা—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মধুরঃ + গন্ধঃ = মধুরো গন্ধঃ। সুন্দরঃ + ঘটঃ = সুন্দরো ঘটঃ। সদ্যঃ + জাতঃ = সদ্যো জাতঃ। অশ্বঃ + ধাবতি = অশ্বো ধাবতি। উন্নতঃ + নগঃ = উন্নতো নগঃ। কৃতঃ + যত্নঃ = কৃতো যত্নঃ। মনঃ + হরঃ = মনোহরঃ।

৪। যদি আ-কারের পর বিসর্গ থাকে এবং পরে স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ অথবা য্, র্, ল্, ব্, হ্, থাকে, তাহা হইলে আ-কারের পরবর্তী বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না। যথা—গজাঃ + অমী = গজা অমী। অশ্বাঃ + ইমে = অশ্বা ইমে। আগতাঃ + ঋষয়ঃ = আগতা ঋষয়ঃ। নরাঃ + এতে = নরা এতে। হতাঃ + গজাঃ = হতা গজাঃ। নষ্টাঃ + ঘটাঃ = নষ্টা ঘটাঃ। পুত্রাঃ + জাতাঃ = পুত্রা জাতাঃ। অশ্বাঃ + ধাবন্তি = অশ্বা ধাবন্তি। অতীতাঃ + মাসাঃ = অতীতা মাসাঃ। বালকাঃ + হসন্তি = বালকা হসন্তি।

৫। যদি অ আ ভিন্ন স্বরবর্ণের পর বিসর্গ থাকে, পরে স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ অথবা য্, র্, ল্, ব্, হ্, থাকে, তাহা হইলে বিসর্গ স্থানে 'র্' হয়। 'র্' পরের স্বরবর্ণের সহিত যুক্ত হয়, বা পরের ব্যঞ্জনবর্ণের মস্তকে রেফ্ হইয়া যুক্ত হয়। যথা—কবিঃ + অয়ম্ = কবিরয়ম্। মুনিঃ + আগতঃ = মুনিরাগতঃ। মতিঃ + ইয়ম্ = মতিরিয়ম্। রবিঃ + উদিতঃ = রবিরুদিতঃ। শ্রীঃ + অসৌ = শ্রীরসৌ। গুরুঃ + উবাচ = গুরুরুবাচ। মাতৃঃ + অর্চয় = মাতৃরর্চয়। রবেঃ + উদয়ঃ = রবেরুদয়ঃ। নরৈঃ + উক্তম্ = নরৈরুক্তম্। ঋষিঃ + গচ্ছতি = ঋষির্গচ্ছতি। গুরুঃ + জয়তি = গুরুর্জয়তি। নিঃ + ধনঃ = নির্ধনঃ। দুঃ + নীতিঃ = দুর্নীতিঃ। বায়ুঃ + বাতি = বায়ুর্বাতি। শিশুঃ + হসতি = শিশুর্হসতি।

৬। যদি অ-কারের পর 'র্'-জাত বিসর্গ থাকে, এবং পরে স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ বা য্, র্, ল্, ব্, হ্, থাকে, তাহা হইলে সেই বিসর্গ স্থানে 'র্' হয়। পুনঃ, অন্তঃ, প্রাতঃ, স্বঃ (স্বর্গ) এবং

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুশীলনী

১। 'ন্' এর পর 'শ্', 'চ্', 'ট্', ও 'ত' থাকিলে কি কি হয় বল।

২। সূত্র উল্লেখে সন্ধি কর :—ভবান্+জীবতু, বাক্+দেবী, হসন্+চলতি, পঠন্+আস্তে, বালকম্+চ, বালকান্+চ, তত্+ছবিঃ, জগত্+মাতা, অব+ছেদঃ, দিক্+অন্তঃ, চলত্+চিত্তম্, হসন্+এতি, অপরম্+চ, ভগবত্+গীতা, পতন্+তরুঃ, সন্+শম্ভুঃ, ধাবন্+অশ্বঃ, তরু+ছায়া, তত্+শ্রুত্বা, মহান্+লাভঃ।

৩। সন্ধিবিচ্ছেদ কর :—পতংস্তরুঃ, প্রাঙ্মুখঃ, উত্থানম্, তল্লাবণ্যম্, উদ্ধতঃ ধ্যায়েন্নিত্যম্, জগন্নাথঃ, তচ্ছরীরম্, হসন্নাগতঃ।

৪। কারণ উল্লেখে শুদ্ধ কর :—মহান্নাদরঃ, মহদ্‌পথঃ, শীঘ্রংশ্চল, ভগবত্নাম্, তদ্‌চিত্রম্, চিদ্‌ময়ম্, ফলং আনয়।

বিসর্গ সন্ধি

১। যদি অ-কারের পর বিসর্গ থাকে এবং পরে অ-কার থাকে, তাহা হইলে পূর্ব অ-কার ও বিসর্গ স্থানে ও হয়। ও-কার পূর্ববর্ণে যুক্ত হয়, আর পরের অ-কারের লোপ হয়। লুপ্ত অ-কারের চিহ্ন (ঽ) থাকে। যথা— নরঃ+অয়ম্=নরোঽয়ম্। কঃ+অপি=কোঽপি।

২। যদি অ-কারের পর বিসর্গ থাকে এবং পরে অ-কার ভিন্ন স্বরবর্ণ থাকে,তাহা হইলে অ-কারের পরবর্তী বিসর্গের লোপ হয়; লোপের পর আর সন্ধি হয় না। যথা—কুতঃ+আগতঃ=কুত আগতঃ। নরঃ+ইব=নর ইব। চন্দ্রঃ+উদেতি=চন্দ্র উদেতি। কঃ+এষঃ=ক এষঃ।

৩। যদি অ-কারের পর বিসর্গ থাকে এবং পরে বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ অথবা য্ র্ ল্ ব্ হ্ থাকে, তাহা হইলে পূর্ব অ-কার ও বিসর্গ মিলিয়া ও হয়। ও-কার পূর্ববর্ণে যুক্ত হয়। যথা—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মধুরঃ + গন্ধঃ = মধুরো গন্ধঃ। সুন্দরঃ + ঘটঃ = সুন্দরো ঘটঃ। সদ্যঃ + জাতঃ = সদ্যো জাতঃ। অশ্বঃ + ধাবতি = অশ্বো ধাবতি। উন্নতঃ + নগঃ = উন্নতো নগঃ। কৃতঃ + যত্নঃ = কৃতো যত্নঃ। মনঃ + হরঃ = মনোহরঃ।

৪। যদি আ-কারের পর বিসর্গ থাকে এবং পরে স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ অথবা য্, র্, ল্, ব্, হ্, থাকে, তাহা হইলে আ-কারের পরবর্তী বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না। যথা—গজাঃ + অমী = গজা অমী। অশ্বাঃ + ইমে = অশ্বা ইমে। আগতাঃ + ঋষয়ঃ = আগতা ঋষয়ঃ। নরাঃ + এতে = নরা এতে। হতাঃ + গজাঃ = হতা গজাঃ। নষ্টাঃ + ঘটাঃ = নষ্টা ঘটাঃ। পুত্রাঃ + জাতাঃ = পুত্রা জাতাঃ। অশ্বাঃ + ধাবন্তি = অশ্বা ধাবন্তি। অতীতাঃ + মাসাঃ = অতীতা মাসাঃ। বালকাঃ + হসন্তি = বালকা হসন্তি।

৫। যদি অ আ ভিন্ন স্বরবর্ণের পর বিসর্গ থাকে, পরে স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ অথবা য্, র্, ল্, ব্, হ্, থাকে, তাহা হইলে বিসর্গ স্থানে 'র্' হয়। 'র্' পরের স্বরবর্ণের সহিত যুক্ত হয়, বা পরের ব্যঞ্জনবর্ণের মস্তকে রেফ্ হইয়া যুক্ত হয়। যথা—কবিঃ + অয়ম্ = কবিরয়ম্। মুনিঃ + আগতঃ = মুনিরাগতঃ। মতিঃ + ইয়ম্ = মতিরিয়ম্। রবিঃ + উদিতঃ = রবিরুদিতঃ। শ্রীঃ + অসৌ = শ্রীরসৌ। গুরুঃ + উবাচ = গুরুরুবাচ। মাতৃঃ + অর্চয় = মাতৃরর্চয়। রবেঃ + উদয়ঃ = রবেরুদয়ঃ। নরৈঃ + উন্নাম্ = নরৈরুন্নাম্। ঋষিঃ + গচ্ছতি = ঋষির্গচ্ছতি। গুরুঃ + জয়তি = গুরুর্জয়তি। নিঃ + ধনঃ = নির্ধনঃ। দুঃ + নীতিঃ = দুর্নীতিঃ। বায়ুঃ + বাতি = বায়ুর্বাতি। শিশুঃ + হসতি = শিশুর্হসতি।

৬। যদি অ-কারের পর 'র্'-জাত বিসর্গ থাকে, এবং পরে স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ বা য্, র্, ল্, ব্, হ্, থাকে, তাহা হইলে সেই বিসর্গ স্থানে 'র্' হয়। পুনঃ, অন্তঃ, প্রাতঃ, স্বঃ (স্বর্গ) এবং

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঋ-কারান্ত শব্দের সম্বোধনের একবচনান্ত পদের বিসর্গ 'র্'-জাত। যথা—পুনঃ + অপি = পুনরপি। প্রাতঃ + আগতঃ = প্রাতরাগতঃ। অন্তঃ + ইতঃ = অন্তরিতঃ। মাতঃ + এহি = মাতরেহি। স্বঃ + গতঃ = স্বর্গতঃ। অন্তঃ + ধানম্ = অন্তর্ধানম্। দুহিতঃ + যাহি = দুহিতর্যাহি।

৭। 'র্' পরে থাকিলে বিসর্গ স্থানে যে 'র্' হয়, তাহার লোপ হয় এবং পূর্বস্বর দীর্ঘ হয়। যথা—পুনঃ + রমতি = পুনারমতি। প্রাতঃ + রম্যম্ = প্রাতারম্যম্। পিতঃ + রক্ষ = পিতারক্ষ। নিঃ + রবঃ = নীরবঃ। নিঃ + রোগঃ = নীরোগঃ। নিঃ + রসঃ + নীরসঃ। বিধুঃ + রাজতে = বিধূরাজতে। মাতুঃ + রোদনম্ = মাতূরোদনম্।

৮। 'সঃ' ও 'এষঃ' পদের বিসর্গের পর অ-কার ভিন্ন যে কোন বর্ণ থাকিলে বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না। —সঃ + আগতঃ = স আগতঃ। সঃ + ইচ্ছতি = স ইচ্ছতি। সঃ + উবাচ = স উবাচ। সঃ + করোতি = স করোতি। সঃ + বদতি = স বদতি। সঃ + শেতে = স শেতে। এষঃ + আগতঃ = এষ আগতঃ। এষঃ + এতি = এষ এতি। এষঃ + গতঃ = এষ গতঃ। এষঃ + হসতি = এষ হসতি।

৯। স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ অথবা য্, র্, ল্, ব্, হ্ পরে থাকিলে 'ভোঃ'—এই পদে বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না। যথা—ভোঃ + অম্ব = ভো অম্ব। ভোঃ + ঈশ = ভো ঈশ। ভোঃ + দেবদত্ত = ভো দেবদত্ত। ভোঃ + রমেশ = ভো রমেশ।

১০। পরবর্ণের উচ্চারণস্থান অনুসারে 'চ্' কিংবা 'ছ্' পরে থাকিলে বিসর্গ স্থানে তালব্য 'শ্', 'ট্' কিংবা 'ঠ্' পরে থাকিলে বিসর্গ স্থানে মূর্ধন্য 'ষ্' এবং 'ত্' কিংবা 'থ্' পরে থাকিলে বিসর্গ স্থানে দন্ত্য 'স্' হয়। যথা—পূর্ণঃ + চন্দ্রঃ = পূর্ণশ্চন্দ্রঃ। শিরঃ + ছেদঃ = শিরশ্ছেদঃ। ধনুঃ + টঙ্কারঃ = ধনুষ্টঙ্কারঃ। স্থিরঃ + ঠক্কুরঃ = স্থিরষ্ঠক্কুরঃ। উন্নতঃ + তরুঃ = উন্নতস্তরুঃ। চিরঃ + থুত্কারঃ = চিরস্থুত্কারঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

১১। শ্, ষ্, স্ পরে থাকিলে বিসর্গ স্থানে যথাক্রমে বিকল্পে শ্, ষ্, স্ হয়। যথা— সুপ্তঃ+শিশুঃ=সুপ্তশ্শিশুঃ, সুপ্তঃ শিশুঃ। মত্তঃ+ষট্পদঃ=মত্তষ্ষট্পদঃ, মত্তঃ ষট্পদঃ। ক্রুদ্ধঃ+সিংহঃ=ক্রুদ্ধস্সিংহঃ, ক্রুদ্ধঃ সিংহঃ।

১২। বিশেষ সন্ধি—অহঃ+অহঃ=অহরহঃ। অহঃ+রাত্রম্=অহোরাত্রম্। অহঃ+রূপম্=অহোরূপম্। পুরঃ+কারঃ=পুরস্কারঃ। নমঃ+কার=নমস্কারঃ। দুঃ+করঃ=দুষ্করঃ।

বিসর্গসন্ধি-সঙ্কেত

অঃ+অ=অঃ স্থানে ও (পরের অ লোপ) (১)

অঃ+অ-ভিন্ন স্বরবর্ণ=বিসর্গের লোপ (২)

অঃ+বর্গের ৩য়, ৪র্থ, ৫ম বর্ণ, য্ র্ ল্ ব্ হ্=অঃ স্থানে ও (৩)

কিন্তু র্ জাত বিসর্গ স্থানে র্ (৬)

আঃ+স্বরবর্ণ, ৩য়, ৪র্থ, ৫ম বর্ণ, য্ র্ ল্ ব্ হ=বিসর্গের লোপ (৪)

অ আ ভিন্ন স্বরবর্ণের পর বিসর্গ+স্বরবর্ণ, ৩য়, ৪র্থ, ৫ম বর্ণ, য্ র্ ল্ ব্ হ্=বিসর্গ স্থানে র্ (৫)

বিসর্গ স্থানে র্+র্=পূর্ব র্ এর লোপ, পূর্ব স্বর দীর্ঘ (৭)

সঃ, এষঃ+অ-ভিন্ন বর্ণ=বিসর্গের লোপ (৮)

ভোঃ+১ম ২য় ভিন্ন ও শ্ ষ্ স্ ভিন্ন বর্ণ=বিসর্গের লোপ (৯)

বিসর্গ+চ্ ছ্, ট্ ঠ, ত্ থ্=বিসর্গ স্থানে যথাক্রমে শ্, ষ্, স্ (১০)

বিসর্গ+শ্, ষ্, স=বিসর্গ স্থানে বিকল্পে যথাক্রমে শ্ ষ্ স্ (১১)

অনুশীলনী

১। কোথায় কোথায় বিসর্গের লোপ হয় বল। র্-জাত বিসর্গ কোন্গুলি।

২। সূত্র উল্লেখে সন্ধি কর :—কুতঃ+অপি, শিরঃ+মণিঃ, চক্ষুঃ+রোগঃ, মুনেঃ+আদেশঃ, নরঃ+অয়ম্, দেবাঃ+গচ্ছন্তি, এষঃ+স্বপিতি, নমঃ+তস্যৈ, গুরুঃ+রমতে, শিরঃ+উপরি, প্রাতঃ+রম্যম্।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৩। সন্ধিবিচ্ছেদ কর :—সোঽপি, মুনেরাশ্রমঃ, নমস্তস্মৈ, কৃষ্ণো মেঘঃ, নীরসঃ পূর্ণশ্চন্দ্রঃ, তৈরুক্তম্, পিতারক্ষ, শৃগালো ব্রূতে, বুদ্ধির্যস্য, ততোঽসৌ, মৎস্যা উক্তবন্তঃ, যশ্চ, স বদতি, অত এব।

৪। কারণ দেখাইয়া শুদ্ধ কর :—প্রাতো রম্যম্, তরোচ্ছায়া, মনোকষ্টম্, দুরাদৃষ্টম্, ভো শার্দূল, সো গচ্ছতি।

ণত্ববিধান

১। একপদ-স্থিত ঋ, ৠ, র্, মূর্ধন্য ষ্—এই চারি বর্ণের পরবর্তী দন্ত্য 'ন্' মূর্ধন্য 'ণ্' হয়। যথা—তৃণম্, নৃণাম্, পূর্ণঃ, কৃষ্ণঃ।

২। ঋ, ৠ, র্, মূর্ধন্য ষ্-এর পর স্বরবর্ণ, ক-বর্গ, প-বর্গ, য্, ব্, হ্ বা অনুস্বার ব্যবধান থাকিলেও পরবর্তী দন্ত্য 'ন্' মূর্ধন্য 'ণ্' হয়।

স্বরবর্ণ ব্যবধান—কিরণঃ, নরাণাম্, গুরুণা, নরেণ।

ক-বর্গ ও স্বরবর্ণ ব্যবধান—অর্কেণ, মূর্খেণ, মৃগেণ।

প-বর্গ ও স্বরবর্ণ ব্যবধান—সর্পেণ, রেফেণ, ক্রমেণ।

য্ ব্, হ্, স্বরবর্ণ ও অনুস্বার ব্যবধান—সর্বেণ, ব্রহ্মাণাম্, বৃংহণম্।

সঙ্কেত—ঋ র্ মূর্ধন্য ষ্ পর যদি দন্ত্য ন্ থাকে।
তখনই মূর্ধন্য কর নির্বিচারে তাকে॥
ক-বর্গ প-বর্গ যদি মধ্যে স্বর আর।
য ব্ হ্ বা অনুস্বার, তবু মূর্ধন্য-কার॥*

৩। ট-বর্গের পূর্বস্থিত দন্ত্য 'ন্' মূর্ধন্য 'ণ্' হয়, কারণ ট-বর্গের বর্ণগুলি মূর্ধন্য। কণ্টকম্, কণ্ঠঃ, চণ্ডী।

ণত্বনিষেধ

পদের অন্তস্থিত দন্ত্য 'ন্' মূর্ধন্য 'ণ্' হয় না। যথা—নরান্, ভ্রাতৄন্।

* অন্যান্য জ্ঞাতব্য বিষয় দ্বিতীয় ভাগে অন্তর্ভুক্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুশীলনী

১। দৃষ্টান্ত সহ ণত্ববিধানের নিয়ম লিখ। সঙ্কেত শ্লোকটি বল।

২। কারণ উল্লেখে বানান শুদ্ধ কর :—

মৃগেন, মন্ত্রনা, বৃক্ষানাম্, দাতৃনাম্, কৃপনঃ, পিতৃণ্।

ষত্ববিধান

১। অ, আ ভিন্ন স্বরবর্ণ এবং ক ও র্—এই যে কোন বর্ণের পরবর্তী প্রত্যয়ের দন্ত্য 'স্' মূর্ধন্য 'ষ্' হয়। যথা—মুনিষু, নদীষু, সাধুষু, ভ্রাতৃষু, গচ্ছেষু, নৌষু, দিক্ষু, চতুর্ষু।

২। অনুস্বার ও বিসর্গের ব্যবধান থাকিলেও দন্ত্য 'স্' মূর্ধন্য 'ষ্' হয়। যথা—হবীংষি, ধনূংষি, আশীঃষু, ধনুঃষু।

৩। ট-বর্গের পূর্ববর্তী দন্ত্য 'স্' প্রায়ই মূর্ধন্য 'ষ্' হয়। যথা—নষ্টঃ, কষ্টম্।

৪। ই-কারান্ত ও উ-কারান্ত উপসর্গের পর কতকগুলি স্-কারাদি ধাতুর দন্ত্য 'স্' মূর্ধন্য ষ্ হয়। যথা—বিষাদঃ, নিষেধঃ, অভিষিক্তঃ।

সঙ্কেত—অ আ ভিন্ন স্বর পূর্বে, ক্ র্ ব্যঞ্জন আর।
প্রত্যয়ের স্ মূর্ধন্য, ন গণি বিসর্গ অনুস্বার॥

ষত্বনিষেধ

'সাৎ' প্রত্যয়ের দন্ত্য 'স্' মূর্ধন্য 'ষ্' হয় না। যথা—অগ্নিসাৎ।

অনুশীলনী

১। নিম্নের পদগুলিতে মূর্ধন্য 'ষ্' হইল কেন?

নরেষু, গুণিষু, দিক্ষু, যেষু, ভ্রাতৃষু, অভিষেকঃ, ধনূংষি।

২। বানান শুদ্ধ কর :—বিসাদঃ, লতাষু, মাতৃসু, তেসু।

* অন্যান্য জ্ঞাতব্য বিষয় দ্বিতীয় ভাগে অন্তর্ভুক্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পদবিবরণ

সুবন্ত পদ

যাহা দ্বারা ক্রিয়ার প্রকৃতি বুঝায়, তাহাকে ধাতু বলে। যথা—ভূ, বদ্, গম্, ইত্যাদি। ধাতুও নয় প্রত্যয়ও নয়—এমন অর্থবোধক যে শব্দ, তাহার নাম প্রাতিপাদিক। যথা—নর, বৃক্ষ, সুন্দর ইত্যাদি।

ধাতু ও প্রাতিপদিককে প্রকৃতি বলে। প্রকৃতির পর ভিন্ন ভিন্ন অর্থে যে টুকরো বা খণ্ড-শব্দ যুক্ত হয়, তাহার নাম প্রত্যয়। প্রত্যয় পাঁচ প্রকার—বিভক্তি, কৃৎ, তদ্ধিত, স্ত্রী-প্রত্যয় ও সমাসান্ত প্রত্যয়।

বিভক্তিযুক্ত শব্দকে পদ বলে। ভাষায় পদেরই ব্যবহার দৃষ্ট হয়।

বিভক্তি দুই প্রকার—সুপ্ বিভক্তি ও তিঙ্ বিভক্তি। প্রাতি-পদিকের পর সংখ্যা ও কারক বুঝাইতে সু ঔ জস্ প্রভৃতি প্রত্যয় যুক্ত হয়, তাহাকে সুপ্ বিভক্তি বলে। সুপ্ বিভক্তিযুক্ত শব্দকে সুবন্ত পদ বলে। ধাতুর পর তি তস্ অন্তি প্রভৃতি যে প্রত্যয় যুক্ত হয়, তাহাকে তিঙ্ বিভক্তি বলে। তিঙ্ বিভক্তিযুক্ত ধাতুকে তিঙন্ত পদ বলে।

বিশেষ্য (Noun)

প্রাতিপদিক বলিতে বিশেষ্য ও বিশেষণ দুইই বোঝায়।

যে শব্দের দ্বারা কোন ব্যক্তি, বস্তু, জাতি, গুণ, অবস্থা বা ক্রিয়া প্রভৃতির নাম প্রকাশ করা হয়, সেই শব্দকে বিশেষ্য বলে। বিশেষ্য পদ যথা—হরিঃ, বিষ্ণুঃ, ঘটঃ, মনুষ্যঃ, দয়া, দারিদ্র্যম্, গতিঃ।

বিশেষণ (Adjective)

যে পদ বিশেষ্যের গুণ, দোষ বা অবস্থা প্রভৃতি প্রকাশ করিয়া উহাকে বিশেষিত করে, তাহাকে বিশেষণ বলে। যথা—সুন্দরঃ, ধীরা, নির্মলম্। বিশেষ্য অনুসারেই বিশেষণের লিঙ্গ, বিভক্তি ও বচন হয়।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গ্রন্থালয়, ভরতনিধি, কাশী, বারাণসী

লিঙ্গ (Gender)

সাধারণতঃ পুরুষবাচক শব্দ পুংলিঙ্গ, যথা—নরঃ, বালকঃ। স্ত্রীবাচক শব্দ স্ত্রীলিঙ্গ, যথা—নারী, বালিকা। যে শব্দ পুরুষবাচক বা স্ত্রীবাচক নহে, তাহা ক্লীবলিঙ্গ, যথা—ফলম্, বনম্। কিন্তু সংস্কৃতে অর্থের দ্বারা সব সময় লিঙ্গনির্ণয় হয় না। শব্দের প্রয়োগ বা প্রকৃতি-প্রত্যয়-গত ব্যুৎপত্তি দেখিয়া লিঙ্গ স্থির করা হয়। একই অর্থে স্ত্রী বুঝাইতে দার শব্দ পুংলিঙ্গ, ভার্যা শব্দ স্ত্রীলিঙ্গ ও কলত্র শব্দ ক্লীবলিঙ্গ।

পুংলিঙ্গ (Masculine)

১। দেব, দৈত্য, স্বর্গ, যাগ প্রভৃতি শব্দের পর্যায়বাচক শব্দগুলি পুংলিঙ্গ। একই অর্থে প্রযুক্ত ভিন্ন ভিন্ন শব্দকে পর্যায়বাচক বলে। যথা—দেব, অমর, সুর প্রভৃতি দেববাচক। ইহারা পুংলিঙ্গ।

সংকেত—দেব দৈত্য স্বর্গ যাগ পর্বত সাগর।
মেঘ বৃক্ষ অরি কাল অসি পঙ্ক শর॥
কর গণ্ড ওষ্ঠ কেশ দন্ত নখ স্তন।
ইহাদের অর্থ পুং লিঙ্গেতে গণন॥

যথা—দেবঃ, অমরঃ। স্বর্গঃ, সুরলোকঃ। যাগঃ, যজ্ঞঃ। পর্বতঃ, শৈলঃ। সাগরঃ, সমুদ্রঃ। বৃক্ষঃ, দ্রুমঃ। অরিঃ, রিপুঃ। কালঃ, সময়ঃ।

২। শব্দের শেষে রু, তু, ধি প্রভৃতি বর্ণ থাকিলে প্রায় পুংলিঙ্গ।

সংকেত—শব্দশেষে রু তু ধি ক, ট থ ন ণ।
প ভ ম র, য স ষ-য়ে, পুং গণন॥

যথা—মরুঃ, তরুঃ। হেতুঃ, সেতুঃ। বিধিঃ, নিধিঃ। লোকঃ, পাকঃ, শাকঃ। ঘটঃ, পটঃ। রথঃ, অর্থঃ। জনঃ। গুণঃ, বাণঃ। দীপঃ। দর্ভঃ—কুশ। গ্রামঃ, শ্রমঃ, আশ্রমঃ। জ্বরঃ। হয়ঃ—অশ্ব। রসঃ, কলসঃ। বৃষঃ।

৩। ঘঞ্, অপ্ ও অচ্ প্রত্যয়ান্ত ক্রিয়াবাচক বিশেষ্য প্রায়ই পুংলিঙ্গ। যথা—পাকঃ, ক্রোধঃ, লোভঃ, ত্যাগঃ, জয়ঃ। (কিন্তু ভয়ম্)।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্ত্রীলিঙ্গ (Feminine)

১। সাধারণতঃ অ-কারান্ত ও দীর্ঘ ঈ-কারান্ত শব্দ স্ত্রীলিঙ্গ *। যথা—লতা, মালা, প্রজা, শয্যা, নদী, রজনী, তরণী।

২। ক্তি-প্রত্যয়ান্ত ক্রিয়াবাচক বিশেষ্য শব্দ স্ত্রীলিঙ্গ, শেষে প্রায় তি থাকে। যথা—মতিঃ, বুদ্ধিঃ, গতিঃ, প্রীতিঃ, স্মৃতিঃ, নতিঃ, ভীতিঃ।

৩। ভূমি, তিথি ও রাত্রিবাচক শব্দগুলি স্ত্রীলিঙ্গ। যথা—ভূমিঃ, ক্ষিতিঃ, প্রতিপৎ, দ্বিতীয়া, রাত্রিঃ, নিশা।

ক্লীবলিঙ্গ (Neuter)

১। নিম্নের পর্যায়বাচক শব্দগুলি প্রায়ই ক্লীবলিঙ্গ।

সঙ্কেত—গগন কানন পত্র স্বর্ণ ধন বল।
রুধির আনন নেত্র পুষ্প ফল জল॥
শুভাশুভ শীত উষ্ণ আহার্য-ব্যঞ্জন।
বিবর-বাচক ক্লীব লিঙ্গেতে গণন॥

২। মিত্র শব্দ বন্ধু অর্থে ক্লীবলিঙ্গ, সূর্য অর্থে পুংলিঙ্গ। কিন্তু অমিত্র (শত্রু) শব্দ পুংলিঙ্গ।

৩। ল্যুট্ (অনট্) প্রত্যয়ান্ত ক্রিয়াবাচক বিশেষ্য ক্লীবলিঙ্গ—ইহাদের শেষে ন বা ণ থাকে। গমনম্, শয়নম্, ভোজনম্, ভ্রমণম্।

৪। ষ্যঞ্ (য্য), ষ্যঞ্ (চেয়) ও ত্ব প্রভৃতি তদ্ধিত প্রত্যয় যুক্ত ভাব-বোধক শব্দ ক্লীবলিঙ্গ। যথা—গৌরবম্, সাম্যম্, গুরুত্বম্।

৫। ক্রিয়ার বিশেষণ ও অব্যয়ের বিশেষণ ক্লীবলিঙ্গ। যথা—অশ্বঃ দ্রুতম্ গচ্ছতি, রম্যম্ প্রাতঃ।

৬। শত ও সহস্র শব্দ ক্লীবলিঙ্গ।

* অ-কার বা দীর্ঘ ঈ-কার যোগে সম্ভবমত পুংলিঙ্গ শব্দকে স্ত্রীলিঙ্গ করা হয়; উহা স্ত্রী-প্রত্যয়। দ্বিতীয় ভাগে ইহা আলোচিত হইবে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বচন (Number)

যাহা দ্বারা পদার্থের সংখ্যা বোঝায়, তাহাকে বচন বলে। বচন তিনটি। একটি বুঝাইতে একবচন, দুইটি বুঝাইতে দ্বিবচন এবং দুইয়ের অধিক বুঝাইতে বহুবচন হয়।

কতকগুলি শব্দ নিত্য একবচন, নিত্য দ্বিবচন বা নিত্য বহুবচন।

(ক) নিত্য একবচন—(১) সমষ্টিবোধক দ্বয়, ত্রিতয়, চতুষ্টয়, গণ, বৃন্দ প্রভৃতি শব্দ, সমাহার দ্বিগু ও সমাহার দ্বন্দ্ব। যথা—প্রশ্নদ্বয়ম্, মুনিগণ:, ছাত্রবৃন্দম্, ত্রিভুবনম্ (সমাহার দ্বিগু), হস্তপাদম্ (সমাহার দ্বন্দ্ব)। দল বা সমষ্টি একাধিক হইলে দ্বিবচন ও বহুবচনও হইবে।

(২) শত, সহস্র: ও ঊনবিংশতি হইতে নবনবতি পর্যন্ত সংখ্যা-বাচক শব্দ বিশেষণ হইলে নিত্য একবচন।

(খ) নিত্য দ্বিবচন—দ্বি, উভ ও দম্পতি শব্দ দ্বিবচনান্ত।

(গ) নিত্য বহুবচন—নিম্নের শব্দগুলি বহুবচনান্ত :—

(১) পুংলিঙ্গে—দার (স্ত্রী), গৃহ ও প্রাণ-বাচক শব্দ।

(২) স্ত্রীলিঙ্গে —সমা (বৎসর), সিকতা, বর্ষা ও অপ্ (জল) শব্দ।

(৩) অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, মদ্র প্রভৃতি প্রদেশ-বাচক শব্দ। কিন্তু 'দেশ' শব্দের সহিত সমাস হইলে ব্যতিক্রম হইবে। যথা—অঙ্গদেশ:।

অনুশীলনী

১। পদ ও শব্দে পার্থক্য কি? বিশেষ্য কাহাকে বলে?

২। নিম্নের শব্দগুলি সংস্কৃতে কোন্ লিঙ্গে ব্যবহৃত হয়, তাহা যথাসম্ভব কারণ দেখাইয়া বল :—স্বর্গ, বৃক্ষ, লতা, বাণ, বিধি, হেতু, স্বর্ণ, দীপ, মিত্র, ভূমি, সুখ, গুণ, হস্ত, কণ্ঠ, ক্রোধ, রজনী, গতি, রাত্রি, গমন, দেবতা, ঘট।

৩। কোন্ পর্যায়বাচক শব্দ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ? সঙ্কেত শ্লোক দুইটি বল।

৪। কোন্ শব্দগুলি নিত্য বহুবচনে ব্যবহৃত হয়?

———

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সুবন্ত প্রকরণ (Declension)

সুপ্ বিভক্তি (Case-ending)

সংখ্যা ও কারকের অর্থ বুঝাইতে প্রাতিপদিকের পর সু ঔ জস্ প্রভৃতি প্রত্যয় যুক্ত হয়। সু হইতে সুপ্-এর প্ পর্যন্ত প্রত্যয়গুলিকে সুপ্ বিভক্তি বলে। সুপ্ বিভক্তির যোগ যথা—নর + সু = নরঃ, নর + ঔ = নরৌ, নর + জস্ - নরাঃ ইত্যাদি।

সুপ্ বিভক্তি প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী —এই সাত প্রকারের। আবার, একবচন, দ্বিবচন ও বহুবচন ভেদে উহা তিন প্রকার। অতএব মোট সুপ্ বিভক্তির সংখ্যা একুশটি।

কারক ও বিভক্তি

ক্রিয়ার সহিত যাহার অন্বয় অর্থাৎ কোন না কোন সম্বন্ধ থাকে, তাহাকে কারক বলে। কারক ছয়টি—কর্তা, কর্ম, করণ, সম্প্রদান, অপাদান ও অধিকরণ।

যে প্রধানভাবে ক্রিয়া সম্পাদন করে, সে কর্তা। কর্তৃবাচ্যে ক্রিয়াই কর্তার কথা বলিয়া দেয়। কর্তৃবাচ্যে কর্তায় প্রথমা বিভক্তি হয়। কর্তা যাহা করে, অথবা যাহার উপর ক্রিয়ার ফল গিয়া পড়ে, তাহা কর্ম। কর্তৃবাচ্যে কর্মে দ্বিতীয়া। 'দ্বারা', 'দিয়া' এই অর্থে করণে তৃতীয়া। যাহাকে কিছু দেওয়া হয় বা যাহার নিমিত্ত কিছু করা হয়—তাহাতে সম্প্রদান কারকে চতুর্থী হয়। 'যাহা হইতে' এই অর্থে অপাদান কারকে পঞ্চমী বিভক্তি হয়। 'যাহাতে', 'যেখানে' বা 'যে-সময়ে'—এই অর্থে অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি হয়।

সম্বন্ধ ও সম্বোধন পদের সহিত ক্রিয়ার কোন সম্বন্ধ নাই। এইজন্য উহারা কারক নহে। 'যাহার'—এই অর্থে সম্বন্ধ পদে ষষ্ঠী বিভক্তি এবং আহ্বান বুঝাইতে সম্বোধন পদে প্রথমা বিভক্তি হয়।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(খ)

	বচনে	বাংলা	সংস্কৃত
প্রথমা	একবচনে	একটি বালক	बालकः
	দ্বিবচনে	দুইটি শিক্ষক	शिक्षकौ
	বহুবচনে	ছাত্রগণ	छात्राः
দ্বিতীয়া	একবচনে	মেঘটিকে	मेघम्
	দ্বিবচনে	দুইটি অশ্বকে	अश्वौ
	বহুবচনে	ময়ূরগুলিকে	मयूरान्
তৃতীয়া	একবচনে	অর্থের দ্বারা	अर्थेन
	দ্বিবচনে	দুই হাত দিয়া	हस्ताभ्याम्
	বহুবচনে	শরগুলির দ্বারা	शरैः
চতুর্থী	একবচনে	স্বর্গের জন্য	स्वर्गाय
	দ্বিবচনে	দরিদ্র দুইটিকে (দান)	दरिद्राभ्याम्
	বহুবচনে	ব্রাহ্মণদিগের জন্য	ब्राह्मणेभ्यः
পঞ্চমী	একবচনে	গ্রাম হইতে	ग्रामात्
	দ্বিবচনে	দুই তট হইতে	तटाभ्याम्
	বহুবচনে	বৃক্ষগুলি হইতে	वृक्षेभ्यः
ষষ্ঠী	একবচনে	জনকের	जनकस्य
	দ্বিবচনে	দুইটি নৃপের	नृपयोः
	বহুবচনে	দেবদিগের	देवानाम्
সপ্তমী	একবচনে	প্রদেশে	प्रदेशे
	দ্বিবচনে	দুইটি দেশে	देशयोः
	বহুবচনে	কিরণগুলিতে	किरणेषु
সম্বোধন	একবচনে	হে আচার্য	हे आचार्य !
	দ্বিবচনে	হে শিষ্যদ্বয়	हे शिष्यौ !
	বহুবচনে	হে বৎসগণ	हे वत्साः !

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিশেষ দ্রষ্টব্য—তৃতীয়ার একবচনে ও ষষ্ঠীর বহুবচনে ণত্ববিধি এবং সপ্তমীর বহুবচনে ষত্ববিধি সম্বন্ধে সাবধান। সম্বোধনে প্রথমা বিভক্তি হয়, মাত্র একবচনেই রূপান্তর হয়। উহাই প্রদর্শিত হইবে।

অনুবাদ শিক্ষা—(১)

১। সংস্কৃত ভাষায় অনুবাদ করিতে হইলে বাংলা শব্দটিকে প্রথমে বিশুদ্ধ বাংলায় পরিণত করিবে। প্রতিশব্দটি অ-কারান্ত পুংলিঙ্গ হইলে ভাল হয়, তাহাতে মাত্র নর শব্দের দৃষ্টান্তে অনুবাদ করা চলে। নিম্নের অ-কারান্ত পুংলিঙ্গ প্রতিশব্দগুলি মনে রাখা উচিত। ভগবান্—ঈশ্বরঃ, আগুন—অনলঃ, বাতাস—সমীরঃ, ঢেউ—তরঙ্গঃ, বড় ভাই—অগ্রজঃ, ছোট ভাই—অনুজঃ, ভাই—সহোদরঃ, বাবা—জনকঃ, জ্যাঠা—জ্যেষ্ঠতাতঃ, কাকা—পিতৃব্যঃ, মামা—মাতুলঃ, ঋষি—তাপসঃ, রাজা—নৃপঃ, মন্ত্রী—সচিবঃ, বই—গ্রন্থঃ, বাড়ী—আলয়ঃ, জানালা—গবাক্ষঃ, আয়না—দর্পণঃ, গাছ—বৃক্ষঃ, পাখী—বিহগঃ, ধনী—ধনিকঃ, স্বামী—স্বামিকঃ, পুকুর—সরোবরঃ, সময়—কালঃ, বর্ষা—বর্ষাকালঃ, শরৎ—শরৎকালঃ, রাত্রি—নিশাকালঃ, দিন—দিবসঃ, পোষাক—পরিচ্ছদঃ, ধোপা—রজকঃ, চাকর—ভৃত্যঃ, পথ—মার্গঃ, বন্ধু—বন্ধুজনঃ, সাধু—সাধুজনঃ, গুণী—গুণিজনঃ, দাতা—দাতৃজনঃ, স্ত্রী—স্ত্রীলোকঃ, জগৎ—ভূলোকঃ।

২। শব্দটি কোন্ লিঙ্গ তাহা স্থির করিবে। এ সম্বন্ধে পূর্বে লিখিত লিঙ্গ-নির্ণয়ের সঙ্কেতগুলি বিশেষ কাজে লাগিবে।

৩। পরে সেই লিঙ্গের সেই বর্ণান্ত শব্দের আদর্শ রূপের সাহায্যে বিভক্তি ও বচন যোগে সংস্কৃতে অনুবাদ করিবে। গাছগুলিতে পাখীরা—ইহার বিশুদ্ধ বাংলায় প্রতিশব্দ হইবে 'বৃক্ষগুলিতে বিহগগণ'। 'বৃক্ষ' ও 'বিহগ' শব্দ অ-কারান্ত পুংলিঙ্গ। উহাদের রূপ 'নর' শব্দের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শব্দরূপ

স্বরান্ত পুংলিঙ্গ

অ-কারান্ত—নর (মানুষ) [Man]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	নরः	নরৌ	নরাः
দ্বিতীয়া	নরম্	নরৌ	নরান্
তৃতীয়া	নরেণ	নরাভ্যাম্	নরৈঃ
চতুর্থী	নরায়	নরাভ্যাম্	নরেভ্যঃ
পঞ্চমী	নরাৎ	নরাভ্যাম্	নরেভ্যঃ
ষষ্ঠী	নরস্য	নরয়োঃ	নরাণাম্
সপ্তমী	নরে	নরয়োঃ	নরেষু
সম্বোধনম্	নর	নরৌ	নরাः

সর্বনাম ভিন্ন অ-কারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ নর শব্দের ন্যায়। যথা—দেব, দৈত্য, স্বর্গ, যাগ, পর্বত, সাগর, বৃক্ষ, গ্রাম, দেশ, কর, ধর্ম, অর্থ, আচার্য, জনক, বালক, মহারাজ, বিহগ, নৃপ, মৎস্য।

বিভক্তিযোগে বাংলা ও সংস্কৃত আকৃতি ও ইংরাজী প্রতিশব্দ

(ক) বিভক্তি	বাংলা (একবচন)	সংস্কৃত (একবচন)
১মা	নর—A man	নরः
২য়া	নরটিকে—To a man	নরম্
৩য়া	নরটির দ্বারা—By a man	নরেণ
৪র্থী	নরটির উদ্দেশ্যে—For a man	নরায়
৫মী	নর হইতে—From a man	নরাৎ
৬ষ্ঠী	নরের—Of a man	নরস্য
৭মী	নরেতে—In a man	নরে
সম্বোধন	হে নর—O' man!	হে নর!

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সুপ্ বিভক্তির আকৃতি

विभक्ति (Case-ending)	एकवचने (Singular)	द्विवचने (Dual)	बहुवचने (Plural)
प्रथमा (1st)	सु (:)	औ	जस् (अः)
द्वितीया (2nd)	अम्	औट् (औ)	शस् (अः)
तृतीया (3rd)	टा (आ)	भ्याम्	भिस् (भिः)
चतुर्थी (4th)	ङे (ए)	भ्याम्	भ्यस् (भ्यः)
पञ्चमी (5th)	ङसि (अः)	भ्याम्	भ्यस् (भ्यः)
षष्ठी (6th)	ङस् (अः)	ओस् (ओः)	आम्
सप्तमी (7th)	ङि (इ)	ओस् (ओः)	सुप् (सु)

शब्दरूप

ভিন্ন ভিন্ন লিঙ্গে সুপ্ বিভক্তি যোগে কোন্ শব্দের কিরূপ পদ হয়, তাহা ক্রমশঃ দেখান হইতেছে। উহাদিগকে শব্দরূপ বলে। শব্দের শেষে স্বরবর্ণ থাকিলে শব্দটি স্বরান্ত ও ব্যঞ্জনবর্ণ থাকিলে উহা ব্যঞ্জনান্ত।

आदर्श स्वरान्त शब्द	पुंलिङ्गे	स्त्रीलिङ्गे	क्लीबलिङ्गे
अ-कारान्त	नर	×	फल
आ-कारान्त	विश्वपा*	लता	×
इ-कारान्त	मुनि	मति	वारि
ई-कारान्त	सुधी*	नदी	×
उ-कारान्त	साधु	धेनु	मधु
ऊ-कारान्त	प्रतिभू*	वधू	×
ऋ-कारान्त	दातृ, पितृ	स्वसृ, मातृ	धातृ*
ओ-कारान्त	गो*	×	×

* তারকা-চিহ্নিত শব্দগুলির রূপ পরে দ্বিতীয় ভাগে দেখান হইবে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মত। 'বৃক্ষগুলিতে' এই পদে ৭মীর বহুবচন এবং 'বিহগগণ' এই পদে ১মার বহুবচন। অতএব অনুবাদ হইবে—বৃক্ষেষু বিহগাঃ।

৪। বিশেষণের লিঙ্গ, বিভক্তি ও বচন—এই তিনটিই বিশেষ্যের মত হইবে। ইহা দৃষ্টান্ত সহ পরে দেখান হইবে।

৫। কোন্ বিভক্তি যোগ করিতে হইবে, তাহার সাধারণ নিয়ম এইরূপ :—ক্রিয়াপদ থাকিলে বা ক্রিয়া উহ্য থাকিলেও নিম্নের প্রশ্ন-গুলির দ্বারা যথাক্রমে প্রথমা প্রভৃতি বিভক্তি নির্ণয় করিবে।

প্রশ্নের সঙ্কেত :—কে ?—প্রথমা। কাহাকে বা কোন্ বস্তুটিকে ?—দ্বিতীয়া। কিসের দ্বারা ?—তৃতীয়া। কাহাকে দান বা কিসের জন্য ?—চতুর্থী। কোথা হইতে ?—পঞ্চমী। কাহার সহিত সম্বন্ধ ?—ষষ্ঠী। কাহাতে, কোথায় বা কখন ?—সপ্তমী।

অনুবাদ আদর্শ

(অ-কারান্ত পুংলিঙ্গে)

গাছগুলিতে পাখীরা—বৃক্ষেষু বিহগাঃ।
গ্রাম হইতে আশ্রমে—গ্রামাৎ আশ্রমে।
সমুদ্রের ঢেউগুলির দ্বারা—সমুদ্রস্য তরঙ্গৈঃ।
রাজার বাড়ীতে—নৃপস্য প্রাসাদে।
হরিণের দুইটি শৃঙ্গ—মৃগস্য শৃঙ্গে।
বাণের দ্বারা পাখীটিকে—বাণেন বিহগম্।
ধর্মের জন্য ঋষি— ধর্মায় তাপসঃ।
মানুষটির দুই পায়ে—নরস্য পাদয়োঃ।
বিদ্যালয়ে ছাত্রদের পাঠ—বিদ্যালয়ে ছাত্রাণাম্ পাঠঃ।
রাম লক্ষ্মণের বড় ভাই—রামঃ লক্ষ্মণস্য অগ্রজঃ।
অধর্ম হইতে লোকের নাশ—অধর্মাৎ লোকস্য নাশঃ।
বাড়ীতে পিতার স্নেহ—আলয়ে জনকস্য স্নেহঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুশীলনী

১। নর ও গজ শব্দের রূপ লিখ।

২। সংস্কৃতে অনুবাদ কর :—পাখীটির। পুত্রের জন্য। শিক্ষকের দ্বারা। সূর্যের কিরণসমূহ। আকাশের চাঁদকে। রাজার বাড়ী। গ্রামে পুকুরগুলি। বড় ভাইয়ের স্নেহ। রাজার মন্ত্রীকে। পুকুরে মাছদের বাস। পাহাড়ের দুই গাছ। আগুনের দাহ। ধনীর (ধনিকস্য) ভৃত্যগুলির দ্বারা। ঋষির আশ্রমে। পিতার স্নেহের দ্বারা। আকাশে মেঘগুলি। বাড়ী হইতে আশ্রমে। স্বর্গের জন্য যাগ। ছাত্রদের পোষাক। বর্ষাকালে মেঘ। গুণের আদর। ধর্মের পথ।

৩। শুদ্ধ কর :—মৃগেন, সর্পানাম্, দেবৈসু, পবনেভিঃ, নরায়, অজেণ।

ই-কারান্ত পুংলিঙ্গ

হ্রস্ব ই-কারান্ত—मुनि (মুনি) [Sage]

	एकवचनं	द्विवचनं	बहुवचनं
प्रथमा	मुनिः	मुनी	मुनयः
द्वितीया	मुनिम्	मुनी	मुनीन्
तृतीया	मुनिना	मुनिभ्याम्	मुनिभिः
चतुर्थी	मुनये	मुनिभ्याम्	मुनिभ्यः
पञ्चमी	मुनेः	मुनिभ्याम्	मुनिभ्यः
षष्ठी	मुनेः	मुन्योः	मुनीनाम्
सप्तमी	मुनौ	मुन्योः	मुनिषु
सम्बोधनम्	मुने		

পতি ও সখি ভিন্ন হ্রস্ব ই-কারান্ত পুংলিঙ্গ শব্দ মুনি শব্দের মত।

হ্রস্ব ই-কারান্ত কয়েকটি পুংলিঙ্গ শব্দ—अग्नि, अतिथि, अरि (শত্রু), अलि (ভ্রমর), अहि (সাপ), असि, ऋषि, कवि, कपि (বানর), गिरि (পর্বত), ज्ञाति, नृपति, पाणि (হাত), भूपति, रवि (সূর্য), रश्मि, विधि, व्याधि, सारथि।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পতি (প্রভু, স্বামী) [Lord, Husband]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	পতিঃ	পতী	পতয়ঃ
দ্বিতীয়া	পতিম্	পতী	পতীন্
তৃতীয়া	পত্যা	পতিভ্যাম্	পতিভিঃ
চতুর্থী	পত্যে	পতিভ্যাম্	পতিভ্যঃ
পঞ্চমী	পত্যুঃ	পতিভ্যাম্	পতিভ্যঃ
ষষ্ঠী	পত্যুঃ	পত্যোঃ	পতীনাম্
সপ্তমী	পত্যৌ	পত্যোঃ	পতিষু
সম্বোধনম্	পতে		

অন্য শব্দ পূর্বে থাকিয়া পতি শব্দের সহিত সমাস হইলে সেই শব্দের রূপ মুনি শব্দের ন্যায়। যথা—শ্রীপতিঃ, নরপতিঃ, ধনপতিঃ।

সখি (পুরুষ বন্ধু) [Friend]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	সখা	সখায়ৌ	সখায়ঃ
দ্বিতীয়া	সখায়ম্	সখায়ৌ	সখীন্

অন্যান্য বিভক্তিতে পতি শব্দের দৃষ্টান্তে সখ্যা, সখিভ্যাম্ ইত্যাদি।

অনুবাদ আদর্শ

(ই-কারান্ত পুংলিঙ্গে)

মণির খনি—মণেঃ খনিঃ।　　　গিরিতে দুই মুনি—গিরৌ মুনী।

রবির রশ্মিগুলি—রবেঃ রশ্ময়ঃ। নৃপতির সারথির জন্য—নৃপতেঃ সারথয়ে।

মুনির দুই হাত দ্বারা—মুনেঃ পাণিভ্যাম্।

কবিদের মধ্যে বাল্মীকি—কবিষু বাল্মীকিঃ।

সমুদ্রের নিধিগুলির—উদধেঃ নিধীনাম্।

অরিদিগের অসিগুলির দ্বারা—অরীণাম্ অসিভিঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুশীলনী

১। অ-কারান্ত ও ই-কারান্ত পুংলিঙ্গ শব্দ মিশাইয়া সংস্কৃতে অনুবাদ কর :—মুনির আশ্রমে। বৃক্ষে বানরগুলি। পতির পা দুইখানি। নরপতির অনুচর দ্বারা। সখাতে প্রণয়। মুনিদিগের বিধি। গিরিতে অগ্নি। বৃক্ষ হইতে অলিগণ। রাজার হাত দুইটির দ্বারা। ভক্তের সখা হরি। আশ্রমের মুনিদিগকে। ঋষির আলয়ে অতিথিগণ। চাঁদের রশ্মিতে। অগ্নির উদ্দেশে যাগ। কবিদের মধ্যে কালিদাস। সূর্যের কিরণগুলির দ্বারা। দুই হাতে দুই অসি।

২। শুদ্ধ কর :—মুনিভ্যাম্, গির্যাঁ, অগ্নিয়ে, নৃপত্যুঃ, অমাত্যৈভিঃ, পতেঃ, মুনিনাম্, অতিথিসু, পতিনা, ভূপত্যুঃ, সখেঃ, পতয়ে।

হ্রস্ব উ-কারান্ত পুংলিঙ্গ

হ্রস্ব-উ-কারান্ত—সাধু (সৎ লোক, ভাল) [A good man]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	সাধুঃ	সাধূ	সাধবঃ
দ্বিতীয়া	সাধুম্	সাধূ	সাধূন্
তৃতীয়া	সাধুনা	সাধুভ্যাম্	সাধুভিঃ
চতুর্থী	সাধবে	সাধুভ্যাম্	সাধুভ্যঃ
পঞ্চমী	সাধোঃ	সাধুভ্যাম্	সাধুভ্যঃ
ষষ্ঠী	সাধোঃ	সাধ্বোঃ	সাধূনাম্
সপ্তমী	সাধৌ	সাধ্বোঃ	সাধুষু
সম্বোধনম্	সাধো		

অংশু (কিরণ), ঋতু, গুরু, জন্তু, তরু, দস্যু, পশু, প্রভু, বন্ধু, বাহু, বায়ু, বিধু (চন্দ্র), বিষ্ণু, শিশু প্রভৃতি পুংলিঙ্গ হ্রস্ব-উকারান্ত শব্দের রূপ সাধু শব্দের ন্যায়।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঋ-কারান্ত পুংলিঙ্গ

दातृ (দাতা) [Giver]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	दाता	दातारौ	दातारः
द्वितीया	दातारम्	दातारौ	दातॄन्
तृतीया	दात्रा	दातृभ्याम्	दातृभिः
चतुर्थी	दात्रे	दातृभ्याम्	दातृभ्यः
पञ्चमी	दातुः	दातृभ्याम्	दातृभ्यः
षष्ठी	दातुः	दात्रोः	दातॄणाम्
सप्तमी	दातरि	दात्रोः	दातृषु
सम्बोधनम्	दातः		

पितृ, भ्रातृ, जामातृ ও नृ ভিন্ন পুংলিঙ্গ ঋ-কারান্ত শব্দ दातृ-র মত। যথা—कर्तृ, जेतृ, धातृ, नेतृ, हन्तृ, सवितृ (সূর্য) ইত্যাদি।

पितृ (পিতা) [Father]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	पिता	पितरौ	पितरः
द्वितीया	पितरम्	पितरौ	पितॄन्

অন্যান্য বিভক্তিতে दातृ শব্দের মত। भ्रातृ ও जामातृ শব্দের রূপ पितृ শব্দের ন্যায়। नृ শব্দ पितृ শব্দের মত—ना नरौ नरः, তৃতীয়া—न्रा नृभ्याम् नृभिः। ষষ্ঠীর বহুবচনে—नॄणाम्, नृणाम्।

অনুবাদ আদর্শ

সাধুদিগের সঙ্গ—साधूनां सङ्गः। পুত্রে পিতার স্নেহ—पुत्रे पितुः स्नेहः। গুরুর আদেশে—गुरोः आदेशे। ভাইদের ভালবাসা—भ्रातॄणां प्रणयः। দাতাগণ সৎ—दातारः साधवः।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্বরান্ত শব্দরূপের সঙ্কেত

(ক) পুংলিঙ্গ একবচনে—সাধারণতঃ একবচনে ১মায় বিসর্গ ও ২য়ায় ম্ যোগ হয়। ৩য়ায় অ-কারান্ত শব্দে 'ইন', অন্য শব্দে 'না' বা 'আ' যোগ হয়। অ-কারান্ত ভিন্ন সব লিঙ্গেই ৫মী ৬ষ্ঠীতে পদ দুইটি একরূপ। একবচনে নিম্নোক্ত রূপগুলির বৈশিষ্ট্য লক্ষণীয়—

	নর	মুনি	সাধু	পতি
৩য়া	নরেণ	মুনিনা	সাধুনা	পত্যা
৪র্থী	নরায়	মুনয়ে	সাধবে	পত্যে
৫মী	নরাৎ	মুনেঃ	সাধোঃ	পত্যুঃ
৬ষ্ঠী	নরস্য	মুনেঃ	সাধোঃ	পত্যুঃ
৭মী	নরে	মুনৌ	সাধৌ	পত্যৌ

(খ) নানা লিঙ্গে দ্বিবচনে—১মা ২য়ার দ্বিবচনে ইকারান্ত উকারান্ত শব্দে পুংলিঙ্গে ও স্ত্রীলিঙ্গে শেষের স্বর দীর্ঘ হয় (মুনী, সাধূ)। ক্লীবলিঙ্গে মাত্র মূল শব্দের পর দীর্ঘ ঈ-কারান্ত 'নী' যোগ হয় (বারিণী, মধুনী—পরে দ্রষ্টব্য)। 'ভ্যাম্' এর পূর্বে অ-কার দীর্ঘ হয়—নরাভ্যাম্। কিন্তু অ-কারান্ত ব্যতীত ভ্যাম্-এর পূর্বে অন্য স্বর দীর্ঘ হয় না (মুনিভ্যাম্, সাধুভ্যাম্)।

(গ) ভিন্ন ভিন্ন লিঙ্গে বহুবচনে—২য়ার বহুবচনে শেষের স্বর দীর্ঘ হয়, পরে পুংলিঙ্গে হসন্ 'ন্' (নরান্, মুনীন্), স্ত্রীলিঙ্গে বিসর্গ (মতীঃ, মাতৄঃ) ও ক্লীবলিঙ্গে হ্রস্ব ই-কারান্ত 'নি' যুক্ত হয় (বারীণি)। ৬ষ্ঠীর বহুবচনে শেষস্বর দীর্ঘ ও পরে 'নাম্' যুক্ত হয় (নরাণাম্)। ৩য়ার বহুবচনে মাত্র অ-কারান্ত শব্দ ঐঃ-ভাগান্ত হয় (নরৈঃ, গজৈঃ), অন্যত্র ভিঃ-যোগ (মুনিভিঃ, সাধুভিঃ)।

(ঘ) মুনি ও সাধু শব্দ—মুনি-র পর দুই স্থানে অন্তঃস্থ য্ ও পূর্বে অ-কার—মুনয়ঃ, মুনয়ে এবং সাধু-র পর ব্ ও পূর্বে অ-কার—সাধবঃ, সাধবে। ৫মী ৬ষ্ঠীর একবচনে ই স্থানে এঃ (মুনেঃ) ও উ স্থানে ওঃ সাধোঃ)। কিন্তু ৭মীর একবচনে একই রকম—ঔ (মুনৌ, সাধৌ)।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শুদ্ধি-সঙ্কেত

১। কোন অশুদ্ধ প্রয়োগ শুদ্ধ করিতে হইলে বানান সব ঠিক আছে কিনা দেখিবে। লিঙ্গ, বচন, শব্দের রূপ এবং সন্ধির ভুল লক্ষণীয়। ৩য়ার একবচনে ও ষষ্ঠীর বহুবচনে ণত্বের ভুল এবং ৭মীর বহুবচনে ষত্বের ভুল লক্ষ্য করিবে। दातृनां अर्थी त्यागाय—এই বাক্যে দেখ প্রথম পদটিতে ণত্বের ভুল আছে, নাম্ প্রত্যয়ের পূর্বে স্বরটি দীর্ঘ হয় নাই, পরপদের বর্ণে अ থাকায় সন্ধির নিয়মে পূর্বপদের শেষের ম্ অনুস্বার হইতে পারে না। অতএব শুদ্ধ হইবে दातॄणाम्। আবার अर्थी त्यागाय—এখানে সন্ধির ভুল, अर्थीः পদের বিসর্গের পরে ত্ থাকায় अर्थीस्त्यागाय হইবে। অতএব সম্পূর্ণ শুদ্ধ বাক্যটি হইল—दातॄणाम् अर्थीस्त्यागाय।

২। বিশেষ্য-বিশেষণের প্রয়োগ, কারক বিভক্তি ও ধাতুরূপের ভুল সব ক্রমশঃ বুঝিতে পারিবে।

অনুশীলনী

১। নিম্নোক্ত শব্দগুলির দ্বিতীয়ার বহুবচনে, তৃতীয়া ও চতুর্থীর একবচনে এবং ৭মীর একবচন ও বহুবচনের রূপ বল :—गज, रवि, साधु, दातृ।

২। পিতৃ ও সখি শব্দের ১মা, ২য়া ও মুনি শব্দের রূপ বল।

৩। শুদ্ধ কর :—साधुस्य सन्नो उपकाराय। नरपत्युरादेशात्। पत्यैँ प्रणामः। वानरा वृक्षेसु। विष्णाय प्रणामो भक्तायाम्। समुद्रस्य तरङ्गेभिः। आश्रमेषु मुनिनां मृगाण्। भो पितः महादेवः!

৪। সংস্কৃতে অনুবাদ কর :—গিরিতে মুনিগণ। বিধুর রশ্মিগুলিতে। শত্রুর অসির দ্বারা। বিষ্ণুর উদ্দেশ্যে প্রদীপগুলি। বিধাতার বিধি হইতে। বন্ধুর ভ্রাতাগণকে। শিশুদের বাহুগুলি। নরপতির দুই সারথির দ্বারা। মুনির আশ্রমে মৃগগুলি। মহারাজের বাড়ীতে। পুত্রের জন্য পিতার শ্রম। রাত্রিতে পেচকের কলরব। কর্তার অভিপ্রায়। ভগবানের অনুগ্রহ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

स्वरान्त स्त्रीलिङ्ग

आ-कारान्त—लता (লতা) [Creeper]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	लता	लते	लताः
द्वितीया	लताम्	लते	लताः
तृतीया	लतया	लताभ्याम्	लताभिः
चतुर्थी	लतायै	लताभ्याम्	लताभ्यः
पञ्चमी	लतायाः	लताभ्याम्	लताभ्यः
षष्ठी	लतायाः	लतयोः	लतानाम्
सप्तमी	लतायाम्	लतयोः	लतासु
सम्बोधनम्	लते		

আ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ লতা শব্দের ন্যায়। যথা—অর্চনা, আশা, উমা, কন্যা, কৃপা, গুহা, চিন্তা, জায়া, তারা, দয়া, দেবতা, প্রজা, বালিকা, ভার্যা, বিদ্যা, শয্যা, শাখা, সেবা, সেনা।

বর্ষা, সমা (বৎসর) ও সিকতা (বালুকা) শব্দ নিত্য বহুবচনান্ত। 'মা' অর্থে অম্বা শব্দের সম্বোধনে অম্ব।

इ-कारान्त—मति (বুদ্ধি) [Intellect]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	मतिः	मती	मतयः
द्वितीया	मतिम्	मती	मतीः
तृतीया	मत्या	मतिभ्याम्	मतिभिः
चतुर्थी	मत्यै, मतये	मतिभ्याम्	मतिभ्यः
पञ्चमी	मत्याः, मतेः	मतिभ्याम्	मतिभ्यः
षष्ठी	मत्याः, मतेः	मत्योः	मतीनाम्
सप्तमी	मत्याम्, मतौ	मत्योः	मतिषु
सम्बोधनम्	मते		

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

লক্ষ্য কর—মতি শব্দে ৪র্থী হইতে ৭মী পর্যন্ত একবচনে মুনি ও নদী শব্দের দৃষ্টান্তে দুইটি করিয়া রূপ।

যাবতীয় হ্রস্ব ই-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ মতি শব্দের ন্যায়। কয়েকটি শব্দ যথা—উন্নতি, কীর্তি, কৃষি, গতি, জাতি, তিথি, নীতি, প্রীতি, প্রকৃতি, বুদ্ধি, ভূমি, ভক্তি, রাত্রি, শক্তি, স্মৃতি।

দীর্ঘ ঈ-কারান্ত—নদী (নদী) [River]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	নদী	নদ্যৌ	নদ্যঃ
দ্বিতীয়া	নদীম্	নদ্যৌ	নদীঃ
তৃতীয়া	নদ্যা	নদীভ্যাম্	নদীভিঃ
চতুর্থী	নদ্যৈ	নদীভ্যাম্	নদীভ্যঃ
পঞ্চমী	নদ্যাঃ	নদীভ্যাম্	নদীভ্যঃ
ষষ্ঠী	নদ্যাঃ	নদ্যোঃ	নদীনাম্
সপ্তমী	নদ্যাম্	নদ্যোঃ	নদীষু
সম্বোধনম্	নদি		

শ্রী, স্ত্রী* প্রভৃতি ভিন্ন যাবতীয় দীর্ঘ ঈ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ নদী শব্দের মত। নারী শব্দের রূপ :—নারী নার্যৌ নার্যঃ।

লক্ষ্মী, তরী ও তন্ত্রী (বীণা) শব্দে কেবল প্রথমার একবচনে বিসর্গ যোগ হয়—এইমাত্র প্রভেদ। যথা—লক্ষ্মীঃ, তরীঃ, তন্ত্রীঃ। অন্য বিভক্তি ও বচনে নদী শব্দের ন্যায়।

দীর্ঘ ঈ-কারান্ত কয়েকটি স্ত্রীলিঙ্গ শব্দ—অটবী, কামিনী (স্ত্রীলোক), কুমারী (অবিবাহিতা বালিকা), গৃহিণী, জননী, তটিনী, (নদী), নগরী, নারী, পত্নী, মহী, যামিনী, রজনী, শ্রেণী, সখী।

* শ্রী ও স্ত্রী শব্দের রূপ পরে দ্বিতীয় ভাগে দ্রষ্টব্য।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

উ-কারান্ত—धेनु (গাভী) [Cow]

	एकवचनं	द्विवचनं	बहुवचनं
प्रथमा	धेनुः	धेनू	धेनवः
द्वितीया	धेनुम्	धेनू	धेनूः
तृतीया	धेन्वा	धेनुभ्याम्	धेनुभिः
चतुर्थी	धेन्वै, धेनवे	धेनुभ्याम्	धेनुभ्यः
पञ्चमी	धेन्वाः, धेनोः	धेनुभ्याम्	धेनुभ्यः
षष्ठी	धेन्वाः, धेनोः	धेन्वोः	धेनूनाम्
सप्तमी	धेन्वाम्	धेन्वोः	धेनुषु
सम्बोधनम्	धेनो		

লক্ষ্য কর—চতুর্থী হইতে সপ্তমী পর্যন্ত ধেনু শব্দের একবচনে সাধু ও বধূ শব্দের দৃষ্টান্তে দুইটি করিয়া রূপ।

চঞ্চু, তনু, রজ্জু প্রভৃতি হ্রস্ব উ-কারান্ত স্ত্রীলিঙ্গ ধেনু শব্দের ন্যায়।

দীর্ঘ ঊ-কারান্ত—वधू (স্ত্রী, পুত্রের স্ত্রী) [Wife, Bride]

	एकवचनं	द्विवचनं	बहुवचनं
प्रथमा	वधूः	वध्वौ	वध्वः
द्वितीया	वधूम्	वध्वौ	वधूः
तृतीया	वध्वा	वधूभ्याम्	वधूभिः
चतुर्थी	वध्वै	वधूभ्याम्	वधूभ्यः
पञ्चमी	वध्वाः	वधूभ्याम्	वधूभ्यः
षष्ठी	वध्वाः	वध्वोः	वधूनाम्
सप्तमी	वध्वाम्	वध्वोः	वधूषु
सम्बोधनम्	वधु		

ভূ, ভ্রূ প্রভৃতি ভিন্ন যাবতীয় দীর্ঘ ঊ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ বধূ শব্দের মত। ভূ শব্দের রূপ দ্বিতীয় ভাগে দ্রষ্টব্য।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঋ-কারান্ত—মাতৃ (মা) [Mother]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	মাতা	মাতরৌ	মাতরঃ
দ্বিতীয়া	মাতরম্	মাতরৌ	মাতৄঃ

অন্যান্য বিভক্তিতে পিতৃ শব্দের ন্যায়—মাত্রা, মাতৃভ্যাম্ ইত্যাদি।

স্বসৃ (ভগিনী) ভিন্ন দুহিতৃ (কন্যা), ননান্দৃ (স্বামীর) ভগিনী), যাতৃ (স্বামীর ভাইয়ের স্ত্রী) প্রভৃতি স্ত্রীলিঙ্গ শব্দ মাতৃ শব্দের মত। স্বসৃ স্ত্রীলিঙ্গ, ২য়ার বহুবচনে ভিন্ন দাতৃ-র মত। যথা—

স্বসৃ	১মা	স্বসা	স্বসারৌ	স্বসারঃ
(ভগিনী)	২যা	স্বসারম্	স্বসারৌ	স্বসৄঃ

লক্ষ্য কর—পুংলিঙ্গে ও স্ত্রীলিঙ্গে (স্বসৃ ভিন্ন) তৃ শেষে আছে এইরূপ ঋ-কারান্ত আত্মীয়বোধক শব্দে ১মার দ্বিবচন হইতে ২য়ার দ্বিবচন পর্যন্ত তরৌ, তরঃ, তরম্ ইত্যাদি হয় (তারৌ, তারঃ নহে)।

স্বরান্ত স্ত্রীলিঙ্গ রূপের সঙ্কেত

একবচনে—আ-কারান্ত ও দীর্ঘ ঈ-কারান্ত শব্দে ১মায় প্রায়ই বিসর্গ হয় না, ২য়ায় 'ম্' যোগ। ৩য়া হইতে ৭মী পর্যন্ত একবচনে ঈকারের পর সন্ধির নিয়মে আ, ঐ, আঃ, আঃ, আম্ যুক্ত হয়। আ-কারান্ত শব্দের পর ঐগুলির পূর্বে য্ যুক্ত হয়। কিন্তু ৩য়ায় আ-যোগে পূর্বস্বর হ্রস্ব—লতা + আ = লতয়া। কিন্তু ৫মী ৬ষ্ঠীতে লতায়াঃ।

বিশেষ দ্রষ্টব্য—দ্বিতীয়ার বহুবচনে শেষ স্বর দীর্ঘ হয় এবং পরে বিসর্গ যোগ হয়, যথা—মতীঃ, মাতৄঃ (মাতৄন্ পদটি অশুদ্ধ)।

অনুবাদ আদর্শ

বনে দুই লতা—অটব্যাম্ লতে। নদীতে নৌকা—নদ্যাম্ নৌকা। বর্ষাতে নদীগুলি—বর্ষাসু নদ্যঃ। ভার্যার সেবার দ্বারা—ভার্যায়াঃ সেবয়া। দেবতার উদ্দেশ্যে প্রণতি—দেবতায়ৈ প্রণতিঃ। পতাকা-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গুলিতে মালাগুলি—পতাকাসু মালাঃ। শয্যায় ভগিনীগণ—শয্যায়াম্ ভগিন্যঃ। জননীর দুহিতৃদিগকে— জনন্যাঃ দুহিতৄঃ। নারীগণ নগরীতে—নার্যঃ নগর্যাম্।

স্ত্রীলিঙ্গ ও পুংলিঙ্গের মিশ্রণে

মুনির কৃপায়—মুনেঃ কৃপয়া। নদীর ঢেউগুলির দ্বারা—নদ্যাঃ তরঙ্গৈঃ। গ্রাম হইতে জনতা—গ্রামাত্ জনতা। গাছে লতাগুলি—বৃক্ষে লতাঃ। মায়ের স্নেহ দ্বারা—মাতুঃ স্নেহেন। দেবীকে প্রণাম—দেব্যৈ প্রণামঃ। রামের (দুই) ভগিনীর—রামস্য ভগিন্যোঃ। বর্ষায় রোগের প্রাদুর্ভাব—বর্ষাসু রোগস্য প্রাদুর্ভাবঃ। ভগবানের দয়ায় সমৃদ্ধি—ঈশ্বরস্য দয়যা সমৃদ্ধিঃ।

অনুশীলনী

১। লতা, নদী ও ধেনু শব্দের রূপ কর।

২। সংস্কৃতে অনুবাদ কর :—উমার ভগিনীগণকে। নদীতে মাছগুলি। নগরী হইতে সারথি। গাছের শাখায়। বর্ষার রাত্রিতে। প্রজার জন্য সেবা। বিছানায় শিশুগুলি। নদীর তরঙ্গে। ভগবতীর করুণায়। দুই পতাকা দ্বারা। মায়ের কৃপা দ্বারা। বধূ গৃহের লক্ষ্মী। নদীগুলির মধ্যে গঙ্গা। মাতাতে ভক্তি। বিদ্যার প্রভাব দ্বারা। ভাইগণের মধ্যে রাম বড়। আকাশ হইতে বৃষ্টির ধারা। ভক্তগণের ভক্তিতে তৃপ্তি। আকৃতি হইতে প্রকৃতির পরিচয়। গ্রামের নদীতে নৌকাগুলি। ধেনুগণ উপকারের জন্য। রাজার স্ত্রী রাজ্ঞী। গৌরীর পতি মহাদেব। গৃহের বধূদিগকে। রাজার পুরীতে অশান্তি। মায়ের ভাই মাতুল। বিদ্যার জন্য যত্ন।

৩। শুদ্ধ কর :—রামস্য মাতৄন্। বুদ্ধিণা ধিয়া। বর্ষায়াং নদের্বেগঃ। ধেনুস্য বত্সাঃ। বধ্বৌ সমাদরঃ মাতৄনা। দেবতায়াঃ কৃপায়। নদ্যাং তরী। হে অম্বে প্রণামঃ। দেবী লক্ষ্মী। হে ভগবতী।

—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্বরান্ত ক্লীবলিঙ্গ

অ-কারান্ত—ফল (ফল) [Fruit]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	ফলম্	ফলে	ফলানি
দ্বিতীয়া	ফলম্	ফলে	ফলানি

অন্যান্য বিভক্তিতে নর শব্দের ন্যায়। অতএব সম্বোধনে—ফল।

অ-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপ ফল শব্দের মত। অরণ্য, অম্বর, উদ্যান (বাগান), কমল, কুসুম, কানন, গগন, গৃহ, চিত্ত, ধন, নয়ন, নেত্র, পদ্ম, পাপ, পুণ্য, পুস্তক, পুষ্প, ভয়, মুখ, মিত্র (বন্ধু অর্থে) বন, যুদ্ধ, রত্ন, সুখ, দুঃখ প্রভৃতি শব্দ অ-কারান্ত ক্লীবলিঙ্গ।

ই-কারান্ত—বারি (জল) [Water]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	বারি	বারিণী	বারীণি
দ্বিতীয়া	বারি	বারিণী	বারীণি
তৃতীয়া	বারিণা	বারিভ্যাম্	বারিভিঃ
চতুর্থী	বারিণে	বারিভ্যাম্	বারিভ্যঃ
পঞ্চমী	বারিণঃ	বারিভ্যাম্	বারিভ্যঃ
ষষ্ঠী	বারিণঃ	বারিণোঃ	বারীণাম্
সপ্তমী	বারিণি	বারিণোঃ	বারিষু
সম্বোধনম্	বারি, বারে		

দধি, অস্থি, সক্থি (উরু) ও অক্ষি (চোখ) ভিন্ন হ্রস্ব ই-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দ বারি শব্দের ন্যায়। দধি শব্দের রূপ দ্বিতীয় ভাগে দেখ। ক্লীবলিঙ্গের বিশেষণ সুরভি, সুগন্ধি প্রভৃতি বারি শব্দের মত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

উ-কারান্ত—মধু (মধু) [Honey]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	মধু	মধুনী	মধূনি
দ্বিতীয়া	মধু	মধুনী	মধূনি
তৃতীয়া	মধুনা	মধুভ্যাম্	মধুভিঃ
চতুর্থী	মধুনে	মধুভ্যাম্	মধুভ্যঃ
পঞ্চমী	মধুনঃ	মধুভ্যাম্	মধুভ্যঃ
ষষ্ঠী	মধুনঃ	মধুনোঃ	মধূনাম্
সপ্তমী	মধুনি	মধুনোঃ	মধুষু
সম্বোধনম্	মধু, মধো		

হ্রস্ব উ-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপ মধু শব্দের ন্যায়। কয়েকটি হ্রস্ব উ-কারান্ত ক্লীবলিঙ্গ শব্দ যথা—অম্বু, অশ্রু, জানু, বস্তু। কাহারও নাম বুঝাইলে মধু শব্দের রূপ সাধু শব্দের মত।

ক্লীবলিঙ্গ ঘান্ত শব্দ দ্বিতীয় ভাগে দ্রষ্টব্য।

ক্লীবলিঙ্গ শব্দরূপের সঙ্কেত

ক্লীবলিঙ্গে ১মা ও ২য়ার রূপে পার্থক্য নাই।

(ক) অ-কারান্ত শব্দে ১মা ২য়ার একবচনে ম্ যোগ হয়। দ্বিবচনে শেষের স্বর এ-কার হয়। বহুবচনে অন্ত্য স্বর দীর্ঘ ও পরে হ্রস্ব ই-কারান্ত 'নি' যোগ হয়। অন্যান্য বিভক্তিতে নর শব্দের মত।

(খ) ই-কারান্ত উ-কারান্ত শব্দে ১মা ২য়ার একবচনে বিভক্তি চিহ্ন লুপ্ত থাকে; দ্বিবচনে দীর্ঘ ই-কারান্ত 'নী' ও বহুবচনে অন্ত্য স্বর দীর্ঘ করিয়া হ্রস্ব ই-কারান্ত 'নি' যোগ করিবে। ৩য়া হইতে ৭মী পর্যন্ত একবচনে যথাক্রমে না, নে, নঃ, নঃ, নি এবং ষষ্ঠী ৭মীর দ্বিবচনে নোঃ যুক্ত হয়। অন্যান্য বিভক্তি ও বচনে সেই বর্ণান্ত পুংলিঙ্গ শব্দের মত।

বিশেষ দ্রষ্টব্য—'ন্'-যোগের বেলায় ণত্ববিধি মানিয়া চলিবে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুবাদ আদর্শ

নদীর তীরে ফলগুলি—नद्याः तीरे फलानि।

উদ্যানের দুই ফুল—उद्यानस्य पुष्पे।

বসন্তে বনের শোভা—वसन्ते वनस्य शोभा।

পুকুরে পদ্মগুলি—सरोवरे कमलानि।

পদ্মসমূহের মধুতে—पद्मानां मधुनि।

বালকটির দুই চোখে জল—बालकस्य नेत्रयोः वारि।

অন্ন হইতে শরীরের বল—अन्नात् बलम् शरीरस्य।

জ্ঞানের জন্য ছাত্রদের অধ্যয়ন—ज्ञानाय अध्ययनम् छात्राणाम्।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—লতায় ফুলগুলি। বর্ষায় বর্ষণ। জ্ঞানের জন্য অধ্যয়ন। গাছ হইতে পাতাগুলি ফুলগুলিতে মধু। জীবনের সুখ দুঃখ। গাছের ফুল দুইটি। গঙ্গার জলের দ্বারা। গাছগুলিতে লতাগুলি। বর্ষায় নদীর বেগ। বালকটির বই দুইটি। বিদ্যার জন্য অধ্যয়ন। বাগানে পুষ্পগুলির শোভা। দাতার ধন। গুরুর দয়ায় জ্ঞান।

২। ফল শব্দের ১মা ও ২য়ার রূপ লিখ এবং বারি শব্দরূপের সঙ্কেত বল।

সুবন্ত বিশেষণ

প্রাতিপদিক বলিতে বিশেষ্য ও বিশেষণ উভয়কেই বোঝায়। অতএব বিশেষণের পরও যথাযথ সুপ্ বিভক্তি যুক্ত হইবে।

বিশেষণ বিশেষ্যের গুণ প্রকাশ করে এবং বিশেষ্যের যে লিঙ্গ, যে বিভক্তি ও যে বচন, বিশেষণেরও সেই লিঙ্গ, সেই বিভক্তি ও সেই বচন হয়। বিশেষণ কখন বিশেষ্যের পূর্বে বা কখনও পরে বসে। যথা—সুন্দরः बालकः, बालकः सुन्दरः। रम्यम् पुष्पम्, पुष्पम् रम्यम्।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্বরান্ত বিশেষণ সহ বিশেষ্যের প্রথমা বিভক্তির রূপ

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
পুংলিঙ্গে	দুষ্টঃ বালকঃ	দুষ্টৌ বালকৌ	দুষ্টাঃ বালকাঃ
	সাধুঃ জনঃ	সাধূ জনৌ	সাধবঃ জনাঃ
	কৃশঃ মুনিঃ	কৃশৌ মুনী	কৃশাঃ মুনয়ঃ
স্ত্রীলিঙ্গে	রম্যা বালিকা	রম্যে বালিকে	রম্যাঃ বালিকাঃ
	সুন্দরী কন্যা	সুন্দর্যৌ কন্যে	সুন্দর্যঃ কন্যাঃ
ক্লীবলিঙ্গে	পক্কম্ ফলম্	পক্কে ফলে	পক্কানি ফলানি
	সুরভি পুষ্পম্	সুরভিণী পুষ্পে	সুরভীণি পুষ্পাণি

এই প্রকার অন্যান্য বিভক্তিতেও বিশেষ্যের লিঙ্গ, বিভক্তি ও বচন অনুসারেই বিশেষণের লিঙ্গ, বিভক্তি ও বচন প্রয়োগ করিতে হইবে।

অ-কারান্ত পুংলিঙ্গে বিশেষণ সহ বিশেষ্যের রূপ

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	পূর্ণঃ চন্দ্রঃ	দীর্ঘৌ ভুজৌ	চঞ্চলাঃ ভ্রমরাঃ
দ্বিতীয়া	কৃষ্ণম্ মেঘম্	যমজৌ পুত্রৌ	শিষ্টান্ ছাত্রান্
তৃতীয়া	তীক্ষ্ণেন বাণেন	দীর্ঘাভ্যাম্ হস্তাভ্যাম্	লোহিতৈঃ কিরণৈঃ
চতুর্থী	প্রিয়ায় পুত্রায়	অন্ধাভ্যাম্ নরাভ্যাম্	দরিদ্রেভ্যঃ ছাত্রেভ্যঃ
পঞ্চমী	খলাৎ সর্পাৎ	কৃষ্ণাভ্যাম্ মেঘাভ্যাম্	উন্নতেভ্যঃ বৃক্ষেভ্যঃ
ষষ্ঠী	শান্তস্য বালকস্য	ভগ্নয়োঃ দন্তয়োঃ	ধীরাণাম্ ছাত্রাণাম্
সপ্তমী	সুনীলে আকাশে	ক্ষুদ্রয়োঃ গ্রাময়োঃ	সমৃদ্ধেষু জনপদেষু
সম্বোধনম্	হে প্রিয় শিষ্য !	হে শান্তৌ তাপসৌ !	হে পূজ্যাঃ আচার্যাঃ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুবাদশিক্ষা—(২)

বিশেষ্য-বিশেষণ

১। বাংলায় বিশেষণ পদে বিভক্তি ও বচন দেখা যায় না, লিঙ্গও প্রায় থাকে না। কিন্তু সংস্কৃতে লিঙ্গ, বিভক্তি ও বচন—এই তিনটিই বিশেষ্যের মত হওয়া চাই।

সঙ্কেত—বিশেষ্যস্য হি যল্লিঙ্গং বিভক্তিবচনে চ যে।
তানি সর্বাণি যোজ্যানি বিশেষণপদেষ্বপি॥

২। বিশেষ্য পদটি স্ত্রীলিঙ্গ হইলে উহার বিশেষণটিতে সাধারণতঃ আ-কার বা দীর্ঘ ঈ-কার রূপ স্ত্রী-প্রত্যয় যোগে স্ত্রীলিঙ্গে পরিবর্তন করা হয়*। যথা—রম্য—রম্যা, সুন্দর—সুন্দরী।

৩। বিশেষ্যটি ক্লীবলিঙ্গ হইলে বিশেষণটিতে ক্লীবলিঙ্গের রূপ প্রয়োগ করিলেই চলিবে।

...বিশেষ্য অনুযায়ী বিশেষণের লিঙ্গ, বিভক্তি ও বচন একই ...ব; কিন্তু বিশেষ্য ও বিশেষণ শব্দের শেষ বর্ণ যে একই ...—এমন কোন কথা নাই। শব্দগুলি যে যে-বর্ণান্ত, সেই ...শব্দের আদর্শ রূপ অনুসারে একই লিঙ্গে, একই বিভক্তিতে ...বচনে পদ প্রয়োগ করিবে। যথা—রম্যঃ মুনিঃ, সাধবঃ ...দরী কন্যা। এখানে বিশেষ্য ও বিশেষণ পদগুলি একবর্ণান্ত ...কিন্তু ইহাদের লিঙ্গ, বিভক্তি ও বচনে মিল আছে।

...একটি পুংলিঙ্গ ও আর একটি স্ত্রীলিঙ্গ—এই দুই রকম ...কটি মাত্র বিশেষণ হইলে বিশেষণ পুংলিঙ্গ হইবে। কিন্তু ...দের বিশেষ্য পদের সহিত ক্লীবলিঙ্গের যোগ থাকিলে, উহাদের

* ...স্ত্রী-প্রত্যয় পরে দ্বিতীয় ভাগে আলোচ্য।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সাধারণ বিশেষণ ক্লীবলিঙ্গই হইবে। অবশ্য বচনটি সর্বত্র বিশেষ্যের মোট সংখ্যা অনুসারেই হইবে। যথা—

হর ও পার্বতী দয়াময়—হর: পার্বতী চ দয়াময়ৌ।

বালিকা ও দুইটি বালক সুন্দর—বালিকা বালকৌ চ সুন্দরা:।

সাগর, নদী ও বন সুন্দর—সাগর: নদী বনম্ চ রম্যাণি।

ক্রিয়াবিশেষণ

ক্রিয়াবিশেষণ ক্রিয়ার অবস্থা প্রকাশ করে। 'কিরূপে' বা 'কিভাবে' ক্রিয়াটি হয়—ক্রিয়াবিশেষণ দ্বারা তাহাই বোঝা যায়।

১। ক্রিয়াবিশেষণে নিত্য ক্লীবলিঙ্গ ও দ্বিতীয়ার একবচন ব্যবহৃত হয়। অতএব অ-কারান্ত শব্দে 'ম্' যোগ হয় এবং ই-কারান্ত ও উ-কারান্ত শব্দের পর বিভক্তির চিহ্ন লুপ্ত থাকে। যথা—বালক: দ্রুতম্ গচ্ছতি, বালিকা সাধু (ভালভাবে) পঠতি, স মৃদু বদতি।

২। বিশেষ্য শব্দের পূর্বে 'সহিত'—এই অর্থে 'সহ' স্থানে সমাসের নিয়মে 'স' শব্দ বসাইয়া ক্রিয়াবিশেষণ করা যায়। যেমন—আদরের সহিত—সাদরম্। আনন্দের সহিত—সানন্দম্। বেগে—সবেগম্।

উদ্দেশ্য ও বিধেয়

যাহার সম্বন্ধে কিছু বলা হয়, তাহাকে উদ্দেশ্য বলে এবং যাহা বলা হয় তাহা বিধেয়। বিধেয় পদটি বিশেষ্য বা বিশেষণ যাহাই হউক না কেন, সাধারণতঃ উদ্দেশ্য ও বিধেয় পদের লিঙ্গ, বিভক্তি ও বচন প্রায়ই এক হয়। যথা—দয়ালু: নরপতি:, নরপতি: দয়ালু:, বালকৌ দুষ্টৌ।

কিন্তু কতকগুলি বিশেষ্য বা বিশেষণ নিত্য একই লিঙ্গে বা একই বচনে ব্যবহৃত হয়। সেখানে উদ্দেশ্য ও বিধেয়ের মধ্যে লিঙ্গ ও বচনের পার্থক্য হইতে পারিবে, কিন্তু বিভক্তির মিল থাকিবে। যথা—অহিংসা পরমো ধর্ম:, ত্বম্ হি প্রাণা: শরীরে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিত্য ক্লীবলিঙ্গ

শরণ, প্রমাণ, মূল, পাত্র প্রভৃতি শব্দ নিত্য ক্লীবলিঙ্গ ও প্রায়ই একবচনে ব্যবহৃত হয়। যথা—শ্রীহরিঃ শরণম্, কামো দুঃখস্য মূলম্।

সঙ্কেত—শরণ নিদান পাত্র আস্পদ ভাজন।
নিত্য ক্লীব মূল আর প্রমাণ কারণ॥

অনুবাদ-আদর্শ

বিশেষ্য-বিশেষণ

সুশীল বালক—সুশীলঃ বালকঃ। চপল বালক দুইটি—চপলৌ বালকৌ। শিষ্ট ছাত্রগণ—শিষ্টাঃ ছাত্রাঃ। কৃশ দুই মুনিকে—কৃশৌ মুনী। আগত অতিথিদিগকে—আগতান্ অতিথীন্। বহু তরুগুলি—বহবঃ তরবঃ। তীক্ষ্ণ শর দ্বারা—তীক্ষ্ণেন শরেণ। দীর্ঘ দুই বাহু দ্বারা—দীর্ঘাভ্যাম্ বাহুভ্যাম্। পাকা ফল—পক্কম্ ফলম্। সুন্দর মাঠগুলি—রম্যাণি ক্ষেত্রাণি। ছিন্ন দুইটি ফুল—ছিন্নে পুষ্পে। সুন্দরী কন্যা—সুন্দরী কন্যা। পুষ্পিতা লতাটির—পুষ্পিতায়াঃ লতায়াঃ। বেগবতী নদীতে—বেগবত্যাম্ নদ্যাম্। যমজ দুই ভগিনী—যমজে ভগিন্যৌ। গহন বনগুলিতে—গহনেষু বনেষু। লাল কিরণ সমূহের দ্বারা আকাশ লোহিত—অরুণৈঃ কিরণৈঃ লোহিতঃ আকাশঃ। উজ্জ্বল শিখার দ্বারা আলোকিত গৃহ—উজ্জ্বলয়া শিখয়া আলোকিতম্ গৃহম্। পবিত্র গঙ্গার নির্মল বারি—পবিত্রায়াঃ গঙ্গায়াঃ নির্মলম্ বারি।

অনুশীলনী

১। বিশেষ্যের পূর্বে বিশেষণ পদ বসাইয়া শূন্য স্থান পূরণ কর :—

—বালকৌ।	—ফলম্ ।	—বালিকে।	—মুনয়ঃ।
—অসিনা।	—পুষ্পাণি ।	—প্রসবে ।	—নদ্যাঃ।
—গুরুষু ।	—শিশূনাম্।	—পিতুঃ ।	—বারি ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

২। সংস্কৃতে অনুবাদ কর :—নির্মল আকাশ। উজ্জ্বল নক্ষত্রগুলি। সুন্দর দুই বালক। পাকা ফলগুলি। পুষ্পিত দুই লতা। দরিদ্র ছাত্রের জন্য। দয়ালু নরপতির সমৃদ্ধ নগরে। পর্বতের উচ্চ শৃঙ্গগুলি হইতে। লুব্ধ ভ্রমরগুলির মধুর গুঞ্জন। দেবী দুর্গার করুণা দ্বারা। লোভ পাপের মূল। পিতা পূজার পাত্র। নদীর নির্মল বারি। সুন্দর দুই ফুল। বেগবতী নদীর ঢেউ। প্রিয় পুত্রের জন্য মাতার স্নেহ। সমৃদ্ধ নগরে রাজার বিশাল গৃহ।

৩। শুদ্ধ কর :—प्रखरः बुद्धिः। सुशीलस्य कन्यायाः। निर्मलः वारिम्। चञ्चलः वानरौ। मधुरः भक्तिः। दयालुः प्रभुना। प्रीताय देवताय। आगतम् दिवसाः। उन्नतः तरुः। पुत्रः स्नेहास्पदः। समृद्धम् नगरे। सुन्दरः कुसुमैः। वेगवती नद्याम्।

ব্যঞ্জনান্ত শব্দ

পুংলিঙ্গ

ज्-कारान्त—वणिज् (সদাগর) [Merchant]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	वणिक्	वणिजौ	वणिजः
द्वितीया	~~वणिजौ~~ वणिजम्	वणिजौ	वणिजः
तृतीया	वणिजा	वणिग्भ्याम्	वणिग्भिः
चतुर्थी	वणिजे	वणिग्भ्याम्	वणिग्भ्यः
पञ्चमी	वणिजः	वणिग्भ्याम्	वणिग्भ्यः
षष्ठी	वणिजः	वणिजोः	वणिजाम्
सप्तमी	वणिजि	वणिजोः	वणिक्षु
सम्बोधनम्	वणिक्		

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সম্রাজ্, দেবরাজ্ প্রভৃতি ভিন্ন সমুদয় জ্-কারান্ত পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ শব্দের রূপ এই প্রকার। জ্-কারান্ত শব্দ যথা—ঋত্বিজ্ (পুরোহিত), ভিষজ্ (বৈদ্য), ভূভুজ্ (রাজা) ইত্যাদি।

সম্রাজ্ শব্দের ১মা ও সম্বোধনের একবচনে সম্রাট্। ভ্যাম্, ভিস্ ও ভ্যস্ যোগে যথাক্রমে সম্রাড্ভ্যাম্, সম্রাড্ভিঃ, সম্রাড্ভ্যঃ ও ৭মীর বহুবচনে সম্রাট্সু—এই মাত্র প্রভেদ। অন্যান্য বিভক্তি ও বচনে বণিজ্ শব্দের মত। দেবরাজ্ শব্দ সম্রাজ্ শব্দের মত।

ব্যঞ্জনান্ত শব্দরূপের সঙ্কেত

বিশেষ দ্রষ্টব্য—ভিন্ন ভিন্ন ব্যঞ্জনান্ত শব্দের ১মার একবচন, দ্বিবচন এবং ২য়ার বহুবচনের রূপগুলি ঠিক রাখিলে উহাদের সাহায্যে অন্য রূপগুলি পাওয়া যায়।

(ক) ১মার একবচনে যে পদটি হয়, প্রায়ই তাহার সহিত ভ্যাম্, ভিঃ, ভ্যঃ ও ৭মীর সু—এই বিভক্তিগুলি মাত্র সন্ধির নিয়মে যুক্ত হইবে। কিন্তু 'ন্'-কারান্ত শব্দের পর এই বিভক্তিগুলি থাকিলে 'ন্' লুপ্ত হইবে। যথা—গুণিন্ + ভ্যাম্ = গুণিভ্যাম্ (গুণীভ্যাম্ বা গুণিন্ভ্যাম্ নহে)। এইরূপ—রাজভ্যাম্, রাজসু।

(খ) ১মার দ্বিবচনে ঔ বিভক্তি যোগে যে পদটি হয়, তাহার ঔ স্থানে অঃ যোগে ১মার বহুবচন (বণিজঃ), ও অম্ যোগে ২য়ার একবচন (বণিজম্) পাওয়া যাইবে।

(গ) দ্বিতীয়ার বহুবচনে অঃ যোগে যে পদটি হয়, তাহার অঃ স্থানে যথাক্রমে আ, এ, অঃ, অঃ, ই যোগ করিলে ৩য়া হইতে ৭মীর একবচনের যাবতীয় পদ এবং ওঃ যোগে ৬ষ্ঠী ৭মীর দ্বিবচন ও আম্ যোগে (নাম্ নহে) ৬ষ্ঠীর বহুবচন পাওয়া যাইবে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

त्-कारान्त—भूभृत् (রাজা, পর্বত) [King, Mountain]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	भूभृत्	भूभृतौ	भूभृतः
द्वितीया	भूभृतम्	भूभृतौ	भूभृतः
तृतीया	भूभृता	भूभृद्भ्याम्	भूभृद्भिः
चतुर्थी	भूभृते	भूभृद्भ्याम्	भूभृद्भ्यः
पञ्चमी	भूभृतः	भूभृद्भ्याम्	भूभृद्भ्यः
षष्ठी	भूभृतः	भूभृतोः	भूभृताम्
सप्तमी	भूभृति	भूभृतोः	भूभृत्सु
सम्बोधनम्	भूभृत्		

মত্, বত্, তবত্ এবং মতু (মত্) ও স্যত্ প্রত্যয়ান্ত কতকগুলি ভিন্ন এবং মহৎ শব্দ ভিন্ন ৎ-কারান্ত শব্দ ভূভৃৎ শব্দের ন্যায়।

ইন্দ্রজিৎ, মরুৎ ও পুংলিঙ্গের বিশেষণ বৃহৎ শব্দের রূপ ভূভৃৎ শব্দের মত।

মৎ, বৎ ও তবৎ-ভাগান্ত শব্দ

'আছে' এই অর্থে বিশেষ্য শব্দে মৎ বা বৎ যুক্ত হয়। দ্বিতীয় ভাগে তদ্ধিত প্রত্যয়ে ইহা পড়িবে। অ বা আ-বর্ণান্ত শব্দের পর মৎ না হইয়া বৎ হয়। যেমন—গুণ আছে যাহার—গুণবৎ, বল আছে যাহার—বলবৎ। এইরূপ—ধনবৎ, ভগবৎ, বিদ্যাবৎ। অ আ ভিন্ন অন্য বর্ণের পর মৎ—যেমন, শ্রীমৎ, বুদ্ধিমৎ, হনুমৎ। ক্তবতু প্রত্যয় যোগে শেষে তবৎ থাকে, যথা—গতবৎ, জ্ঞাতবৎ।

ইহাদের পুংলিঙ্গের রূপ নিম্নে দেখান হইতেছে। ইহাদের স্ত্রীলিঙ্গে ঈ-যোগে, যেমন—গুণবতী, বুদ্ধিমতী, গতবতী—নদী শব্দের মত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীমত্ (শ্রীযুক্ত, সুন্দর) [Handsome, Fortunate]

	একবচনি	দ্বিবচনি	বহুবচনি
প্রথমা	শ্রীমান্	শ্রীমন্তৌ	শ্রীমন্তঃ
দ্বিতীয়া	শ্রীমন্তম্	শ্রীমন্তৌ	শ্রীমতঃ
সম্বোধনম্	শ্রীমন্		

অন্য বিভক্তিতে ভূভৃত্ শব্দের মত। মৎ-ভাগান্ত শব্দ পুংলিঙ্গে এইরূপ। যথা—ধীমত্, বুদ্ধিমত্ প্রভৃতি বিশেষণ।

ভগবত্ (ঈশ্বর) [God]

প্রথমা	ভগবান্	ভগবন্তৌ	ভগবন্তঃ
দ্বিতীয়া	ভগবন্তম্	ভগবন্তৌ	ভগবতঃ
সম্বোধনম্	ভগবন্		

অন্য বিভক্তিতে ভূভৃত্ শব্দের মত। পুংলিঙ্গে বৎ ও তবৎ-ভাগান্ত শব্দ এইরূপ। 'আপনি'—এই অর্থে ভবত্ শব্দ এইরূপ।

মনে রাখিবে—ভগবান্, শ্রীমান্, হনুমান্ প্রভৃতি পুংলিঙ্গে ১মার ১বচনের পদ। উহারা অ-কারান্ত শব্দ নহে।

অনুবাদ আদর্শ

জ্ঞানবান্ ব্রাহ্মণগণ—জ্ঞানবন্তঃ বিপ্রাঃ। বুদ্ধিমান্ ছাত্রদিগকে—বুদ্ধিমতঃ ছাত্রান্। ভগবানের কৃপায় ভাগ্যবান্ লোকগুলি—ভগবতঃ (ভগবানস্য নহে) কৃপয়া ভাগ্যবন্তো জনাঃ।

শতৃ-প্রত্যয়ান্ত—ধাবত্ (যে দৌড়াইতেছে) [Running]

প্রথমা	ধাবন্	ধাবন্তৌ	ধাবন্তঃ
দ্বিতীয়া	ধাবন্তম্	ধাবন্তৌ	ধাবতঃ

সম্বোধনে একবচনে—ধাবন্। অন্য বিভক্তিতে ভূভৃত্ শব্দের মত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মৎ (অৎ) ও স্যৎ প্রত্যয়ান্ত শব্দ বিশেষণ। ইহাদের পুংলিঙ্গের রূপ প্রায়ই ধাবত্ শব্দের মত। যেমন—বদত্, গচ্ছত্, পশ্যত্, স্মরত্, 'যাহা হইতেছে' এই অর্থে ভবত্ ও ভবিষ্যত্, করিষ্যত্ ইত্যাদি।

ধাতুরূপ যাহাদের জটিল, সেই কয়েকটি ধাতুর শতৃ-প্রত্যয়ান্ত শব্দ ভূভৃত্ শব্দের মত (দদত্, বিভ্যত্ ইত্যাদি)।

মহত্ (বড়, মহান্) [Great]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	মহান্	মহান্তৌ	মহান্তঃ
দ্বিতীয়া	মহান্তম্	মহান্তৌ	মহতঃ
সম্বোধনম্	মহন্		

অন্যান্য বিভক্তিতে ভূভৃত্ শব্দের ন্যায়।

অন্-ভাগান্ত—লঘিমন্ (লঘুতা) [Lightness]

প্রথমা	লঘিমা	লঘিমানৌ	লঘিমানঃ
দ্বিতীয়া	লঘিমানম্	লঘিমানৌ	লঘিম্নঃ
তৃতীয়া	লঘিম্না	লঘিমভ্যাম্	লঘিমভিঃ
চতুর্থী	লঘিম্নে	লঘিমভ্যাম্	লঘিমভ্যঃ
পঞ্চমী	লঘিম্নঃ	লঘিমভ্যাম্	লঘিমভ্যঃ
ষষ্ঠী	লঘিম্নঃ	লঘিম্নোঃ	লঘিম্নাম্
সপ্তমী	লঘিম্নি, লঘিমনি	লঘিম্নোঃ	লঘিমসু
সম্বোধনম্	লঘিমন্		

আত্মন্, যুবন্, শ্বন্ প্রভৃতি ভিন্ন প্রায় সব অন্-ভাগান্ত পুংলিঙ্গ শব্দ লঘিমন্ শব্দের মত। যথা—মহিমন্, গরিমন্ ইত্যাদি। রাজন্ শব্দও এইরূপ—রাজা, রাজানৌ, রাজানঃ। কেবল 'জ্' 'ন্'-যুক্ত হইয়া জ্ঞ হয়। রাজ্ঞঃ (২য়া বহুব) ; রাজ্ঞা (৩য়া) ; রাজ্ঞে (৪র্থী) ; রাজ্ঞঃ, ৬ষ্ঠী—রাজ্ঞঃ রাজ্ঞোঃ রাজ্ঞাম্; ৭মী—রাজ্ঞি বা রাজনি। মহারাজ শব্দ নর শব্দের মত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইন্-ভাগান্ত—গুণিন্ (গুণবান্) [Qualified]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	গুণী	গুণিনৌ	গুণিনঃ
দ্বিতীয়া	গুণিনম্	গুণিনৌ	গুণিনঃ
তৃতীয়া	গুণিনা	গুণিভ্যাম্	গুণিভিঃ
চতুর্থী	গুণিনে	গুণিভ্যাম্	গুণিভ্যঃ
পঞ্চমী	গুণিনঃ	গুণিভ্যাম্	গুণিভ্যঃ
ষষ্ঠী	গুণিনঃ	গুণিনোঃ	গুণিনাম্
সপ্তমী	গুণিনি	গুণিনোঃ	গুণিষু
সম্বোধনম্	গুণিন্		

মাত্র ১মার ১বচনে দীর্ঘ ঈ-কার, আর সব হ্রস্ব ই। পথিন্ প্রভৃতি ভিন্ন জ্ঞানিন্, ধনিন্, পক্ষিন্, মন্ত্রিন্, প্রাণিন্, স্বামিন্, হস্তিন্ প্রভৃতি ইন্-ভাগান্ত শব্দ এইরূপ।

গুণী পদটি ঈ-কারান্ত শব্দ নয়। মাত্র ১মার ১বচনের পদটিই ঈ-কারান্ত। 'গুণ আছে যার'—এই অর্থে এগুলি বিশেষণ। স্ত্রীলিঙ্গে গুণিনী, সুখিনী। তখন উহা নদী শব্দের মত।

ব্যঞ্জনান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

দ্-কারান্ত—আপদ্ (বিপদ) [Distress]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	আপত্	আপদৌ	আপদঃ
দ্বিতীয়া	আপদম্	আপদৌ	আপদঃ
তৃতীয়া	আপদা	আপদ্ভ্যাম্	আপদ্ভিঃ
চতুর্থী	আপদে	আপদ্ভ্যাম্	আপদ্ভ্যঃ
পঞ্চমী	আপদঃ	আপদ্ভ্যাম্	আপদ্ভ্যঃ
ষষ্ঠী	আপদঃ	আপদোঃ	আপদাম্
সপ্তমী	আপদি	আপদোঃ	আপৎসু

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিপদ্, সম্পদ্, পরিষদ্ প্রভৃতি স্ত্রীলিঙ্গ ও সুহৃদ্ প্রভৃতি দ্-কারান্ত যাবতীয় পুংলিঙ্গ শব্দের রূপ আপদ্ শব্দের ন্যায়।

বিশেষ দ্রষ্টব্য—১মার একবচনের সঙ্গে পার্থক্য না থাকায় এখানে ও পরে সেরূপ স্থলে সম্বোধনের আর পৃথক উল্লেখ নাই।

প্-কারান্ত—অপ্ (জল)—বহুবচনান্ত [Water]

প্রথমা	দ্বিতীয়া	তৃতীয়া	চতুর্থী	পঞ্চমী	ষষ্ঠী	সপ্তমী
আপঃ	অপঃ	অদ্ভিঃ	অদ্ভ্যঃ	অদ্ভ্যঃ	অপাম্	অপ্সু

শ্-কারান্ত—দিশ্ (দিক্) [Region]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	দিক্	দিশৌ	দিশঃ
দ্বিতীয়া	দিশম্	দিশৌ	দিশঃ
তৃতীয়া	দিশা	দিগ্ভ্যাম্	দিগ্ভিঃ
চতুর্থী	দিশে	দিগ্ভ্যাম্	দিগ্ভ্যঃ
পঞ্চমী	দিশঃ	দিগ্ভ্যাম্	দিগ্ভ্যঃ
ষষ্ঠী	দিশঃ	দিশোঃ	দিশাম্
সপ্তমী	দিশি	দিশোঃ	দিক্ষু
সম্বোধনম্	দিক্		

প্রয়োগ—উজ্জ্বলা দিক্। স্পৃশ্ ও দৃশ্ শব্দ এইরূপ।

ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গ শব্দ

ত্-কারান্ত শ্রীমৎ [Handsome, Lucky]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা, দ্বিতীয়া	শ্রীমৎ	শ্রীমতী	শ্রীমন্তি

অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের মত। প্রয়োগ—মিত্রম্ মে শ্রীমৎ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মহত্ ভিন্ন সমুদয় ৎ-কারান্ত ক্লীবলিঙ্গ শ্রীমত্ শব্দের ন্যায়। যথা—জগত্, বৃহত্ (ক্লীং)। মহত্ শব্দের বেলায় কেবল ১মা ও ২য়ার বহুবচনে মহান্তি—এই মাত্র ভেদ।

ন্-কারান্ত—ধামন্ (বাসস্থান) [Place]

প্রথমা, দ্বিতীয়া	ধাম	ধাম্নী, ধামনী	ধামানি
সম্বোধনম্	ধাম, ধামন্		

অন্যান্য বিভক্তিতে লঘিমন্ শব্দের ন্যায়।

অহন্, কর্মন্, জন্মন্ প্রভৃতি ভিন্ন ন্-কারান্ত ক্লীবলিঙ্গ এইপ্রকার

অনুবাদ আদর্শ

বণিকের ধন—বণিজ: ধনম্। সম্রাটের বল—সম্রাজ: বলম্। রাজার মহিমা দ্বারা—রাজ্ঞ: মহিম্না। ধনীর ধন—ধনিন: ধনম্। মহান্ জনগণ—মহান্ত: জনা:। দৌড়াইতেছে এমন দুই বালক—ধাবন্তৌ বালকৌ। গুণীদিগের পূজা—গুণিনাম্ পূজা। মহৎ মিত্রগণ—মহান্তি মিত্রাণি। গুণিগণ পূজ্য—গুণিন: পূজ্যা:। প্রভূত সম্পদ—প্রভূতা সম্পত্। এমন আপদে—ঈদৃশ্যাম্ আপদি।

অনুশীলনী

১। শ্রীমত্, ধাবত্, লঘিমন্ ও গুণিন্ শব্দের পুংলিঙ্গের রূপ লিখ। সম্রাজ্, দিশ্ ও আপদ্ শব্দের ৬ষ্ঠী ও ৭মীর রূপ লিখ।

২। সংস্কৃতে অনুবাদ কর :—গরুড় পক্ষিগণের রাজা। সুহৃদের মধুর বাক্য। ভগবানের মহিমা অপার। দানের জন্য ধনীদিগের ধন। দিক সকল চন্দ্রের কিরণে আলোকিত। সুহৃৎ বিপদের সহায়। বণিক্‌গণ ধনী। প্রজা-সমূহে রাজার দয়া। যাইতেছে এমন দুই বালক। মহান্ বন্ধুগণের দ্বারা।

৩। শুদ্ধ কর :—সম্রাটস্য কৃপা। ভগবানস্য ঈদৃশী মহিমা। গুণীষু শ্রদ্ধা। সুহৃদানাম্ আপদে সাহায্যম্। বণিজানাম্ ধনম্।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সর্বনাম শব্দরূপ

পুংলিঙ্গে—অ-কারান্ত—सर्व (সকল) [All]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	सर्वः	सर्वौ	सर्वे
द्वितीया	सर्वम्	सर्वौ	सर्वान्
तृतीया	सर्वेण	सर्वाभ्याम्	सर्वैः
चतुर्थी	सर्वस्मै	सर्वाभ्याम्	सर्वेभ्यः
पञ्चमी	सर्वस्मात्	सर्वाभ्याम्	सर्वेभ्यः
षष्ठी	सर्वस्य	सर्वयोः	सर्वेषाम्
सप्तमी	सर्वस्मिन्	सर्वयोः	सर्वेषु
सम्बोधनम्	सर्व		

স্ত্রীলিঙ্গে—আ-কারান্ত—सर्वा (সকল)

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	सर्वा	सर्वे	सर्वाः
द्वितीया	सर्वाम्	सर्वे	सर्वाः
तृतीया	सर्वया	सर्वाभ्याम्	सर्वाभिः
चतुर्थी	सर्वस्यै	सर्वाभ्याम्	सर्वाभ्यः
पञ्चमी	सर्वस्याः	सर्वाभ्याम्	सर्वाभ्यः
षष्ठी	सर्वस्याः	सर्वयोः	सर्वासाम्
सप्तमी	सर्वस्याम्	सर्वयोः	सर्वासु
सम्बोधनम्	सर्वे		

ক্লীবলিঙ্গে—অ-কারান্ত—सर्व (সকল)

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा, द्वितीया	सर्वम्	सर्वे	सर्वाणि

অন্যান্য বিভক্তিতে ও সম্বোধনের একবচনে পুংলিঙ্গের মত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অন্য, অন্যতর, ইতর, কতর প্রভৃতি সর্বনাম শব্দ সর্ব শব্দের মত। কেবল ক্লীবলিঙ্গে ১মা ও ২য়ার একবচনে শেষের 'ম্' স্থানে 'ত্' হয়। যথা=অন্যত্, অন্যতরত্, ইতরত্ ইত্যাদি।

সর্বনামে স্ত্রীলিঙ্গে আ-যোগ ; যথা—সর্বা, পূর্বা ইত্যাদি।

পূর্ব, পর, অবর, অপর, দক্ষিণ, উত্তর, অধর প্রভৃতি সর্বনাম সর্ব শব্দের মত, কিন্তু পুংলিঙ্গে ১মার বহুবচনে এবং ৫মী ও ৭মীর একবচনে বিকল্পে নর শব্দের মত। পশ্চিম বা স্ত্রীলিঙ্গে পশ্চিমা শব্দ সর্বনাম নহে।

সর্বনাম শব্দরূপের সঙ্কেত

(ক) অ-কারান্ত সর্বনাম পুংলিঙ্গে নর, স্ত্রীলিঙ্গে আ-কারান্ত হইয়া লতা ও ক্লীবলিঙ্গে ফল শব্দের মত। কিন্তু পুংলিঙ্গে ১মার বহুবচনে পদটি এ-কারান্ত হয় ও ৬ষ্ঠীর বহুবচনে সেই এ-কারান্তের পর 'ষাম্' ও স্ত্রীলিঙ্গে ৬ষ্ঠীর বহুবচনে আ-কারান্তের পর 'সাম্' যোগ হয়। ক্লীবলিঙ্গে ১মা ২য়ার একবচনে কোন কোন শব্দে 'ম্' স্থানে খণ্ড 'ত্' হয়। এগুলি ছাড়া আর কয়েক স্থলে নিম্নের বর্ণগুলি যুক্ত হয়। কিন্তু স্ত্রীলিঙ্গে ঐ বর্ণগুলির পূর্বে আ-কারান্ত শব্দ অ-কারান্ত হয়, পরে বর্ণগুলি যুক্ত হয়।

একবচনে	৪র্থী	৫মী	৬ষ্ঠী	৭মী
পুং ও ক্লীবলিঙ্গে	স্মৈ	স্মাৎ	×	স্মিন্
স্ত্রীলিঙ্গে	স্যৈ	স্যাঃ	স্যাঃ	স্যাম্

(খ) ব্যঞ্জনান্ত সর্বনাম সুপ্ বিভক্তির পূর্বে অ-কারান্ত ও স্ত্রীলিঙ্গে আ-কারান্ত হয়। পুংলিঙ্গে অ-কারান্ত আদেশ যথা, তদ্—ত, এতদ্—এত, যদ্—য, কিম্—ক। পরে পুংলিঙ্গে অ-কারান্ত বা স্ত্রীলিঙ্গে আ-কারান্ত সর্বনাম শব্দের নিয়মে রূপ করিবে। মাত্র তদ্ ও এতদ্ শব্দের পুংলিঙ্গে ১মার একবচনে সঃ ও এষঃ এবং স্ত্রীলিঙ্গে সা ও এষা।

(গ) অস্মদ্, যুষ্মদ্, অদস্ ও ইদম্ শব্দের রূপে বৈশিষ্ট্য আছে।*

* অদস্ ও ইদম্ শব্দের রূপ পরে দ্বিতীয় ভাগে দ্রষ্টব্য।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

अस्मद् (আমি) [I]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	अहम्	आवाम्	वयम्
দ্বিতীয়া	माम्, मा	आवाम्, नौ	अस्मान्, नः
তৃতীয়া	मया	आवाभ्याम्	अस्माभिः
চতুর্থী	मह्यम्, मे	आवाभ्याम्, नौ	अस्मभ्यम् नः
পঞ্চমী	मत्	आवाभ्याम्	अस्मत्
ষষ্ঠী	मम, मे	आवयोः नौ	अस्माकम्, नः
সপ্তমী	मयि	आवयोः	अस्मासु

युष्मद् (তুমি) [You]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	त्वम्	युवाम्	यूयम्
দ্বিতীয়া	त्वाम् त्वा	युवाम्, वाम्	युष्मान्, वः
তৃতীয়া	त्वया	युवाभ्याम्	युष्माभिः
চতুর্থী	तुभ्यम्, ते	युवाभ्याम्, वाम्	युष्मभ्यम्, वः
পঞ্চমী	त्वत्	युवाभ्याम्	युष्मत्
ষষ্ঠী	तव, ते	युवयोः, वाम्	युष्माकम्, वः
সপ্তমী	त्वयि	युवयोः	युष्मासु

अस्मद् ও युष्मद् শব্দের রূপ তিন লিঙ্গেই সমান।

मा, मे, नौ, नः এবং त्वा, ते, वाम्, वः—এই কয়টি পদ বাক্যের প্রথমে, বাক্যের প্রথমে অবস্থিত সম্বোধনের ঠিক পরে, এবং च, ও एव প্রভৃতি অব্যয় শব্দের ঠিক সঙ্গে ব্যবহৃত হইবে না।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুংলিঙ্গে—तद् (সে, তাহা) [He]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	स:	तौ	ते
द्वितीया	तम्	तौ	तान्
तृतीया	तेन	ताभ्याम्	तै:
चतुर्थी	तस्मै	ताभ्याम्	तेभ्य:
पञ्चमी	तस्मात्	ताभ्याम्	तेभ्य:
षष्ठी	तस्य	तयो:	तेषाम्
सप्तमी	तस्मिन्	तयो:	तेषु

স্ত্রীলিঙ্গে—तद् (সে, তাহা) [She]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	सा	ते	ता:
द्वितीया	ताम्	ते	ता:
तृतीया	तया	ताभ्याम्	ताभि:
चतुर्थी	तस्यै	ताभ्याम्	ताभ्य:
पञ्चमी	तस्या:	ताभ्याम्	ताभ्य:
षष्ठी	तस्या:	तयो:	तासाम्
सप्तमी	तस्याम्	तयो:	तासु

ক্লীবলিঙ্গে—तद् (তাহা) [That]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा, द्वितीया	तत्	ते	तानि

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

तद् শব্দের রূপের পূর্বে ए যোগ করিলে एतद् শব্দের রূপ হয়। পুংলিঙ্গে ও স্ত্রীলিঙ্গে ১মার একবচনে ষত্ববিধি অনুসারে एष: ও एषा।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুংলিঙ্গে—যদ্ (যে, যাহা) [Who]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	यः	यौ	ये
द्वितीया	यम्	यौ	यान्
तृतीया	येन	याभ्याम्	यैः
चतुर्थी	यस्मै	याभ्याम्	येभ्यः
पञ्चमी	यस्मात्	याभ्याम्	येभ्यः
षष्ठी	यस्य	ययोः	येषाम्
सप्तमी	यस्मिन्	ययोः	येषु

স্ত্রীলিঙ্গে—যদ্ (যে, যাহা) [Who]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	या	ये	याः
द्वितीया	याम्	ये	याः
तृतीया	यया	याभ्याम्	याभिः
चतुर्थी	यस्यै	याभ्याम्	याभ्यः
पञ्चमी	यस्याः	याभ्याम्	याभ्यः
षष्ठी	यस्याः	ययोः	यासाम्
सप्तमी	यस्याम्	ययोः	यासु

ক্লীবলিঙ্গে—যদ্ (যাহা) [Which]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा, द्वितीया	यत्	ये	यानि

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুংলিঙ্গে—কিম্ (কে) [Who]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	कः	कौ	के
द्वितीया	कम्	कौ	कान्
तृतीया	केन	काभ्याम्	कैः
चतुर्थी	कस्मै	काभ्याम्	केभ्यः
पञ्चमी	कस्मात्	काभ्याम्	केभ्यः
षष्ठी	कस्य	कयोः	केषाम्
सप्तमी	कस्मिन्	कयोः	केषु

স্ত্রীলিঙ্গে—কিম্ (কে) [Who]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	का	के	काः
द्वितीया	काम्	के	काः
तृतीया	कया	काभ्याम्	काभिः
चतुर्थी	कस्यै	काभ्याम्	काभ्यः
पञ्चमी	कस्याः	काभ्याम्	काभ्यः
षष्ठी	कस्याः	कयोः	कासाम्
सप्तमी	कस्याम्	कयोः	कासु

ক্লীবলিঙ্গে—কিম্ (কি) [Which, What]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा, द्वितीया	किम्	के	कानि

অন্য বিভক্তিতে পুংলিঙ্গের ন্যায়। কিম্ শব্দের রূপে যে পদ হয়, তাহার পর অনিশ্চয় অর্থে চিত্, চন প্রভৃতি অব্যয় যুক্ত হয় (কশ্চিত্)।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুবাদ-শিক্ষা—(৩)

সর্বনাম

১। অনুবাদের সময় নিম্নলিখিত সর্বনামগুলি মনে রাখিবে।

যে, যিনি বা যাহা—যদ্ শব্দ।
সে, তিনি বা উহা—তদ্ শব্দ।
এই, ইনি বা ইহা—এতদ্ শব্দ।
কে অথবা কি—কিম্ শব্দ।

২। ত্বম্ যুবাম্ যূয়ম্—এই পদগুলির সঙ্গে মধ্যম পুরুষের তিঙন্ত ক্রিয়াপদগুলির বিশেষ সম্বন্ধ আছে। তেমনি আবার অহম্ আবাম্ বয়ম্—এই পদগুলির সঙ্গে উত্তম পুরুষের ক্রিয়াপদগুলির সম্বন্ধ আছে। ক্রিয়াবিবরণে উহা দেখান হইবে।

৩। সর্বনাম কখন কখন বিশেষণ বা বিধেয়ের মত ব্যবহৃত হয়। তখন সর্বনামের লিঙ্গ, বিভক্তি ও বচন বিশেষ্য অনুযায়ী হইবে।

বিশেষ্য সহ কয়েকটি সর্বনাম পদের দৃষ্টান্ত

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
পুংলিঙ্গে ১মা	স নরঃ	তৌ নরৌ	তে নরাঃ
স্ত্রীলিঙ্গে ১মা	যা নারী	যে নার্যৌ	যাঃ নার্যঃ
ক্লীবলিঙ্গে ১মা	এতত্ পুষ্পম্	এতে পুষ্পে	এতানি পুষ্পাণি
পুংলিঙ্গে ৪র্থী	কস্মৈ দেবায়	কাভ্যাম্ দেবাভ্যাম্	কেভ্যঃ দেবেভ্যঃ
স্ত্রীলিঙ্গে ৪র্থী	তস্যৈ দেব্যৈ	তাভ্যাম্ দেবীভ্যাম্	তাভ্যঃ দেবীভ্যঃ

বিশেষ দ্রষ্টব্য—নিম্নের পদগুলির বানান ও অর্থ ঠিক রাখিবে। ত্বম্ (ব-ফলা)—তুমি। তম্ (ব-ফলা নাই)—তাহাকে। ত্বাম্ (ব-ফলা ও আকার)—তোমাকে। তাম্ (ব-ফলা নাই)—(স্ত্রীলিঙ্গে) তাহাকে। পুংলিঙ্গে—যস্মৈ (উচ্চারণ যস্‌মৈ), স্ত্রীলিঙ্গে—যস্যৈ (য-ফলা); এইরূপ তস্মৈ, তস্যৈ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সঃ ও এষঃ পদের পর অ-ভিন্ন বর্ণ থাকিলে সন্ধির নিয়মে বিসর্গের লোপ হয়—ইহা মনে রাখিবে। স নরঃ, এষ ছাত্রঃ।

আম্নায়-গ্রন্থালয়, ভবেলিয়া, কবীরা বারাণসী-5

অনুবাদ আদর্শ

সর্বনাম

সে ধন্য—স ধন্যঃ। এই বালিকা—এষা বালিকা। কোন্ ভৃত্যের দ্বারা—কেন ভৃত্যেন। আমার গৃহ—মম গৃহম্। সেই শিক্ষক হইতে—তস্মাৎ শিক্ষকাৎ। যে দেবীর জন্য—যস্যৈ দেব্যৈ। এই ছাত্রগুলি—এতে ছাত্রাঃ। এ আমাদের সহায়—এষ নঃ সহায়ঃ।

কে তোমার স্ত্রী কে তোমার পুত্র—কা তব কান্তা কস্তে পুত্রঃ।
বুদ্ধি যাহার বল তাহার—বুদ্ধির্যস্য বলং তস্য।
আমরা সকলে দুঃখিত—বয়ং সর্বে দুঃখিতাঃ।
সেই ভার্যা যে পতিব্রতা—সা ভার্যা যা পতিব্রতা।
যে দেশে সম্মান নাই—যস্মিন্ দেশে ন সম্মানঃ।

অনুশীলনী

১। সর্ব শব্দের পুংলিঙ্গে ও স্ত্রীলিঙ্গে ৪র্থী হইতে ৭মী পর্যন্ত, এবং তদ্ ও কিম্ শব্দের তিন লিঙ্গে ১মা, ৩য়া ও ৭মীর ও অস্মদ্ শব্দের রূপ লিখ।

২। সংস্কৃতে অনুবাদ কর :—আমাদের গৃহ। তোমার মাতা। কে সে? সে আমার বন্ধু। সকল ফুলগুলি। তোমরা সকলে আমার প্রিয়। কোন্ গ্রামে তোমার বাস? আমাদের জন্য। তোমরা দুইজন দুষ্ট। এইগুলি আমার পুস্তক। এই দুই ছাত্র। সেই দেবীর জন্য। সেই মুনিদিগের আশ্রমগুলি। ইহাই ধর্মের পথ (মার্গঃ)। পূর্ব দিনে। আমাদের গৃহে।

৩। শুদ্ধ কর :—অন্যম্ ফলম্। তেষু লতাসু। মে পুস্তকম্। যস্মৈ দেব্যৈ। পশ্চিমস্যাম্ দিশি। এতানাম্ বৃক্ষাণাম্। কঃ চিন্তা।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সংখ্যাবাচক শব্দ

সংখ্যা বুঝাইলে এক শব্দ নিত্য একবচনান্ত। স্ত্রীলিঙ্গে—একা। এক শব্দের অন্য অর্থ—'কেহ কেহ'। তখন বহুবচনে সর্ব শব্দের মত রূপ। যথা—একে বদন্তি—অর্থাৎ কেহ কেহ বলেন।

উভ শব্দ দ্বিবচনান্ত, কিন্তু উভয় শব্দ এক বা বহুবচনে ব্যবহৃত হয়। ইহাদের রূপ সর্ব শব্দের মত—উভয়: দেবমনুষ্য:, উভয়ে দেবমনুষ্যা:।

দ্বি শব্দ দ্বিবচনান্ত। ত্রি ও চতুর্ শব্দ বহুবচনান্ত*।

দ্বি (দুই) [Two]—দ্বিবচনান্ত

	প্রথমা	দ্বিতীয়া	তৃতীয়া	চতুর্থী	পঞ্চমী	ষষ্ঠী	সপ্তমী
পুংলিঙ্গে	দ্বৌ	দ্বৌ	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্	দ্বয়ো:	দ্বয়ো:

স্ত্রীলিঙ্গে ও ক্লীবলিঙ্গে প্রথমা ও দ্বিতীয়া বিভক্তির দ্বিবচনে—দ্বে। ক্লীবলিঙ্গের আর সব বিভক্তিতে পুংলিঙ্গের মত।

ত্রি (তিন) [Three]—বহুবচনান্ত

	পুংলিঙ্গে	স্ত্রীলিঙ্গে	ক্লীবলিঙ্গে
প্রথমা	ত্রয়:	তিস্র:	ত্রীণি
দ্বিতীয়া	ত্রীন্	তিস্র:	ত্রীণি
তৃতীয়া	ত্রিভি:	তিসৃভি:	ত্রিভি:
চতুর্থী	ত্রিভ্য:	তিসৃভ্য:	ত্রিভ্য:
পঞ্চমী	ত্রিভ্য:	তিসৃভ্য:	ত্রিভ্য:
ষষ্ঠী	ত্রয়াণাম্	তিসৃণাম্	ত্রয়াণাম্
সপ্তমী	ত্রিষু	তিসৃষু	ত্রিষু

* পঞ্চন্ হইতে অন্যান্য সংখ্যাবাচক শব্দ পরে দ্বিতীয় ভাগে দ্রষ্টব্য।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

चतुर् (চারি) [Four]—বহুবচনান্ত

	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
প্রথমা	चत्वारः	चतस्रः	चत्वारि
দ্বিতীয়া	चतुरः	चतस्रः	चत्वारि
তৃতীয়া	चतुर्भिः	चतसृभिः	चतुर्भिः
চতুর্থী	चतुर्भ्यः	चतसृभ्यः	चतुर्भ्यः
পঞ্চমী	चतुर्भ्यः	चतसृभ्यः	चतुर्भ्यः
ষষ্ঠী	चतुर्णाम्	चतसृणाम्	चतुर्णाम्
সপ্তমী	चतुर्षु	चतसृषु	चतुर्षु

অনুবাদ আদর্শ

দুইটি শিষ্ট বালক—द्वौ शिष्टौ बालकौ। তাহারা দুইজন বৃদ্ধ—तौ द्वौ वृद्धौ। দুইটি পাকা ফল—द्वे पक्वे फले। তাহারা তিন ভাই—ते त्रयः भ्रातरः। দশরথের তিন ভার্যা—दशरथस्य तिस्रः भार्याः। দশরথের চার পুত্র—दशरथस्य चत्वारः पुत्राः। শিবের তিন চক্ষু—शिवस्य त्रीणि नेत्राणि।

অনুশীলনী

১। দ্বি, ত্রি ও চতুর্ শব্দের ভিন্ন ভিন্ন লিঙ্গের রূপ লিখ।

২। সংখ্যাবাচক বিশেষণ দ্বারা শূন্যস্থান পূরণ কর :—

—लते। —वेदाः। —पक्षौ। —फलानि।

৩। সংস্কৃতে অনুবাদ কর :—রামের দুই পুত্র। তাহার চারিটি পুত্র। তিনটি ফুলের দ্বারা। তিনটি প্রশ্নে। তিন ভার্যা। দুই বিদ্যায়। তিন কন্যার বিবাহ। দুই শান্ত শিশু। চারি ভ্রাতার ধন।

৪। শুদ্ধ কর :—तस्य त्रयः स्त्रीयः। एतैः चत्वारैः बालकैः। दुर्गाया त्रिणी नयनानि। त्रयानां कन्यानां द्वे भ्रातरौ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অব্যয়

বিভক্তি, বচন ও লিঙ্গ অনুসারে যে সকল শব্দের রূপের কোন পরিবর্তন হয় না, অর্থাৎ যাহারা সর্বদা একই প্রকার থাকে, তাহাদিগকে অব্যয় বলে। অব্যয়ের বিশেষণ নিত্য ক্লীবলিঙ্গ ও একবচন হয়।

সদৃশং ত্রিষু লিঙ্গেষু সর্বাসু চ বিভক্তিষু।
বচনেষু চ সর্বেষু যন্ন ব্যেতি তদব্যয়ম্ ॥*

যথা—দিবসে—দিবা ; প্রভাতে—প্রাতঃ ; যখন—যদা ইত্যাদি।

কয়েকটি প্রয়োজনীয় অব্যয়

অকস্মাৎ—হঠাৎ। অচিরম্—শীঘ্র। অদ্য—আজ। শ্বঃ—আগামী কল্য। হ্যঃ—গতকল্য। অধুনা, ইদানীম্—আজকাল। উচ্চৈঃ—উচ্চৈস্বরে বা উপরে। উপরি—উপরে। নীচৈঃ—নীচে। পশ্চাৎ—পিছনে। পুরতঃ—সম্মুখে। শনৈঃ—ধীরে ধীরে। ঝটিতি—তাড়াতাড়ি। অতীব—অত্যন্ত। ঈষৎ—অল্প। দিবা—দিবসে। নক্তম্—রাত্রিতে। প্রাতঃ—প্রভাত বা প্রভাতে। সায়ম্—সন্ধ্যা। মিথ্যা—মিথ্যা। তূষ্ণীম্—নীরবে। পুনঃ—পুনরায়। চেৎ, যদি—যদি। নহি—তাহা হইলে। যদা—যখন। তদা—তখন। সদা—সব সময়ে। যত্র—যেখানে। তত্র—সেখানে। যতঃ—যে হেতু। ততঃ—সেই হেতু। এব—নিশ্চয়ার্থক। কথম্—কেন। চ—এবং (চ পরে বসে), যথা—মাতা পিতা চ। ন—না। তু—কিন্তু (তু পরে বসে)। কিম্—কি (জিজ্ঞাসায়)।

অনুশীলনী

১। অব্যয়গুলির অর্থ বল :—
শনৈঃ, তূষ্ণীম্, ঝটিতি, এব, যত্র, হ্যঃ, ততঃ, চ, তু।

২। নিম্নের অব্যয় পদের সাহায্যে এক একটি বাক্য লিখ :—
চ, অদ্য, অতীব, সায়ম্, অধুনা, উচ্চৈঃ।

৩। শুদ্ধ কর :—দিবায়াম্, প্রাতে, বৃক্ষস্য উপরে, মিথ্যয়া, অতীবম্।

---

* অব্যয় সম্বন্ধে অন্যান্য জ্ঞাতব্য পরে দ্বিতীয় ভাগে অন্তর্ভুক্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ক্রিয়াপদ বিবরণ

তিঙন্ত পদ

যাহা দ্বারা 'হয়, থাকে, যায়, দেখে'—ইত্যাদি কোন না কোন কাজ করা বোঝায় তাহাকে ক্রিয়া বলে। ক্রিয়ার মূল বা প্রকৃতির নাম ধাতু, যথা—ভূ, স্থা, গম্, দৃশ্ ইত্যাদি। ধাতুর চিহ্ন √।

ধাতুর পর তি, তস্, অন্তি প্রভৃতি ক্রিয়া-বোধক প্রত্যয় যুক্ত হয়। উহা তিঙ্ বিভক্তি। তিঙ্যুক্ত ধাতু ক্রিয়াপদ বা তিঙন্ত পদ।

তিঙ্ বিভক্তি

তিঙ্ বিভক্তি দশটি ভাগে বিভক্ত। যথা—লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্, লৃট্, লুট্, লৃঙ্, আশীর্লিঙ্, লিট্, লুঙ্। এইগুলিকে 'ল-কার' বলে। প্রত্যেকটিতে প্রথম, মধ্যম ও উত্তম পুরুষ এই তিন ভেদ এবং উহাদের আবার একবচন, দ্বিবচন ও বহুবচন—এই তিন ভেদ। ফলে তিঙ্ বিভক্তির সংখ্যা দাঁড়াইল ১০×৩×৩=৯০টি। পরস্মৈপদ ও আত্মনেপদ—কোন কোন ধাতু এই দুই শ্রেণীর থাকায় তিঙ্ বিভক্তির মোট সংখ্যা এক শত আশী। উহারা উভয়পদী ধাতু।

পুরুষ ও বচন

কর্তৃবাচ্যে ক্রিয়া কর্তার কথা বলিয়া দেয়। অতএব তিঙ্ বিভক্তির প্রয়োগ হইতে কর্তৃপদের পুরুষ ও বচন জানা যায়।

কর্তায় 'অস্মদ্' শব্দে উত্তম পুরুষ (First Person), 'যুষ্মদ্' শব্দে মধ্যম পুরুষ (Second Person) এবং তদ্ভিন্ন অন্য শব্দে প্রথম পুরুষ (Third Person) হয়। এই তিন প্রকার পুরুষ অনুযায়ী তিঙ্ বিভক্তিতেও অনুরূপ তিনটি পুরুষের প্রয়োগ হয়।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আবার কর্তা যেখানে এক, দুই ও দুইয়ের অধিক হয়, সেখানে যথাক্রমে এক, দ্বি ও বহুবচনে তিঙ্ বিভক্তি হয়।

লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্, লৃট্ প্রভৃতি ল-কারের ব্যবহার

১। ক্রিয়ার ব্যাপার বা ঘটনাটি যে সময়ে অনুষ্ঠিত হয়, সেই সময়কে কাল বলে। কাল তিন প্রকার—বর্তমান, অতীত ও ভবিষ্যৎ।

বর্তমান কাল (Present Tense) বুঝাইতে—লট্। লট্-এর সঙ্গে 'স্ম' যোগে অতীত বোঝায়।

অতীত কাল (Past Tense) বুঝাইতে—লঙ্, লিট্, লুঙ্।

ভবিষ্যৎ কাল (Future Tense) বুঝাইতে—লৃট্, লুট্।

২। ক্রিয়ার প্রকার বা বিশেষ অবস্থা বুঝাইতে বাকী ল-কার, যথা—

আদেশ বা অনুরোধ (Imperative Mood) অর্থে—লোট্।

বিধি বা উচিত (Should) অর্থে—বিধিলিঙ্।

সম্ভাবনায় ('যদি এইরূপ হইত তবে উহা হইত') এই অর্থে—লৃঙ্।

আশীর্বাদ অর্থে—আশীর্লিঙ্।

ধাতুরূপ

ধাতুর পর তি, তস্, অন্তি প্রভৃতি তিঙ্ বিভক্তি যোগে যে ভিন্ন ভিন্ন পদ হয়, তাহাকে ধাতুরূপ বলে। এখন লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্ ও লৃট্—এই পাঁচটি ল-কারের যোগে কতকগুলি অতি প্রচলিত ধাতুরূপের পরিচয় দেওয়া হইবে।

দ্বিতীয় ভাগে গণ অনুসারে ধাতুরূপের যথাসম্ভব ধারাবাহিক সন্নিবেশ থাকিবে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কয়েকটি তিঙ্ বিভক্তির আকৃতি

পরস্মৈপদে—লট্ (বর্তমান কাল)

	প্রথমপুরুষে	মধ্যমপুরুষে	উত্তমপুরুষে
একবচনে	তি	সি	মি
দ্বিবচনে	তস্	থস্	বস্
বহুবচনে	অন্তি	থ	মস্

পরস্মৈপদে—লোট্ (আদেশ ও অনুরোধ অর্থে)

একবচনে	তু	হি	আনি
দ্বিবচনে	তাম্	তম্	আব
বহুবচনে	অন্তু	ত	আম

পরস্মৈপদে—লঙ্ (অতীত কাল)

একবচনে	দ্	স্	অম্
দ্বিবচনে	তাম্	তম্	ব
বহুবচনে	অন্	ত	ম

পরস্মৈপদে—বিধিলিঙ্ (উচিত অর্থে)

একবচনে	যাত্	যাস্	যাম্
দ্বিবচনে	যাতাম্	যাতম্	যাব
বহুবচনে	যুস্	যাত	যাম

পরস্মৈপদে—লৃট্ (ভবিষ্যৎ কাল)

একবচনে	স্যতি	স্যসি	স্যামি
দ্বিবচনে	স্যতস্	স্যথস্	স্যাবস্
বহুবচনে	স্যন্তি	স্যথ	স্যামস্

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আত্মনেপদে—লট্ (বর্তমান কাল)

	প্রথমপুরুষে	মধ্যমপুরুষে	উত্তমপুরুষে
একবচনে	তে	সে	এ
দ্বিবচনে	আতে	আথে	বহে
বহুবচনে	অন্তে	ধ্বে	মহে

আত্মনেপদে—লোট্ (আদেশ ও অনুরোধ অর্থে)

একবচনে	তাম্	স্ব	ঐ
দ্বিবচনে	আতাম্	আথাম্	আবহৈ
বহুবচনে	অন্তাম্	ধ্বম্	আমহৈ

আত্মনেপদে—লঙ্ (অতীত কাল)

একবচনে	ত	থাস্	ই
দ্বিবচনে	আতাম্	আথাম্	বহি
বহুবচন	অন্ত	ধ্বম্	মহি

আত্মনেপদে—বিধিলিঙ্ (উচিত অর্থে)

একবচনে	ঈত	ঈথাস্	ঈয়
দ্বিবচনে	ঈয়াতাম্	ঈয়াথাম্	ঈবহি
বহুবচনে	ঈরন্	ঈধ্বম্	ঈমহি

আত্মনেপদে—লৃট্ (ভবিষ্যৎ কাল)

একবচনে	স্যতে	স্যসে	স্যে
দ্বিবচনে	স্যেতে	স্যেথে	স্যাবহে
বহুবচনে	স্যন্তে	স্যধ্বে	স্যামহে

সি, সে, স্ব ও লৃট্ যোগে ধাতুর রূপে ষত্ববিধি ঠিক থাকা চাই।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধাতুরূপ

(CONJUGATION OF VERBS)

भू (হওয়া) [To be]—পরস্মৈপদী

लट्

	प्रथमपुरुषे	मध्यमपुरुषे	उत्तमपुरुषे
एकवचने	भवति	भवसि	भवामि
द्विवचने	भवतः	भवथः	भवावः
बहुवचने	भवन्ति	भवथ	भवामः

लोट्

एकवचने	भवतु	भव	भवानि
द्विवचने	भवताम्	भवतम्	भवाव
बहुवचने	भवन्तु	भवत	भवाम

लङ्

एकवचने	अभवत्	अभवः	अभवम्
द्विवचने	अभवताम्	अभवतम्	अभवाव
बहुवचने	अभवन्	अभवत	अभवाम

विधिलिङ्

एकवचने	भवेत्	भवेः	भवेयम्
द्विवचने	भवेताम्	भवेतम्	भवेव
बहुवचने	भवेयुः	गवेत	भवेम

लृट्

एकवचने	भविष्यति	भविष्यसि	भविष्यामि
द्विवचने	भविष्यतः	भविष्यथः	भविष्यावः
बहुवचने	भविष्यन्ति	भविष्यथ	भविष्यामः

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

स्था (থাকা) [To stay]—পরস্মৈপদী

लट्

	प्रथमपुरुषे	मध्यमपुरुषे	उत्तमपुरुषे
एकवचने	तिष्ठति	तिष्ठसि	तिष्ठामि
द्विवचने	तिष्ठतः	तिष्ठथः	तिष्ठावः
बहुवचने	तिष्ठन्ति	तिष्ठथ	तिष्ठामः

लोट्

एकवचने	तिष्ठतु	तिष्ठ	तिष्ठानि
द्विवचने	तिष्ठताम्	तिष्ठतम्	तिष्ठाव
बहुवचने	तिष्ठन्तु	तिष्ठत	तिष्ठाम

लङ्

एकवचने	अतिष्ठत्	अतिष्ठः	अतिष्ठम्
द्विवचने	अतिष्ठताम्	अतिष्ठतम्	अतिष्ठाव
बहुवचने	अतिष्ठन्	अतिष्ठत	अतिष्ठाम

विधिलिङ्

एकवचने	तिष्ठेत्	तिष्ठेः	तिष्ठेयम्
द्विवचने	तिष्ठेताम्	तिष्ठेतम्	तिष्ठेव
बहुवचने	तिष्ठेयुः	तिष्ठेत	तिष्ठेम

लृट्

एकवचने	स्थास्यति	स्थास्यसि	स्थास्यामि
द्विवचने	स्थास्यतः	स्थास्यथः	स्थास्यावः
बहुवचने	स्थास्यन्ति	स्थास्यथ	स्थास्यामः

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

गम् (याओया) [To go]—परस्मैपदी

लट्

	प्रथमपुरुषे	मध्यमपुरुषे	उत्तमपुरुषे
एकवचने	गच्छति	गच्छसि	गच्छामि
द्विवचने	गच्छतः	गच्छथः	गच्छावः
बहुवचने	गच्छन्ति	गच्छथ	गच्छामः

लोट

एकवचने	गच्छतु	गच्छ	गच्छानि
द्विवचने	गच्छताम्	गच्छतम्	गच्छाव
बहुवचने	गच्छन्तु	गच्छत	गच्छाम

लङ्

एकवचने	अगच्छत्	अगच्छः	अगच्छम्
द्विवचने	अगच्छताम्	अगच्छतम्	अगच्छाव
बहुवचने	अगच्छन्	अगच्छत	अगच्छाम

विधिलिङ्

एकवचने	गच्छेत्	गच्छेः	गच्छेयम्
द्विवचने	गच्छेताम्	गच्छेतम्	गच्छेव
बहुवचने	गच्छेयुः	गच्छेत	गच्छेम

लृट्

एकवचने	गमिष्यति	गमिष्यसि	गमिष्यामि
द्विवचने	गमिष्यतः	गमिष्यथः	गमिष्यावः
बहुवचने	गमिष्यन्ति	गमिष्यथ	गमिष्यामः

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

दृश् (দেখা) [To see]—পরস্মৈপদী

लट्

	प्रथमपुरुषे	मध्यमपुरुषे	उत्तमपुरुषे
एकवचने	पश्यति	पश्यसि	पश्यामि
द्विवचने	पश्यतः	पश्यथः	पश्यावः
बहुवचने	पश्यन्ति	पश्यथ	पश्यामः

लोट्

एकवचने	पश्यतु	पश्य	पश्यानि
द्विवचने	पश्यताम्	पश्यतम्	पश्याव
बहुवचने	पश्यन्तु	पश्यत	पश्याम

लङ्

एकवचने	अपश्यत्	अपश्यः	अपश्यम्
द्विवचने	अपश्यताम्	अपश्यतम्	अपश्याव
बहुवचने	अपश्यन्	अपश्यत	अपश्याम

विधिलिङ्

एकवचने	पश्येत्	पश्येः	पश्येयम्
द्विवचने	पश्येताम्	पश्येतम्	पश्येव
बहुवचने	पश्येयुः	पश्येत	पश्येम

लृट्

एकवचने	द्रक्ष्यति	द्रक्ष्यसि	द्रक्ष्यामि
द्विवचने	द्रक्ष्यतः	द्रक्ष्यथः	द्रक्ष्यावः
बहुवचने	द्रक्ष्यन्ति	द्रक्ष्यथ	द्रक्ष्यामः

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

सेव् (সেবা করা) [To serve]—আত্মনেপদী

लट्

	प्रथमपुरुषे	मध्यमपुरुषे	उत्तमपुरुषे
एकवचने	सेवते	सेवसे	सेवे
द्विवचने	सेवेते	सेवेथे	सेवावहे
बहुवचने	सेवन्ते	सेवध्वे	सेवामहे

लोट्

एकवचने	सेवताम्	सेवस्व	सेवै
द्विवचने	सेवेताम्	सेवेथाम्	सेवावहै
बहुवचने	सेवन्ताम्	सेवध्वम्	सेवामहै

लङ्

एकवचने	असेवत	असेवथाः	असेवे
द्विवचने	असेवेताम्	असेवेथाम्	असेवावहि
बहुवचने	असेवन्त	असेवध्वम्	असेवामहि

विधिलिङ्

एकवचने	सेवेत	सेवेथाः	सेवेय
द्विवचने	सेवेयाताम्	सेवेयाथाम्	सेवेवहि
बहुवचने	सेवेरन्	सेवेध्वम्	सेवेमहि

लृट्

एकवचने	सेविष्यते	सेविष्यसे	सेविष्ये
द्विवचने	सेविष्येते	सेविष्येथे	सेविष्यावहे
बहुवचने	सेविष्यन्ते	सेविष्यध्वे	सेविष्यामहे

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

दृश् (দেখা) [To see]—পরস্মৈপদী

लट्

	प्रथमपुरुषे	मध्यमपुरुषे	उत्तमपुरुषे
एकवचने	पश्यति	पश्यसि	पश्यामि
द्विवचने	पश्यतः	पश्यथः	पश्यावः
बहुवचने	पश्यन्ति	पश्यथ	पश्यामः

लोट्

एकवचने	पश्यतु	पश्य	पश्यानि
द्विवचने	पश्यताम्	पश्यतम्	पश्याव
बहुवचने	पश्यन्तु	पश्यत	पश्याम

लङ्

एकवचने	अपश्यत्	अपश्यः	अपश्यम्
द्विवचने	अपश्यताम्	अपश्यतम्	अपश्याव
बहुवचने	अपश्यन्	अपश्यत	अपश्याम

विधिलिङ्

एकवचने	पश्येत्	पश्येः	पश्येयम्
द्विवचने	पश्येताम्	पश्येतम्	पश्येव
बहुवचने	पश्येयुः	पश्येत	पश्येम

लृट्

एकवचने	द्रक्ष्यति	द्रक्ष्यसि	द्रक्ष्यामि
द्विवचने	द्रक्ष्यतः	द्रक्ष्यथः	द्रक्ष्यावः
बहुवचने	द्रक्ष्यन्ति	द्रक्ष्यथ	द्रक्ष्यामः

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

सेव् (সেবা করা) [To serve]—আত্মনেপদী

लट्

	प्रथमपुरुषे	मध्यमपुरुषे	उत्तमपुरुषे
एकवचने	सेवते	सेवसे	सेवे
द्विवचने	सेवेते	सेवेथे	सेवावहे
बहुवचने	सेवन्ते	सेवध्वे	सेवामहे

लोट्

एकवचने	सेवताम्	सेवस्व	सेवै
द्विवचने	सेवेताम्	सेवेथाम्	सेवावहै
बहुवचने	सेवन्ताम्	सेवध्वम्	सेवामहै

लङ्

एकवचने	असेवत	असेवथाः	असेवे
द्विवचने	असेवेताम्	असेवेथाम्	असेवावहि
बहुवचने	असेवन्त	असेवध्वम्	असेवामहि

विधिलिङ्

एकवचने	सेवेत	सेवेथाः	सेवेय
द्विवचने	सेवेयाताम्	सेवेयाथाम्	सेवेवहि
बहुवचने	सेवेरन्	सेवेध्वम्	सेवेमहि

लृट्

एकवचने	सेविष्यते	सेविष्यसे	सेविष्ये
द्विवचने	सेविष्येते	सेविष्येथे	सेविष्यावहे
बहुवचने	सेविष्यन्ते	सेविष्यध्वे	सेविष्यामहे

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

कृ (করা) To do]—উভয়পদী

परस्मैपदे—लट्

	प्रथमपुरुषे	मध्यमपुरुषे	उत्तमपुरुषे
एकवचने	करोति	करोषि	करोमि
द्विवचने	कुरुत:	कुरुथ:	कुर्व:
बहुवचने	कुर्वन्ति	कुरुथ	कुर्म:

लोट्

एकवचने	करोतु	कुरु	करवाणि
द्विवचने	कुरुताम्	कुरुतम्	करवाव
बहुवचने	कुर्वन्तु	कुरुत	करवाम

लङ्

एकवचने	अकरोत्	अकरो:	अकरवम्
द्विवचने	अकुरुताम्	अकुरुतम्	अकुर्व
बहुवचने	अकुर्वन्	अकुरुत	अकुर्म

विधिलिङ्

एकवचने	कुर्यात्	कुर्या:	कुर्याम्
द्विवचने	कुर्याताम्	कुर्यातम्	कुर्याव
बहुवचने	कुर्यु:	कुर्यात	कुर्याम

लृट्

एकवचने	करिष्यति	करिष्यसि	करिष्यामि
द्विवचने	करिष्यत:	करिष्यथ:	करिष्याव:
बहुवचने	करिष्यन्ति	करिष्यथ	करिष्याम:

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

आत्मनेपदे—लट्

	प्रथमपुरुषे	मध्यमपुरुषे	उत्तमपुरुषे
एकवचने	कुरुते	कुरुषे	कुर्वे
द्विवचने	कुर्वाते	कुर्वाथे	कुर्वहे
बहुवचने	कुर्वते	कुरुध्वे	कुर्महे

लोट्

एकवचने	कुरुताम्	कुरुष्व	करवै
द्विवचने	कुर्वाताम्	कुर्वाथाम्	करवावहै
बहुवचने	कुर्वताम्	कुरुध्वम्	करवामहै

लङ्

एकवचने	अकुरुत	अकुरुथाः	अकुर्वि
द्विवचने	अकुर्वाताम्	अकुर्वाथाम्	अकुर्वहि
बहुवचने	अकुर्वत	अकुरुध्वम्	अकुर्महि

विधिलिङ्

एकवचने	कुर्वीत	कुर्वीथाः	कुर्वीय
द्विवचने	कुर्वीयाताम्	कुर्वीयाथाम्	कुर्वीवहि
बहुवचने	कुर्वीरन्	कुर्वीध्वम्	कुर्वीमहि

लृट्

एकवचने	करिष्यते	करिष्यसे	करिष्ये
द्विवचने	करिष्येते	करिष्येथे	करिष्यावहे
बहुवचने	करिष्यन्ते	करिष्यध्वे	करिष्यामहे

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অস্ (হওয়া) [To be]—পরস্মৈপদী

লট্

	প্রথমপুরুষে	মধ্যমপুরুষে	উত্তমপুরুষে
একবচনে	অস্তি	অসি	অস্মি
দ্বিবচনে	স্তঃ	স্থঃ	স্বঃ
বহুবচনে	সন্তি	স্থ	স্মঃ

লোট্

একবচনে	অস্তু	এধি	অসানি
দ্বিবচনে	স্তাম্	স্তম্	অসাব
বহুবচনে	সন্তু	স্ত	অসাম

লঙ্

একবচনে	আসীৎ	আসীঃ	আসম্
দ্বিবচনে	আস্তাম্	আস্তম্	আস্ব
বহুবচনে	আসন্	আস্ত	আস্ম

বিধিলিঙ্—স্যাৎ স্যাতাম্ স্যুঃ। স্যাঃ স্যাতম্ স্যাত।
স্যাম্ স্যাব স্যাম।

অস-ধাতু লৃট্-এ ভূ-ধাতুর মত—ভবিষ্যতি, ভবিষ্যতঃ ইত্যাদি।

পরস্মৈপদী ধাতুরূপাদর্শ

নিম্নে ধাতুর পরস্মৈপদে লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্ ও লৃট্-এর প্রথম পুরুষ (3rd person) একবচনের প্রয়োগ দেখান হইল। উহা হইতে ভূ-ধাতু-রূপের দৃষ্টান্তে অন্য রূপগুলি স্থির কর।

ধাতু	অর্থ	লট্	লোট্	লঙ্	বিধিলিঙ্	লৃট্
অর্চ্	পূজা করা	অর্চতি	অর্চতু	আর্চৎ	অর্চেৎ	অর্চিষ্যতি
ইষ্	ইচ্ছা	ইচ্ছতি	ইচ্ছতু	ঐচ্ছৎ	ইচ্ছেৎ	এষিষ্যতি
ক্রন্দ্	কাঁদা	ক্রন্দতি	ক্রন্দতু	অক্রন্দৎ	ক্রন্দেৎ	ক্রন্দিষ্যতি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

धातु	अर्थ	लट्	लोट्	लङ्	विधिलिङ्	लृट्
क्रीड़्	—খেলা করা	क्रीड़ति	क्रीड़तु	अक्रीड़त्	क्रीड़ेत्	क्रीड़िष्यति
खाद्	—খাওয়া	खादति	खादतु	अखादत्	खादेत्	खादिष्यति
गै	—গান করা	गायति	गायतु	अगायत्	गायेत्	गास्यति
चिन्त्	-চিন্তা করা	चिन्तयति	चिन्तयतु	अचिन्तयत्	चिन्तयेत्	चिन्तयिष्यति
जि	—জয় করা	जयति	जयतु	अजयत्	जयेत्	जेष्यति
त्यज्	—ত্যাগ করা	त्यजति	त्यजतु	अत्यजत्	त्यजेत्	त्यक्ष्यति
दा	—দান করা	यच्छति	यच्छतु	अयच्छत्	यच्छेत्	दास्यति
धाव्	—দৌড়ান	धावति	धावतु	अधावत्	धावेत्	धाविष्यति
नम्	—প্রণাম করা	नमति	नमतु	अनमत्	नमेत्	नंस्यति
नी	—লওয়া	नयति	नयतु	अनयत्	नयेत्	नेष्यति
नृत्	—নাচা	नृत्यति	नृत्यतु	अनृत्यत्	नृत्येत्	नर्तिष्यति
पच्	—পাক করা	पचति	पचतु	अपचत्	पचेत	पक्ष्यति
पठ्	—পড়া	पठति	पठतु	अपठत्	पठेत्	पठिष्यति
पत्	—পতিত হওয়া	पतति	पततु	अपतत्	पतेत्	पतिष्यति
पा	—পান করা	पिबति	पिबतु	अपिबत्	पिबेत्	पास्यति
प्रच्छ्	—জিজ্ঞাসা করা	पृच्छति	पृच्छतु	अपृच्छत्	पृच्छेत्	प्रक्ष्यति
भ्रम्	—ভ্রমণ করা	भ्रमति	भ्रमतु	अभ्रमत्	भ्रमेत्	भ्रमिष्यति
मुच्	—মুক্ত করা	मुञ्चति	मुञ्चतु	अमुञ्चत्	मुञ्चेत्	मोक्ष्यति
वद्	—বলা	वदति	वदतु	अवदत्	वदेत्	वदिष्यति
वस्	—বাস করা	वसति	वसतु	अवसत्	वसेत्	वत्स्यति
वह्	—বহন করা	वहति	वहतु	अवहत्	वहेत्	वक्ष्यति
रक्ष्	—রক্ষা করা	रक्षति	रक्षतु	अरक्षत्	रक्षेत्	रक्षिष्यति

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধাতু	অর্থ	লট্	লোট্	লঙ্	বিধিলিঙ্	লৃট্
লিখ্	লেখা	লিখতি	লিখতু	অলিখত্	লিখেত্	লেখিষ্যতি
স্মৃ	স্মরণ করা	স্মরতি	স্মরতু	অস্মরত্	স্মরেত্	স্মরিষ্যতি
সৃজ	সৃষ্টি করা	সৃজতি	সৃজতু	অসৃজত্	সৃজেত্	স্রক্ষ্যতি
স্পৃশ্	স্পর্শ করা	স্পৃশতি	স্পৃশতু	অস্পৃশত্	স্পৃশেত্	স্প্রক্ষ্যতি
হস্	হাসা	হসতি	হসতু	অহসত্	হসেত্	হসিষ্যতি
হৃ	হরণ করা	হরতি	হরতু	অহরত্	হরেত্	হরিষ্যতি

আত্মনেপদে ধাতুরূপাদর্শ

সেব্-ধাতুরূপের আত্মনেপদের দৃষ্টান্তে অন্য রূপগুলি ঠিক করিবে।

ধাতু	অর্থ	লট্	লোট্	লঙ্	বিধিলিঙ্	লৃট্
চেষ্ট্	চেষ্টা করা	চেষ্টতে	চেষ্টতাম্	অচেষ্টত	চেষ্টেত	চেষ্টিষ্যতে
জন্	জাত হওয়া	জায়তে	জায়তাম্	অজায়ত	জায়েত	জনিষ্যতে
ভাষ্	কথা বলা	ভাষতে	ভাষতাম্	অভাষত	ভাষেত	ভাষিষ্যতে
মন্	মনে করা	মন্যতে	মন্যতাম্	অমন্যত	মন্যেত	মংস্যতে
মৃ	মরা	ম্রিয়তে	ম্রিয়তাম্	অম্রিয়ত	ম্রিয়েত	মরিষ্যতি*
বিদ্	থাকা	বিদ্যতে	বিদ্যতাম্	অবিদ্যত	বিদ্যেত	বেৎস্যতে
বৃত্	থাকা	বর্ততে	বর্ততাম্	অবর্তত	বর্তেত	বর্তিষ্যতে
বৃধ্	বৃদ্ধি পাওয়া	বর্ধতে	বর্ধতাম্	অবর্ধত	বর্ধেত	বর্ধিষ্যতে
লভ্	লাভ করা	লভতে	লভতাম্	অলভত	লভেত	লপ্স্যতে
শুভ্	শোভা পাওয়া	শোভতে	শোভতাম্	অশোভত	শোভেত	শোভিষ্যতে
সহ্	সহ্য করা	সহতে	সহতাম্	অসহত	সহেত	সহিষ্যতে

বিশেষ দ্রষ্টব্য—উপরের কয়েকটি ধাতু আবার উভয়পদী, যথা—নী, ধাব্, পচ্, যাচ্, বহ্, হৃ। * মৃ-ধাতু লৃট্-এ পরস্মৈপদী।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধাতুরূপের কয়েকটি সঙ্কেত

(১) লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্-এ কয়েকটি ধাতুর আকৃতি অন্যরূপ হয়—দৃশ্-দৃশ্যু, গম্-গচ্ছ্, দা-যচ্ছ্, দৃম্-পশ্য্, পা-পিব্, মুচ্-মুঞ্চ্, সিচ্-সিঞ্চ্, স্থা-তিষ্ঠ্, সদ্-সীদ্ (কষ্ট পাওয়া) ইত্যাদি।

(২) ধাতুর আদিতে স্বরবর্ণ থাকিলে লঙ্-এ আদি স্বরের বৃদ্ধি হয়। যথা—ইষ্-ঐচ্ছন্। কিন্তু আদিতে ব্যঞ্জনবর্ণ থাকিলে পূর্বে 'অ'-কার আগম হয়। যথা—ভূ-অভবন্, গম্-অগচ্ছন্।

অনুবাদ-শিক্ষা—(৪)

ক্রিয়াপদ

১। বাংলা ক্রিয়াপদের অনুবাদে সংস্কৃতে কোন্ ধাতু হইবে, তাহা প্রথমতঃ ঠিক করিবে। পরে কাল প্রভৃতি অর্থে লট্, লঙ্, লৃট্ ইত্যাদি তিঙ্ প্রত্যয় যোগ করিবে।

২। করে যায় খায়, বা করিতেছে যাইতেছে বা করিয়া থাকে—ইত্যাদি অর্থ বুঝাইলে বর্তমান কালে লট্ হইবে। সে যায়—স গচ্ছতি, তাহারা করে—তে কুর্বন্তি।

৩। করিত যাইত, বা করিল বলিল, বা করিতেছিল—এই প্রকার বুঝাইলে অতীত কালে লঙ্ হয়। সে গিয়াছিল—সঃ অগচ্ছত্, তাহারা করিল—তে অকুর্বন্। লট্-এর পর স্ম যোগ করিলে অতীত কাল বোঝায়। যথা—সঃ গচ্ছতি স্ম, তে কুর্বন্তি স্ম।

৪। করিবে যাইবে বা করিতে থাকিবে—এই প্রকার অর্থ বুঝাইলে ভবিষ্যৎ কালে লৃট্ হয়। যথা—সঃ গমিষ্যতি, তে করিষ্যন্তি।

৫। আদেশ বা অনুজ্ঞা অর্থে লোট্ হয়। সে যাক্—স গচ্ছতু। তুমি পড়—ত্বং পঠ। Let me give—অহং যচ্ছানি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৬। উচিত অর্থে বিধিলিঙ্ হয়। সত্য বলা উচিত—সত্যং বদেৎ (প্রত্যেকের উচিত—One should, তাই প্রথমপুরুষ একবচন)।

৭। সংস্কৃতে কর্তৃপদের পুরুষ ও বচনের সহিত ক্রিয়াপদের পুরুষ ও বচনের মিল রাখিতে হইবে। কর্তায় যে-পুরুষ ও যে-বচন, ক্রিয়াপদেও সেই পুরুষ ও সেই বচন হইবে। কর্তৃবাচ্যে ক্রিয়া কর্তার কথাই বলিয়া দেয়। কর্তায় যুষ্মদ্ শব্দে মধ্যম পুরুষ ও অস্মদ্ শব্দে উত্তম পুরুষ এবং ঐ দুইটি ভিন্ন যে কোন শব্দে প্রথম পুরুষ (3rd Person) বোঝায়।

	প্রথম পুরুষে	মধ্যম পুরুষে	উত্তম পুরুষে
একবচনে	সঃ গচ্ছতি	ত্বং গচ্ছসি	অহং গচ্ছামি
দ্বিবচনে	তৌ গচ্ছতঃ	যুবাং গচ্ছথঃ	আবাং গচ্ছাবঃ
বহুবচন	তে গচ্ছন্তি	যূয়ং গচ্ছথ	বয়ং গচ্ছামঃ

পুরুষ ও বচনে কর্তৃপদের সহিত ক্রিয়ার মিল

৮। ভবৎ শব্দের অর্থ 'তুমি' বা 'আপনি', কিন্তু উহার ক্রিয়াতে প্রথম পুরুষ হইবে। যথা—ভবান্ কিং গচ্ছতি ? ভবান্ আগচ্ছতু।

৯। কর্তা উহ্য থাকিলেও ক্রিয়ার পুরুষ ও বচন হইতে কর্তার পুরুষ ও বচন জানা যায়। দুঃখিতো ভবামি—কর্তা অহম্ উহ্য।

১০। কতকগুলি ক্রিয়াপদের কর্ম থাকে বলিয়া উহাদিগকে সকর্মক ক্রিয়া বলে। যথা—স পুস্তকং পঠতি। গম্, প্র-বিশ্ ও আ-রুহ্ ধাতু সংস্কৃতে সকর্মক। যথা—বালকাঃ বিদ্যালয়ং গচ্ছন্তি।

১১। ক্রিয়াবাচক বিশেষ্য পদের সহিত কৃ ধাতুর যোগে যে কোন ধাতুর অর্থ প্রকাশ করা যায়। তখন ঐ বিশেষ্য পদটিতেই দ্বিতীয়া হইবে। কি করে ? ভোজন করে—ভোজনং করোতি, কৃ-ক্রিয়ার কর্ম ভোজন। কিন্তু যাহা পূর্বে কর্ম ছিল, তাহাতে আর

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দ্বিতীয়া হইবে না, ষষ্ঠী হইবে। সে ভাত খায়—কৃ-ধাতুর যোগে বাক্যটি হইল—সে অন্ন ভোজন করে। ইহার অনুবাদ হইবে—সঃ অন্নস্য ভোজনং করোতি (অন্নং ভোজনং করোতি—এইরূপ হইবে না)।

অনুবাদ-আদর্শ

ক্রিয়াপদ

বর্তমানকালে—বর্ষায় বৃষ্টি হয়—বর্ষাসু বৃষ্টির্ভবতি।

আকাশে মেঘগুলি হয়—আকাশে ভবন্তি মেঘাঃ।

তোমরা বই পড়িতেছ—যূয়ং পুস্তকং পঠথ।

আমি সত্য বলি—সত্যম্ অহং বদামি।

অতীতকালে-রাবণ সীতাকে হরণ করিয়াছিল-রাবণঃ অহরত্ সীতাম্।

তাহার এক পুত্র জন্মিয়াছে—তস্য একঃ পুত্রঃ অজায়ত।

রাজার চারিটি পুত্র ছিল—রাজ্ঞঃ চত্বারঃ পুত্রাঃ আসন্।

আমি চাঁদ দেখিলাম—চন্দ্রমহম্ অপশ্যম্।

ভবিষ্যৎকালে—ছাত্র বিদ্যালয়ে যাইবে—ছাত্রঃ বিদ্যালয়ং গমিষ্যতি।

তুমি কি পড়া বলিবে—ত্বম্ কিং পাঠং বদিষ্যসি ?

তোমরা দুইজন ইহা পাইবে—যুবাম্ এতত্ লপ্স্যেথে।

আমরা অপরাধ করিব না—বয়ম্ অপরাধং ন করিষ্যামঃ।

আদেশ বা অনুরোধ অর্থে—সে সেখানে যাক্—স তত্র গচ্ছতু।

সত্য বল, ধর্ম আচরণ কর—সত্যং বদ, ধর্মং চর।

উচিত অর্থে—দরিদ্রকে ধন দেওয়া উচিত—দরিদ্রায় ধনং যচ্ছেত্।

গুরুকে আমাদের সেবা করা উচিত—বয়ং গুরুং সেবেমহি।

অনুশীলনী

১। ভূ ধাতু লট্, স্থা ধাতু লঙ্ ও গম্ ধাতুর লৃট্-এ রূপ লিখ।

২। নিম্নের ধাতুগুলির লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্ ও লৃট্-এর প্রথম পুরুষের বহুবচনের রূপ লিখ :—দৃপ্, কৃ, জি, দৃশ, দা, গৈ, বস, নৃত, আপ্, লভ্।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৩। সংস্কৃতে অনুবাদ কর :—বর্ষায় আকাশে মেঘ হয়। মাছগুলি পুকুরে বাস করে। আমরা বিদ্যালয়ে যাই। তুমি সত্য কথা বল। ভৃত্য প্রভুকে সেবা করে। ব্রাহ্মণগণ প্রাতঃকালে স্তোত্র পাঠ করেন। পাখীগুলি বনে গান করে। ঘোড়া দ্রুত দৌড়ায়। সে আমাকে তিনটি প্রশ্ন জিজ্ঞাসা করিল। গাছ হইতে পাকা ফলগুলি পড়িয়াছিল। তুমি সেখানে গিয়াছিলে কি? ধর্ম ধার্মিককে রক্ষা করিবে। আমরা দুইজন পরিশ্রমী হইব। তোমার পুত্রগণ পণ্ডিত হইবে। দুর্জনকে ত্যাগ কর। আমাদের সত্য বলা উচিত। আমি কাশীতে থাকিব। ভগবানকে স্মরণ করা উচিত।

৪। শুদ্ধ কর :—রাজা প্রজান্ রক্ষন্তি। পুত্রঃ মাতাম্ অসেবত্। ভবান্ তত্র গচ্ছ। বয়ং কুর্যাৎ। ধনীনঃ নগরম্ অগচ্ছত্। অযোধ্যায়াং রামঃ অজায়ত্। বয়ং চন্দ্রং পশ্যিষ্যামঃ। অহং গৃহে অতিষ্ঠত্।

কারক (Case)

কারকের অর্থ বুঝাইতে প্রথমা প্রভৃতি বিভক্তির ব্যবহার হয়। উহাদিগকে কারক-বিভক্তি বলে। পদের যোগেও বিভক্তির ব্যবহার হয়। উহাদিগকে পদ-বিভক্তি বলে। কারক সম্বন্ধে পূর্বে (২৪ পৃষ্ঠায়) কিছু বলা হইয়াছে। এখানে দৃষ্টান্ত সহ কারকগুলির সংক্ষেপে আলোচনা করা হইতেছে। সংস্কৃত সূত্র সহ অন্যান্য জ্ঞাতব্য দ্বিতীয় ভাগে অন্তর্ভুক্ত।

ক্রিয়ার সহিত যাহার অন্বয় বা সম্বন্ধ আছে, তাহাকে কারক বলে—"ক্রিয়ান্বয়ি কারকম্"। ক্রিয়ার সহিত অন্বয় নাই বলিয়া সম্বন্ধ পদ কারক নহে। সম্বন্ধপদে যে ষষ্ঠী বিভক্তি হয়, উহা কারক-বিভক্তি নহে। কারক ছয়টি—কর্তা, কর্ম, করণ, সম্প্রদান, অপাদান ও অধিকরণ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কর্তা (Nominative)

যে প্রধানভাবে ক্রিয়া সম্পাদন করে, সে কর্তা। কর্তৃবাচ্যে ক্রিয়াপদের প্রয়োগ হইতে কর্তার সংখ্যা ও পুরুষ সম্বন্ধে একটা ধারণা জন্মে। কর্তৃবাচ্যে কর্তায় প্রথমা বিভক্তি হয়, যথা—বালকো বদতি। অশ্বা ধাবন্তি। বয়ং গচ্ছামঃ। তে অপশ্যন্।

বিশেষ দ্রষ্টব্য—বাংলায় কর্তায় ৭মীর ব্যবহার আছে যেমন—লোকে বলে। সংস্কৃতে কিন্তু প্রথমা হইবে—লোকাঃ বদন্তি।

কর্ম (Accusative)

কর্তা যাহা দেখে, যাহা করে, যাহা খায়, যাহা দেয়—ইত্যাদি, তাহা কর্ম কারক। কর্তৃবাচ্যে কর্মে দ্বিতীয়া বিভক্তি হয়। শিশুঃ চন্দ্রং পশ্যতি। কুম্ভকারঃ ঘটং করোতি। বিহগঃ ফলানি খাদতি।

বিশেষ দ্রষ্টব্য—গমন, আরোহণ ও প্রবেশ করা ইত্যাদি ক্রিয়ার যোগে বাংলায় সপ্তমী বিভক্তি স্থানে সংস্কৃতে কর্মে ২য়া হয়। এই ধাতুগুলি সকর্মক। যথা—স গৃহং গচ্ছতি। তে গ্রামং প্রবিশন্তি।

করণ (Instrumental)

ক্রিয়া-সম্পাদনের যাহা সর্বপ্রধান সহায়, তাহা করণ কারক। যেমন দর্শন-ক্রিয়া নিষ্পাদনে চোখই সর্বপ্রধান সহায়। যথা—নেত্রাভ্যাং পশ্যতি নরঃ। লেখন্যা লিখতি ছাত্রঃ। স হস্তেন যচ্ছতি।

সম্প্রদান (Dative)

নিজের স্বত্ব ত্যাগ করিয়া কর্তা যাহাকে কিছু দান করে, তাহাতে সম্প্রদান কারক হয়। সম্প্রদানে চতুর্থী বিভক্তি হয়। যথা—রাজা দরিদ্রায় ধনং যচ্ছতি। দীনেভ্যঃ অন্নং যচ্ছামি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অপাদান (Ablative)

দুইটি বস্তুর মধ্যে যখন একটি অন্যটি হইতে বিশ্লিষ্ট হয় অর্থাৎ দূরে সরিয়া পড়ে, তখন যেটি নিশ্চল থাকে, তাহার নাম অপাদান কারক। অপাদানে পঞ্চমী বিভক্তি হয়। যথা—বৃক্ষাৎ পত্রং পততি।

অধিকরণ (Locative)

ক্রিয়ার যাহা আধার তাহাকে অধিকরণ বলে। অধিকরণে সপ্তমী বিভক্তি হয়। যথা—গৃহে মাতা তিষ্ঠতি। বনে ব্যাঘ্রঃ বসতি।

কখন কখন কাল এবং বিষয় ক্রিয়ার আধার বলিয়া গণ্য হয়। কালাধিকরণ যথা—বর্ষাসু বৃষ্টির্ভবতি। সন্ধ্যায়াম্ সূর্য্যোঽস্তং গচ্ছতি। বিষয়াধিকরণ যথা—স ব্যাকরণে পণ্ডিতঃ। বিদ্যায়াম্ অনুরাগো বিদ্যতে।

বিশেষ দ্রষ্টব্য—ক্রিয়াপদটিকে কে বা কাহাকে বা কিসের দ্বারা ইত্যাদি প্রশ্ন করিয়া কারক নির্ণয় করিতে পারিবে। এ বিষয়ে পূর্বে প্রশ্নসঙ্কেত দেওয়া আছে (পৃষ্ঠা ২৯)। তাহার সাহায্য লইবে।

অনুশীলনী

১। সম্প্রদান, অধিকরণ ও অপাদানের দৃষ্টান্ত সহ সংস্কৃত বাক্য লিখ।

২। ক্রিয়া ব্যতীত নিম্নের পদগুলিতে কোন্ বিভক্তি বল :—
প্রাসাদে রাজা রাজকোষাৎ হস্তেন দরিদ্রেভ্যঃ ধনং যচ্ছতি।

৩। সংস্কৃতে অনুবাদ কর :—লতায় পুষ্প শোভা পাইতেছে। গাছ হইতে শুষ্ক পাতাগুলি পড়িয়াছিল। আমরা কলম দিয়া লিখি। আমি দরিদ্রদিগকে ধন দিব। কাক পাকা ফল খাইতেছে। চোরে চুরি করে। রাত্রিতে অন্ধকার হয়। পূর্ব দিকে সূর্য উদিত হয়। দুঃখীর দুঃখে সাহায্য কর। তাহারা বাগানে প্রবেশ করে। যাহার বিদ্যা নাই তাহার কিছুই নাই। বাঘ গভীর বনে বাস করে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিভক্তি (Case-Ending)

যাহা দ্বারা সংখ্যা ও কারকের বোধ হয়, তাহাকে সুপ্ বিভক্তি বলে। কারকের অর্থ বুঝাইতে কারক-বিভক্তি হয়। কারক ব্যতীত পদের যোগেও বিভক্তি হয়, উহা পদ-বিভক্তি। বিভক্তি সাতটি—প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী।

প্রথমা বিভক্তি

১। কর্তৃবাচ্যে কর্তায় প্রথমা হয়। যথা—বালকো বদতি।

২। যে কোন বস্তু, ব্যক্তি বা প্রাণীর নাম মাত্র বুঝাইতে শব্দের পর প্রথমা বিভক্তি হয়। ইহাকে অভিধেয়মাত্রে প্রথমা বলে। যথা—দেবঃ, বৃক্ষঃ, লতাঃ, ফলম্।

৩। সম্বোধনে প্রথমা বিভক্তি হয়। যথা—হে দেব! হে পিতঃ।

৪। ইতি প্রভৃতি অব্যয়যোগে প্রথমা হয়। যথা—আসীৎ দশরথ ইতি নৃপঃ।

দ্বিতীয়া বিভক্তি

১। কর্তৃবাচ্যে কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—শিশুঃ চন্দ্রং পশ্যতি। স গ্রামং গচ্ছতি।

২। কালবাচক ও পথবাচক শব্দের পর ব্যাপ্ত্যর্থে অর্থাৎ ব্যাপিয়া, ধরিয়া—এই প্রকার অর্থে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—স মাসং ব্যাকরণং পঠতি (এক মাস ধরিয়া—এই অর্থে)। ক্রোশং গিরিস্তিষ্ঠতি (এক ক্রোশ ব্যাপিয়া)।

৩। ক্রিয়া-বিশেষণে দ্বিতীয়ার একবচন ও ক্লীবলিঙ্গ হয়। যথা—অশ্বঃ দ্রুতং ধাবতি। বালিকা মৃদু ভাষতে। স সাদরং বদতি।

৪। তস্-প্রত্যয়ান্ত অভিতঃ (সম্মুখে), পরিতঃ (চারিদিকে) সর্বতঃ (সব স্থানে) ও উভয়তঃ (দুই দিকে) শব্দের যোগে দ্বিতীয়া

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিভক্তি হয়। যথা—গ্রামম্ অভিতো গচ্ছন্তি বিপ্রাঃ। গৃহং পরিতঃ উদ্যানম্। গ্রামং সর্বতঃ জলম্ অস্তি। নদীম্ উভয়তো বৃক্ষাঃ সন্তি।

৫। নিকষা (নিকটে), ধিক্, প্রতি, বিনা, অন্তরা (দুইজনের মধ্যে), অন্তরেণ (ব্যতীত), যাবৎ (পর্যন্ত) শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—পর্বতং নিকষা বনম্। ধিক্ মিথ্যাবাদিনম্। দীনং প্রতি দয়া কার্যা। অধ্যয়নং বিনা বিদ্যা ন ভবতি। রামং শ্যামঞ্চ অন্তরা হরিঃ। শ্রমম্ অন্তরেণ ন সুখম্। নদীং যাবৎ গিরিরস্তি।

তৃতীয়া বিভক্তি

১। করণকারকে তৃতীয়া বিভক্তি হয়—নেত্রাভ্যাং পশ্যতি নরঃ।

২। কর্ম বা ভাববাচ্যে কর্তায় তৃতীয়া হয়। যথা—ময়া চন্দ্রো দৃষ্টঃ। এখানে ক্রিয়ার দ্বারা কর্তার সংখ্যা বা পুরুষের বোধ হয় না বলিয়া অনুক্ত কর্তায় তৃতীয়া বলে। অনুক্ত অর্থাৎ ক্রিয়ার দ্বারা কর্তা উক্ত বা কথিত নহে। কিন্তু কর্তৃবাচ্যে ক্রিয়া হইতেই কর্তার বোধ হয়।

৩। অপবর্গে অর্থাৎ ফলপ্রাপ্তি বুঝাইলে কালবাচক ও পথবাচক শব্দে তৃতীয়া হয়। যথা—স মাসেন ব্যাকরণম্ অপঠত্ (সে একমাসে ব্যাকরণ পড়িয়া জ্ঞান লাভ করিয়াছে)। ক্রোশেন স্তোত্রং পঠিতম্ (এক ক্রোশ যাইতে যাইতে স্তব পড়া হইয়াছে এবং স্তবে জ্ঞান জন্মিয়াছে)।

৪। সহার্থ (সহ, সমম্, সাকম্, সার্ধম্), ঊনার্থ (শূন্য, হীন, ঊন), বারণার্থ (অলম্, কিম্) ও প্রয়োজনার্থ শব্দ এবং বিনা শব্দযোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা-পুত্রেণ সহ (সমম্, সাকম্, সার্ধম্)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizaqtion by eGangotri

পিতা গচ্ছতি। স বিদ্যয়া হীনঃ। বিবাদেন অলম্। অর্থেন প্রয়োজনম্। বিনা পুরুষকারেণ দৈবং ন সিধ্যতি।

৫। তুল্যার্থ (তুল্য, সদৃশ, সম, সমান) শব্দ যোগে তৃতীয়া হয়। যথা—ন হি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে।

৬। কানা, খোঁড়া, প্রভৃতি অর্থে অঙ্গের বিকার বুঝাইলে সেই অঙ্গবাচক শব্দে তৃতীয়া হয়। পাদেন খঞ্জো বৃদ্ধঃ। স কর্ণেন বধিরঃ।

৭। হেতু অর্থে তৃতীয়া হয়। ময়ূরো হর্ষেণ নৃত্যতি। দুঃখেন বালিকা ক্রন্দতি।

৮। প্রকৃতি, জাতি প্রভৃতি শব্দে তৃতীয়া বিভক্তি হয়। যথা চন্দ্রঃ প্রকৃত্যা সুন্দরঃ। স জাত্যা ব্রাহ্মণঃ।

বিশেষ দ্রষ্টব্য—তৃতীয়ান্ত বিশেষ্য পদের দ্বারা যেখানে ক্রিয়া-বিশেষণের মত বোঝায়, সেখানে, বা তৃতীয়ার অন্য কারণ খুঁজিয়া না পাইলে প্রকৃতি প্রভৃতি শব্দে তৃতীয়া বলা যায়। যথা—স বেগেন গচ্ছতি। সুখেন ভোজনং ভবিষ্যতি। বালকাঃ যত্নেন পঠন্তি।

অনুশীলনী

১। শুদ্ধ কর :—মম প্রতি কৃপা। ধনস্য প্রয়োজনম্ অস্তি। মাতুঃ সার্ধং স গচ্ছতি। ছাত্রঃ মৃদুম্ বদতি। নদ্যাঃ নিকষা গৃহম্। বিদ্যায়াঃ বিনা বৃথা জীবনম্। স কর্ণয়োঃ বধিরঃ। ধিক্ অধার্মিকস্য। বনস্য যাবত্ মার্গঃ।

২। সংস্কৃতে অনুবাদ কর :—নদীর নিকটে বন আছে। জ্ঞানের সমান কিছু নাই। সে দুই মাস ধরিয়া ব্যাকরণ পড়িতেছে। দুঃখে বালকটি কাঁদিতেছে। হরিণগুলি জোরে দৌড়ায়। ছাত্রদের সহিত শিক্ষক যাইতেছেন।

৭

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চতুর্থী বিভক্তি

১। সম্প্রদানে চতুর্থী বিভক্তি হয়। যথা—রাজা দরিদ্রেভ্যঃ বস্ত্রাণি যচ্ছতি।

২। তাদর্থ্যে বা নিমিত্তার্থে চতুর্থী হয়। যূপায় দারু।

৩। নমঃ, স্বস্তি (মঙ্গল), স্বাহা, স্বধা ও বষট্ এবং সমর্থার্থক অলম্ প্রভৃতি শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা—নমঃ রুদ্রায়। প্রজাভ্যঃ স্বস্তি। অগ্নয়ে স্বাহা। পিতৃভ্যঃ স্বধা ('স্বধা'—পিণ্ডদানের মন্ত্র)। ইন্দ্রায় বষট্ (বষট্ যজ্ঞের মন্ত্র)। স যুদ্ধায় অলম্ (সমর্থঃ, প্রভুঃ)।

পঞ্চমী বিভক্তি

১। অপাদানে পঞ্চমী বিভক্তি হয়। যথা—বৃক্ষাৎ পত্রাণি পতন্তি।

২। অন্যার্থ (অন্য, ভিন্ন, ইতর, পৃথক্), প্রাক্, পূর্বম্, পরম্ (পরে), বহিঃ, আরাৎ (নিকটে) এবং অবধিবোধক (তখন হইতে বা তখন পর্যন্ত—এই অর্থে) প্রভৃতি, আ ইত্যাদি যোগে ও ঋতে, বিনা ইত্যাদি শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—মিত্রাৎ অন্যঃ (ভিন্নঃ, ইতরঃ, পৃথক) কঃ মাং রক্ষতি? বৃষ্টেঃ প্রাক্(পূর্বম্) তে অগচ্ছন্। ভোজনাৎ পরং ন গচ্ছামি। স গৃহাৎ বহির্গচ্ছতি। বনাৎ আরাৎ নদী। শৈশবাৎ প্রভৃতি (বা আ শৈশবাৎ) বিদ্যা অর্জনীয়া। শ্রমাৎ ঋতে (বা বিনা) বিদ্যা ন ভবতি।

৩। হেতু অর্থে পঞ্চমী বিভক্তি হয়। যথা—স শোকাৎ মৃতঃ।

৪। যাহা অপেক্ষা অন্যের উৎকর্ষ বা অপকর্ষ, তাহাতে পঞ্চমী বিভক্তি হয়—"নিকৃষ্টাদুৎকৃষ্টেৎকর্ষে"। যথা—ধনাৎ বিদ্যা গরীয়সী।

সংস্কৃতে অনুবাদ অনুশীলন—গুরুকে নমস্কার। আমি জ্ঞানের জন্য পড়ি। গ্রামের বাহিরে তাহার বাস। ক্ষুধার্তকে অন্ন দাও। বাল্যকাল হইতে সে অন্ধ। বালকটি আনন্দে নাচিতেছে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

ষষ্ঠী বিভক্তি

১। সাধারণ ভাবে কোন না কোন সম্বন্ধ বুঝাইতে শব্দের পর ষষ্ঠী বিভক্তি হয়। সম্বন্ধ পদটির সহিত ক্রিয়াপদের অন্বয় হয় না বলিয়া ইহা কারক নহে। যথা—মম হস্তী। তস্য পুস্তকম্। তব পিতা।

২। তুলনা বুঝাইতে তুল্যার্থ (সম, তুল্য, সমান, সদৃশ) শব্দ যোগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—বিদ্যায়াঃ তুল্যং ধনং নাস্তি।

৩। জাতি, গুণ বা ক্রিয়ার বৈশিষ্ট্যবশতঃ বহুর মধ্যে একটিকে বাছিয়া লইলে নির্ধারণ করা বলে। যাহার মধ্য হইতে এইরূপ নির্ধারণ করা হয়, তাহাতে ষষ্ঠী বিভক্তি হয়। উহাকে নির্ধারণে ষষ্ঠী বলে। যথা—কবীনাং কালিদাসঃ শ্রেষ্ঠঃ। প্রাণিনাং মানুষঃ শ্রেষ্ঠঃ।

সপ্তমী বিভক্তি

১। অধিকরণে সপ্তমী বিভক্তি হয়। যথা—বনে সিংহো বসতি। বর্ষাসু বৃষ্টির্ভবতি। স ব্যাকরণে পণ্ডিতঃ।

২। নির্ধারণে সপ্তমী বিভক্তি হয়। যথা—কবিষু কালিদাসঃ শ্রেষ্ঠঃ।

বিভক্তির প্রয়োজনীয় সঙ্কেত

(১) প্রথমা—কর্তৃবাচ্যে কর্তায় ও নাম বুঝাইতে প্রথমা।

(২) দ্বিতীয়া—কর্তৃবাচ্যে কর্মে, ক্রিয়াবিশেষণে ও 'ব্যাপিয়া' অর্থে কালবাচক শব্দে, এবং বিনা, প্রতি, ধিক্, নিকষা যোগে দ্বিতীয়া।

(৩) তৃতীয়া—করণে ও কর্মবাচ্যে বা ভাববাচ্যে কর্তায়, এবং অন, বারণ, প্রয়োজন, সহ, তুল্যার্থ শব্দযোগে ও হেতু অর্থে তৃতীয়া।

(৪) চতুর্থী—সম্প্রদানে, নিমিত্তার্থে, নমঃ, সমর্থ-বাচক শব্দযোগে।

(৫) পঞ্চমী—অপাদানে, হেতু ও অপেক্ষা অর্থে, এবং অন্য, প্রাক্, বহিঃ, আরাৎ, আ শব্দযোগে পঞ্চমী।

(৬) ষষ্ঠী—সম্বন্ধে ও নির্ধারণে ষষ্ঠী।

(৭) সপ্তমী—স্থান, কাল ও বিষয়বাচক অধিকরণে ও নির্ধারণে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

একই কারণে একাধিক বিভক্তি

(১) বিনা শব্দযোগে—২য়া, ৩য়া, ৫মী। (২) হেতু অর্থে—৩য়া, ৫মী। (৩) তুল্যার্থ শব্দযোগে—৩য়া, ৬ষ্ঠী। (৪) নির্ধারণে—৬ষ্ঠী, ৭মী।

অর্থের পার্থক্যে ভিন্ন বিভক্তি

(১) 'ব্যাপিয়া'—এই অর্থে কালবাচক শব্দে ২য়া—স মাসং ব্যাকরণং পঠতি (এক মাস ধরিয়া সে ব্যাকরণ পড়িতেছে)।

ফললাভ বুঝাইলে (অপবর্গে) কালবাচক শব্দে ৩য়া—স মাসেন ব্যাকরণং পঠতি (একমাসে ব্যাকরণ পড়িয়া জ্ঞানলাভ করিতেছে)।

(২) বারণার্থক অলম্ যোগে ৩য়া—বিবাদেন অলম্—(এই বাক্যে, বিবাদ যাহাতে না হয়, সেইজন্য বারণ করা হইতেছে)।

সমর্থার্থক অলম্ যোগে ৪র্থী—স বিবাদায় অলম্ (অর্থাৎ সমর্থ)।

অনুশীলনী

১। ক্রিয়াবিশেষণে ২য়া, হেতু অর্থে ৩য়া, নিমিত্তার্থে ৪র্থী, অনুক্ত কর্তায় ৩য়া, নির্ধারণে ৬ষ্ঠীর দৃষ্টান্ত দিয়া বাক্য লিখ।

২। শুদ্ধ কর :—পিতাঃ মাং পুস্তকং যচ্ছতি। গিরেঃ অভিতো বনম্। রাত্রৌ গৃহস্য বহির্ন তিষ্ঠেৎ। নমো শ্রীমহাদেবম্। পক্ষীষু বায়সো ধূর্তম্। নদীম্ আরাৎ গ্রামং তিষ্ঠতি। মে ধনস্য কিং প্রয়োজনম্ ?

৩। পার্থক্য দেখাও :—বিবাদেন অলম্, বিবাদায় অলম্।

৪। সংস্কৃতে অনুবাদ কর :—সরযূ নদীর তীরে অযোধ্যাপুরী। অযোধ্যায় দশরথ নামে রাজা ছিলেন। রাম তাঁহার জ্যেষ্ঠ পুত্র। পিতার আদেশে রাম রাজ্যের বাহিরে যান। তিনি বনে গিয়াছিলেন। সীতা তাঁহার সহিত গিয়াছিলেন। বাল্যকাল হইতে পিতার প্রতি তাঁহার ভক্তি ছিল। রামের মত অন্য কেহ বীর নাই। রাম কর্তৃক রাবণ নিহত হন।

॥ প্রথম ভাগ সম্পূর্ণ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সংস্কৃত

ব্যাকরণ-উপক্রমণিকা

ও

অনুবাদ-শিক্ষা

—∘∗)★(∗∘—

দ্বিতীয় ভাগ

[দ্বিতীয় ভাগে ক্রমিক ধারায় পাঠোপযোগী অবশিষ্ট শব্দরূপ, গণভেদে ধারাবাহিক ধাতুরূপ এবং বাচ্য, কারক ও বিভক্তি প্রভৃতির অন্যান্য জ্ঞাতব্য সহ স্ত্রী-প্রত্যয়, সমাস ও কৃৎ তদ্ধিতের পরিচয় দেওয়া হইবে।]

সন্ধি

পুনরনুশীলন

প্রথম ভাগে সন্ধির সূত্র, দৃষ্টান্ত ও সঙ্কেত শেখান হইয়াছে। এখানে কয়েকটি নূতন কথা বলিব। প্রয়োজনীয় বিষয়ে কিছুটা পুনরালোচনার সুযোগও দেওয়া হইবে। এইরূপে পুনঃ পুনঃ অভ্যাসের সাহায্যে সন্ধির নিয়ম আয়ত্ত করিবে। এই উদ্দেশ্যে প্রশ্নাবলীও দেওয়া হইতেছে।

উচ্চারণের সুবিধার জন্য অতি স্বাভাবিক ভাবেই বর্ণ দুইটির সন্ধি বা মিলন হইয়া থাকে। নন্ + ছবিঃ—এই দুইটি শব্দ তাড়াতাড়ি পড়িলে আপনা হইতেই পরবর্তী তালব্য বর্ণের সহিত পূর্বের দন্ত্য বর্ণ মিলিয়া মিশিয়া তালব্য বর্ণ হইয়া যায়। এইরূপ বাক্ + দেবী = বাগ্‌দেবী, পরি + ছেদঃ = পরিচ্ছেদঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বাক্যে যে সন্ধি করিতেই হইবে,—এমন কোন কথা নাই। কিন্তু পাঠের সুবিধার জন্য বা প্রয়োগটিকে শ্রুতিমধুর করিয়া তুলিতে সন্ধির ব্যবহার প্রায়ই দেখা যায়। তোমাদের পাঠ্য গল্পগুলিতে প্রায়ই সন্ধির প্রয়োগ আছে। অবশ্য শ্রুতিকঠোর সন্ধি না করাই উচিত। বাল্মীকি: আশ্রম: না বলিয়া বাল্মীকিরাশ্রম: বলিলে পড়িবার সুবিধা হয় এবং উহা শুনিতেও ভাল লাগে।

সংস্কৃত অনুবাদে বা সংস্কৃত ভাষায় কিছু লিখিতে হইলে যথাসম্ভব জানা সন্ধির প্রয়োগ করিতে চেষ্টা করিবে। অবশ্য ভুল সন্ধি করার চাইতে সন্ধি না করাই ভাল।

অবশ্যকরণীয় সন্ধির স্থল

১। ধাতু বা ধাতুঘটিত শব্দে পূর্বে উপসর্গের যোগে সন্ধি নিত্য। যথা—প্র + অনমত্ = প্রাণমত্ (অবশ্য মূর্ধন্য হইয়াছে), আ + অগচ্ছত্ = আগচ্ছত্, পরি + ঈক্ষা = পরীক্ষা, পরি + অপালয়ত্ = পর্যপালয়ত্, নি: + চিতম্ = নিশ্চিতম্, অধি + ইত: = অধীত:। লঙ্-এ 'অ' আগম হয়, উপসর্গ কিন্তু তারও পূর্বে সন্ধির নিয়মে যুক্ত হইবে। অতএব অপ্রণমত্ পদটি ভুল (প্রাণমত্ হইবে)।

২। সমাসে সন্ধি নিত্য। যথা—বিদ্যালয়:, মহেশ:, নদ্যম্বু, দশানন:, নীলোত্পলম্।

৩। পদ্যে সন্ধি প্রায়ই নিত্য। যথা—বিদ্বত্ত্বঞ্চ নৃপত্বঞ্চ নৈব তুল্যং কদাচন। অবশ্য ক্বচিৎ ব্যতিক্রমও আছে।

পদ্য পড়িবার সময় কখনও সন্ধি ভাঙ্গিয়া পড়িবে না, উহাতে ছন্দঃ নষ্ট হয়—মুখস্থ করিবার অসুবিধা ঘটে, লিখিবার সময় বানান ভুল হয়। তবে অর্থ বুঝিবার সময় সন্ধি ভাঙ্গিতে পার।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্বরসন্ধি

১। এক স্থান হইতে উচ্চারিত অ আ, ই ঈ, উ ঊ, ঋ ৠ, দুই সবর্ণ বর্ণ মিলিয়া দীর্ঘ হয়। তাই বলিয়া এ+এ=ঐ হয় না। উহাদের সন্ধির নিয়ম প্রথম ভাগে একবার দেখিয়া লও।

২। পূর্বে অ আ, এবং পরে ই ঈ, উ ঊ, ঋ থাকিলে উভয় মিলিয়া পরবর্ণের গুণ (পূর্ণ+ইন্দুঃ=পূর্ণেন্দুঃ) এবং এ ঐ ও ঔ পরে থাকিলে উভয় মিলিয়া পরবর্ণের বৃদ্ধি (সদা+এব=সদৈব) হয়। পার্থক্য লক্ষ্য রাখিবে, যেমন লতেব=লতা+ইব, লতৈব=লতা+এব।

৩। অসবর্ণ পরে থাকিলে ই ঈ স্থানে য্, উ ঊ স্থানে ব্, ও ঋ স্থানে র্ বিশেষ ভাবে মনে রাখিবে—স্বাগতম্, মাত্রাদেশঃ।

৪। ১মা ২য়ার দ্বিবচনে অনেক পদের শেষে দীর্ঘ ঈ, দীর্ঘ ঊ বা এ থাকে। এই বর্ণগুলির সন্ধি হয় না। সাধু এতৌ, লতে ইমে। আত্মনেপদী ধাতুর লট্ আতে বা লৃট্ স্যেতে যোগে দ্বিবচন নিষ্পন্ন এ-কারান্ত পদের বর্ণেও সন্ধি হয় না। যথা—সেবেতে ইমৌ, যাচেতে অর্থম্।

ব্যঞ্জনসন্ধি

১। ব্যঞ্জনসন্ধিতে পূর্ববর্ণটির তৃতীয় বর্ণে রূপান্তরের নিয়ম আয়ত্ত রাখিবে। ইহার প্রয়োগ খুব বেশী।

২। সংস্কৃতে পূর্ববর্ণের শেষে ম্ বা হসন্ ন্ প্রায়ই থাকে। ইহাদের সন্ধি প্রয়োগে ছাত্ররা প্রায়ই ভুল করে। ম্ অনুস্বার হয় ব্যঞ্জন-বর্ণ পরে থাকিলে, কিন্তু স্বরবর্ণ পরে থাকিলে কখনও ম্ স্থানে অনুস্বার হয় না। 'চ', 'চিৎ', 'চন' প্রভৃতি প্রয়োগ সংস্কৃতে খুবই দেখা যায়। ম্+চ্=ঞ্চ্—ইহা মনে রাখিবে। কিম্+চিৎ=কিঞ্চিৎ। কিন্তু ন্+চ্=ংশ্চ্, যথা—কস্মিন্+চিৎ=কস্মিংশ্চিৎ।

৩। ন্+স্বরবর্ণ=ন্-এর দ্বিত্ব এবং স্বরবর্ণের যোগ। কিন্তু ন্ এর পূর্বে হ্রস্বস্বর থাকা চাই। তস্মিন্+অন্তরে=তস্মিন্নন্তরে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিসর্গসন্ধি

শব্দরূপে পদের শেষে প্রায়ই বিসর্গ থাকে। অতএব বিসর্গসন্ধির নিয়ম বিশেষ আয়ত্ত রাখিবে। খুব বেশীর ভাগ বর্ণের সঙ্গেই বিসর্গের সন্ধি হয়। মাত্র ক্ খ্ প্ ফ্ পরে থাকিলে সাধারণতঃ পূর্বের বিসর্গের সন্ধি হয় না। অতএব বিসর্গসন্ধির ক্ষেত্রটি খুবই ব্যাপক। বিসর্গসন্ধির নিয়ম-সঙ্কেত প্রথম ভাগ হইতে একবার দেখিয়া লও। 'হ্' পরে থাকিলে 'য্' হয়—ইহা মনে রাখিবে। র্-জাত বিসর্গের নিয়মগুলি বিশেষ লক্ষণীয় :—পুনঃ + মূষিকঃ = পুনর্মূষিকঃ। র্ পরে থাকিলে পরের র্-এর লোপ এবং পূর্ব স্বর দীর্ঘ—ইহা খুবই দরকারী। সন্ধিবিচ্ছেদের সময় দেখিবে—র্-এর পূর্বে দীর্ঘস্বর আছে কিনা, তাহা হইলে পূর্বস্বর হ্রস্ব করিয়া বিসর্গ + পরের র্—এইরূপে সন্ধি ভাঙ্গিবে। চক্ষূরোগঃ = চক্ষুঃ + রোগঃ।

অনুশীলনী

১। সন্ধি কর :—পিতৃ+इच्छा। ते+अत्र। साधो+अत्र। हसन्+आगच्छति। मुनी+इमौ। पुनः+अपि। बालकाः+अत्र। अग्निः+दहति। वायुः+चलति। शय्ये+इमे। हरिः+राजते। कस्याम्+चित्+रात्रौ। अस्माभिः+निर्मिताः+नीड़ाः।

২। সন্ধিবিচ্ছেদ কর :—मृन्मयः, रवा उदिते, एतस्मिन्नन्तरे, मातूरोदनम्, मातेव, तवैव, स वदति, पुना रामः।

৩। শুদ্ধ কর :—सौ राजा गृहं आगच्छत। हे मातो रक्ष माम्। कश्चित् विहगान् पश्यामि। मुन्येतौ दयालु।

৪। বিকল্প সন্ধির পদ বল :—महांश्छशकः, सूर्य उदिते, द्वावेव, जगन्नाथः, किं करोमि, त एव।

———

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পদ, কারক ও বিভক্তি

পুনরনুশীলন

প্রথম ভাগে সন্ধি, শব্দরূপ, বিশেষ্য বিশেষণ, ক্রিয়া-কারক-ভাব ও বিভক্তির আলোচনা আছে। তাহার কিছুটা পুনরালোচনার জন্য পঠিত বিষয়ে নিম্নের প্রশ্নাবলী দেওয়া হইল। অন্যান্য জ্ঞাতব্য পরে দ্রষ্টব্য।

অনুশীলনী

১। শুদ্ধ কর :—रामः मातृन् प्रणमति। स दूषितं वारिं पिवति। नमो विष्णाय देवाय। महाराज्ञः त्रयः कन्याः। गुणीनां गुणानि। तरुस्य शाखायां वायसः। दुहितया सह माता गच्छति। वधूः गृहस्य लक्ष्मी। राजा दशरथस्य चत्वारः पुत्राः। गभीरे रात्रे शिशुः क्रन्दति। एते बुद्धिमानाः छात्राः। आकाशे उज्ज्वलाः नक्षत्राणि। तीव्रम् अग्निः। शान्तः शिशू। महान् पर्वतात्। स मृदुं भाषति। भ्रातृनां धनम्। पूजनीयः विप्राय। भगवानं नित्यं स्मरामि। पूर्वस्मिन् दिशि। वन्धुः प्रीतिपात्रः। चन्द्रस्य किरणैभिः आलोकितः दिशः। तेषु लतासु पुष्पानि सन्ति। प्राते द्वौ छात्रौ भ्रमति। उद्यानस्य पश्चाते मम गृहम्। ते ग्रामे वसिष्यन्ति। वयं मातां नमामि। तौ प्रश्नं पृच्छति। सुहृदानां सङ्गं करेत्। वर्षायां नदी वेगेन गच्छति। मिथ्या न वक्तव्या।

২। সংস্কৃত পদ বল :—পোষাক, বাড়ী, সহর, বাগান, রাজা, মন্ত্রী, বাবা, ভাই, বোন, বই, চাকর, ভালবাসা (বিশেষ্য), কুকুর, পাখী, সাপ, পাপ, পুণ্য, ধর্ম, প্রাণ, পাহাড়, বাতাস, চাঁদ।

৩। নিম্নের পদগুলি লইয়া সংস্কৃত বাক্য রচনা কর :—

धिक्, यावत्, सार्धम्, किम्, अलम् (যোগে চতুর্থী), आरात्, ऋते, विना, प्राक्, इति, सदृशः।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৪। কারণ দেখাইয়া শুদ্ধ কর :—अम्बे मां धनं यच्छ। दातृस्य धनं उपकाराय। ते धनस्य किं प्रयोजनम्। अश्वः द्रुतेन धावति। वानरः वृक्षे आरोहन्ति। कविभ्यः रवीन्द्रनाथो श्रेष्ठः। मम प्रति भगवानस्य कृपा। पर्वतस्य निकया नदी। त्रयः शिष्यैः सह शिक्षकः गच्छति। तस्मै देव्यै नमो नमः। स तम् अन्यं वस्त्रं यच्छति। सम्राटस्य महिमा अपारा। एषो दरिद्रो ग्रामस्य वहिस्तिष्ठति। रामः सीतायाः सह वनं अगच्छत्। तव प्रति अहं तुष्टः। पूजयेत् महान्तः जनान्। मे मित्रं गतवान्। हे महाराजन् भवान् आगच्छ। वृक्षस्य उपरे विहगा अतिष्ठन्ति। सो वृद्धः नेत्रयोः अन्धः। मम अतीवं मनोकष्टम्। ये धर्मस्य हीनाः तेषां का गतिः। आपदे सखा सहायः। पश्चिमस्यां दिशि सूर्योऽस्तं गच्छति।

শব্দরূপ

স্বরান্ত পুংলিঙ্গ

आ-कारान्त—विश्वपा (বিশ্বের পালনকর্তা) [World's Protector]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	विश्वपाः	विश्वपौ	विश्वपाः
द्वितीया	विश्वपाम्	विश्वपौ	विश्वपः
तृतीया	विश्वपा	विश्वपाभ्याम्	विश्वपाभिः
चतुर्थी	विश्वपे	विश्वपाभ्याम्	विश्वपाभ्यः
पञ्चमी	विश्वपः	विश्वपाभ्याम्	विश्वपाभ्यः
षष्ठी	विश्वपः	विश्वपोः	विश्वपाम्
सप्तमी	विश्वपि	विश्वपोः	विश्वपासु

गोपा (রাখাল) প্রভৃতি আ-কারান্ত পুংলিঙ্গ এইরূপ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দীর্ঘ ঈ-কারান্ত—सुधी (পণ্ডিত) [Intelligent, Learned Person]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	सुधीः †	सुधियौ	सुधियः
द्वितीया	सुधीयम्	सुधियौ	सुधियः
तृतीया	सुधिया	सुधीभ्याम्	सुधीभिः
चतुर्थी	सुधिये	सुधीभ्याम्	सुधीभ्यः
पञ्चमी	सुधियः	सुधीभ्याम्	सुधीभ्यः
षष्ठी	सुधियः	सुधियोः	सुधियाम्
सप्तमी	सुधियि	सुधियोः	सुधीषु

লক্ষ্য কর—'धी' স্থানে 'धिय्' হইলে হ্রস্ব ই-কার হয়। সম্বোধন একবচনে—सुधीः। सेनानी, अग्रणी, ग्रामणी প্রভৃতি ভিন্ন দীর্ঘ ঈ-কারান্ত পুংলিঙ্গ (हृतधी, सुश्री) ইত্যাদি শব্দের রূপ सुधी শব্দের ন্যায়।

বিশেষ দ্রষ্টব্য—শব্দরূপের লক্ষণীয় পদগুলিকে এই (†) চিহ্নে চিহ্নিত করা হইল। সম্বোধনে প্রায়ই প্রথমার মত রূপ। কেবল পার্থক্যস্থলেই রূপটি দেখান হইবে।

सेनानी—(সেনাপতি) [Commander of army]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	सेनानीः †	सेनान्यौ	सेनान्यः
द्वितीया	सेनान्यम् †	सेनान्यौ	सेनान्यः
तृतीया	सेनान्या	सेनानीभ्याम्	सेनानीभिः
चतुर्थी	सेनान्ये	सेनानीभ्याम्	सेनानीभ्यः
पञ्चमी	सेनान्यः	सेनानीभ्याम्	सेनानीभ्यः
षष्ठी	सेनान्यः	सेनान्योः	सेनान्याम् †
सप्तमी	सेनान्याम्	सेनान्योः	सेनानीषु

अग्रणी, ग्रामणी প্রভৃতি শব্দের রূপ এই প্রকার।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দীর্ঘ উ-কারান্ত—প্রতিভূ (জামিন) [Surety]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	প্রতিভূঃ †	প্রতিভুবৌ	প্রতিভুবঃ
দ্বিতীয়া	প্রতিভুবম্	প্রতিভুবৌ	প্রতিভুবঃ
তৃতীয়া	প্রতিভুবা	প্রতিভূভ্যাম্	প্রতিভূভিঃ
চতুর্থী	প্রতিভুবে	প্রতিভূভ্যাম্	প্রতিভূভ্যঃ
পঞ্চমী	প্রতিভুবঃ	প্রতিভূভ্যাম্	প্রতিভূভ্যঃ
ষষ্ঠী	প্রতিভুবঃ	প্রতিভুবোঃ	প্রতিভুবাম্
সপ্তমী	প্রতিভুবি	প্রতিভুবোঃ	প্রতিভূষু

লক্ষ্য কর—'ভূ' স্থানে 'ভুব্' হইলে হ্রস্ব উ-কার হইবে।

স্বয়ম্ভূ প্রভৃতি দীর্ঘ উ-কারান্ত শব্দের রূপ এই প্রকার।

ও-কারান্ত—গো (গরু) [Bull, Cow]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	গৌঃ †	গাবৌ †	গাবঃ
দ্বিতীয়া	গাম্ †	গাবৌ	গাঃ †
তৃতীয়া	গবা	গোভ্যাম্	গোভিঃ
চতুর্থী	গবে	গোভ্যাম্	গোভ্যঃ
পঞ্চমী	গোঃ	গোভ্যাম্	গোভ্যঃ
ষষ্ঠী	গোঃ	গবোঃ	গবাম্
সপ্তমী	গবি	গবোঃ	গোষু

যাবতীয় ও-কারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ এই প্রকার।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুবাদ আদর্শ

সেনাবৃন্দের সহিত সেনানী যুদ্ধের জন্য যাইতেছেন—सेनाभिः सह सेनानीः युद्धाय गच्छति। সুধী ব্যক্তিগণ বিপদে অধীর হন না—सुधियः विपदि अधीराः न भवन्ति। রাজা মুনিকে গরু দান করিয়াছিলেন—राजा मुनये गाम् अयच्छत्।

অনুশীলনী

১। সুধী ও গো শব্দের ১মা, ২য়া ও ৭মীর রূপ লিখ।

২। সংস্কৃতে অনুবাদ কর :—সুধীগণ যাইতেছেন। গরু উপকারী জন্তু। গরুর চারিটি পা। সেনানীর সহিত যুদ্ধ হইয়াছিল। সুধীগণের সভায় আমি ছিলাম। গরুগুলি মাঠে ঘাস খাইতেছে।

৩। শুদ্ধ কর :—हे सुधि! अहं गावः पश्यामि। ते प्रतिभूवः। सुधीन् पृच्छ। गोस्य दुग्धं सुमिष्टम्।

স্বরান্ত স্ত্রীলিঙ্গ

भू (পৃথিবী) শব্দ प्रतिभू শব্দের মত, কিন্তু ৪র্থী হইতে ৭মী পর্যন্ত একবচনে যথাক্রমে বিকল্পে भुवै, भुवाः, भुवाः, भुवाम् ও ৬ষ্ঠীর বহুবচনের বিকল্পে भूनाम् হয়। भ्रू শব্দের রূপও এই প্রকার।

स्त्री—(স্ত্রী, নারী) [Wife, Woman]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	स्त्री †	स्त्रियौ	स्त्रियः †
द्वितीया	स्त्रियम्, स्त्रीम् †	स्त्रियौ	स्त्रियः, स्त्रीः †
तृतीया	स्त्रिया †	स्त्रीभ्याम्	स्त्रीभिः
चतुर्थी	स्त्रियै	स्त्रीभ्याम्	स्त्रीभ्यः
पञ्चमी	स्त्रियाः	स्त्रीभ्याम्	स्त्रीभ्यः
षष्ठी	स्त्रियाः	स्त्रियोः	स्त्रीणाम् †
सप्तमी	स्त्रियाम्	स्त्रियोः	स्त्रीषु

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সম্বোধনে একবচনে—স্ত্রি। 'স্ত্রী' স্থানে 'স্ত্রিয়্' হইলে হ্রস্ব ই-কার।

শ্রী শব্দ প্রায় সুধী শব্দের মত। ১মার একবচনে শ্রীঃ। ৪র্থী, ৫মী ৬ষ্ঠী ও ৭মীর একবচনে এবং ৬ষ্ঠীর বহুবচনে বিকল্পে স্ত্রী শব্দের মত।

অনুশীলনী

১। স্ত্রী শব্দের ২য়ার ও শ্রী শব্দের ৬ষ্ঠীর রূপ বল।

২। সংস্কৃতে অনুবাদ কর:—সীতা রামের স্ত্রী। চাঁদের অপূর্ব শ্রী দেখিলাম। ঈশ্বর ভূ সৃষ্টি করিয়াছেন (অসৃজত্)। স্ত্রীর সেবায় পতি তুষ্ট। তিনটি স্ত্রীলোক স্নানের জন্য নদীতে যাইতেছে। স্ত্রীদিগের পতিই গুরু।

স্বরান্ত ক্লীবলিঙ্গ

দধি—(দধি) [Curd]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	দধি	দধিনী	দধীনি
দ্বিতীয়া	দধি	দধিনী	দধীনি
তৃতীয়া	দধ্না †	দধিভ্যাম্	দধিভিঃ
চতুর্থী	দধ্নে	দধিভ্যাম্	দধিভ্যঃ
পঞ্চমী	দধ্নঃ	দধিভ্যাম্	দধিভ্যঃ
ষষ্ঠী	দধ্নঃ	দধ্নোঃ	দধ্নাম্
সপ্তমী	দধ্নি, দধনি †	দধ্নোঃ	দধিষু
সম্বোধনম্	দধি, দধে		

অক্ষি (চোখ), অস্থি (হাড়) ও সক্থি (জানু) শব্দ এইরূপ।

শুচি (পবিত্র) শব্দ বারি শব্দের মত, কিন্তু ৪র্থীর একবচন হইতে ৭মীর একবচন পর্যন্ত ও ৬ষ্ঠী ৭মীর দ্বিবচনে বিকল্পে মুনি শব্দের মত।

হ্রস্ব ই-কারান্ত ক্লীবলিঙ্গ বিশেষণ মাত্রেই শুচি শব্দের মত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্বাদু (স্বাদযুক্ত) শব্দ মধু শব্দের মত, কিন্তু ৪র্থীর একবচন হইতে ৭মীর একবচন পর্যন্ত ও ৬ষ্ঠী ৭মীর দ্বিবচনে বিকল্পে পুংলিঙ্গের সাধু শব্দের মত।

হ্রস্ব উ-কারান্ত ক্লীবলিঙ্গ বিশেষণ মাত্রেই স্বাদু শব্দের মত।

ধাতৃ (সৃষ্টিকর্তৃ) [Creator]

প্রথমা, দ্বিতীয়া	ধাতৃ	ধাতৃণী	ধাতৃণি

অন্যান্য বিভক্তিতে দাতৃ শব্দের মত। কেবল ৩য়া হইতে এক-বচনের পদগুলিতে ও ৬ষ্ঠী ৭মীর দ্বিবচনে বিকল্পে বারি শব্দের দৃষ্টান্তেও রূপ হয়, যথা—ধাতৃণা। ঋ-কারান্ত ক্লীবলিঙ্গ ধাতৃ শব্দের ন্যায়।

অনুবাদ আদর্শ

স্বরান্ত ক্লীবলিঙ্গের মিশ্রণে

সে পায়ে খোঁড়া চোখে কানা—স পাদেন খঞ্জঃ অক্ষ্ণা চ কাণঃ।
ভ্রমর স্বাদু মধু পান করে—ভ্রমরঃ স্বাদু মধু পিবতি।
দধিতে আমার রুচি নাই—দধ্নি মম রুচির্নাস্তি।
গঙ্গার জল পবিত্র—গঙ্গায়াঃ সলিলং শুচি।

অনুশীলনী

১। দধি ও ধাতৃ (ক্লীবলিঙ্গে) শব্দের রূপ লিখ।

২। শুদ্ধ কর:—খাদুম্ অন্নম্। স দধিনা সহ অন্নং খাদতি। শুচিনী বস্তুনি। দধী রুচিঃ। বৃদ্ধঃ অক্ষিণা কাণঃ।

৩। সংস্কৃতে অনুবাদ কর:—গঙ্গার বারি শীতল ও শুচি। তোমাকে দই দিব কি? স্বাদু খাদ্যে সকলেরই রুচি আছে। ছেলেটি এক চোখে কানা। দুই চোখের ভ্রূ আছে। দধিতে শরীরের পুষ্টি হয়। তাহার পায়ের হাড় ভাঙ্গা। স্বাদু ফলগুলি। উদ্যানে বহু ফুল প্রস্ফুটিত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্যঞ্জনান্ত শব্দ

পুংলিঙ্গ

বিশেষ দ্রষ্টব্য—ব্যঞ্জনান্ত শব্দের রূপে সাধারণতঃ তৃতীয়া বিভক্তি পর্যন্ত পদগুলি অভ্যাস করিলেই চলে। ব্যঞ্জনান্ত শব্দরূপের যে সঙ্কেতগুলি প্রথম ভাগে দেওয়া আছে, তাহাদের সাহায্যে অন্য পদগুলি অনায়াসেই ছাত্রছাত্রী বলিতে পারিবে। একবারটি সঙ্কেতগুলি দেখিয়া লও (পৃষ্ঠা ৪৯)। দুইটি নিয়ম বিশেষ ভাবে মনে রাখিবে :—ন্‌ভাগান্ত শব্দে ভ্যাম্‌, ভিঃ, ভ্যঃ ও সপ্তমীর সু বিভক্তির পূর্বে 'ন্‌' লুপ্ত হয়, আর শব্দের শেষে 'চ্‌' 'জ্‌' প্রায়ই সপ্তমীর সু-যোগে ক্ষু হইয়া যায়।

দুই একটি স্থলে তৃতীয়া পর্যন্ত রূপ ও ৭মীর বহুবচন দেখান হইবে, যাহাতে পাঠার্থী অবশিষ্ট পদগুলি বলিতে অভ্যাস করে।

জলমুচ্‌—(মেঘ) [Cloud]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	জলমুক্‌ †	জলমুচৌ †	জলমুচঃ
দ্বিতীয়া	জলমুচম্‌	জলমুচৌ	জলমুচঃ
তৃতীয়া	জলমুচা	জলমুগ্‌ভ্যাম্‌	জলমুগ্‌ভিঃ
চতুর্থী	জলমুচে	জলমুগ্‌ভ্যাম	জলমুগ্‌ভ্যঃ
পঞ্চমী	জলমুচঃ	জলমুগ্‌ভ্যাম্‌	জলমুগ্‌ভ্যঃ
ষষ্ঠী	জলমুচঃ	জলমুচোঃ	জলমুচাম্‌
সপ্তমী	জলমুচি	জলমুচোঃ	জলমুক্ষু

প্রাচ্‌, প্রত্যচ্‌ ও উদচ্‌ ভিন্ন পয়োমুচ্‌ (মেঘ), বারিমুচ্‌ প্রভৃতি পুংলিঙ্গ ও ত্বচ্‌, বাচ্‌ (বাক্য) প্রভৃতি স্ত্রীলিঙ্গ শব্দ এই প্রকার।

† লক্ষণীয় পদগুলি এই (†) চিহ্নে চিহ্নিত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

प्राच्—(পূর্ব) [Eastern]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	प्राङ् †	प्राञ्चौ †	प्राञ्चः
द्वितीया	प्राञ्चम्	प्राञ्चौ †	प्राचः †

অন্যান্য বিভক্তিতে জলমুচ্ শব্দের মত।

प्रत्यच्—(পশ্চিম) [Western]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	प्रत्यङ् †	प्रत्यञ्चौ †	प्रत्यञ्चः
द्वितीया	प्रत्यञ्चम्	प्रत्यञ्चौ	प्रतीचः †
तृतीया	प्रतीचा	प्रत्यग्भ्याम् †	प्रत्यग्भिः
चतुर्थी	प्रतीचे	प्रत्यग्भ्याम्	प्रत्यग्भ्यः
पञ्चमी	प्रतीचः	प्रत्यग्भ्याम्	प्रत्यग्भ्यः
षष्ठी	प्रतीचः	प्रतीचोः	प्रतीचाम्
सप्तमी	प्रतीचि	प्रतीचोः	प्रत्यक्षु †

तिर्यच्—(বক্রগতি বিশিষ্ট) [Oblique]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	तिर्यङ् †	तिर्यञ्चौ	तिर्यञ्चः
द्वितीया	तिर्यञ्चम्	तिर्यञ्चौ	तिरश्चः †
तृतीया	तिरश्चा	तिर्यग्भ्याम् †	तिर्यग्भिः
चतुर्थी	तिरश्चे	तिर्यग्भ्याम्	तिर्यग्भ्यः
पञ्चमी	तिरश्चः	तिर्यग्भ्याम्	तिर्यग्भ्यः
षष्ठी	तिरश्चः	तिरश्चोः	तिरश्चाम्
सप्तमी	तिरश्चि	तिरश्चोः	तिर्यक्षु

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

युवन्—(যুবা) [Youngman]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	युवा †	युवानौ	युवानः
द्वितीया	युवानम्	युवानौ	यूनः †
तृतीया	यूना	युवभ्याम् †	युवभिः
चतुर्थी	यूने	युवभ्याम्	युवभ्यः
पञ्चमी	यूनः	युवभ्याम्	युवभ्यः
षष्ठी	यूनः	यूनोः	यूनाम्
सप्तमी	यूनि	यूनोः	युवसु †
सम्बोधनम्	युवन्		

লক্ষ্য কর—যেখানে 'যু' এর পরে 'ন্', সেখানে দীর্ঘ উ-কার হয় (যূনঃ)। কিন্তু যেখানে 'যু' এর পরেই বা বা ব, সেখানে হ্রস্ব উ-কার।

श्वन्—(কুকুর) [Dog]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	श्वा †	श्वानौ	श्वानः
द्वितीया	श्वानम्	श्वानौ	शुनः
तृतीया	शुना	श्वभ्याम्	श्वभिः
चतुर्थी	शुने	श्वभ्याम्	श्वभ्यः
पञ्चमी	शुनः	श्वभ्याम्	श्वभ्यः
षष्ठी	शुनः	शुनोः	शुनाम्
सप्तमी	शुनि	शुनोः	श्वसु
सम्बोधनम्	श्वन्		

লক্ষ্য কর—যেখানে 'শু' সেখানে হ্রস্ব উ-কার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আত্মন্—(আত্মা, নিজ) [Self, Soul]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	আত্মা ♱	আত্মানৌ ♱	আত্মানঃ
দ্বিতীয়া	আত্মানম্	আত্মানৌ	আত্মনঃ
তৃতীয়া	আত্মনা	আত্মভ্যাম্	আত্মভিঃ

বৃত্রহন্—(ইন্দ্র) [Indra]

প্রথমা	বৃত্রহা ♱	বৃত্রহণৌ	বৃত্রহণঃ
দ্বিতীয়া	বৃত্রহণম্	বৃত্রহণৌ	বৃত্রঘ্নঃ ♱
তৃতীয়া	বৃত্রঘ্না	বৃত্রহভ্যাম্	বৃত্রহভিঃ
সপ্তমী	বৃত্রঘ্নি, বৃত্রহণি ♱	বৃত্রঘ্নোঃ	বৃত্রহসু

মঘবন্ (ইন্দ্র) শব্দটির দুইটি করিয়া রূপ। একবার লঘিমন্ শব্দের মত কিন্তু ২য়ার বহুবচনে মঘোনঃ ও পরবর্তী স্বরাদি বিভক্তির পূর্বে 'মঘোন্' হইয়া বিভক্তিযুক্ত (মঘোনা ইত্যাদি)। আর একবার ভগবত্ শব্দের পুংলিঙ্গের মত মঘবান্ মঘবন্তৌ মঘবন্তঃ ইত্যাদি।

পথিন্—(পথ) [Road]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	পন্থাঃ ♱	পন্থানৌ	পন্থানঃ
দ্বিতীয়া	পন্থানম্	প্রন্থানৌ	পথঃ ♱
তৃতীয়া	পথা	পথিভ্যাম্	পথিভিঃ
চতুর্থী	পথে	পথিভ্যাম্	পথিভ্যঃ
পঞ্চমী	পথঃ	পথিভ্যাম্	পথিভ্যঃ
ষষ্ঠী	পথঃ	পথোঃ	পথাম্
সপ্তমী	পথি	পথোঃ	পথিষু

মথিন্ (মন্থন দণ্ড) প্রভৃতি শব্দ এইরূপ।

সমাসে পথিন্ শব্দ শেষে থাকিলে উহা অ-কারান্ত 'পথ' হইয়া যায়, তখন নর শব্দের মত রূপ। যেমন—মহাপথঃ, কুপথঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যুবন্—(যুবা) [Youngman]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	যুবা †	যুবানৌ	যুবানঃ
দ্বিতীয়া	যুবানম্	যুবানৌ	যূনঃ †
তৃতীয়া	যূনা	যুবভ্যাম্ †	যুবভিঃ
চতুর্থী	যূনে	যুবভ্যাম্	যুবভ্যঃ
পঞ্চমী	যূনঃ	যুবভ্যাম্	যুবভ্যঃ
ষষ্ঠী	যূনঃ	যূনোঃ	যূনাম্
সপ্তমী	যূনি	যূনোঃ	যুবসু †
সম্বোধনম্	যুবন্		

লক্ষ্য কর—যেখানে 'যু' এর পরে 'ন্', সেখানে দীর্ঘ উ-কার হয় (যূনঃ)। কিন্তু যেখানে 'যু' এর পরেই বা বা ব, সেখানে হ্রস্ব উ-কার।

শ্বন্—(কুকুর) [Dog]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	শ্বা †	শ্বানৌ	শ্বানঃ
দ্বিতীয়া	শ্বানম্	শ্বানৌ	শুনঃ
তৃতীয়া	শুনা	শ্বভ্যাম্	শ্বভিঃ
চতুর্থী	শুনে	শ্বভ্যাম্	শ্বভ্যঃ
পঞ্চমী	শুনঃ	শ্বভ্যাম্	শ্বভ্যঃ
ষষ্ঠী	শুনঃ	শুনোঃ	শুনাম্
সপ্তমী	শুনি	শুনোঃ	শ্বসু
সম্বোধনম্	শ্বন্		

লক্ষ্য কর—যেখানে 'শু' সেখানে হ্রস্ব উ-কার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আত্মন্—(আত্মা, নিজ) [Self, Soul]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	আত্মা †	আত্মানৌ †	আত্মানঃ
দ্বিতীয়া	আত্মানম্	আত্মানৌ	আত্মনঃ
তৃতীয়া	আত্মনা	আত্মভ্যাম্	আত্মভিঃ

বৃত্রহন্—(ইন্দ্র) [Indra]

প্রথমা	বৃত্রহা †	বৃত্রহণৌ	বৃত্রহণঃ
দ্বিতীয়া	বৃত্রহণম্	বৃত্রহণৌ	বৃত্রঘ্নঃ †
তৃতীয়া	বৃত্রঘ্না	বৃত্রহভ্যাম্	বৃত্রহভিঃ
সপ্তমী	বৃত্রঘ্নি, বৃত্রহণি †	বৃত্রঘ্নোঃ	বৃত্রহসু

মঘবন্ (ইন্দ্র) শব্দটির দুইটি করিয়া রূপ। একবার লঘিমন্ শব্দের মত কিন্তু ২য়ার বহুবচনে মঘোনঃ ও পরবর্তী স্বরাদি বিভক্তির পূর্বে ‘মঘোন্’ হইয়া বিভক্তিযুক্ত (মঘোনা ইত্যাদি)। আর একবার ভগবত্ শব্দের পুংলিঙ্গের মত মঘবান্ মঘবন্তৌ মঘবন্তঃ ইত্যাদি।

পথিন্—(পথ) [Road]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	পন্থাঃ †	পন্থানৌ	পন্থানঃ
দ্বিতীয়া	পন্থানম্	প্রন্থানৌ	পথঃ †
তৃতীয়া	পথা	পথিভ্যাম্	পথিভিঃ
চতুর্থী	পথে	পথিভ্যাম্	পথিভ্যঃ
পঞ্চমী	পথঃ	পথিভ্যাম্	পথিভ্যঃ
ষষ্ঠী	পথঃ	পথোঃ	পথাম্
সপ্তমী	পথি	পথোঃ	পথিষু

মথিন্ (মন্থন দণ্ড) প্রভৃতি শব্দ এইরূপ।

সমাসে পথিন্ শব্দ শেষে থাকিলে উহা অ-কারান্ত ‘পথ’ হইয়া যায়, তখন নর শব্দের মত রূপ। যেমন—মহাপথঃ, কুপথঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

विश्—(বৈশ্য, মানুষ) [Vaisya, Man]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	विट् †	विशौ	विशः
द्वितीया	विशम्	विशौ	विशः
तृतीया	विशा	विड्भ्याम्	विड्भिः
चतुर्थी	विशे	विड्भ्याम्	विड्भ्यः
पञ्चमी	विशः	विड्भ्याम्	विड्भ्यः
षष्ठी	विशः	विशोः	विशाम्
सप्तमी	विशि	विशोः	विट्सु

द्विष् (শত্রু) শব্দ বিশ্ শব্দের দৃষ্টান্তে, যথা—द्विट् द्विषौ द्विषः।

मधुलिह् (ভ্রমর) শব্দও বিশ্ শব্দের দৃষ্টান্তে। যথা—मधुलिट् मधुलिहौ मधुलिहः।

অনডুহ্ ও উপানহ্ ভিন্ন হ্-কারান্ত শব্দ মধুলিহ্ শব্দের মত।

অস্-ভাগান্ত—वेधस् (সৃষ্টিকর্তা) [Creator]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	वेधाः †	वेधसौ	वेधसः
द्वितीया	वेधसम्	वेधसौ	वेधसः
तृतीया	वेधसा	वेधोभ्याम् †	वेधोभिः
चतुर्थी	वेधसे	वेधोभ्याम्	वेधोभ्यः
पञ्चमी	वेधसः	वेधोभ्याम्	वेधोभ्यः
षष्ठी	वेधसः	वेधसोः	वेधसाम्
सप्तमी	वेधसि	वेधसोः	वेधःसु †
सम्बोधनम्	वेधः		

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিদ্বস্ ও পুমস্ প্রভৃতি ভিন্ন চন্দ্রমস্ (চাঁদ), বিমনস্, দুর্মনস্, দুর্মেধস্, সুমেধস্ প্রভৃতি, ও অস্-ভাগান্ত বহুব্রীহি সমাসের শব্দ এবং স্ত্রীলিঙ্গে অপ্সরস্ (নিত্য বহুবচন) শব্দ বেধস্ শব্দের ন্যায়।

বিদ্বস্—(বিদ্বান্) [Learned]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	বিদ্বান্ ✝	বিদ্বাংসৌ ✝	বিদ্বাংসঃ
দ্বিতীয়া	বিদ্বাংসম্	বিদ্বাংসৌ	বিদুষঃ ✝
তৃতীয়া	বিদুষা	বিদ্বদ্ভ্যাম্	বিদ্বদ্ভিঃ
চতুর্থী	বিদুষে	বিদ্বদ্ভ্যাম্	বিদ্বদ্ভ্যঃ
পঞ্চমী	বিদুষঃ	বিদ্বদ্ভ্যাম্	বিদ্বদ্ভ্যঃ
ষষ্ঠী	বিদুষঃ	বিদুষোঃ	বিদুষাম্
সপ্তমী	বিদুষি	বিদুষোঃ	বিদ্বৎসু ✝
সম্বোধনম্	বিদ্বন্		

জগ্মিবস্, তস্থিবস্ প্রভৃতি এইরূপ। ২য়ার বহুবচনে জগ্মুষঃ ✝

পুমস্—(পুরুষ) [Male being]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	পুমান্ ✝	পুমাংসৌ	পুমাংসঃ
দ্বিতীয়া	পুমাংসম্	পুমাংসৌ	পুংসঃ
তৃতীয়া	পুংসা	পুম্ভ্যাম্, পুংভ্যাম্	পুম্ভিঃ, পুংভিঃ

সপ্তমীর বহুবচনে পুংসু। সঙ্কেত-সাহায্যে অন্য পদগুলি বল।

অনডুহ্—(ষাঁড়) [Ox]

প্রথমা	অনড্বান্	অনড্বাহৌ	অনড্বাহঃ
দ্বিতীয়া	অনড্বাহম্ ✝	অনড্বাহৌ	অনডুহঃ ✝
তৃতীয়া	অনডুহা	অনডুদ্ভ্যাম্ ✝	অনডুদ্ভিঃ

সপ্তমীর বহুবচনে—অনডুৎসু। সম্বোধনের একবচনে—অনড্বন্।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুবাদ আদর্শ

ব্যঞ্জনান্ত পুংলিঙ্গের মিশ্রণে

যুবার সহিত বৃদ্ধ যাইতেছে—যূনা সহ বৃদ্ধো গচ্ছতি।

পথে একটি কুকুর দেখিয়াছি—পথি শ্বানমেকম্ অপশ্যম্।

লোকে নিজের হিতের জন্য চেষ্টা করে—আত্মনো হিতায় লোকশ্চেষ্টতে।

বিদ্বান্‌গণের পথ অনুসরণীয়—পন্থাঃ বিদুষাম্ অনুসরণীয়ঃ।

বিদ্বান্‌গণ গুণবান্ হন—বিদ্বাংসো ভবন্তি গুণবন্তঃ।

অনুশীলনী

১। যুবন্, পথিন্, শ্বন্, বিদ্বস্ শব্দের ১মা, ২য়া, ৫মী ও ৭মীর রূপ লিখ।

২। শুদ্ধ কর :—পথেন গচ্ছতি। পূজ্যাঃ বিদ্বানাঃ। এষঃ কুপন্থাঃ।

৩। অন্ততঃ একটি ব্যঞ্জনান্ত শব্দের প্রয়োগে সংস্কৃতে অনুবাদ কর :—

সৎ ব্যক্তিদের পথ অনুসরণীয়। উৎসাহী যুবাগণ নিজেদের কাজ করিতেছে। বিদ্বানের পূজা সর্বত্র। ইনি পুরুষ, ইনি স্ত্রী। বৈশ্যেরা ধনবান্। নিজেকে রক্ষা কর।

ব্যঞ্জনান্ত শব্দ

স্ত্রীলিঙ্গ

বাচ্, ত্বচ্, স্রুচ্ প্রভৃতি স্ত্রীলিঙ্গ পুংলিঙ্গের জলমুচ্ শব্দের মত।

গির্—(বাক্য) [Word, Speech]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	গীঃ †	গিরৌ †	গিরঃ
দ্বিতীয়া	গিরম্	গিরৌ	গিরঃ
তৃতীয়া	গিরা	গীর্ভ্যাম্ †	গীর্ভিঃ

সপ্তমী বহুবচনে—গীর্ষু। বিসর্গ বা রেফ্ পরে থাকিলে দীর্ঘ ঈ-কার হয়, অন্যত্র হ্রস্ব ই-কার।

পুর্ (পুরী) শব্দ এই প্রকার। বিসর্গ বা রেফের পূর্বে দীর্ঘ উ-কার, অন্যত্র হ্রস্ব উ-কার। (১মা) পূঃ পুরৌ পুরঃ, পূর্ভ্যাম্ (৩য়া) ইত্যাদি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

दिव्—(स्वर्ग) [Heaven]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	द्यौः †	दिवौ †	दिवः
द्वितीया	दिवम्, द्याम् †	दिवौ	दिवः
तृतीया	दिवा	द्युभ्याम् †	द्युभिः
चतुर्थी	दिवे	द्युभ्याम्	द्युभ्यः
पञ्चमी	दिवः	द्युभ्याम्	द्युभ्यः
षष्ठी	दिवः	दिवोः	दिवाम्
सप्तमी	दिवि	दिवोः	द्युषु

आशिस्—(আশীর্বাদ) [Blessing]

प्रथमा	आशीः †	आशिषौ	आशिषः
द्वितीया	आशिषम्	आशिषौ	आशिषः
तृतीया	आशिषा	आशीर्भ्याम् †	आशीर्भिः

সপ্তমীর বহুবচনে—आशीःषु। বিসর্গ ও রেফের পূর্বে দীর্ঘ-ঈ।

उपानह्—(জুতা) [Shoe]

प्रथमा	उपानत् †	उपानहौ †	उपानहः
द्वितीया	उपानहम्	उपानहौ	उपानहः
तृतीया	उपानहा	उपानद्भ्याम् †	उपानद्भिः

সপ্তমীর বহুবচনে—उपानत्सु †। সঙ্কেত সাহায্যে অন্য পদ বল।

অনুশীলনী

১। गिर् ও दिव শব্দের ১মা, ২য়া, ৩য়া ও ৭মীর রূপ লিখ।

২। শুদ্ধ কর :—मधुरेण गिरा। दिवस्य देवाः। वेधसः आशीषु। एषः मधुरः वाक्। पितायाः आशीषः। श्वा उपानत् खादति।

† লক্ষণীয় পদগুলির চিহ্ন এইরূপ (†) দেওয়া হইল।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্যঞ্জনান্ত শব্দ

ক্লীবলিঙ্গ

বিশেষ দ্রষ্টব্য—ক্লীবলিঙ্গ শব্দের রূপ প্রায় সেই বর্ণান্ত পুংলিঙ্গের মত। মাত্র প্রথমা ও দ্বিতীয়াতে অন্যগুলির সঙ্গে পার্থক্য আছে। প্রথমা ও দ্বিতীয়ার রূপ ক্লীবলিঙ্গে একই প্রকারের বলিয়া এক সঙ্গে দেখান হইল। সম্বোধনে প্রথমারই মত।

प्राच्—(পূর্ব) [Eastern]

	एकवचनं	द्विवचनं	बहुवचनं
प्रथमा, द्वितीया	प्राक्	प्राची	प्राञ्चि †

प्रत्यच्—(পশ্চিম) [Western]

प्रथमा, द्वितीया	प्रत्यक्	प्रतीची †	प्रत्यञ्चि †

तिर्यच्—(বক্র) [Obliqe]

प्रथमा, द्वितीया	तिर्यक्	तिरश्ची †	तिर्यञ्चि †

उदच्—(উত্তর) [Northern]

प्रथमा, द्वितीया	उदक्	उदीची †	उदञ्चि †

উপরের শব্দগুলির অন্যান্য বিভক্তিতে রূপ जलमुच् শব্দের মত।

ক্লীবলিঙ্গে गच्छत्—(যাহা গমন করিতেছে) [Going]

प्रथमा. द्वितीया	गच्छत्	गच्छन्ती	गच्छन्ति

অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের धावत् শব্দের মত।

ভ্বাদি ও দিবাদিগণীয় ধাতুতে শতৃ-প্রত্যয়যোগে ক্লীবলিঙ্গের রূপ নিম্নের इच्छत् শব্দের মত।

ক্লীবলিঙ্গে इच्छत्—(ইচ্ছা করিতেছে যাহা) [Wishing]

प्रथमा, द्वितीया	इच्छत्	इच्छती, इच्छन्ती	इच्छन्ति

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আ-কারান্ত অদাদি ও তুদাদিগণীয় সকল ধাতুতে শতৃ-যোগে যে শব্দ হয়, তাহার ১মা ও ২য়ার দ্বিবচনে এই প্রকার বিকল্পে 'ন্তী' স্থানে 'তী' হয়। দদৎ প্রভৃতি ভিন্ন অন্যত্র শতৃ-যোগে শ্রীমৎ শব্দের ক্লীবলিঙ্গের মত রূপ, যথা—কুর্বৎ, কুর্বতী, কুর্বন্তি।

ক্লীবলিঙ্গে দদৎ—(যে দান করিতেছে) [Giving]

প্রথমা, দ্বিতীয়া	দদৎ	দদতী +	দদন্তি, দদতি

কর্মন্—(কর্ম) [Deed]

প্রথমা, দ্বিতীয়া	কর্ম	কর্মণী +	কর্মাণি
সম্বোধনম্	কর্ম, কর্মন্		

অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের আত্মন্ শব্দের মত রূপ। যে সকল শব্দের শেষে অন্-ভাগের অ-কার ম্ বা ব-এর সহিত যুক্ত, তাহাদের রূপ এই প্রকার, যথা—জন্মন্, চর্মন্, বর্ত্মন্।

অহন্—(দিন) [Day]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	অহঃ +	অহ্নী, অহনী	অহানি
দ্বিতীয়া	অহঃ	অহ্নী, অহনী	অহানি
তৃতীয়া	অহ্না	অহোভ্যাম্ +	অহোভিঃ
চতুর্থী	অহ্নে	অহোভ্যাম্	অহোভ্যঃ
পঞ্চমী	অহ্নঃ	অহোভ্যাম্	অহোভ্যঃ
ষষ্ঠী	অহ্নঃ	অহ্নোঃ	অহ্নাম্
সপ্তমী	অহ্নি, অহনি +	অহ্নোঃ	অহঃসু

ক্লীবলিঙ্গে ইন্-ভাগান্ত—স্থায়িন্ (স্থায়ী) [Lasting]

প্রথমা, দ্বিতীয়া	স্থায়ি +	স্থায়িনী	স্থায়ীনি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের গুণিন্ শব্দের ন্যায়। ইন্-ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের রূপ ক্লীবলিঙ্গের স্থায়িন্ শব্দের মত।

অস্-ভাগান্ত—পয়স্ (দুধ, জল) [Milk]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা, দ্বিতীয়া	পয়ঃ	পয়সী	পয়াংসি †

অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের বেধস্ শব্দের ন্যায়।

নভস্, মনস্, তেজস্, যশস্ প্রভৃতি অস্-ভাগান্ত ক্লীবলিঙ্গ এইরূপ।

ইস্-ভাগান্ত—হবিস্ (ঘৃত) [Ghee]

প্রথমা, দ্বিতীয়া	হবিঃ	হবিষী	হবীংষি †
তৃতীয়া	হবিষা	হবির্ভ্যাম্	হবির্ভিঃ

সপ্তমীর বহুবচনে—হবিঃষু। জ্যোতিস্ প্রভৃতি ইস্-ভাগান্ত এইরূপ।

উস্-ভাগান্ত—ধনুস্ (ধনুক) [Bow]

প্রথমা	ধনুঃ	ধনুষী	ধনূংষি †
দ্বিতীয়া	ধনুঃ	ধনুষী	ধনূংষি †
তৃতীয়া	ধনুষা	ধনুর্ভ্যাম্	ধনুর্ভিঃ
চতুর্থী	ধনুষে	ধনুর্ভ্যাম্	ধনুর্ভ্যঃ
পঞ্চমী	ধনুষঃ	ধনুর্ভ্যাম্	ধনুর্ভ্যঃ
ষষ্ঠী	ধনুষঃ	ধনুষোঃ	ধনুষাম্
সপ্তমী	ধনুষি	ধনুষোঃ	ধনুঃষু

আয়ুস্, চক্ষুস্, বপুস্ প্রভৃতি রূপ এই প্রকার।

ব্যঞ্জনবর্ণান্ত ক্লীবলিঙ্গের রূপের সঙ্কেত

(ক) প্রথমা ও দ্বিতীয়ার একবচনে—বিভক্তির চিহ্ন লুপ্ত থাকে। শব্দের শেষের স্ বা ষ্ স্থানে বিসর্গ হয় (পয়ঃ), চ্ স্থানে ক্ হয় (প্রা ক্), শেষের ন্ উঠিয়া যায় (কর্ম, জন্ম)।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(খ) প্রথমা দ্বিতীয়ার দ্বিবচনে দীর্ঘ ঈ-কার যোগ-কর্মণী, হবিষী।

(গ) প্রথমা দ্বিতীয়ার বহুবচনে শেষে হ্রস্ব ই-কার যুক্ত হয় ও পূর্বের স্বর দীর্ঘ হয়। শেষ বর্ণ স্ বা ষ্ হইলে পূর্ব স্বর দীর্ঘ হইবার পর অনুস্বারও যুক্ত হয় (পয়াংসি, হবীংষি)।

(ঘ) শব্দের দন্ত্য স্ ষত্ববিধির নিয়মে মূর্ধন্য ষ্ হয়।

অনুবাদ-শিক্ষা—(৫)

ব্যঞ্জনান্ত শব্দ

১। বাংলায় অনেক শব্দ স্বরান্ত হইয়া গিয়াছে। কিন্তু সংস্কৃতে অনুবাদ করিবার সময় ভাবিয়া দেখিবে মূল শব্দটি সংস্কৃতে ব্যঞ্জনান্ত কিনা। ব্যঞ্জনান্ত হইলে সেই ব্যঞ্জনান্ত শব্দে বিভক্তি যোগ করিবে। 'যশের নিমিত্ত কর্ম'—এই বাক্যে 'যশ' ও 'কর্ম' শব্দ দুইটি বাংলায় অ-কারান্ত। কিন্তু সংস্কৃতে শব্দ দুইটি ব্যঞ্জনান্ত—যশস্ ও কর্মন্। অতএব অনুবাদ হইবে—যশসে কর্ম (যশায় কর্মন্ হইবে না)। অশুদ্ধি-সংশোধনেও এই নিয়মটি মানিয়া চলিবে। কিন্তু ধর্ম শব্দ অ-কারান্ত পুংলিঙ্গ—ধর্মন্ নহে।

২। নিম্নের শব্দগুলি চলতি বাংলায় স্বরান্ত হইলেও সংস্কৃতে ব্যঞ্জনান্ত। যশ—যশস্, তেজ—তেজস্, মন—মনস্, নভ—নভস্, তপ—তপস্, বক্ষ—বক্ষস্, শির—শিরস্, ছন্দ—ছন্দস্, সর—সরস্, তম—তমস্, কর্ম—কর্মন্, চর্ম—চর্মন্, জন্ম—জন্মন্, ধাম—ধামন্, বর্ত্ম—বর্ত্মন্ (পথ), ভস্ম—ভস্মন্, আয়ু—আয়ুস্, চক্ষু—চক্ষুস্, ধনু—ধনুস্, বপু—বপুস্।

৩। উপরের ব্যঞ্জনান্ত শব্দগুলি ক্লীবলিঙ্গ। অতএব ইহাদের বিশেষণও ক্লীবলিঙ্গ হইবে। যথা—নীলং নভঃ, আয়তে চক্ষুষী বিশালং বক্ষঃ, দীর্ঘম্ আয়ুঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুবাদ আদর্শ

ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গের মিশ্রণে

কাজে, মনে ও কথায়—কর্মণা মনসা গিরা।
আকাশে সূর্যের তেজ—নভসি সূর্যস্য তেজ:।
বীরের বিশাল বক্ষে—বীরস্য বিশালে বক্ষসি।
জন্ম হইতে চোখে কানা—আজন্মন: চক্ষুষা কাণ:।
বিদ্বানের যশ স্থায়ী—বিদুষো যশ: স্থায়ি।
মুনির বপু তপস্যায় কৃশ—মুনের্বপু: তপসা কৃশম্।
দুধ স্বভাবত: মিষ্ট—প্রকৃত্যা মধুরং পয়:।
ঘৃতের দ্বারা আগুন বাড়ে—হবিষা অগ্নির্বর্ধতে।

অনুশীলনী

১। কর্মন্, অহন্ ও পয়স্ শব্দের ১মা, ৩য়া ও ৭মীর রূপ লিখ। মনস শব্দের রূপ কাহার মত বল।

২। কারণ দেখাইয়া শুদ্ধ কর :—

পয়ং পিবতি বালকঃ। সূর্যস্য তেজেন উজ্জ্বলং জগত্। নভে নক্ষত্রাণি শোভন্তে। ধনুনা শূকরো হতঃ। শিরে ব্যথা। সরে পদ্মম্। ছন্দেন লিখিতম্। ভবতু সফলং জন্মম্।

৩। সংস্কৃতে অনুবাদ কর :—আমার মনে সুখ নাই। রাজার মনোহর বপু। লোকে চক্ষুর দ্বারা দেখে। যশের নিমিত্ত শুভ কর্ম। গাধাটি বাঘের চর্মে সজ্জিত। মেঘগুলির দ্বারা নভঃ আবৃত। গুণীর যশ স্থায়ী। দেবীর আয়ত চক্ষু। জপ ও তপে মুনিরা সিদ্ধ। জন্ম হইতে সে অন্ধ। মক্ষিকা রাজার বুকে বসিল। সূর্যের তেজে জগৎ উজ্জ্বল। বিদ্বান্‌গণের যশ স্থায়ী। নীল নভে তারকাগুলি। তাহার দুই চোখ আয়ত। আমার শিরে ব্যথা।

———

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সর্বনাম শব্দ

পুংলিঙ্গে—অদস্ (ও, উনি, ঐ) [That]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	অসৌ †	অমূ †	অমী
দ্বিতীয়া	অমুম্ †	অমূ	অমূন্
তৃতীয়া	অমুনা	অমূভ্যাম্	অমীভিঃ
চতুর্থী	অমুষ্মৈ	অমূভ্যাম্	অমীভ্যঃ
পঞ্চমী	অমুষ্মাত্	অমূভ্যাম্	অমীভ্যঃ
ষষ্ঠী	অমুষ্য †	অমুয়োঃ	অমীষাম্
সপ্তমী	অমুষ্মিন্	অমুয়োঃ	অমীষু

লক্ষ্য কর—বেশীর ভাগ একবচনে ম্-এর সঙ্গে হ্রস্ব উ, দ্বিবচনে দীর্ঘ উ (৬ষ্ঠী, ৭মী বাদে) ও বহুবচনে দীর্ঘ ঈ (২য়া বাদে)।

স্ত্রীলিঙ্গে—অদস্ (ও, উনি, ঐ) [That]

	একবচনে	দ্বিবচনে	বহুবচনে
প্রথমা	অসৌ †	অমূ	অমূঃ †
দ্বিতীয়া	অমূম্ †	অমূ	অমূঃ †
তৃতীয়া	অমুয়া †	অমূভ্যাম্	অমূভিঃ †
চতুর্থী	অমুষ্যৈ †	অমূভ্যাম্	অমূভ্যঃ
পঞ্চমী	অমুষ্যাঃ	অমূভ্যাম্	অমূভ্যঃ
ষষ্ঠী	অমুষ্যাঃ	অমুয়োঃ	অমূষাম্
সপ্তমী	অমুষ্যাম্	অমুয়োঃ	অমূষু

লক্ষ্য কর—একবচনে ২য়া বাদে ও ৬ষ্ঠী ৭মীর দ্বিবচনে ম্-এর সঙ্গে হ্রস্ব উ, আর সবে দীর্ঘ উ।

ক্লীবলিঙ্গে—অদস্ (ও, উহা) [That]

প্রথমা, দ্বিতীয়া	অদঃ	অমূ	অমূনি

অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের ন্যায়।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পুংলিঙ্গে—इदम् (এ, ইনি) [This]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	अयम् †	इमौ	इमे
द्वितीया	इमम्	इमौ	इमान्
तृतीया	अनेन †	आभ्याम्	एभिः
चतुर्थी	अस्मै	आभ्याम्	एभ्यः
पञ्चमी	अस्मात्	आभ्याम्	एभ्यः
षष्ठी	अस्य	अनयोः	एषाम्
सप्तमी	अस्मिन्	अनयोः	एषु

স্ত্রীলিঙ্গে—इदम् (এ, ইনি) [This]

	एकवचने	द्विवचने	बहुवचने
प्रथमा	इयम् †	इमे	इमाः †
द्वितीया	इमाम्	इमे	इमाः
तृतीया	अनया †	आभ्याम्	आभिः
चतुर्थी	अस्यै	आभ्याम्	आभ्यः
पञ्चमी	अस्याः	आभ्याम्	आभ्यः
षष्ठी	अस्याः	अनयोः	आसाम्
सप्तमी	अस्याम्	अनयोः	आसु

ক্লীবলিঙ্গে—इदम् (এ, ইহা) [This]

प्रथमा, द्वितीया	इदम्	इमे	इमानि

অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের মত।

প্রয়োগ :—ঐ রাজা দয়ালু—असौ राजा दयालुः। ঐ বালিকাটি চতুর—असौ बालिका चतुरा। এই নারী সৌভাগ্যবতী—इयं नारी सौभाग्यवती। এই ঘোড়াগুলি——अमी अश्वाः (সন্ধি হইবে না)। এই সেই মহারাজ—अयम् असौ महाराजः।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এতদ্ ও ইদম্ শব্দে এন আদেশ

পূর্বের নির্দিষ্ট ব্যক্তি বা বস্তুর পুনরায় নির্দেশ বুঝাইতে দ্বিতীয়ার সকল বচনে, তৃতীয়ার একবচনে ও ষষ্ঠী সপ্তমীর দ্বিবচনে এতদ্ ও ইদম্ শব্দের স্থানে এন আদেশ হয়। যথা—

	২য়া	৩য়া	৬ষ্ঠী ৭মী
পুংলিঙ্গে—	एनम् एनौ एनान् ;	एनेन ;	एनयोः।
স্ত্রীলিঙ্গে—	एनाम् एने एनाः ;	एनया ;	एनयोः।
ক্লীবলিঙ্গে—	एनत् एने एनानि ;	एनेन	एनयोः।

নিজ অর্থে স্ব শব্দ সর্বনাম। কিন্তু জ্ঞাতি ও ধন অর্থে সর্বনাম নহে, তখন নর শব্দের মত রূপ। যথা—स्वेषां (নিজেদের) पुत्राणाम्। কিন্তু मम स्वानाम् (জ্ঞাতিদিগের) धनम्।

অনুশীলনী

১। अदस् ও इदम् শব্দের তিন লিঙ্গের রূপ লিখ।

২। শুদ্ধ কর :—अयम् नारी धार्मिका। इदानि फलानि पक्वानि। अमीनाम् जनानाम्। अमुष्मिन् दिशि।

৩। সংস্কৃতে অনুবাদ কর :—গাছের এই ফলগুলি। ঐ বালকেরা বিদ্যালয়ে গিয়াছিল। এই বুদ্ধিমতী বালিকা ওই শিক্ষকের সঙ্গে যাইতেছে। আমার ইহাতে মন নাই। এই বিপদ হইতে তোমাকে রক্ষা করিব। ওই মুনিগণ স্তব পাঠ করিতেছেন। আমরা নিজেদের মঙ্গলের জন্য চেষ্টা করিব।

৪। अदस् বা इदम् শব্দের দ্বারা শূন্য স্থান পূরণ কর :—

—लेखन्यौ। —उद्याने—कुसुमानि। —हस्ताभ्याम्।
—पक्व फले। —वृक्षे—वानराः। —जनानाम्।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সংখ্যাবাচক শব্দ

	পঞ্চন্ (পাঁচ)	ষষ্ (ছয়)	অষ্টন্ (আট)
প্রথমা	পঞ্চ †	ষট্	অষ্টৌ, অষ্ট
দ্বিতীয়া	পঞ্চ	ষট্	অষ্টৌ, অষ্ট
তৃতীয়া	পঞ্চভিঃ	ষড়্ভিঃ	অষ্টাভিঃ, অষ্টভিঃ
চতুর্থী	পঞ্চভ্যঃ	ষড়্ভ্যঃ	অষ্টাভ্যঃ, অষ্টভ্যঃ
পঞ্চমী	পঞ্চভ্যঃ	ষড়্ভ্যঃ	অষ্টাভ্যঃ, অষ্টভ্যঃ
ষষ্ঠী	পঞ্চানাম্ †	ষণ্ণাম্	অষ্টানাম্
সপ্তমী	পঞ্চসু	ষট্সু	অষ্টাসু, অষ্টসু

উপরের শব্দগুলি বহুবচনান্ত ও তিন লিঙ্গেই সমান। অষ্টন্ ভিন্ন সপ্তন্ হইতে অষ্টাদশন্ পর্যন্ত সংখ্যাবাচক শব্দ পঞ্চন্ শব্দের মত।

বিংশতি (কুড়ি), ষষ্টি (ষাট), সপ্ততি (সত্তর), অশীতি (আশী) ও নবতি (নব্বই) শব্দ এবং ইহারা যাহার শেষে আছে এমন শব্দ (ঊন-বিংশতি ইত্যাদি) ও কোটি শব্দ সব স্ত্রীলিঙ্গ ও মতি শব্দের ন্যায়।

ত্রিংশৎ (ত্রিশ), চত্বারিংশৎ (চল্লিশ), পঞ্চাশৎ (পঞ্চাশ) ও ইহারা যাহার শেষে আছে এরূপ শব্দ স্ত্রীলিঙ্গ, কিন্তু ভূভৃৎ শব্দের মত।

কতি (কত) শব্দ বহুবচন। ১মা ২য়ায় সব লিঙ্গে—কতি, কতি। ৩য়া হইতে কতিভিঃ, কতিভ্যঃ, কতিভ্যঃ, কতীনাম্, কতিষু ইত্যাদি।

শত, সহস্র, অযুত, লক্ষ প্রভৃতি শব্দ ক্লীবলিঙ্গ ও ফল শব্দের মত।

সংখ্যার পূরণবাচক শব্দ

প্রথম, দ্বিতীয় ও তৃতীয় প্রভৃতি শব্দ সেই সংখ্যার পূরণ অর্থাৎ সেই-সংখ্যাস্থানীয় বুঝাইতে ব্যবহৃত হয়। এইগুলি অ-কারান্ত বিশেষণ। প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া—এই তিন শব্দে আ-কার যোগে স্ত্রীলিঙ্গ, আর সবে দীর্ঘ ঈ যোগে স্ত্রীলিঙ্গ, যথা—চতুর্থী কন্যা, পঞ্চমী তিথিঃ। ঊনবিংশতি হইতে উপরের দিকে যাবতীয় শব্দে তম যোগে পূরণবাচক করা হয়—শততমঃ শ্লোকঃ। স্ত্রীলিঙ্গে দীর্ঘ ঈ যোগ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুবাদ-শিক্ষা—(৬)

সংখ্যাবাচক শব্দ

১। পঞ্চন্ হইতে অষ্টাদশন্ পর্যন্ত শব্দগুলি নিত্য বহুবচনান্ত ও তিন লিঙ্গেই সমান। যথা—পঞ্চ নরাঃ, পঞ্চ নার্যঃ, পঞ্চ ফলানি।

২। বিশেষণ হইলে ঊনবিংশতি হইতে ঊর্ধ্বের সংখ্যাবাচক শব্দগুলি সর্বদা একবচনান্ত ও ইহাদের লিঙ্গের পরিবর্তন হয় না, কিন্তু সর্বত্র বিভক্তির মিল থাকা চাই। যথা—বিংশতিঃ নরাঃ, বিংশতিঃ নার্যঃ, বিংশতিঃ ফলানি। শতেন ছাত্রৈঃ সহ শিক্ষকঃ গচ্ছতি—এই বাক্যে শতং ছাত্রৈঃ বলিলে বিভক্তির মিল না থাকায় ভুল হইবে।

৩। কিন্তু বিশেষ্য হইলে ঊনবিংশতি হইতে ঊর্ধ্বের শব্দগুলিতে দ্বিবচন ও বহুবচনও হইতে পারে। বালকদিগের দুই কুড়ি—বালকানাং দ্বে বিংশতী। ছাত্রগণের তিন শত—ছাত্রাণাং ত্রীণি শতানি (ত্রীণি শতানি ছাত্রাঃ—এইরূপ প্রয়োগ না করাই ভাল)। হাজার হাজার লোক—জনানাং সহস্রাণি।

৪। সংখ্যাবাচক শব্দের পর সংখ্যক—এই অ-কারান্ত শব্দ সমাসের নিয়মে যোগ করা যায়, যেমন—দুর্যোধনস্য নবনবতি-সংখ্যকাঃ ভ্রাতরঃ। উহার সহিত স্ত্রীলিঙ্গে আ-কার যোগ হয়, যথা—দশরথঃ ত্রিসংখ্যকাভিঃ স্ত্রীভিঃ সহ গচ্ছতি। ক্লীবলিঙ্গে উহা অ-কারান্ত ফল শব্দের মত, যথা—বিংশতি-সংখ্যকানি পুস্তকানি।

৫। দ্বয়, ত্রয়, চতুষ্টয়, পঞ্চক, ষট্ক, শতক-প্রভৃতি একবচনান্ত সমষ্টিবোধক ক্লীবলিঙ্গ শব্দ সমাসের নিয়মে যোগ করিয়া বা সমাস না করিয়াও প্রয়োগ করা যায়—প্রশ্নত্রয়ম্ বা প্রশ্নানাং ত্রয়ম্।

৬। বয়সের পরিমাণ বুঝাইলে সংখ্যাবাচক শব্দের পর বর্ষীয় শব্দ সমাসের নিয়মে যোগ করিবে। পদটি বিশেষণ হইবে। যথা—সে দশ বছরের ছেলে—স দশবর্ষীয়ঃ বালকঃ। এইরূপ—এষ বৃদ্ধঃ অশীতিবর্ষীয়ঃ। এষা বালিকা ত্রিবর্ষীয়া।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—দশরথের চার পুত্র ও তিন স্ত্রী ছিল। পূজার নিমিত্ত পাঁচটি ফুল। সাত সমুদ্র। মাসে ত্রিশ দিন। পুস্তকটিতে দশটি পাঠ আছে। এই শ্রেণীতে কুড়িটি বালিকা পড়ে। আষাঢ়ের প্রথম দিনে। সে আট বছরের ছেলে। সে আমায় একশত টাকা (রূপ্যকাণি) দিয়াছে। পাঁচটি গাছে ষাটটি ফুল আছে। হাজার হাজার ছাত্র সেখানে গেল।

২। পঞ্চন্ শব্দের রূপ বল। নবনবতি শব্দের রূপ কাহার মত ?

৩। শুদ্ধ কর :—দ্বয়ানি ফলানি। পঞ্চৈঃ পুত্রৈঃ সহ।

অব্যয়

অন্যান্য জ্ঞাতব্য

অব্যয় কাহাকে বলে পূর্বে বলা হইয়াছে। ভিন্ন ভিন্ন অর্থে প্রত্যয়যোগে কতকগুলি অব্যয় গঠিত হয়। নিম্নে উল্লেখ রহিল।

নানা অর্থে প্রত্যয় যোগে গঠিত অব্যয়

১। কাল বুঝাইতে—দা। যদা, তদা, কদা, সদা, সর্বদা, একদা, অন্যদা। যদা অর্থাৎ যখন, তদা অর্থাৎ তখন ইত্যাদি।

২। স্থান বুঝাইতে—ত্র। যথা—যত্র, তত্র, কুত্র, অত্র, সর্বত্র।

৩। যে ভাবে বা যে-প্রকারে-এই অর্থে থা। যথা, তথা, সর্বথা।

৪। পঞ্চমী বিভক্তির অর্থে—তস্। যতঃ—যেখান হইতে বা যে হেতু। ততঃ—সেখান হইতে, সেই হেতু, বা তার পর। যে কোন শব্দের সঙ্গে তস্ যোগে পঞ্চমীর অর্থে অনুবাদ করা যায়। যেমন—গ্রাম হইতে—গ্রামতঃ। নদী হইতে—নদীতঃ।

৫। প্রকার অর্থে—থম্। কথম্—কি প্রকারে বা কেন। ইত্থম্—এই প্রকারে। বাক্য যথা—কথং তত্র গচ্ছামি ?

৬। তুল্যার্থে—বত্। যথা—রামবত্, জলবত্। জলবত্ তরলম্।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিশেষ অর্থে বাক্যে অব্যয়ের প্রয়োগ

১। অপি, কিম্—জিজ্ঞাসায়। অপি কুশলং তে ? কিমহং মূর্খঃ ?

২। অপি চ—পদ ও বাক্যের সংযোগ করিতে। সোঽপি (সেও) তত্র তিষ্ঠতি। রামো লক্ষ্মণশ্চ বনং গচ্ছতঃ। শিশুঃ ক্রীড়তি হসতি চ। 'চ' শব্দটি পরে বসে। দুই কর্তৃপদের সহিত 'চ'-যোগে কর্তার মোট সংখ্যা অনুসারে ক্রিয়ায় দ্বিবচন বা বহুবচন হইবে। কখন কখন একবচনের ব্যবহারও আছে। যথা—রামো লক্ষ্মণশ্চ বনং গচ্ছতি। তখন রামঃ বনং গচ্ছতি, লক্ষ্মণঃ বনং গচ্ছতি—এইরূপ পৃথক অন্বয় হইবে।

৩। ইতি—কাহারও উক্তি উদ্ধৃত করিতে। যথা—কচ্ছপো বদতি নাহমত্র ইতি। 'এই নামে'—এই অর্থে ইতি-অব্যয়যোগে প্রথমা বিভক্তি হয়। যথা—দশরথ ইতি রাজা আসীৎ।

৪। ইব—তুলনায়। যথা—কমলম্ ইব তব মুখম্।

৫। এব, হি, বৈ—নিশ্চয়ার্থে। যথা—ত্বমেব বন্ধুঃ। জাতস্য হি ধ্রুবো মৃত্যুঃ। মৃত্যুর্বৈ প্রাণিনাং ধ্রুবম্ (ক্রিয়া-বিশেষণে ২য়া)।

৬। এবম্—এই প্রকার অর্থে। যথা—স এবম্ অপৃচ্ছৎ।

৭। কিন্তু, তু, পরম্, পরন্তু—'কিন্তু' এই অর্থে। রাজা তু সাক্ষাদীশ্বরঃ। তু বাক্যের প্রথমে বসে না, পদের পরে বসে।

৮। কৃতে—'জন্য' এই অর্থে। যথা—ফলস্য কৃতে কৃতো যত্নঃ।

৯। খলু—নিশ্চয় বা বাস্তবিক অর্থে। যথা—অমৃতং খলু তে বচনম্।

১০। চিৎ, চন—অনিশ্চয়ার্থে কিম্-শব্দরূপের সহিত চিৎ বা চন প্রত্যয় যুক্ত হয়। যথা—কশ্চিৎ বালকঃ, কাচিৎ বালিকা, কিঞ্চন ফলম্, কস্যচিৎ বিপ্রস্য, কস্মিংশ্চিৎ নগরে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

উপসর্গ

প্র, পরা, প্রভৃতি অব্যয় ধাতুর পূর্বে যুক্ত হয়। উহাদের নিজের কোন অর্থ নাই। কিন্তু উহারা ধাতুর সঙ্গে যুক্ত হইয়া ধাতুর অর্থের পরিবর্তন ঘটায়। যেমন হৃ ধাতুর অর্থ হরণ করা। কিন্তু আ-হৃ—খাওয়া, বি-হৃ—ভ্রমণ করা, প্র-হৃ—প্রহার করা, পরি-হৃ—ত্যাগ করা, সম্-হৃ—বিনাশ করা, অপ-হৃ—চুরি করা।

তিঙ্ যোগে যে ক্রিয়াপদ হয়, উপসর্গ তাহার পূর্বে সন্ধির নিয়মে যুক্ত হয়—উপ+অবসত্=উপাবসত্। উপ+অবিশত্=উপাবিশত্। আ+অগচ্ছত্=আগচ্ছত্। প্র+অনমত্=প্রাণমত্।

মোট কুড়িটি উপসর্গ। যথা—প্র, পরা, অপ, সম্, নি, অব, অনু, নির, দুর্, বি, অধি, সু, উত্, পরি, প্রতি, অভি, অতি, অপি, উপ, আ।

অনুশীলনী

১। বাক্যে প্রয়োগ কর :—কদা, অপি, ইতি, খলু, কথম্, যতঃ, অত্র।
২। শুদ্ধ কর:—যদ্যায়াম্, অত্রে বনে, তু স কৃপণঃ।

ণত্ব ও ষত্ব

ণত্বের অন্যান্য জ্ঞাতব্য

১। পূর্বপদে যদি ঋ, ৠ, র্ ও ষ্ থাকে ও পরপদে দন্ত্য 'ন্' থাকে, তাহা হইলে সাধারণতঃ ণত্ববিধি হয় না। যথা—সর্বনাম।

২। কিন্তু নিম্নোক্ত স্থলে উপরের নিয়মটির ব্যতিক্রম হইবে অর্থাৎ দন্ত্য 'ন্' মূর্ধন্য 'ণ্' হইবে :—

(ক) পরপদে অহ্ন শব্দের দন্ত্য 'ন্'। পূর্বাহ্ণঃ, পরাহ্ণঃ।
(খ) পরবর্তী নী শব্দের দন্ত্য 'ন্'। গ্রামণীঃ, অগ্রণীঃ।
(গ) পরবর্তী অয়ন শব্দের দন্ত্য 'ন্'। পরায়ণঃ, চান্দ্রায়ণম্।
(ঘ) প্র, পরা, পরি ও নির্ উপসর্গের পরস্থিত দন্ত্য 'ন্'। যথা—প্রণামঃ, পরিণামঃ, প্রণায়ঃ। কিন্তু প্রনষ্ট শব্দে মূর্ধন্য 'ণ্' হয় না।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মূর্ধন্য ণ্ নিষেধ

১। দন্ত্য ন্ ভিন্ন ত-বর্গের সহিত সংযুক্ত দন্ত্য 'ন্' মূর্ধন্য 'ণ্' হয় না। যথা—ক্রন্দতি, গ্রন্থ:, বৃন্দ:।

২। পদের অন্তস্থিত ত-বর্গ-জাত দন্ত্য 'ন্' মূর্ধন্য 'ণ্' হয় না যথা—মৃন্ময়:। হিরণ্ময়: পদে মূর্ধন্য ণ্।

স্বভাবতঃ মূর্ধন্য ণ্

নিম্নের পদগুলির বানানে স্বভাবতঃ মূর্ধন্য ণ—(শ্লোকের মত পড়):

কিঙ্কিণী কণিকা: গুণ: বাণ: পণ্যং কণা গণ:।
কল্যাণং কঙ্কণং মণি: বীণা পুণ্যম্ অণু: ফণী॥
বিপণি: শোণিতং পণ: বাণিজ্যং নিপুণ: কণ:॥

ষত্বের অন্যান্য জ্ঞাতব্য

১। ই-কারান্ত ও উ-কারান্ত উপসর্গের পর সম বা সয় শব্দের দন্ত্য 'স্' মূর্ধন্য 'ষ্' হয়। যথা—সুষম:, বিষম:, দুঃষম:, বিষয়:।

২। ই-কারান্ত ও উ-কারান্ত উপসর্গের পর সৃজ্, স্মৃ ও স্মি ধাতুর দন্ত্য 'স্' মূর্ধন্য 'ষ্' হয় না। যথা—বিস্মরণম্, বিস্মিত:।

স্বভাবতঃ মূর্ধন্য ষ্

নিম্নের শব্দগুলির বানানে স্বভাবতঃ মূর্ধন্য ষ্। সঙ্কেতশ্লোক যথা—
আষাঢ় আমিষ ঊষা, ঔষধ ওষধি ভূষা. কষায় কলুষ আর গ্রীষ্ম
পৌষ পুরুষ মেষ, ভীষণ হর্ষ ও দ্বেষ, পাষাণ প্রদোষ শেষ শিষ্য॥
বর্ষা অভিলাষ তৃষা, কৃষি শ্লেষ ষণ্ড মৃষা, তুষার মনুষ্য প্রশিষ্য।
মূষিক মহিষ ঘোষ, ষট্ ঋষি বিষ দোষ, মূর্ধন্য ষ্ নিত্য উপদিশ্য॥

অনুশীলনী

১। শুদ্ধ কর:—বাল্মীকি: রামায়নস্য প্রণেতা। সুসম: পাসান:। আসাঢ়স্য সায়াহ্নে। হিরন্ময়ে রথে মৃন্ময়ী প্রতিমা। নাস্তি গুণস্য অন্তঃ।

—·—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধাতুরূপ

ধাতুর গণ

ধাতুগুলি সংস্কৃতে দশটি শ্রেণীতে বিভক্ত। উহাদিগকে গণ বলে। এক একটি শ্রেণীর প্রথম ধাতুটির নাম অনুসারে গণের নাম স্থির হইয়াছে। দশটি গণ যথা—ভ্বাদি, অদাদি, হ্বাদি (বা জুহোত্যাদি, দিবাদি, স্বাদি, তুদাদি, রুধাদি, তনাদি, ক্র্যাদি ও চুরাদি।

ভ্বাদ্যদাদী জুহোত্যাদির্দিবাদিঃ স্বাদিরেব চ।
তুদাদিশ্চ রুধাদিশ্চ তনক্র্যাদি-চুরাদয়ঃ॥

বুঝিবার সুবিধার জন্য নিম্নোক্ত ক্রমে ধাতুরূপগুলি দেখান হইবে—ভ্বাদি, তুদাদি, দিবাদি, স্বাদি, তনাদি, ক্র্যাদি, অদাদি, হ্বাদি, রুধাদি ও চুরাদি। গণ অনুসারে ধাতুরূপের বৈশিষ্ট্য যথাসম্ভব উল্লেখ করা হইবে। স্থলবিশেষে মাত্র প্রথম পুরুষের রূপ বা বিশিষ্ট রূপটি দৃষ্টান্ত হিসাবে দেখান হইবে—যাহাতে উহাদের সাহায্যে অন্য রূপগুলিও ছাত্রছাত্রীরা বলিতে পারে।

প্রথম ভাগে সাধারণ ভাবে সমধিক প্রচলিত ধাতুর লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্ ও লৃট্—এই পাঁচ প্রকারের রূপ ও রূপাদর্শ দেখান হইয়াছে। এখানে গণ হিসাবে ধাতুরূপ ও ভিন্ন ভিন্ন গণের প্রচলিত ধাতুর সংক্ষিপ্ত তালিকা দেওয়া হইবে। বিশিষ্ট রূপ ব্যতীত ধাতুরূপে প্রথম, মধ্যম ও উত্তম পুরুষ পর পর সাজান থাকিবে। লক্ষণীয় পদগুলি এই † চিহ্নে চিহ্নিত করা হইল।

ইংরাজীতে বাক্যে Let দিয়াও আদেশ বা অনুজ্ঞা বোঝায়। তখন অনুবাদে লোট্ ব্যবহার করিবে। Let him go—স গচ্ছতু। Let me do—অহং করবাণি। তেমনি should বা ought থাকিলে উচিত অর্থে বিধিলিঙ্—He should give—স যচ্ছেৎ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভ্বাদিগণীয়

ভূ প্রভৃতি ভ্বাদিগণীয় ধাতুর রূপ এবং গম্-গচ্ছ প্রভৃতি রূপান্তর প্রথম ভাগে দেখান হইয়াছে। এখানে জি-ধাতুর রূপ দেওয়া হইল। প্রথম ভাগের রূপাদর্শ (পৃষ্ঠা ৭৮) আয়ত্ত রাখিও।

জি—(জয় করা) [To conquer]—পরস্মৈপদী

লট্

	প্রথমপুরুষে	মধ্যমপুরুষে	উত্তমপুরুষে
একবচনে	জয়তি	জয়সি	জয়ামি
দ্বিবচনে	জয়তঃ	জয়থঃ	জয়াবঃ
বহুবচনে	জয়ন্তি	জয়থ	জয়ামঃ

লোট্—জয়তু, জয়তাম্, জয়ন্তু ; জয়, জয়তম্, জয়ত ; জয়ানি, জয়াব, জয়াম।

লঙ্—অজয়ত্, অজয়তাম্, অজয়ন্ ; অজয়ঃ, অজয়তম্, অজয়ত ; অজয়ম্, অজয়াব, অজয়াম।

বিধিলিঙ্—জয়েত্, জয়েতাম্, জয়েয়ুঃ ; জয়েঃ, জয়েতম্, জয়েত ; জয়েয়ম্, জয়েব, জয়েম। লৃট্—জেষ্যতি, জেষ্যতঃ, জেষ্যন্তি ইত্যাদি।

বি বা পরা পূর্বক জি ধাতু আত্মনেপদী—বিজয়তে রাজা।

ধাতুরূপ সঙ্কেত

১। ভ্বাদি ও তুদাদিগণীয় ধাতুর অন্ত্য বর্ণে লট্, লোট্, লঙ্, ও বিধিলিঙের পূর্বে অ যুক্ত হয় (ভূ + অ + তি = ভবতি), দিবাদি-গণীয় ধাতুতে য-ফলা যুক্ত হয় (নৃত্যতি)।

২। আতে, আথে, বা আতাম্, আথাম্, এই প্রত্যয়ের যোগে আ-স্থানে ই হয়, ফলে রূপ দাঁড়ায় সেবেতে, সেবেথে ইত্যাদি।

৩। বিধিলিঙ্ যাত্ প্রত্যয়ের যা স্থানে ই হয় (ভবেত্)।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

লভ্—(লাভ করা) [To get]—আত্মনেপদী

লট্

একবচনে	লভতে	লভসে	লভে
দ্বিবচনে	লভেতে	লভেথে	লভাবহে
বহুবচনে	লভন্তে	লভধ্বে	লভামহে

লোট্—লভতাম্, লভেতাম্, লভন্তাম্ ; লভস্ব, লভেথাম্, লভধ্বম্ ; লভৈ, লভাবহৈ, লভামহৈ ।

লঙ্—অলভত, অলভেতাম্, অলভন্ত ; অলভথাঃ, অলভেথাম্, অলভধ্বম্ ; অলভে, অলভাবহি, অলভামহি ।

বিধিলিঙ্—লভেত, লভেয়াতাম্, লভেরন্ ; লভেথাঃ, লভেয়াথাম্, লভেধ্বম্ ; লভেয়, লভেবহি, লভেমহি ।

লৃট্—লপ্স্যতে, লপ্স্যেতে, লপ্স্যন্তে ; লপ্স্যসে, লপ্স্যেথে, লপ্স্যধ্বে ; লপ্স্যে, লপ্স্যাবহে, লপ্স্যামহে ।

প্রচলিত ভ্বাদিগণীয়

পরস্মৈপদী—অর্চ্, ক্রন্দ্, ক্রীড়্, খাদ্, গম্, গৈ, ঘ্রা-জিঘ্রতি, জি, দা-যচ্ছতি, ত্যজ্, দন্শ্-দশতি, দৃশ্-পশ্যতি, পঠ্, পত্, পা-পিবতি, ভূ, রক্ষ্, রুহ্, লিখ্, বদ্, হস্, সদ্-সীদতি, স্থা-তিষ্ঠতি, স্মৃ-স্মরতি ।

আত্মনেপদী—ঈক্ষ্ (দেখা), ত্রৈ-ত্রায়তে, ভাষ্, যত্ (যত্ন করা)-যততে, রভ্ (আরম্ভ করা)—রভতে, লভ্, বৃত্ (থাকা), বৃধ্, সহ্, সেব্ ।

উভয়পদী—নী (নয়তি, নয়তে), যাচ্, বহ্, হৃ ।

সংস্কৃতে অনুবাদ অনুশীলনী :— অশোক মৈত্রী দ্বারা দেশ জয় করিয়াছিলেন। পড়িবার জন্য ছাত্রেরা যত্ন করিবে। শিশু দুইটি কাঁদিতেছে। আমরা গৃহে থাকিব। পিতাকে সেবা করা উচিত। ভক্ত ভগবানকে স্মরণ করেন। গরীবকে তোমরা ধন দাও। মাতা পুত্রের জন্য কষ্ট সহেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তুদাদিগণীয় ধাতু

তুদ্ (আঘাত করা)—এই গণের প্রথম ধাতু। অধিক প্রচলিত স্পৃশ্ ধাতু আদর্শ হিসাবে গণ্য। রূপ ভ্বাদিগণীয়ের মত।

স্পৃশ্ (স্পর্শ করা) [To touch]—পরস্মৈপদী

	প্রথমপুরুষে	মধ্যমপুরুষে	উত্তমপুরুষে
একবচনে	স্পৃশতি	স্পৃশসি	স্পৃশামি
দ্বিবচনে	স্পৃশতঃ	স্পৃশথঃ	স্পৃশাবঃ
বহুবচনে	স্পৃশন্তি	স্পৃশথ	স্পৃশামঃ

লোট্—স্পৃশতু, স্পৃশতাম্, স্পৃশন্তু। লঙ্—অস্পৃশৎ, অস্পৃশতাম্, অস্পৃশন্। বিধিলিঙ্—স্পৃশেৎ। লৃট্—স্প্রক্ষ্যতি †।

প্রচলিত তুদাদিগণীয় ধাতু

পরস্মৈপদী—ইষ্ (ইচ্ছা করা) ইচ্ছতি† ; ঐচ্ছৎ† ; ইচ্ছেৎ ; এষিষ্যতি। প্রচ্ছ্—(জিজ্ঞাসা করা)—পৃচ্ছতি † ; প্রক্ষ্যতি†। বিশ্ (প্রবেশ করা)—বিশতি ; লৃট্—বেক্ষ্যতি। সৃজ্—সৃজতি। স্পৃশ্, উপদেশ করা—উপ-দিশ্। প্রবেশ করা—প্র-বিশ্। বসা—উপ-বিশ্।

আত্মনেপদী—মৃ ধাতু, কিন্তু লৃট্-এ ইহা পরস্মৈপদী—মরিষ্যতি।

উভয়পদী—মুচ্ (মুক্ত করা)—মুঞ্চতি †, মুঞ্চতে ; মোক্ষ্যতি †, মোক্ষ্যতে। সিচ্—(সেচন করা)—সিঞ্চতি, সিঞ্চতে।

দিবাদিগণীয় ধাতু

দিব্ (দীপ্তি পাওয়া, খেলা করা) [To glitter, to play]

লট্

একবচনে	দীব্যতি †	দীব্যসি	দীব্যামি
দ্বিবচনে	দীব্যতঃ	দীব্যথঃ	দীব্যাবঃ
বহুবচনে	দীব্যন্তি	দীব্যথ	দীব্যামঃ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

লোট্—দীব্যতু, দীব্যতাম্, দীব্যন্তু। লঙ্—অদীব্যত্, অদীব্যতাম্, অদীব্যন্। বিধিলিঙ্—দীব্যেৎ। লৃট্—দেবিষ্যতি †।

বিদ্ (থাকা) [To stay]—আত্মনেপদী

লট্

একবচনে	বিদ্যতে	বিদ্যসে	বিদ্যে
দ্বিবচনে	বিদ্যেতে	বিদ্যেথে	বিদ্যাবহে
বহুবচনে	বিদ্যন্তে	বিদ্যধ্বে	বিদ্যামহে

লোট্—বিদ্যতাম্, বিদ্যেতাম্, বিদ্যন্তাম্। লঙ্—অবিদ্যত, অবিদ্যেতাম্, অবিদ্যন্ত। বিধিলিঙ্—বিদ্যেত, বিদ্যেয়াতাম্, বিদ্যেরন্। লৃট্—বেৎস্যতে, বেৎস্যেতে, বেৎস্যন্তে।

প্রচলিত দিবাদিগণীয় ধাতু

পরস্মৈপদী-কুপ্-(কোপ করা)-কুপ্যতি, ক্রুধ্-ক্রুধ্যতি, নশ্-নশ্যতি, নৃত্-নৃত্যতি, লৃট্-এ—নর্তিষ্যতি বা নর্ৎস্যতি। ভ্রম্—ভ্রাম্যতি †, শ্রম্ (শ্রম করা)—শ্রাম্যতি †, সিধ্ (সিদ্ধিলাভ করা)—সিধ্যতি †।

আত্মনেপদী—জন্-জায়তে† ; জনিষ্যতে। মন্—মন্যতে ; মংস্যতে†।

অনুবাদ আদর্শ

ভ্বাদি, দিবাদি ও তুদাদি ক্রিয়াপদ

সেই সৈনিকগণ হাসিতেছে, গাহিতেছে ও নাচিতেছে—হসন্তি চ গায়ন্তি চ নৃত্যন্তি চ তে সৈনিকাঃ। লোকে জন্মগ্রহণ করে ও মারা যায়—লোকা জায়ন্তে ম্রিয়ন্তে চ। কিছুক্ষণ দাঁড়াও, প্রতীক্ষা কর—ক্ষণং তিষ্ঠ প্রতীক্ষস্ব। বাজে কথা সুধী ব্যক্তির বলা উচিত নয়—অলীকং ন বদেৎ সুধীঃ। সকলে ভালই দেখুক—সর্বে ভদ্রাণি পশ্যন্তু। ঈশ্বর জগৎ সৃষ্টি করিয়াছেন—বিশ্বমসৃজৎ ঈশ্বরঃ। কে না সুখ ইচ্ছা করিবে ?—কো বা ন সুখম্ এষিষ্যতি ?

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুশীলনী

১। ভূ ও লভ্ ধাতুর পাঁচ ল-কারের রূপ লিখ এবং প্রচ্ছ্, মুচ্, দৃশ্, জন্, বিদ্ (থাকা) ধাতুর লট্, ও লোট্-এ রূপ বল।

২। সংস্কৃতে অনুবাদ কর:—(ক) তাহারা ক্রোধ করিতেছে। পুত্র পিতার সেবা করিয়াছিল। তুমি কি যাইবে? যত্ন সিদ্ধিলাভ করে। যুধিষ্ঠির সত্য কথা বলিতেন। মিথ্যা বলা উচিত নয়। তাহারা গাছে উঠিতেছে। দূষিত জল স্পর্শ করিও না। রাজা যুদ্ধে জয়লাভ করিবেন।

(খ) I shall ask him a question. They saw the moon in the sky. One should give up wealth for the sake of others. Lotuses grow in the pond. All will die. Let him dance. Let me give you money. God created this world. They walk in the forest.

স্বাদিগণীয় ধাতু

সঙ্কেত—স্বাদিগণীয় ধাতুতে লট্, লোট্, লঙ্, বিধিলিঙে নু যুক্ত হয়। তি, সি, মি; তু, আনি, আব, আম; দ্, স্, অম্ এবং আবহৈ, আমহৈ পরে থাকিলে নু স্থানে নো হয়। যথা—সু+তি= সুনোতি, সু+তঃ=সুনুতঃ। সু (স্নান করা)—এই গণের প্রথম ধাতু।

শ্রু (শ্রবণ করা) [To hear]—পরস্মৈপদী

লট্

একবচনে	শৃণোতি †	শৃণোষি	শৃণোমি
দ্বিবচনে	শৃণুতঃ †	শৃণুথঃ	শৃণুবঃ, শৃণ্বঃ
বহুবচনে	শৃণ্বন্তি †	শৃণুথ	শৃণুমঃ, শৃণ্মঃ

লোট

একবচনে	শৃণোতু	শৃণু †	শৃণবানি †
দ্বিবচনে	শৃণুতাম্	শৃণুতম্	শৃণবাব
বহুবচনে	শৃণ্বন্তু	শৃণুত	শৃণবাম

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

লঙ্

একবচনে	অস্তৃণোৎ	অস্তৃণোঃ	অস্তৃণবম্
দ্বিবচনে	অস্তৃণুতাম্	অস্তৃণুতম্	অস্তৃণুব, অস্তৃণ্ব
বহুবচনে	অস্তৃণ্বন্	অস্তৃণুত	অস্তৃণুম, অস্তৃণ্ম

বিধিলিঙ্—স্তৃণুয়াৎ, স্তৃণুয়াতাম্, স্তৃণুয়ুঃ; স্তৃণুয়াঃ, স্তৃণুয়াতম্, স্তৃণুয়াত; স্তৃণুয়াম্, স্তৃণুয়াব, স্তৃণুয়াম। লৃট্—স্তরিষ্যতি।

প্রচলিত স্বাদিগণীয় ধাতু—আপ্ (পাওয়া)—আপ্নোতি, আপ্নুতঃ, আপ্নুবন্তি*; লোট্ হি—আপ্নুহি*; লঙ্ দ্—আপ্নোৎ। শক্ (পারা)—শক্নোতি; লৃট্-শক্ষ্যতি। চি (চয়ন করা)—চিনোতি; চিনুতে।

তনাদিগণীয় ধাতু

সঙ্কেত—তনাদিগণীয় ধাতুতে লট্, লোট্, লঙ্, বিধিলিঙে উ যুক্ত হয়। তি, সি, মি: তু, আনি, আব, আম; দ্, স্, অম্ এবং ঐ, আবহৈ, আমহৈ পরে থাকিলে উ স্থানে ও হয়। যথা—তন্ + তি = (তন্ + ও + তি) = তনোতি। তন্ + তঃ = (তন্ + উ + তঃ) = তনুতঃ। তন্ এই গণের প্রথম ধাতু। কৃ ধাতুর রূপ প্রথম ভাগে আছে।

তন্ (বিস্তার করা) [To spread]—উভয়পদী

একবচনে	তনোতি	তনোষি	তনোমি
দ্বিবচনে	তনুতঃ	তনুথঃ	তনুবঃ, তন্বঃ
বহুবচনে	তন্বন্তি	তনুথ	তনুমঃ, তন্মঃ

লোট্—তনোতু। লঙ্—অতনোৎ। বিধিলিঙ্—তনুয়াৎ। লৃট্—তনিষ্যতি।

আত্মনেপদী—লট্—তনুতে, তন্বাতে, তন্বতে*।

প্রয়োগ:—গুরু বিদ্যা বিস্তার করেন—বিতনোতি গুরুঃ বিদ্যাম্।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ক্র্যাদিগণীয় ধাতু

সঙ্কেত—ক্র্যাদিগণীয় ধাতুতে লট্, লোট্, লঙ্, বিধিলিঙে—তি, সি, মি ; তু, হু, স্, অম্ পরে থাকিলে না (ক্রীণাতি), অন্য ব্যঞ্জনাদি বিভক্তি পরে থাকিলে নী (ক্রীণীতঃ) ও অম্ ভিন্ন স্বরাদি বিভক্তি থাকিলে ন যুক্ত হয় (ক্রীণন্তি)। ণত্ববিধি ঠিক রাখিবে।

ক্রী (ক্রয় করা) [To buy]—উভয়পদী

পরস্মৈপদে—লট্

একবচনে	ক্রীণাতি †	ক্রীণাসি	ক্রীণামি
দ্বিবচনে	ক্রীণীতঃ †	ক্রীণীথঃ	ক্রীণীবঃ
বহুবচনে	ক্রীণন্তি	ক্রীণীথ	ক্রীণীমঃ

লোট্

একবচনে	ক্রীণাতু	ক্রীণীহি †	ক্রীণানি †
দ্বিবচনে	ক্রীণীতাম্	ক্রীণীতম্	ক্রীণাব
বহুবচনে	ক্রীণন্তু	ক্রীণীত	ক্রীণাম

লঙ্

একবচনে	অক্রীণাত্	অক্রীণাঃ	অক্রীণাম্
দ্বিবচনে	অক্রীণীতাম্	অক্রীণীতম্	অক্রীণীব
বহুবচনে	অক্রীণন্ †	অক্রীণীত	অক্রীণীম

বিধিলিঙ্—ক্রীণীয়াত্, ক্রীণীয়াতাম্, ক্রীণীয়ুঃ। লৃট্—ক্রেষ্যতি।

ক্রী (আত্মনেপদী)—লট্—ক্রীণীতে, ক্রীণাতে, ক্রীণতে† ; ক্রীণীষে ক্রীণাথে, ক্রীণীধ্বে ; ক্রীণে, ক্রীণীবহে, ক্রীণীমহে।

লোট্—ক্রীণীতাম্, ক্রীণাতাম্, ক্রীণতাম্ †। লঙ্—অক্রীণীত, অক্রীণাতাম্, অক্রীণত †। বিধিলিঙ্—ক্রীণীত। লৃট্—ক্রেষ্যতে।

বি পূর্বক ক্রী ধাতু আত্মনেপদী—স ফলং বিক্রীণীতে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রচলিত ক্র্যাদিগণীয় ধাতু

অশ্ (খাওয়া)—অশ্নাতি। লোট্ হি—অশান†। লঙ্—আশ্নত্।

গ্রহ—গৃহ্ণাতি, গৃহ্ণীতঃ, গৃহ্ণন্তি। লোট্ হি—গৃহাণ†। লৃট্—গ্রহীষ্যতি। আত্মনেপদে—গৃহ্ণীতে, গৃহ্ণাতে, গৃহ্ণতে†।

জ্ঞা (জানা)—জানাতি, জানীতঃ, জানন্তি। লোট্ হি—জানীহি†। লৃট্—জ্ঞাস্যতি। আত্মনেপদে—লট্—জানীতে, জানাতে, জানতে†।

বন্ধ্ (বাঁধা)—বধ্নাতি†, বধ্নীতঃ, বধ্নন্তি। লোট্ হি—বধান†।

অনুবাদ আদর্শ

স্বাদি, তনাদি, ও ক্র্যাদি ক্রিয়াপদ

সে পুষ্প চয়ন করে—স পুষ্পং চিনোতি। দেবগণ শুনুন—শৃণ্বন্তু দেবাঃ। সকলের হিত করা উচিত—সর্বেষাং হিতং কুর্যাৎ। তাহারা কর্মের ফল পাইল—তে কর্মণঃ ফলম্ আপ্নুবন্। তোমার মহিমা আমি জানি না—নাহং জানে তব মহিমানম্। বন্ধু হৃদয় বাঁধিয়া রাখে—বধ্নাতি হৃদয়ং বন্ধুঃ। তাহারা পুস্তক ক্রয় করিয়াছিল—তে পুস্তকানি অক্রীণন্। বই লও, পাঠের দ্বারা জান—গৃহাণ পুস্তকম্, পাঠেন জানীহি।

অনুশীলনী

১। শ্রু ও ক্রী ধাতুর লট্, লোট্ ও লঙ্-এর রূপ লিখ।

২। নিম্নের পদগুলি লইয়া বাক্য রচনা কর :—গৃহ্ণামি, আপ্নোত্, কুর্যাত্, বধান, ক্রীণন্তি, শক্নোতি, জানীয়াত্।

৩। সংস্কৃতে অনুবাদ কর :—I do not know it. They purchase three books. He knows you. Boys listened to the song. Do this, you will get reward. The girl is plucking flowers.

৪। পার্শ্বের বিভক্তি যোগে রূপ লিখ :—গ্রহ+লোট্ হি, শ্রু+লট্ অন্তি, অশ্+লোট্ হি, আপ্+লট্ অন্তি, জ্ঞা+লৃট্ স্যতি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অদাদিগণীয় ধাতু

অদ্ (খাওয়া) এই গণের প্রথম ধাতু—অত্তি, অত্তঃ অদন্তি। অস্ ধাতুর অর্থ থাকা—ইহার রূপ প্রথম ভাগে পড়িয়াছ।

ই (যাওয়া) [To go]—পরস্মৈপদী

লট্

একবচনে	এতি †	এষি	এমি
দ্বিবচনে	ইতঃ †	ইথঃ	ইবঃ
বহুবচনে	যন্তি †	ইথ	ইমঃ

লোট্

একবচনে	এতু	ইহি †	অয়ানি
দ্বিবচনে	ইতাম্	ইতম্	অয়াব
বহুবচনে	যন্তু	ইত	অয়াম

লঙ্—ঐৎ †, ঐতাম্, আয়ন্ †; ঐঃ, ঐতম্, ঐত; আয়ম্, ঐব, ঐম। বিধিলিঙ্—ইয়াৎ †, ইয়াতাম্, ইয়ুঃ। লৃট্—এষ্যতি †।

প্রয়োগ ঃ—সূর্য উদিত হয়—সূর্যঃ উদেতি (উৎ+এতি)। তুমি এস—ত্বম্ এহি (আ+ইহি)।

রুদ্ (কাঁদা) [To cry]—পরস্মৈপদী

একবচনে	রোদিতি †	রোদিষি	রোদিমি
দ্বিবচনে	রুদিতঃ	রুদিথঃ	রুদিবঃ
বহুবচনে	রুদন্তি	রুদিথ	রুদিমঃ

লোট্—রোদিতু, রুদিতাম্, রুদন্তু; রুদিহি †, রুদিতম্, রুদিত; রোদানি, রোদাব, রোদাম। লঙ্—অরোদীৎ (বা অরোদৎ), অরুদতাম্, অরুদন্; অরোদীঃ (বা অরোদঃ,), অরুদিতম্, অরুদিত। লঙ্—অম্-যোগে—অরোদম্। বিধিলিঙ্—রুদ্যাৎ। লৃট্—রোদিষ্যতি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শাস্—(শাসন করা) [To rule]—পরস্মৈপদী

তি, সি, মি, তু ; এবং হ্ স্ ভিন্ন ব্যঞ্জনাদি বিভক্তির পূর্বে শাস্ স্থানে শিষ্ হয়।

লট্

একবচনে	শাস্তি †	শাস্সি	শাস্মি
দ্বিবচনে	শিষ্টঃ †	শিষ্ঠঃ	শিষ্বঃ
বহুবচনে	শাসতি †	শিষ্ঠ	শিষ্মঃ

লোট্—শাস্তু, শিষ্টাম্, শাসতু†, শাধি†, শিষ্টম্, শিষ্ট ; শাসানি, শাসাব, শাসাম। লঙ্—অশাত্ †, অশিষ্টাম্, অশাসুঃ † ; অশাত্ (বা অশাঃ), অশিষ্টম্, অশিষ্ট ; অশাসম্, অশিষ্ব, অশিষ্ম।

বিধিলিঙ্—শিষ্যাত্†, শিষ্যাতাম্, শিষ্যুঃ। লৃট্—শাসিষ্যতি।

প্রয়োগ :—রাজারা প্রজা শাসন করেন—রাজানঃ প্রজাঃ শাসতি (শাসন্তি নহে)। আমাকে শিক্ষা দাও—শাধি মাম্।

হন্ (হত্যা করা) [To kill]—পরস্মৈপদী

লট্

একবচনে	হন্তি	হংসি	হন্মি
দ্বিবচনে	হতঃ †	হথঃ	হন্বঃ
বহুবচনে	ঘ্নন্তি †	হথ	হন্মঃ

লোট্—হন্তু, হতাম্, ঘ্নন্তু ; জহি †, হতম্, হত ; হনানি, হনাব, হনাম। লঙ্—অহন্ †, অহতাম্, অঘ্নন্ † ; অহন্, অহতম্, অহত ; অহনম্, অহন্ব, অহন্ম। বিধিলিঙ্—হন্যাত্ হন্যাতাম্, হন্যুঃ। লৃট্—হনিষ্যতি।

প্রয়োগ :—বাঘ পশু বধ করে—ব্যাঘ্রঃ পশুং হন্তি। শত্রুদিগকে বধ কর—শত্রূন্ জহি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

শী (শয়ন করা, ঘুমান) [To sleep]—আত্মনেপদী

লট্

একবচনে	শেতে †	শেষে	শয়ে
দ্বিবচনে	শয়াতে †	শয়াথে	শবহে
বহুবচনে	শেরতে †	শেধ্বে	শেমহে

লোট্—শেতাম্, শয়াতাম্, শেরতাম্ † ; শেষ্ব, শয়াথাম্, শেধ্বম্ ; শয়ৈ, শয়াবহৈ, শয়ামহৈ।

লঙ্—অশেত †, অশয়াতাম্, অশেরত † ; অশেথাঃ, অশয়াথাম্ অশেধ্বম্ ; অশয়ি, অশেবহি, অশেমহি।

বিধিলিঙ্—শয়ীত†, শয়ীয়াতাম্, শয়ীরন্ ; শয়ীথাঃ,শয়ীয়াথাম্, শয়ীধ্বম্ ; শয়ীয়, শয়ীবহি, শয়ীমহি। লৃট্—শয়িষ্যতে।

প্রয়োগ :—শিশু বিছানায় শুইয়া আছে—শিশুঃ শয্যায়াং শেতে। তাহারা মাদুরে শোয়—তে কটে শেরতে (শেরন্তে নহে)।

ব্রূ (বলা) [To speak]—উভয়পদী

বিশেষ দ্রষ্টব্য—আনি, আব, আম, অম্, ঐ ভিন্ন স্বরাদি বিভক্তি পরে থাকিলে ব্রূ স্থানে হ্রস্ব উ-কার (ব্রু) হয়।

পরস্মৈপদী—লট

একবচনে	ব্রবীতি†, আহ†	ব্রবীষি, আত্থ †	ব্রবীমি
দ্বিবচনে	ব্রূতঃ†, আহতুঃ†	ব্রূথঃ, আহথুঃ †	ব্রূবঃ
বহুবচনে	ব্রুবন্তি†, আহুঃ†	ব্রূথ	ব্রূমঃ

লোট্—ব্রবীতু, ব্রূতাম্, ব্রুবন্তু ; ব্রূহি, ব্রূতম্, ব্রূত ; ব্রবাণি, ব্রবাব, ব্রবাম।

লঙ্—অব্রবীত্, অব্রূতাম্, অব্রুবন্ ; অব্রবীঃ, অব্রূতম্, অব্রূত ; অব্রবম্, অব্রূব, অব্রূম।

বিধিলিঙ্—ব্রূয়াত্, ব্রূয়াতাম্, ব্রূয়ুঃ। লৃট্—বক্ষ্যতি †।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আত্মনেপদ—লট্

	প্রথমপুরুষে	মধ্যমপুরুষে	উত্তমপুরুষে
একবচনে	ব্রূতে	ব্রূষে	ব্রুবে
দ্বিবচনে	ব্রুবাতে	ব্রুবাথে	ব্রূবহে
বহুবচনে	ব্রুবতে †	ব্রূধ্বে	ব্রূমহে

লোট্—ব্রূতাম্, ব্রুবাতাম্, ব্রুবতাম্ ; ব্রূষ্ব, ব্রুবাথাম্, ব্রূধ্বম্ ; ব্রবৈ, ব্রবাবহৈ, ব্রবামহৈ।

লঙ্—অব্রূত, অব্রুবাতাম্, অব্রুবত† ; অব্রূথাঃ, অব্রুবাথাম্, অব্রূধ্বম্; অব্রুবি, অব্রূবহি, অব্রূমহি।

বিধিলিঙ্—ব্রুবীত, ব্রুবীয়াতাম্, ব্রুবীরন্ ; ব্রুবীথাঃ, ব্রুবীয়াথাম্, ব্রুবীধ্বম্ ; ব্রুবীয়, ব্রুবীবহি, ব্রুবীমহি। লৃট্—বক্ষ্যতে।

আস্ (থাকা, বসা) [To stay, to sit]—আত্মনেপদী

লট্

একবচনে	আস্তে	আস্সে	আসে
দ্বিবচনে	আসাতে	আসাথে	আস্বহে
বহুবচনে	আসতে †	আদ্ধ্বে, আধ্বে	আস্মহে

লোট্—আস্তাম্, আসাতাম্, আসতাম্ † ; আস্স্ব, আসাথাম্, আদ্ধ্বম্ (আধ্বম্) ; আসৈ, আসাবহৈ, আসামহৈ।

লঙ্—আস্ত †, আসাতাম্, আসত † ; আস্থাঃ, আসাথাম্, আদ্ধ্বম্ (আধ্বম্) ; আসি, আস্বহি, আস্মহি।

বিধিলিঙ্—আসীত†, আসীয়াতাম্, আসীরন্। লৃট্—আসিষ্যতে।

প্রয়োগ :—উপ + আস্ (উপাসনা করে)। শিবভক্তগণ শিবের পূজা করে—শিবভক্তাঃ শিবম্ উপাসতে (উপাসন্তে নহে)।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

दुह् (দোহন করা) [To milk]—উভয়পদী

পরস্মৈপদী—লট্

একবচনে	दोग्धि †	धोक्षि †	दोह्मि
দ্বিবচনে	दुग्धः	दुग्धः	दुह्वः
বহুবচনে	दुहन्ति	दुग्ध	दुह्मः

লোট্—दोग्धु, दुग्धाम्, दुहन्तु ; दुग्धि †, दुग्धम्, दुग्ध ; दोहानि, दोहाव, दोहाम।

লঙ্ দ্, ওস্—अधोक्† । বিধিলিঙ্—दुह्यात् । লৃট্—धोक्ष्यति† । আত্মনেপদে—दुग्धे, दुहाते, दुहते † ।

অন্য ধাতু—स्तु (স্তুতিকরা)—स्तौति †, स्तुतः, स्तुवन्ति । जागृ—जागर्ति, जागृतः, जाग्रति† । লঙ্ দ্, স্—अजागः, অন্-अजागरुः † ।

প্রয়োগ :—গোয়ালা দুধ দোয়—गोपः दुग्धं दोग्धि । ব্রাহ্মণগণ দেবতার স্তব করেন—विप्राः देवं स्तुवन्ति ।

হ্বাদিগণীয় (বা জুহোত্যাদিগণীয়) ধাতু

সংকেত :—এই গণে লট্, লোট্, লঙ্, বিধিলিঙে ধাতুর পূর্বে বর্ণাগম হয়। যথা—हु—जुहु, हा—जहि, भी—बिभी, दा—ददा।

हु (আহুতি দেওয়া) [To offer in fire]—পরস্মৈপদী

লট্

একবচনে	जुहोति †	जुहोषि	जुहोमि
দ্বিবচনে	जुहुतः †	जुहुथः	जुहुवः
বহুবচনে	जुह्वति †	जुहुथ	जुहुमः

লোট্—जुहोतु, जुहुताम्, जुह्वतु † ; जुहुधि †, जुहुतम्, जुहुत ; जुहवानि, जुहवाव, जुहवाम ।

লঙ্—अजुहोत्, अजुहुताम्, अजुहवुः†; अजुहोः, अजुहुतम्, अजुहुत ; अजुहवम्, अजुहुव, अजुहुम ।

বিধিলিঙ্—जुहुयात्, जुहुयाताम्, जुहुयुः । লৃট্—होष्यति † ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হা (ত্যাগ করা) [To leave]—পরস্মৈপদী

বিশেষ দ্রষ্টব্য—হা স্থানে জহি হইলে বিকল্পে জহী হয়।

লট্

একবচনে	জহাতি	জহাসি	জহামি
দ্বিবচনে	জহিতঃ, জহীতঃ+	জহিথঃ, জহীথঃ	জহিবঃ, জহীবঃ
বহুবচনে	জহতি +	জহিথ	জহিমঃ, জহীমঃ

লোট্—জহাতু। অন্তু-যোগে—জহতু। হি-যোগে—জহিহি। (জহীহি, জহাহি)। লঙ্—অজহাৎ, অন্-যোগে—অজহুঃ। বিধিলিঙ্—জহ্যাৎ। লৃট্—হাস্যতি।

হ্বাদিগণীয় দা (দেওয়া) [To give]—উভয়পদী

তি, সি, মি ; তু, স্, অম্ ভিন্ন বিভক্তি পরে থাকিলে দা ধাতুর আ-কার লুপ্ত হয়।

পরস্মৈপদী—লট্

একবচনে	দদাতি +	দদাসি	দদামি
দ্বিবচনে	দত্তঃ +	দত্থঃ	দদ্বঃ
বহুবচনে	দদতি +	দত্থ	দদ্মঃ

লোট্

একবচনে	দদাতু	দেহি +	দদানি
দ্বিবচনে	দত্তাম্	দত্তম্	দদাব
বহুবচনে	দদতু +	দত্ত	দদাম

লঙ্

একবচনে	অদদাৎ	অদদাঃ	অদদাম্
দ্বিবচনে	অদত্তাম্	অদত্তম্	অদদ্ব
বহুবচনে	অদদুঃ+, অদদৎ	অদত্ত	অদদ্ম

বিধিলিঙ্—দদ্যাৎ, দদ্যাতাম্, দদ্যুঃ। লৃট্—দাস্যতি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আত্মনেপদে—लट्—दत्ते †, ददाति, ददते † ; दत्से, ददाथे, दद्ध्वे ; ददे, दद्वहे, दद्महे ।

लोट्—दत्ताम्, ददाताम् † । लङ्—अदत्त, अददाताम्, अददत† । विधिलिङ्—ददीत । लृट्—दास्यते ।

অন্য ধাতু—भी (ভয় করা)—बिभेति†, बिभितः (बिभीतः), बिभ्यति† । लोट्—बिभेतु, बिभिताम् (बिभीताम्), बिभ्यतु† । হি-যোগে—बिभिहि (बिभीहि) †, আনি-যোগে—बिभयानि ।

लङ्—দ্-যোগে अबिभेत्, অন্-যোগে अबिभयुः, স-যোগে अबिभेः । विधिलिङ्—बिभियात् (बिभीयात्) । लृट्—भेष्यति ।

রুধাদিগণীয় ধাতু

সঙ্কেত—लट्, लोट्, लङ्, विधिलिङे রুধাদিগণের ধাতুতে শেষের স্বরবর্ণের পর হসন্ত न् যুক্ত হয় । रुध्—रुनध्, भुज्—भुनज् (শেষের ज् স্থলবিশেষে क् হয়) ।

भुज् (পালন করা অর্থে) [To Protect]—পরস্মৈপদী

लट्

एकवचने	भुनक्ति †	भुनक्षि †	भुनज्मि
द्विवचने	भुङ्क्तः	भुङ्क्थः	भुञ्ज्वः
बहुवचने	भुञ्जन्ति †	भुङ्क्थ	भुञ्ज्मः

लोट्—भुनक्तु, भुङ्क्ताम्, भुञ्जन्तु ; भुङ्ग्धि†, भुङ्क्तम्, भुङ्क्त ; भुनजानि, भुनजाव, भुनजाम ।

लङ्—अभुनक् †, अभुङ्क्ताम्, अभुञ्जन् ; अभुनक्, अभुङ्क्तम्, अभुङ्क्त ; अभुनजम् †, अभुञ्ज्व, अभुञ्ज्म ।

विधिलिङ्—भुञ्ज्यात् । लृट्—भोक्ष्यति ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভুজ্ (খাওয়া বা ভোগ অর্থে) [To eat, to enjoy]—আত্মনেপদী

লট্

একবচনে	ভুঙ্‌ক্তে *	ভুঙ্‌ক্ষে	ভুঞ্জে
দ্বিবচনে	ভুঞ্জাতে *	ভুঞ্জাথে	ভুঞ্জ্বহে
বহুবচনে	ভুঞ্জতে *	ভুঙ্‌গ্ধ্বে	ভুঞ্জ্মহে

লোট্—ভুঙ্‌ক্তাম্, ভুঞ্জাতাম্,ভুঞ্জতাম্*; ভুঙ্‌ক্ষ্ব, ভুঞ্জাথাম্,ভুঙ্‌গ্ধ্বম্; ভুনজৈ,ভুনজাবহৈ,ভুনজামহৈ। লঙ্—অভুঙ্‌ক্ত,অভুঞ্জাতাম্,অভুঞ্জত। বিধিলিঙ্—ভুঞ্জীত, ভুঞ্জীয়াতাম্, ভুঞ্জীরন্। লৃট্—ভোক্ষ্যতে।

চুরাদিগণীয় ধাতু

সঙ্কেত—চুর্ প্রভৃতি চুরাদিগণীয় ধাতুর পর অয্ যুক্ত হয়।

পূজ্ (পূজা করা) [To worship]—পরস্মৈপদী

লট্

একবচনে	পূজয়তি	পূজয়সি	পূজয়ামি
দ্বিবচনে	পূজয়তঃ	পূজয়থঃ	পূজয়াবঃ
বহুবচনে	পূজয়ন্তি	পূজয়থ	পূজয়ামঃ

কয়েকটি চুরাদিগণীয় ধাতুর রূপাদর্শ

ধাতু	অর্থ	লট্	লোট	লঙ্	বিধিলিঙ্	লৃট্
চুর্	(চুরি করা)—	চোরয়তি	চোরয়তু	অচোরয়ত্	চোরয়েত্	চোরয়িষ্যতি
তড়্*	(মারা)—	তাড়য়তি	তাড়য়তু	অতাড়য়ত্	তাড়য়েত্	তাড়য়িষ্যতি
পাল্	(পালন করা)—	পালয়তি	পালয়তু	অপালয়ত্	পালয়েত্	পালয়িষ্যতি
পূজ্	(পূজা করা)—	পূজয়তি	পূজয়তু	অপূজয়ত্	পূজয়েত্	পূজয়িষ্যতি
ভক্ষ্	(খাওয়া)—	ভক্ষয়তি	ভক্ষয়তু	অভক্ষয়ত্	ভক্ষয়েত্	ভক্ষয়িষ্যতি

অন্যান্য ধাতু—অর্চ্, চিন্ত্, পীড়্, রচ্ (রচনা করা)।

---

* এই ধাতু উভয়পদী ; আত্মনেপদে—তাড়য়তে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুবাদ আদর্শ

৫

অদাদি, হ্বাদি, রুধাদি ও চুরাদি ক্রিয়াপদ

তুমি হও আমার বন্ধু—त्वमसि मम बन्धुः।
দরিদ্রগণ মাটিতে শয়ন করে—दरिद्राः भूमौ शेरते।
সত্য কথা ও প্রিয় কথা বলা উচিত—सत्यं ब्रूयात् प्रियं ब्रूयात्।
প্রাজ্ঞ ব্যক্তির উপায় চিন্তা করা উচিত—उपायं चिन्तयेत् प्राज्ञः।
বিদ্যা বিনয় দান করে—विद्या ददाति विनयम्।
রাম রাবণকে নিহত করেন—रामो रावणम् अहन्।
নৃপগণ ধর্মের দ্বারা শাসন করেন—नृपा धर्मेण शासति।
রাত্রিতে দধি খাওয়া উচিত নয়—न रात्रौ दधि भुञ्जीत।

অনুশীলনী

১। নিম্নোক্ত ধাতুগুলির লট্ ও লঙ্ প্রথম পুরুষের রূপ বল :—
শাস্, দা, ব্রূ, শী, হন্, ই, ভুজ্, ভক্ষ্।

২। বিভক্তিযোগে ক্রিয়াপদটি কি হয় বল :—
হন্+লোট্ হি। শাস্+লোট্ হি। ই+লোট্ হি।

৩। সংস্কৃতে অনুবাদ কর :—তাহারা ভাত খায়। রাজা দেশ শাসন করেন। বালিকাটি শয্যায় শুইয়াছিল। বিড়াল ইঁদুরটিকে নিহত করিল। রাজা পৃথিবী পালন করেন। তুমি হও আমাদের প্রিয়। তাহারা কেন রোদন করিতেছে ? ভক্তগণ শ্রীকৃষ্ণের পূজা করেন। পাঠে মন দেওয়া উচিত। বাল্মীকি রামায়ণ রচনা করিয়াছিলেন। শত্রুগণকে বধ কর। দরিদ্রকে আমার ধন দান করা উচিত। বালিকাটি দুঃখে রোদন করিয়াছিল। তোমরা সত্য কথা বলিও। আমরা রাত্রিতে শয়ন করি। আমি হই তোমার সখা। হে দেবি! ধন দাও, যশ দাও!

———

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ক্রিয়া

অকর্মক ক্রিয়া

যে যে ক্রিয়ার কর্ম থাকে না, তাহারা অকর্মক ক্রিয়া। হয়, থাকে, শোয়, ঘুমায় ইত্যাদি ক্রিয়া অকর্মক। যথা—বৃষ্টির্ভবতি। শিশুঃ শেতে। স বিদ্যতে। অগ্নির্বর্ধতে। কীর্ত্তির্যস্য স জীবতি।

নিম্নের শ্লোকে অকর্মক ধাতুর তালিকা আছে—

লজ্জা-সত্তা-স্থিতি-জাগরণং বৃদ্ধি-ক্ষয়-ভয়-জীবন-মরণম্।
নর্তন-নিদ্রা-রোদন-বাসাঃ স্পর্ধা-কম্পন-মোদন-হাসাঃ॥
শয়ন-ক্রীড়া-রুচি-দীপ্ত্যর্থা ধাতব এতে কর্মণি নোক্তাঃ।

দ্বিকর্মক ক্রিয়া

কতকগুলি সকর্মক ক্রিয়ার দুইটি কর্ম। তাহাদিগকে দ্বিকর্মক ক্রিয়া বলে। দ্বিকর্মক ধাতু দুই প্রকার—দুহাদি ও ন্যাদি। দুহ্, যাচ্, পচ্, দণ্ড্, রুধ, প্রচ্ছ্, চি, ব্রূ, শাস্, জি, মন্থ্, মুষ্ (চুরি করা)—এই ধাতুগুলি দুহাদি। ন্যাদি বলিতে নী, হৃ, কৃষ্, বহ্। যথা—গোপো গাং দুগ্ধং দোগ্ধি। ভৃত্যঃ ছাগং গ্রামং নয়তি।

কর্ম দুইটির মধ্যে একটি মুখ্য, অপরটি গৌণ। বাংলা করিলে যে শব্দে কর্ম ভিন্ন অন্য কারকবিভক্তির বা ৬ষ্ঠী বিভক্তির সম্ভাবনা থাকে, তাহা গৌণ কর্ম। 'গোয়ালা গরু হইতে বা গরুর দুধ দুহিতেছে'—এই বাক্যে গরু শব্দের পরে ৫মী বা ৬ষ্ঠীর সম্ভাবনা ছিল। অতএব 'গরু' গৌণ কর্ম। 'ভৃত্য ছাগলটিকে গ্রামে লইয়া যায়'—এই বাক্যে 'গ্রাম' শব্দে ৭মীর সম্ভাবনা ছিল। অতএব উহা গৌণকর্ম।

দুহ্ বা নী প্রভৃতি ধাতুর বোধক অন্য ধাতুও দ্বিকর্মক হয়, যথা—আচার্যঃ শিষ্যং ধর্মং বদতি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আত্মনেপদ ও পরস্মৈপদ বিধি

১। ধাতু পরস্মৈপদী, আত্মনেপদী বা উভয়পদী। কর্মবাচ্যে বা ভাববাচ্যে ধাতু সব সময় আত্মনেপদী, কিন্তু ধাতুর পর লট্, লোট্, লঙ, বিধিলিঙে য যুক্ত হয়—দৃশ্যতে। ইহার আলোচনা পরে দ্রষ্টব্য।

২। কর্তৃবাচ্যে অর্থের বিভিন্নতা বশতঃ কতকগুলি ধাতু পরস্মৈপদী বা আত্মনেপদী হয়। যেমন, পালন করা অর্থে ভুজ্ ধাতু পরস্মৈপদী—রাজা পৃথিবীং ভুনক্তি। কিন্তু খাওয়া বা ভোগ করা অর্থে উহা আত্মনেপদী—সঃ অন্নং ভুঙ্ক্তে। দুষ্টো দুঃখং ভুঙ্ক্তে।

১। কর্তৃবাচ্যে উপসর্গ যোগে কতকগুলি ধাতু পরস্মৈপদী ও কতকগুলি আত্মনেপদী হয়। সংক্ষিপ্ত সঙ্কেত নিম্নে দেওয়া হইল।

পরস্মৈপদ-সঙ্কেত

উপসর্গ	ধাতু	নিষ্পন্ন পদ
বি, আঙ্, পরি	রম্	বিরমতি, আরমতি, পরিরমতি
অনু, পরা	কৃ	অনুকরোতি।
প্র	বহ্	প্রবহতি †। যথা—নদী প্রবহতি।

আত্মনেপদ-সঙ্কেত

উপসর্গ	ধাতু	নিষ্পন্ন পদ
নি	বিশ্	নিবিশতে—স পাঠে চিত্তং নিবিশতে।
বি, পরি, অব	ক্রী	বিক্রীণীতে † ইত্যাদি।
বি, পরা	জি	বিজয়তে †, পরাজয়তে †।
আ	দা	আদত্তে (গ্রহণ করে)।
সম্, অব †, বি	স্থা	সন্তিষ্ঠতে, প্রতিষ্ঠতে † (প্রস্থান করে)।
সম্, প্রতি	জ্ঞা	সংজানীতে, প্রতিজানীতে (প্রতিজ্ঞা করে)।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বাচ্য (Voice)

বাচ্য তিন প্রকার—কর্তৃবাচ্য, কর্মবাচ্য ও ভাববাচ্য।

১। কর্তৃবাচ্য (Active Voice)—কর্তৃবাচ্যে ক্রিয়া কর্তার কথা বলিয়া দেয়। ক্রিয়াপদ হইতে কর্তার পুরুষ ও বচন জানা যায়। কর্তৃবাচ্যে কর্তায় প্রথমা, কর্মে দ্বিতীয়া এবং ক্রিয়ার পুরুষ ও বচন কর্তার অনুযায়ী হয়। যথা—শিষ্যঃ চন্দ্রং পশ্যতি। আবাং গৃহং গচ্ছাবঃ। অকর্মক ধাতুর প্রয়োগে কর্ম থাকে না। যথা—শিষ্যঃ শেতে।

২। কর্মবাচ্য (Passive Voice)—কর্মবাচ্যে ক্রিয়া কর্মের কথা বলিয়া দেয়। এইজন্য কর্মটিকে উক্তকর্ম বলে। কর্মবাচ্যে উক্তকর্মে প্রথমা, কর্তায় (অর্থাৎ অনুক্ত কর্তায়) তৃতীয়া এবং ক্রিয়ার পুরুষ ও বচন কর্মের অনুযায়ী হয়। ধাতুটি সর্বদা আত্মনেপদী এবং লট্, লোট্, লঙ্, বিধিলিঙে মূল ধাতুর পর অকারান্ত য আগম হয়। যথা—বালকেন চন্দ্রো দৃশ্যতে। ত্বং ময়া দৃশ্যসে। ধনং ত্বয়া দীয়তাম্।

কর্মবাচ্যে দুহাদি দ্বিকর্মক ধাতুর গৌণ কর্মে প্রথমা হয়, যথা—গোপেন গৌর্দুগ্ধং দুহ্যতে। কিন্তু ণ্যাদি (নী, হৃ, কৃষ্, বহ্) ধাতুর মুখ্য কর্মে প্রথমা হয়। যথা—ভৃত্যেন ছাগো গ্রামং নীয়তে।

৩। ভাববাচ্য (Quasi-Passive Voice)—ভাববাচ্যে ক্রিয়াপদ কর্তা বা কর্মের কথা বলে না, কেবল ক্রিয়াটি যে ঘটিতেছে, ঘটিয়াছে বা ঘটিবে, তাহাই বলিয়া দেয়। ধাতুটি অকর্মক, বা অকর্মকরূপে ব্যবহৃত না হইলে ভাববাচ্য হয় না। ভাববাচ্যে কর্তায় (অর্থাৎ অনুক্ত কর্তায়) তৃতীয়া বিভক্তি হয় ; লট্, লোট্, লঙ্, ও বিধিলিঙ্-এ ধাতুর পর অ-কারান্ত য আগম হয় ও ধাতুটি আত্মনেপদী এবং নিত্য প্রথম পুরুষের একবচন হয়। যথা—অস্মাভিঃ স্থীয়তে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বাচ্য পরিবর্তন সঙ্কেত

১। এক বাচ্য হইতে অন্য বাচ্যে পরিবর্তন করিতে হইলে উপরের নিয়মগুলি মনে রাখিবে।

২। বাচ্যান্তর করিবার সময় কর্তা, কর্ম ও ক্রিয়ার রূপে পরিবর্তন হয় এবং কর্তা ও কর্মের লিঙ্গ, বিভক্তি ও বচনের পরিবর্তন অনুসারে উহাদের বিশেষণেরও পরিবর্তন হয়। যথা—सुशील: बालक: आकाशे पूर्णं चन्द्रं पश्यति, কর্মবাচ্যে হইবে—सुशीलेन बालकेन आकाशे पूर्ण: चन्द्र: दृश्यते। এইরূপ—पक्वानि फलानि तैर्वानरै: भक्ष्यन्ते।

কর্ম বা ভাববাচ্যে ধাতুরূপের লট্-এর দৃষ্টান্ত

নিম্নে কর্ম বা ভাববাচ্যে লট্-এর প্রথম পুরুষ একবচনের রূপ আদর্শ হিসাবে দেওয়া হইল। উহার দৃষ্টান্তে অন্য রূপগুলি ঠিক করিবে

ধাতু রূপ	ধাতু রূপ	ধাতু রূপ
अस्—भूयते †	दृश्—दृश्यते	भू—भूयते
इष्—इष्यते	धा—धीयते †	लभ्—लभ्यते
कृ—क्रियते	नम्—नम्यते	वद्—उद्यते †
गम्—गम्यते	पच्—पच्यते	वस्—उष्यते
गै—गीयते †	पठ्—पठ्यते	वह्—उह्यते †
चि—चीयते	पा—पीयते †	ह्वे—हूयते
ज्ञा—ज्ञायते	प्रच्छ्—पृच्छ्यते	शास्—शिष्यते †
ग्रह्—गृह्यते	बन्ध्—बध्यते	शी—शय्यते †
दा—दीयते †	ब्रू, वच्—उच्यते †	श्रु—श्रूयते †
दुह्—दुह्यते	भुज्—भुज्यते	स्मृ—स्मर्यते

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

১। কর্তৃবাচ্য অপেক্ষা কর্মবাচ্যে অনুবাদ করা সহজ। কারণ ভিন্ন ভিন্ন গণের ধাতুরূপের খুঁটিনাটি ইহাতে নাই। ধাতুটি সর্বদা আত্মনেপদী এবং লট্, লোট্, লঙ্, বিধিলিঙে ধাতুর পর অ-কারান্ত য আগম হয়। 'আমরা চাঁদ দেখি'—ইহার কর্মবাচ্যে অনুবাদ হইবে—অস্মাভিঃ চন্দ্রো দৃশ্যতে। সে পুস্তক পড়ে—তেন পুস্তকম্ পঠ্যতে।

তবে কর্তা ও কর্মের বিভক্তি ও ক্রিয়ার প্রয়োগ সম্বন্ধে এই বাচ্য-প্রকরণে লিখিত পূর্বের নিয়মগুলি মনে রাখিবে।

২। ভাববাচ্যে অনুবাদে আরও সুবিধা। কারণ ক্রিয়াপদটি নিত্য প্রথম পুরুষ একবচন। যথা—অস্মাভিঃ স্থীয়তে। তৈর্হস্যতে।

অনুশীলনী

১। অকর্মক ও দ্বিকর্মক ধাতুর প্রয়োগ দেখাও।

২। বাচ্য পরিবর্তন কর :—তেন চন্দ্রো দৃশ্যতে। অহং গীতং শৃণোমি। তে গচ্ছন্তু। সন্তি ভ্রাতরঃ। চপলঃ বালকঃ বিহগং পশ্যতি। পুস্তকানি পঠ্যন্তে ছাত্রৈঃ। বৃক্ষং পুষ্পং চিনোতি বালা। স মাম্ অপশ্যত্।

৩। শুদ্ধ কর :—রাজা বিজয়তি। স বিরমতে।

স্ত্রী-প্রত্যয়

স্ত্রীলিঙ্গ বুঝাইতে প্রাতিপদিকের পর স্ত্রী-প্রত্যয় হয়।

১। অ-কারান্ত প্রাতিপদিকের পর আ হয়। যথা—ক্ষম—ক্ষমা, চতুর—চতুরা, দীন—দীনা, রম্য—রম্যা, সরল—সরলা। এই প্রকার প্রথমা, দ্বিতীয়া, প্রখরা, মনোহরা ইত্যাদি।

২। অক-ভাগান্ত শব্দের পর স্ত্রীলিঙ্গে আ যোগে ক কারের পূর্ববর্তী অ-কার হ্রস্ব ই কার হইয়া যায়। যথা—নায়ক—নায়িকা, পাচক—পাচিকা, গায়ক—গায়িকা, বালক—বালিকা।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৩। গৌর প্রভৃতি অ-কারান্ত শব্দের পর অ-কার স্থানে দীর্ঘ ঈ হয়। যথা—গৌর—গৌরী, কুমার—কুমারী, সুন্দর—সুন্দরী, কিশোর—কিশোরী, কাল—কালী।

৪। জাতি-বাচক অ-কারান্ত শব্দের অ-কার স্থানে দীর্ঘ ঈ হয়। যথা—কুক্কুর—কুক্কুরী, গর্দভ—গর্দভী, গোপ—গোপী, ব্রাহ্মণ—ব্রাহ্মণী, মৃগ—মৃগী, মানুষ—মানুষী, ব্যাঘ্র—ব্যাঘ্রী, সিংহ—সিংহী। মনে রাখিবে মনুষ্য—মনুষী, মৎস্য—মৎসী (য্ ফলা লোপ পায়)।

৫। অজ প্রভৃতি জাতিবাচক শব্দের পর ঈ না হইয়া আ হয়। যথা—অজা, অশ্বা, কোকিলা, বালা, মূষিকা, শূদ্রা, কনিষ্ঠা ইত্যাদি।

৬। হ্রস্ব উ-কারান্ত শব্দের পর বিকল্পে দীর্ঘ ঈ কার যুক্ত হয়। যথা—সাধু—সাধু, সাধ্বী ; গুরু—গুরু, গুর্বী।

৭। ঋ-কারান্ত শব্দের পর দীর্ঘ ঈ যুক্ত হয়। যথা—কর্তৃ—কর্ত্রী, দাতৃ—দাত্রী, গিচয়িতৃ—গিচয়িত্রী।

৮। ইন্‌ভাগান্ত শব্দের পর দীর্ঘ ঈ যুক্ত হয়। যথা—গুণিনী, ধনিনী, মানিনী, সুখিনী, মায়াবিনী, উপকারিণী, তেজস্বিনী ইত্যাদি। রাজন্ শব্দের স্ত্রীলিঙ্গে রাজ্ঞী।

৯। মৎ, বৎ ভাগান্ত শব্দের পর দীর্ঘ ঈ হয়। যথা—বুদ্ধিমতী, শ্রীমতী, ধনবতী, গুণবতী, লক্ষ্মীবতী* (পুংলিঙ্গে—লক্ষ্মীবৎ শব্দ)।

১০। নিম্নের স্ত্রীলিঙ্গগুলি মনে রাখিও। যথা—অগ্নি—অগ্নায়ী। মনু—মনায়ী, মনাবী, মনু। বিদ্বস্—বিদুষী। সখি—সখী। পতি—পত্নী। যুবন্—যুবতি, যূনী। শ্বন্—শুনী।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিভিন্ন অর্থে একাধিক স্ত্রী-প্রত্যয়

আচার্য—আচার্যা (স্ত্রী শিক্ষয়িত্রী), আচার্যানী* (আচার্যের স্ত্রী)।

শূদ্র—শূদ্রা (শূদ্রাজাতীয় স্ত্রীলোক), শূদ্রী (শূদ্রের স্ত্রী)।

ক্ষত্রিয়—ক্ষত্রিয়া বা ক্ষত্রিয়াণী (ক্ষত্রিয়জাতীয়া স্ত্রী),
ক্ষত্রিয়ী (ক্ষত্রিয়ের স্ত্রী)।

উপাধ্যায়—উপাধ্যায়া (স্ত্রী অধ্যাপিকা),
উপাধ্যায়ানী বা উপাধ্যায়ী (উপাধ্যায়ের স্ত্রী)।

যবন—যবনী (যবনের স্ত্রী), যবানী (দুষ্ট যব),
যবনানী (যবনের লেখা লিপি)।

বিশেষ দ্রষ্টব্য—স্ত্রী-প্রত্যয়ের আ-যোগে লতা ও দীর্ঘ ঈ-যোগে নদী শব্দের মত রূপ। এখানে শুধু শব্দটি বলা হইল।

অনুশীলনী

১। স্ত্রীলিঙ্গ পদে পরিবর্তিত কর :—মৃগঃ, সরলঃ, কোকিলঃ, গায়কঃ, যুবা, বিদ্বান্, ধনী, মনুষ্যঃ, রাজা।

২। শব্দযুগলের মধ্যে পার্থক্য দেখাও :—আচার্যা, আচার্যানী ; শূদ্রা, শূদ্রী ; যবনী, যবননানী।

কারক

অন্যান্য জ্ঞাতব্য

প্রথম ভাগে কারক ও বিভক্তির কথা বলা হইয়াছে। এখানে অন্যান্য জ্ঞাতব্য বিষয়ের আলোচনা করা হইতেছে। অনেক সময় ভিন্ন ভিন্ন অর্থে ভিন্ন ভিন্ন কারক হয়। তাহার একটা মোটামুটি জ্ঞান থাকা উচিত। সংস্কৃত সূত্রের সাহায্যে উহা মনে রাখা ভাল। নিম্নে প্রয়োজনীয় সূত্র সহ ব্যাখ্যা দেওয়া হইল।

* বানানে দন্ত্য ন্ মনে রাখিবে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কর্তা

স্বতন্ত্রঃ কর্তা—প্রধানভাবে যাহার প্রযত্নের ফলে ক্রিয়া সম্পন্ন হয়, তাহাকে কর্তৃকারক বলে। কর্তৃবাচ্যে কর্তায় প্রথমা হয়—শিশুঃ ক্রীড়তি। কর্মবাচ্যে ভাববাচ্যে কর্তায় তৃতীয়া হয়, উহাকে অনুক্ত কর্তায় তৃতীয়া বলে। কর্মবাচ্যে—বালকেন চন্দ্রো দৃশ্যতে। ভাববাচ্যে—শিশুনা রুদ্যতে।

কর্ম

১। কর্তুরীপ্সিততমং কর্ম—ক্রিয়া দ্বারা কর্তা, যাহাকে বা যে বস্তুটিকে প্রধানভাবে পাইতে চাহেন, তাহাকে কর্মকারক বলে। কর্তৃবাচ্যে কর্মে দ্বিতীয়া হয়। যথা—বালকঃ চন্দ্রং পশ্যতি (দর্শন ক্রিয়ার দ্বারা বালকটি চাঁদের সহিত প্রধানভাবে সম্বন্ধ করিতেছে বুঝিতে হইবে)। কর্মবাচ্যে কর্মে প্রথমা হয়। উহাকে উক্তকর্মে প্রথমা বলে। যথা—বালকেন চন্দ্রঃ দৃশ্যতে (ক্রিয়া প্রথমান্ত কর্মের অনুযায়ী)।

২। অধিকরণে কর্ম—(ক) অধিশীঙ্স্থাসাং কর্ম—অধি-পূর্বক শী, স্থা, আস্ ধাতুর অধিকরণে কর্ম হয়। যথা—শিশুঃ শয্যাম্ অধিশেতে। স গৃহম্ অধিতিষ্ঠতি। বৃদ্ধঃ গ্রামম্ অধ্যাস্তে।

(খ) উপান্বধ্যাঙ্বসঃ—উপ, অনু, অধি ও আ-পূর্বক বস্ ধাতুর অধিকরণে কর্ম হয়। হরির্বৈকুণ্ঠম্ উপবসতি (অনুবসতি, অধিবসতি, আবসতি)। কিন্তু উপবাস অর্থে অধিকরণে কর্ম হয় না—স বনে উপবসতি (অর্থাৎ বনে উপবাস করে—fasts)।

৩। সম্প্রদানে কর্ম—ক্রুধদ্রুহোরুপসৃষ্টয়োঃ কর্ম—ক্রুধ্ ও দ্রুহ্ ধাতুর পূর্বে উপসর্গ থাকিলে যাহার প্রতি ক্রোধ ও দ্রোহ করা হয়, তাহাতে সম্প্রদান স্থানে কর্ম হয়। যথা—প্রভুঃ ভৃত্যম্ অভিক্রুধ্যতি কিন্তু উপসর্গ না থাকিলে সম্প্রদানই হয়—প্রভুর্ভৃত্যায় ক্রুধ্যতি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

করণ

১। সাধকতমং করণম্—ক্রিয়া-সম্পাদনের যাহা সর্বপ্রধান সহায় তাহা করণ। করণে তৃতীয়া হয়। যথা—চক্ষুর্ভ্যাম্ পশ্যতি নরঃ।

২। করণে কর্ম—দিবঃ কর্ম চ—দিব্ ধাতুর করণ বিকল্পে কর্ম হয়। রাজা অক্ষান্ (বা অক্ষৈঃ) দীব্যতি (রাজা পাশা খেলা করেন)।

সম্প্রদান

১। যস্মৈ দানং সম্প্রদানম্—যাহাকে কোন কিছু দান করা হয় অর্থাৎ স্বত্বত্যাগ করিয়া দেওয়া হয়, তাহাকে সম্প্রদান বলে। সম্প্রদানে চতুর্থী হয়। যথা—রাজা দরিদ্রায় ধনং দদাতি। স্বত্বত্যাগ না বুঝাইলে অনেক সময় ষষ্ঠী হয়। যথা—স রজকস্য বস্ত্রং দদাতি (এখানে রজকের কাছে বস্ত্র দেওয়া অর্থে সম্বন্ধ বলিবার ইচ্ছায় ষষ্ঠী)।

২। ক্রিয়য়া যমভিপ্রৈতি সোঽপি সম্প্রদানম্—প্রীতি বা সন্তুষ্টি বিধান উদ্দেশ্যে কোন কাজ করা হইলে যাহার প্রীতি বিধান করা হয়, সে সম্প্রদান হয়। যথা—পিতা পুত্রায় ক্রীড়নকম্ আনয়তি। ভৃত্যো রাজ্ঞে নিবেদয়তি। ইহাকে ক্রিয়াযোগে চতুর্থীও বলে।

৩। রুচ্যর্থানাং প্রীয়মাণঃ—রুচ্যর্থ ধাতুর প্রয়োগে যে প্রীতি লাভ করে অর্থাৎ যাহার ভাল লাগে—তাহা সম্প্রদান কারক হয়। যথা—শিশবে রোচতে মোদকঃ। আমি ফল পছন্দ করি—ফলং মে রোচতে।

৪। ক্রুধ-দ্রুহের্ষ্যাসূয়ার্থানাং যং প্রতি কোপঃ—ক্রোধ, দ্রোহ, ঈর্ষ্যা ও অসূয়ার্থক ধাতুর প্রয়োগে যাহার প্রতি ক্রোধ ইত্যাদি করা হয়, তাহা সম্প্রদান। যথা—প্রভুঃ ভৃত্যায় ক্রুধ্যতি। রাজা মানবে দ্রুহ্যতি।

৫। ধারেরুত্তমর্ণঃ—ধারি ধাতুর প্রয়োগে উত্তমর্ণ (যাহার নিকটে ধার করা হয় সে) সম্প্রদান হয়। স মহ্যং শতং ধারয়তি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—হরি বৈকুণ্ঠে আছেন (অধি+আস্)। আচার্য শিষ্যের উপর ক্রোধ করিতেছেন (কুপ্)। মিষ্টি শিশুর ভাল লাগে। রোগী বিছানায় শুইয়া আছে (অধি+শী)। যুধিষ্ঠির পাশা খেলিয়াছিলেন।

২। শুদ্ধ কর :—অযোধ্যায়াম্ অধিতিষ্ঠতি মহারাজঃ। তে মাম্ পুস্তকানি দদতি। শিশোঃ রোচতে দুগ্ধম্।

অপাদান

১। ধ্রুবমপায়েঽপাদানম্—কোন কিছু হইতে অন্যটি বিশ্লিষ্ট হইলে অর্থাৎ দূরে সরিয়া গেলে, যেটি ধ্রুব অর্থাৎ স্থির, নিশ্চল বা উদাসীন, তাহা অপাদান। অপাদানে পঞ্চমী, যথা—বৃক্ষাৎ পতন্তি পত্রাণি।

২। জুগুপ্সা-বিরাম-প্রমাদার্থানামুপসংখ্যানম্—যাহা হইতে জুগুপ্সা (ঘৃণা), বিরতি ও প্রমাদ ইত্যাদি হইয়া থাকে, তাহাতে অপাদান হয়। স পাপাৎ জুগুপ্সতে। ছাত্রঃ অধ্যয়নাৎ বিরমতি। স ধর্মাৎ প্রমাদ্যতি

৩। আখ্যাতোপযোগী—যাহার নিকট হইতে নিয়মপূর্বক কিছু শিক্ষা করা হয়, তাহা অপাদান। শিষ্যঃ আচার্যাৎ বিদ্যাং গৃহ্লাতি।

৪। ভীত্রার্থানাং ভয়হেতুঃ—ভয়ার্থ ও ত্রাণার্থ ধাতুর প্রয়োগে যাহা ভয়ের হেতু এবং যাহা হইতে ত্রাণ করা হয়, তাহা অপাদান হয়। যথা—ব্যাঘ্রাৎ বিভেতি নরঃ। মাং বিপদঃ ত্রায়স্ব।

৫। জনিকর্তুঃ প্রকৃতিঃ—কোন কিছুর উৎপত্তি হইলে উহার প্রকৃতি বা উপাদান অপাদান হয়। যথা—দুগ্ধাৎ ঘৃতং জায়তে।

৬। ভুবঃ প্রভবঃ—যাহা হইতে কিছুর প্রকাশ বা আবির্ভাব হয়, তাহা অপাদান। যথা—হিমালয়াৎ গঙ্গা প্রভবতি।

৭। পরাজেরসোঢ়ঃ—পরা-পূর্বক জি ধাতুর যোগে যাহা অসহ্য (শক্তির বাহিরে), তাহা অপাদান। যথা—সঃ অধ্যয়নাৎ পরাজয়তে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অধিকরণ

১। আধারোঽধিকরণম্—ক্রিয়ার যাহা আধার, তাহা অধিকরণ কারক। অধিকরণে সপ্তমী বিভক্তি হয়। আধার তিন প্রকার—

ঐকদেশিক—বনে ব্যাঘ্রঃ অস্তি (বনের কোন এক অংশে)।

অভিব্যাপক—তিলে তৈলম্ অস্তি (তিলের সবটুকু ব্যাপিয়া)।

বৈষয়িক—বিদ্যায়াম্ তস্য অনুরাগোঽস্তি (বিদ্যাবিষয়ে)।

বিভক্তি

অন্যান্য জ্ঞাতব্য

প্রথম ভাগে বিভক্তি সম্বন্ধে এবং পূর্বে কারক প্রসঙ্গে বিভক্তির আলোচনা আছে। এখানে বিভক্তির খুঁটিনাটি দেখান হইতেছে।

প্রথমা বিভক্তি

১। নাম বুঝাইতে প্রথমা—উহাকে প্রাতিপদিকার্থে প্রথমা বলে।

২। কর্তায় ১মা না বলিয়া কর্তৃবাচ্যে কর্তায় ১মা এইরূপ বলিবে।

৩। ইতি প্রভৃতি অব্যয়যোগে প্রথমা। কিন্তু নাম অব্যয়যোগে প্রথমা বলা ভুল। নাম শব্দের যোগে অন্য বিভক্তিও হয়—দেবদত্তং নাম বালকম্ অপশ্যম্। আসীত্ দশরথো নাম নৃপঃ—এখানে কর্তৃবাচ্যে কর্তার পরিচয়ার্থক দশরথঃ পদে প্রাতিপদিকার্থে প্রথমা।

দ্বিতীয়া বিভক্তি

১। ক্রিয়া-বিশেষণে ২য়া ও ক্লীবলিঙ্গ একবচন, ইহা বলা হইয়াছে। শব্দটি কিন্তু বিশেষণ হওয়া চাই। স দ্রুতং ধাবতি। ছাত্রঃ যত্নং পঠতি। পদটি বিশেষ্য, অথচ যদি ক্রিয়া-বিশেষণের মত বোঝায়, তবে প্রকৃতি প্রভৃতি শব্দে ৩য়া (প্রকৃত্যাদিভ্যস্তৃতীয়া) হইবে। স বেগেন ধাবতি। যত্নেন পঠতি (যত্নেন প্রয়োগ ভুল—হয় যত্নেন বা যত্নম্)।

২। বিনা, প্রতি, নিকষা প্রভৃতি যোগে ২য়া ১ম ভাগে বলা আছে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তৃতীয়া বিভক্তি

১। কোথায় তৃতীয়া হয় প্রায়ই বলা হইয়াছে। উন, বারণ ও প্রয়োজনার্থক শব্দ যোগে তৃতীয়া হয়—ऊनवारणप्रयोजनार्थैश्च।

২। इत्थम्भूत-लक्षणे—যে-চিহ্নের দ্বারা কোন কিছু চিনিতে পারা যায়, সেই চিহ্নতে তৃতীয়া হয়। যথা—जटाभिस्तापसम् अपश्यम्।

চতুর্থী বিভক্তি

১। क्लृपि सम्पद्यमाने च—কৢপ্ প্রভৃতি ধাতুর প্রয়োগে যাহা সম্পন্ন হয়, তাহাতে চতুর্থী হয়—भक्तिर्ज्ञानाय कल्पते भवति (বা भवति)।

২। অনাদরে চতুর্থী (বিকল্পে)—न त्वां तृणाय (तृणं বা) मन्ये।

পঞ্চমী বিভক্তি

ल्यब्लोपे कर्मण्यधिकरणे च—ল্যপ্-প্রত্যয়ান্ত ধাতুর অপ্রয়োগে ঐ ধাতুর কর্মে ও অধিকরণে পঞ্চমী হয়। যথা—प्रासादात् (प्रासादम् आरुह्य) प्रेक्षते नृपः। आसनात् (आसने उपविश्य) पश्यति मुनिः।

ষষ্ঠী বিভক্তি

১। করণে ষষ্ঠী—তৃপ্ত্যর্থ ধাতুর করণে বিকল্পে ষষ্ঠী হয়—नाग्निस्तृप्यति काष्ठानाम् (বিকল্পে—काष्ठैः)।

২। कर्तृकर्मणोः कृति—ধাতুর সহিত কৃৎপ্রত্যয় যোগে বিশেষ্য করিলে, উহার কর্তা বা কর্মে ৬ষ্ঠী হয়। যথা—शिशोः शयनम्—শয়ন ক্রিয়ার কর্তা শিশুতে ষষ্ঠী হইল। अन्नस्य भोजनम्—ভোজন ক্রিয়ার কর্মে ষষ্ঠী হইল। কিন্তু একই বাক্যে কর্তা ও কর্মে কৃদ্‌যোগে ষষ্ঠী বিভক্তির সম্ভাবনা থাকিলে কেবল কর্মেই ষষ্ঠী হয়—"उभयप्राप्तौ कर्मणि", কিন্তু কর্তায় তৃতীয়া হয়। যথা—अन्नस्य भोजनं बालकेन।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৩। কৃত্যানাং কর্তরি বা—কৃত্য-প্রত্যয়ান্ত শব্দযোগে কর্তায় বিকল্পে ষষ্ঠী (বা তৃতীয়া) হয়। তস্য (তেন বা) ইদং (কার্যম্, কর্তব্যম্, করণীয়ম্)।

৪। শতৃ, শানচ্ এবং ক্ত, ক্তবতু কৃৎপ্রত্যয় হইলেও উহাদের যোগে কর্তা বা কর্মে ষষ্ঠী হয় না। যথা—গ্রামং গচ্ছন্ বালকো দৃষ্টঃ।

৫। ক্তস্য চ বর্তমানে—বর্তমান কাল অর্থে ক্ত প্রত্যয় হইলে কর্তায় ষষ্ঠী হয়। যথা—বিদ্বান্ সর্বেষাং পূজিতঃ (অর্থাৎ সর্বৈঃ পূজ্যতে)।

সপ্তমী বিভক্তি

১। ভাবে সপ্তমী—যাহার 'ভাব' অর্থাৎ ক্রিয়া ঘটিলে আর একটি ক্রিয়া সংঘটিত হয়, তাহাতে সপ্তমী হয়। ক্রিয়াটি হয় বিশেষণ। ইহাকে ভাবে সপ্তমী বলে। সূর্যে উদিতে (সূর্য উদিত হইলে) পদ্মং প্রকাশতে।

২। অনাদরে ষষ্ঠী বা সপ্তমী। রুদতঃ শিশোঃ বা রুদতি শিশৌ মাতা গচ্ছতি (অর্থাৎ শিশুকে অনাদর করিয়া মাতা যায়)।

বিশেষ দ্রষ্টব্য :—বিবক্ষাবশাৎ কারকাণি ভবন্তি—বক্তার ইচ্ছা অনুসারে কারকের প্রয়োগ হয়। স কুঠারেণ ছিনত্তি—এখানে করণে তৃতীয়া। কিন্তু কুঠারে কর্তৃত্ব আরোপ করিয়াও বলা যায়—কুঠারঃ ছিনত্তি। আবার দেখ, নাবদ্ ভয়স্য ভেতব্যম্—এই বাক্যে 'ভয়াৎ' হওয়া উচিত ছিল, কিন্তু সম্বন্ধ-বিবক্ষায় ষষ্ঠী হইয়াছে।

অনুশীলনী

১। শুদ্ধ কর :—স শয্যায়াম্ অধিশেতে। প্রাণং রক্ষাং কুর্যাৎ।

২। বাক্যের দ্বারা উদাহরণ দেখাও :—করণে কর্ম, সম্প্রদানে কর্ম, কর্তরি ষষ্ঠী, অধিকরণে কর্ম, ল্যবলোপে কর্মণি পঞ্চমী, ভাবে সপ্তমী।

৩। নিম্নের ইংরাজী বাক্যগুলির সংস্কৃতে অনুবাদ কর :—

The teacher is angry with his student. The sun having set, we left the school. Wealth does not always lead to happiness. People are afraid of the tiger. Who will save me from danger ? Students receive education from their teachers. Boys are fond of sweetmeats. He is eating while his brother weeps.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কৃৎপ্রত্যয়

ধাতুর পর তিঙ্ প্রত্যয় ভিন্ন তুমুন্, ক্ত্বা, ল্যপ্, তব্য, অনীয়, যৎ, ণ্যৎ, শতৃ, শানচ্, ক্ত, ক্তবতু ও ক্তি প্রভৃতি যে প্রত্যয় হয়, তাহাকে কৃৎপ্রত্যয় বলে। ইহাদের সংক্ষিপ্ত পরিচয় নিম্নে রহিল।

তুমুন্

১। নিমিত্ত অর্থে ধাতুর পরে তুমুন্ (তুম্) প্রত্যয় হয়। 'করিতে যাইতে, খাইতে'—এই অর্থে বা করিবার নিমিত্ত—এই সব অর্থে তুমুন্ হয়। যেমন—কৃ+তুমুন্=কর্তুম্। গম্+তুমুন্=গন্তুম্। তুমুন্-প্রত্যয়ান্ত পদ অব্যয় ও অসমাপিকা ক্রিয়ার কাজ করে।

২। তুমুন্-প্রত্যয়ান্ত অসমাপিকা ক্রিয়া ও অন্য সমাপিকা ক্রিয়ার কর্তা এক না হইলে তুমুন্ হয় না। প্রভুঃ ভৃত্যং গন্তুম্ আদিশতি ভুল; আদেশ ক্রিয়ার কর্তা প্রভু, কিন্তু গমন ক্রিয়ার কর্তা ভৃত্য। এইরূপে শুদ্ধ করিবে—প্রভুঃ ভৃত্যং (বা ভৃত্যস্য) গমনায় আদিশতি।

কতিপয় তুমুন্-প্রত্যয়ান্ত শব্দ

কৃ-কর্তুম্	গম্-গন্তুম্	গ্রহ্-গ্রহীতুম্	জি-জেতুম্
দা-দাতুম্	নী-নেতুম্	নৃৎ-নর্তিতুম্	ত্যজ্-ত্যক্তুম্
দৃশ্-দ্রষ্টুম্	প্রচ্ছ্-প্রষ্টুম্	ভূ-ভবিতুম্	যজ্-যষ্টুম্
লভ্-লব্ধুম্	ব্রূ (বা বচ্)-বক্তুম্	বস্-বস্তুম্	বহ্-বোঢুম্
শাস্-শাসিতুম্	স্নু-স্নোতুম্	সেব্-সেবিতুম্	হন্-হন্তুম্

ক্ত্বা ও ল্যপ্

১। অনন্তর অর্থে 'করিয়া, যাইয়া, খাইয়া' প্রভৃতি বুঝাইতে ধাতুর পরে ক্ত্বা যুক্ত হয়। যথা—কৃ+ক্ত্বা=কৃত্বা। গম্+ক্ত্বা=গত্বা।

২। ধাতুর পূর্বে উপসর্গ বা অব্যয় থাকিলে ক্ত্বা-এর স্থানে ল্যপ্ হয়। যথা—আ-গম্+ল্যপ্=আগম্য। নমস্কৃত্য, আবির্ভূয়। ক্ত্বা বা ল্যপ্ প্রত্যয়ান্ত শব্দ অব্যয়। নঞ্ পূর্বে থাকিলে ক্ত্বা হয়, যথা—অকৃত্বা।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ক্ত্বা প্রত্যয়ান্ত শব্দ

কৃ-কৃত্বা, গম্-গত্বা, গ্রহ্-গৃহীত্বা প, নী-নীত্বা, ত্যজ্-ত্যক্ত্বা, দা-দত্ত্বা প, দৃশ্-দৃষ্ট্বা, ধা-হিত্বা প, পা-পীত্বা প, প্রচ্ছ্-পৃষ্ট্বা, ব্রূ বা বচ্-উক্ত্বা প, ভুজ্-ভুক্ত্বা, মন্-মত্বা, ভূ-ভূত্বা, যজ্-ইষ্ট্বা প, লভ্-লব্ধ্বা প, বস্-উষিত্বা প, শী-শয়িত্বা, স্তু-স্তুত্বা, স্থা-স্থিত্বা প, হন্-হত্বা।

সঙ্কেত—ক্ত-যোগের শব্দে ব-ফলা ও আকার যোগে অধিকাংশ ক্ত্বা প্রত্যয়ান্ত শব্দ পাইবে।

উপসর্গযোগে ল্যপ্-প্রত্যয়ান্ত শব্দ

কৃ-উপকৃত্য, গম্-আগম্য বা আগত্য, গ্রহ্-সংগৃহ্য, দা-আদায়, নম্-প্রণম্য বা প্রণত্য, ভূ-সম্ভূয়, শী-অধিশয্য প, স্থা-উত্থায়, হ্বে-আহূয়।

সঙ্কেত :—ব্যঞ্জন-বর্ণের সঙ্গে অ কারান্ত য-ফলা যুক্ত হয়—আগম্য. হ্রস্বস্বরের পর ত্য (বিজিত্য), ও অন্য স্বরের পর য পৃথক্ ভাবে বসে।

অনুবাদ-শিক্ষা—(৮)

অসমাপিকা ক্রিয়া

১। (ক) করিতে, যাইতে, খাইতে ইত্যাদি অসমাপিকা ক্রিয়ার পরে অন্য সমাপিকা ক্রিয়া থাকিলে সংস্কৃতে অনুবাদের সময় প্রথমতঃ দেখিবে যে সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার কর্তা এক কিনা? যদি কর্তা এক হয়, তাহা হইলে করিতে, যাইতে ইত্যাদি বুঝাইতে ধাতুর সহিত তুমুন্ যোগ করিবে। যেমন—আমি স্নান করিতে যাই—এখানে স্নান করা ও যাওয়ার কর্তা একই জন। অতএব স্না ধাতুর পরে তুমুন্ যোগে বাক্যটির অনুবাদ হইল—অহং স্নাতুং গচ্ছামি।

(খ) ইষ্ (ইচ্ছা করা), শক্ (পারা), ও উচিত অর্থে অর্হ্ ধাতুর যোগে অন্য অসমাপিকা ক্রিয়ায় প্রায়ই তুমুন্ যুক্ত হয়। যেমন—সে যাইতে ইচ্ছা করে—স গন্তুম্ ইচ্ছতি। আমি করিতে পারি—অহং কর্তুং শক্নোমি। তোমার পড়া উচিত—ত্বং পঠিতুম্ অর্হসি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(গ) কর্তা এক না হইলে তুমুন্ প্রত্যয়ের যোগ হইবে না। তখন ক্রিয়াবাচক বিশেষ্য পদে নিমিত্ত অর্থে চতুর্থী যোগ হইবে। যথা—প্রভুঃ ভৃত্যম্ গমনায় আদিশতি (গন্তুম্ আদিশতি) হইবে না। কিন্তু নিমিত্ত না বুঝাইলে চতুর্থী হইবে না। আমি তাহাকে পড়িতে দেখিলাম, পড়া অবস্থায় দেখিলাম—অহং তং পঠন্তম্ অপশ্যম্। তখন শতৃ বা শানচ্ যোগে অনুবাদ হইবে (নিয়ম পরে দ্রষ্টব্য)।

২। 'করিয়া, যাইয়া, খাইয়া' প্রভৃতি অসমাপিকা ক্রিয়া বুঝাইলে ধাতুতে ক্ত্বা যোগ করিয়া অনুবাদ করিবে। যথা—সে ইহা বলিয়া গেল—স ইদমুক্ত্বা অগচ্ছত্। কর্তা এক হওয়া চাই।

৩। ধাতুর পূর্বে উপসর্গ বা অব্যয় থাকিলে ক্ত্বা স্থানে ল্যপ্ হয়। যথ—স মাতরং প্রণম্য (বা নমস্কৃত্য) অগচ্ছত্।

তব্য, অনীয় প্রভৃতি কৃত্যপ্রত্যয়

তব্য, অনীয়, যত্ (য), ণ্যত্ ও ক্যপ্ প্রত্যয়কে কৃত্য-প্রত্যয় বলে। কর্ম ও ভাববাচ্যে উচিত বা ভবিষ্যৎ কাল অর্থে এই প্রত্যয়গুলি হয়। এই প্রত্যয়ান্ত শব্দগুলি কর্মবাচ্যে কর্মের বিশেষণ। কর্মবাচ্যে কর্মে প্রথমা হয়। সেই অনুযায়ী ইহাদের লিঙ্গ, বচন ও বিভক্তি হইবে। যথা—ময়া গ্রন্থঃ পঠনীয়ঃ। তেন অন্নম্ ভোজনীয়ম্। ভাববাচ্যে নিত্য ক্লীবলিঙ্গ একবচন হয়। যথা—অস্মাভিঃ স্থাতব্যম্।

তব্য অনীয় প্রভৃতির যোগে শব্দ

তব্য ও অনীয় যুক্ত শব্দ—কৃ-কর্তব্য, করণীয়। গম্-গন্তব্য, গমনীয়। গ্রহ্—গ্রহীতব্য ※, গ্রহণীয়। জি-জেতব্য ※, জয়নীয়। দৃশ-দ্রষ্টব্য, দর্শনীয়। শ্রু-শ্রোতব্য †, শ্রবণীয়।

যৎ-প্রত্যয়ান্ত শব্দ—চি-চেয়, জি-জেয়, শ্রু-শ্রব্য, গৈ-গেয়, পা-পেয়। ণ্যৎ-প্রত্যয়ান্ত শব্দ—কৃ-কার্য†, হৃ-হার্য†, ত্যজ্-ত্যাজ্য, ভক্ষ্-ভক্ষ্য†। ক্যপ্-প্রত্যয়ান্ত শব্দ—কৃ-কৃত্য, শাস্-শিষ্য †, ভৃ-ভৃত্য †।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুবাদ-শিক্ষা—(৯)

কৃত্যপ্রত্যয়

উচিত অর্থে বিধিলিঙের যোগে অনুবাদ করা অপেক্ষাকৃত কঠিন। কারণ ধাতুরূপ ঠিক মত জানা না থাকিলে ভুল হইবার সম্ভাবনা। কিন্তু কৃত্যপ্রত্যয় অর্থাৎ তব্য, অনীয়, যৎ প্রভৃতি যোগে অনুবাদ করা সহজ। কিন্তু মনে রাখিবে কৃত্যপ্রত্যয় কর্ম ও ভাববাচ্যেই হয়। অতএব কর্তায় তৃতীয়া (বা কৃত্যানাং কর্তরি বা এই নিয়মে বিকল্পে ষষ্ঠী), কর্মে ১মা, ও কৃত্যপ্রত্যয়ান্ত শব্দ কর্মের বিশেষণ হইবে। পিতাকে পুত্রের সেবা করা উচিত—পিতা পুত্রেণ (পুত্রস্য বা) সেবনীয়:। এইরূপ—মাতা পুত্রেণ (পুত্রস্য বা) পূজ্যা। ভাববাচ্যে অর্থাৎ কর্ম না থাকিলে কৃত্যপ্রত্যয়ান্ত শব্দ নিত্য ক্লীবলিঙ্গ ও একবচন: আমাদের বলা উচিত—অস্মাভি: বক্তব্যম্। ভবিষ্যৎ কাল অর্থেও কৃত্যপ্রত্যয় হয়। আমাদিগকে যাইতে হইবে—অস্মাভি: গন্তব্যম্।

বিশেষ দ্রষ্টব্য—অনীয় প্রত্যয়যোগে সহজে শব্দটি পাওয়া যায়।

শতৃ ও শানচ্

করিতে করিতে, যাইতে যাইতে, খাইতে খাইতে, বা যাওয়ার সময়, খাইবার সময়—ইত্যাদি অর্থে পরস্মৈপদী ধাতুর পর শতৃ ও আত্মনেপদী ধাতুর পর শানচ্ হয়। এই প্রত্যয়ান্ত শব্দগুলি বিশেষণ।

শতৃপ্রত্যয়-যোগে শব্দ গঠনের সঙ্কেত

১। লট্ অন্তি যোগে যে রূপ হয়, উহা হইতে ন ও ত্ বাদ দিলে শতৃ-প্রত্যয়ান্ত শব্দ হয়। যেমন—গম্-গচ্ছৎ, দৃশ্-পশ্যৎ, ধাব্-ধাবৎ।

২। লট্ অন্তি যোগে ধাতুর শেষে ন্তি হইলে সেই ধাতুর শতৃ-যোগে পুংলিঙ্গে ধাবৎ শব্দের মত রূপ হয়। কিন্তু অন্তি স্থানে 'তি' হইলে দদৎ শব্দের মত রূপ। যথা—দদৎ, শাসৎ,জাগ্রৎ, বিভ্যৎ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৩। ভ্বাদি, দিবাদি ও চুরাদিগণীয় ধাতুতে—লট্ অন্তি যোগে যে শব্দ হয়, তাহার শেষের ই স্থানে দীর্ঘ ঈ-যোগে স্ত্রীলিঙ্গ হয়। গম্-গচ্ছন্তী, নৃত্-নৃত্যন্তী, পূজ্-পূজযন্তী। ইহাদের রূপ নদী শব্দের মত।

৪। তুদাদি ও অদাদিগণীয় ধাতুতে—পূর্বের নিয়মে স্ত্রীলিঙ্গে একবার "ন্তী', আর একবার ন্ বাদ দিয়া 'তী'—স্পৃশ্-স্পৃশন্তী, স্পৃশতী।

৫। অন্যান্যগণীয় ধাতুতে—অর্থাৎ কঠিন ধাতুতে ন্ বাদ দিয়া দীর্ঘ ঈ-যোগে স্ত্রীলিঙ্গে তী—কৃ-কুর্বতী, রুদ্-রুদতী, শ্রু-শৃণ্বতী।

ধাতু	পুংলিঙ্গে ১মা ১বচন	স্ত্রীলিঙ্গে ১মা ১বচন	ক্লীবলিঙ্গে ১মা ১বচন
গম্	গচ্ছন্	গচ্ছন্তী	গচ্ছত্
দৃশ্	পশ্যন্	পশ্যন্তী	পশ্যত্
ধাব্	ধাবন্	ধাবন্তী	ধাবত্
নৃত্	নৃত্যন্	নৃত্যন্তী	নৃত্যত্
পত্	পতন্	পতন্তী	পতত্
স্থা	তিষ্ঠন্	তিষ্ঠন্তী	তিষ্ঠত্
ইষ্	ইচ্ছন্	ইচ্ছন্তী, ইচ্ছতী	ইচ্ছত্
সৃজ্	সৃজন্	সৃজন্তী, সৃজতী	সৃজত্
অস্	সন্	সন্তী, সতী	সত্
কৃ	কুর্বন্	কুর্বতী †	কুর্বত্
চি	চিন্বন্	চিন্বতী †	চিন্বত্
জ্ঞা	জানন্	জানতী †	জানত্
হন্	ঘ্নন্	ঘ্নতী	ঘ্নত্
ভী	বিভ্যত্ †	বিভ্যতী	বিভ্যত্
জাগৃ	জাগ্রত্ †	জাগ্রতী	জাগ্রত্
শাস্	শাসত্ †	শাসতী	শাসত্

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শানচ্-প্রত্যয় যোগের সঙ্কেত

১। আত্মনেপদী ধাতুর লট্ অন্তি যোগে যে রূপ হয়, তাহাতে যদি অন্তি থাকিয়া যায়, তবে সেই অন্তি স্থানে আন যোগে শানচ্-প্রত্যয়ান্ত শব্দ পাওয়া যায়। যথা—শী+অন্তি (শয়ন্তি)=শয়ান। কিন্তু যদি অন্তি স্থানে এন্তি হয়, তাহা হইলে এন্তি স্থানে অমান যোগ করিবে। যথা—সেব্+অন্তি (সেবন্তে)=সেবমান। এইরূপ কম্পমান, বর্ধমান। শানচ্ প্রত্যয়ান্ত শব্দ অ-কারান্ত। স্ত্রীলিঙ্গে আ-যোগ।

কয়েকটি শানচ্-প্রত্যয়ান্ত শব্দ

(১)	কম্প্-কম্পমান	চেষ্ট্-চেষ্টমান	মৃ-ম্রিয়মাণ *
	বৃত্-বর্তমান	বৃধ্-বর্ধমান	সেব্-সেবমান
(২)	কৃ-কুর্বাণ *	গ্রহ্-গৃহ্ণান *	ভুজ্-ভুঞ্জান *
	জ্ঞা-জানান *	শী-শয়ান *	আস্-আসীন *

অনুবাদ-শিক্ষা—(১০)

শতৃ ও শানচের প্রয়োগ

১। করিতে করিতে, যাইতে যাইতে বা যাইবার সময়—ইত্যাদি অর্থে পরস্মৈপদী ধাতুতে শতৃ ও আত্মনেপদী ধাতুতে শানচ্ হয়। শতৃ ও শানচ্ প্রত্যয়ান্ত শব্দ কর্তা, কর্ম, করণ প্রভৃতির বিশেষণ। ইহাদের লিঙ্গ, বিভক্তি ও বচন বিশেষ্যের মত হইবে। শেখানো সঙ্কেত সাহায্যে যে কোন লিঙ্গে শব্দটি গড়িয়া লইবে। সে দৌড়াইতে দৌড়াইতে মাঠে যায়—স ধাবন্ ক্ষেত্রং গচ্ছতি। বালিকাটিকে হাসিতে দেখিলাম—বালিকাম্ হসন্তীম্ অপশ্যম্। কম্পমানা লতা ভূমৌ নিপততি। বিশেষ দ্রষ্টব্য—শতৃ ও শানচ্-প্রত্যয়ান্ত শব্দ অসমাপিকা ক্রিয়ারও কাজ করে বলিয়া উহার কর্মে দ্বিতীয়া হইবে, ষষ্ঠী হইবে না—পুস্তকং পঠন্।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ক্ত, ক্তবতু

অতীত কালে ধাতুর উত্তর ক্তবতু প্রত্যয় হয়। ক্ত-প্রত্যয় যোগে যে শব্দ হয়, তাহার পর বত্ যোগ করিলেই ক্তবতু প্রত্যয়ান্ত শব্দ হয়। এই প্রত্যয়ান্ত শব্দ বিশেষণ ও সমাপিকা ক্রিয়ার কাজও করে।

বর্তমান কাল বুঝাইতে মন্, বুধ, পূজ্—এই সব অর্থের ধাতুতে ক্ত হয়। সেখানে কর্তায় ষষ্ঠী-ইদং মম মতম্, বিদ্বান্ সর্বেষাং পূজিতঃ।

ক্তবতু

সকর্মক বা অকর্মক উভয় প্রকার ধাতুর পর কর্তৃবাচ্যে ক্তবতু হয়। ক্তবতু-যুক্ত শব্দ কর্তার বিশেষণ। পুংলিঙ্গে ভগবত্ ও ক্লীবলিঙ্গে শ্রীমত্, এবং স্ত্রীলিঙ্গে দীর্ঘ ঈ-যোগে নদী শব্দের ন্যায়। রামঃ বনং গতবান্। তপস্বিনী আশ্রমং গতবতী। মিত্রং মে গতবত্।

ক্ত

অতীত কাল বুঝাইতে ক্ত প্রত্যয় তিন বাচ্যেই ব্যবহৃত হয়।

১। কর্তৃবাচ্যে—কেবল অকর্মক ধাতুতে এবং সকর্মক ধাতুর মধ্যে গমনার্থক ও রুহ্ প্রভৃতি ধাতুতে কর্তৃবাচ্যে ক্ত হয়। কর্তৃবাচ্যে ক্ত-প্রত্যয়ান্ত শব্দ কর্তার বিশেষণ। যথা—পুত্রঃ মৃতঃ স্ত্রী চ মৃতা। তৌ প্রস্থিতৌ। শিশবঃ সুপ্তাঃ। তে গৃহং গতাঃ। সঃ বৃক্ষম্ আরূঢ়ঃ।

ক্ত-প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গে নর শব্দের মত এবং স্ত্রীলিঙ্গে আ-যোগে লতা শব্দের মত এবং ক্লীবলিঙ্গে ফল শব্দের ন্যায়।

২। কর্মবাচ্যে—কর্মে ১মা, ক্ত-প্রত্যয়ান্ত শব্দ প্রথমান্ত কর্মের বিশেষণ। যথা—শিশুনা চন্দ্রো দৃষ্টঃ। ফলানি বানরৈর্ভক্ষিতানি।

৩। ভাববাচ্যে—ক্ত-প্রত্যয়ান্ত শব্দ নিত্য ক্লীবলিঙ্গ ও একবচন। যথা—চৌরেণ পলায়িতম্। বালকেন রুদিতম্। তেন মৃতম্। সকর্মক ধাতুতেও কর্মের অপ্রয়োগে ভাববাচ্য হয়। যথা—তৈরুক্তম্।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কতিপয় ক্ত-প্রত্যয়ান্ত শব্দ

ক্র-ক্রত	গম্-গত	গ্রহ্-গৃহীত*	ছিদ্-ছিন্ন*	জি-জিত
স্না-স্নাত	ত্যজ্-ত্যক্ত*	দা-দত্ত*	দৃশ্-দৃষ্ট	ধা-হিত*
পচ্-পক্ব*	ব্রূ বা বচ্-উক্ত*	ভন্জ্-ভগ্ন*	যজ্-ইষ্ট*	যুজ্-যুক্ত
রুহ্-রূঢ়	বদ্-উদিত *	বস্-উষিত*	বহ্-ঊঢ়*	হন্-হত
হা-হীন*	হ্বে-হূত *	শাস্-শিষ্ট *	শী-শয়িত*	সহ্-সোঢ়*

অনুবাদ-শিক্ষা—(১১)

অতীতকালে লঙ্ ব্যবহার না করিয়া সহজেই ক্ত বা ক্তবতু যোগে অনুবাদ করা যায়। উপরের নিয়মগুলি মনে রাখিবে।

১। আমি বালকটিকে দেখিয়াছিলাম—ইহার কর্তৃবাচ্যে ক্তবতু যোগে অনুবাদ হইবে—অহং বালকং দৃষ্টবান্। বালিকাটি বলিল—বালিকা উক্তবতী। তাহারা গেল—তে গতবন্তঃ। নার্যঃ গতবত্যঃ।

২। অকর্মক ধাতুতে ও গমনার্থক সকর্মক ধাতুতে কর্তৃবাচ্যেও ক্ত-যোগে অনুবাদ করা যায়। যথা—বৃদ্ধো মৃতঃ। বালিকা গৃহং গতা।

৩। কর্মবাচ্যে ক্ত-যোগে অনুবাদ যথা—আমি বালককে দেখিয়াছিলাম—ময়া বালকো দৃষ্টঃ। ভাববাচ্যে—তেন মৃতম্।

৪। করিলে খাইলে—এই অর্থে ভাবে ৭মীর বিশেষণে ক্ত-বতু বা ক্ত হয়। তস্মিন্ উক্তবতি ময়া তত্ কৃতম্। সূর্যে উদিতে পদ্মং প্রকাশতে।

ঘঞ্, অচ, অপ্, ক্তি

ক্রিয়াবাচক বিশেষ্য বুঝাইতে ঘঞ্, অপ্ বা ই-কারান্ত ধাতুর পর অচ্ হয়। এই প্রত্যয়ান্ত শব্দ প্রায় পুংলিঙ্গ। ঘঞ্—বস-বাসঃ, পঠ্-পাঠঃ। অপ্—ভী-ভয়ম্*, ক্রুধ্-ক্রোধঃ। অচ্—জি-জয়ঃ। বিশেষ্য বুঝাইতে ক্তি (ক্তিন্) হয়, উহারা স্ত্রীলিঙ্গ—গম্-গতিঃ,মন্-মতিঃ।

ল্যুট্ (অনট্)

ক্রিয়াবাচক বিশেষ্য বুঝাইতে ধাতুর পর ল্যুট্ (অনট্) হয়। ল্যুট্ প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা—গম্-গমনম্, শী-শয়নম্।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কৃৎপ্রত্যয়ের সঙ্কেত

১। করিতে, যাইতে, খাইতে অর্থে—তুমুন্ (কর্তুম্)।

২। করিয়া, যাইয়া অর্থে ক্ত্বা, অব্যয় বা উপসর্গ যোগে ল্যপ্।

৩। উচিত অর্থে কর্ম বা ভাববাচ্যে—তব্য, অনীয়, ণ্যৎ, যৎ।

৪। করিতে করিতে—এই অর্থে শতৃ বা শানচ্। উহা বিশেষণ।

৫। অতীতকাল বুঝাইতে কর্তৃবাচ্যে ক্তবতু, কিন্তু অকর্মক বা গমনার্থক ধাতুতে কর্তৃবাচ্যেও ক্ত হয়। ইহারা কর্তার বিশেষণ।

৬। অতীতকাল বুঝাইতে কর্মবাচ্যে ক্ত হয় ও ক্ত-প্রত্যয়ান্ত শব্দ কর্মের বিশেষণ। ভাববাচ্যে ক্ত-প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ একবচন।

অনুবাদ আদর্শ

পুত্র মাতার সহিত যাইতে ইচ্ছা করিতেছে—পুত্রো মাত্রা সহ গন্তুম্ ইচ্ছতি। দুর্জনের সহিত কখনও থাকা বা যাওয়া উচিত নয়—ন স্থাতব্যং ন গন্তব্যং দুর্জনেন সহ ক্বচিত্। সে দেখিয়া শুনিয়া জানিল—স দৃষ্ট্বা শ্রুত্বা চ জ্ঞাতবান্। গুরুর আজ্ঞা আমাদের পালন করা উচিত—গুরোরাজ্ঞা অস্মাভিঃ পালনীয়া। যত্ন করিতে করিতে লোকে সিদ্ধিলাভ করে—যত্নং কুর্বন্ (বা যতমানঃ) লোকঃ সিদ্ধিং লভতে। মুনিগণ শাস্ত্র উপদেশ করিয়াছেন—মুনিভিঃ শাস্ত্রম্ উপদিষ্টম্।

অনুশীলনী

১। প্রত্যয়-যোগে শব্দ লিখ :—গ্রহ+তব্য, কৃ+শানচ্, বস্+ক্ত্বা, বহ+তুমুন্, আস্+শানচ্, শী+ক্ত, পচ্+ক্ত, বস্+ক্ত।

২। শুদ্ধ কর :—মাতরং প্রণত্বা তে গতাঃ। তে শয়মানাঃ তিষ্ঠন্তি। গানং শৃণ্বন্তী বালিকা তত্র স্থিতঃ। ব্যাধেন মৃগো হতবান্।

১। সংস্কৃতে অনুবাদ কর :—I saw a boy playing. Hearing this he went away. We wish to do this. The boy tries to learn. Rama asked him to read. I heard him weeping. I am to go. They should not laugh. Enemies were killed by the hero.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সমাস (Compound)

১। দুই বা বহু পদ মিলিত হইয়া একপদ হইলে উহাকে সমাস বলে। সূত্র—একপদীভাবঃ সমাসঃ। সমাসবদ্ধ পদ ভাঙ্গিলে হয় ব্যাসবাক্য।

সমাস সাধারণতঃ চার প্রকার—তৎপুরুষ, দ্বন্দ্ব, বহুব্রীহি, ও অব্যয়ীভাব। তৎপুরুষ সমাসে পর পদের অর্থ প্রধান, দ্বন্দ্ব সমাসে উভয়পদের অর্থ প্রধান, বহুব্রীহি সমাসে অন্য পদের অর্থ প্রধান ও অব্যয়ীভাব সমাসে পূর্ব পদের অর্থ প্রধান। এই কারণে চার ভেদ।

কর্মধারয় ও দ্বিগু সমাস তৎপুরুষ সমাসের অন্তর্গত। অতএব এই দুই সমাসেও পর পদের অর্থ প্রধান।

কোন্ পদের অর্থ প্রধান—ইহা বুঝিতে পারিলেই মোটামুটি ভাবে সমাসের সম্বন্ধে ধারণা করা যায়। রামলক্ষ্মণৌ গচ্ছতঃ—এই বাক্যে রামলক্ষ্মণৌ পদটিতে উভয়পদের অর্থই প্রধান। কারণ গচ্ছতঃ ক্রিয়ার সঙ্গে রাম ও লক্ষ্মণ উভয়েরই সম্বন্ধ। অতএব উহা দ্বন্দ্ব সমাস। আবার দেখ রাজপুত্রঃ গচ্ছতি—এই বাক্যে রাজপুত্রঃ পদে পুত্রঃ এই পর পদের অর্থ প্রধান। কারণ গচ্ছতি ক্রিয়ার সঙ্গে পুত্রেরই সম্বন্ধ, রাজার সহিত ইহার কোন সম্বন্ধ নাই। অতএব ইহা তৎপুরুষ সমাসের উদাহরণ। এইভাবে অন্যগুলিতেও বুঝিতে হইবে।

সমাসের কয়েকটি সাধারণ নিয়ম

১। সমাসের অন্তর্গত যাবতীয় পদগুলির বিভক্তি লুপ্ত হয়। কেবল সমাসবদ্ধ নূতন শব্দটির পরই প্রয়োজনীয় বিভক্তি যুক্ত হয়। নদ্যাঃ তীরম্—এই দুই পদের বিভক্তির লোপ হওয়ায় শব্দটি হইল নদীতীর। ইহার সহিত প্রথমা বিভক্তির যোগে হইল—নদীতীরম্।

২। সমাসে পূর্বপদের বিভক্তি লুপ্ত হইলে সেই পূর্ববর্তী শব্দের শেষের হসন্ত ন্ লুপ্ত হয়। যথা—রাজ্ঞঃ পুত্রঃ—রাজপুত্রঃ। গুণিজনঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

৩। সমাসের অন্তে স্থিত পথিন্ শব্দ সমাসান্ত প্রত্যয় যোগে অ-কারান্ত হয়। যথা—ধর্মস্য পন্থাঃ—ধর্মপথঃ, নর শব্দের মত রূপ।

৪। বিশেষ্য পরে থাকিলে উহার পূর্ববর্তী বিশেষণ মহৎ শব্দ স্থানে মহা হয়। মহান্ ঈশঃ—মহেশঃ।

৫। সমাসে সন্ধি নিত্য। বিদ্যায়াঃ আলয়ঃ—বিদ্যালয়ঃ।

তৎপুরুষ

যে সমাসে পর পদের অর্থ প্রধান তাহাকে তৎপুরুষ সমাস বলে—উত্তরপদার্থ-প্রধানস্তৎপুরুষঃ।

পূর্বপদে দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী—ইহাদের মধ্যে যে কোন বিভক্তি, আর পর পদে প্রথমা বিভক্তি থাকিলে যে সমাস হয়, তাহা তৎপুরুষ, এবং পূর্বপদের বিভক্তির নাম অনুসারেই উহাদের দ্বিতীয়া তৎপুরুষ প্রভৃতি নাম হইয়া থাকে।

২য়া তৎপুরুষ—গৃহং গতঃ—গৃহগতঃ। দুঃখং প্রাপ্তঃ—দুঃখপ্রাপ্তঃ।
৩য়া তৎপুরুষ—ধনেন হীনঃ—ধনহীনঃ। লোভেন জিতঃ—লোভজিতঃ।
৪র্থী তৎপুরুষ—যূপায় দারু—যূপদারু। ধনায় লোভঃ—ধনলোভঃ।
৫মী তৎপুরুষ—সর্পাৎ ভয়ম্—সর্পভয়ম্। স্থানাৎ চ্যুতঃ—স্থানচ্যুতঃ।
৬ষ্ঠী তৎপুরুষ—বৃক্ষস্য শাখা—বৃক্ষশাখা। ধনস্য দানম্—ধনদানম্।
৭মী তৎপুরুষ—গ্রামে স্থিতঃ—গ্রামস্থিতঃ। পুরুষেষু উত্তমঃ—পুরুষোত্তমঃ

নঞ্ তৎপুরুষ—সুবন্ত পদের সহিত নঞের সমাস হয় (নঞ্ অর্থাৎ না)। ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে নঞের ন স্থানে অ ও স্বরবর্ণ পরে থাকিলে অন্ হয়। ন ব্রাহ্মণঃ—অব্রাহ্মণঃ। ন আচারঃ—অনাচারঃ। নঞ্ তৎপুরুষে পরপদের অর্থ প্রধান।

বিশেষ দ্রষ্টব্য—নির্ধারণ বুঝাইলে ৭মী তৎপুরুষই হইবে, ষষ্ঠী তৎপুরুষ হইবে না। কবিষু শ্রেষ্ঠঃ—কবিষু শ্রেষ্ঠঃ (কবীনাং শ্রেষ্ঠঃ নহে)। তৎপুরুষে শেষের রাজন্ ও সখি শব্দ অ-কারান্ত হয়—দেবরাজঃ, ইন্দ্রসখঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কর্মধারয়

পরবর্তী বিশেষ্য পদের সহিত পূর্ববর্তী বিশেষণ পদের যে সমাস তাহা কর্মধারয়। এই সমাসে পর পদের অর্থ প্রধান এবং ব্যাসবাক্যে উভয় পদেই প্রথমা, ও লিঙ্গ বচন এক। যথা—নীলম্ উৎপলম্—নীলোৎপলম্। সুন্দরঃ পুরুষঃ—সুন্দরপুরুষঃ।

কর্মধারয় সমাসে পূর্বপদের স্ত্রীলিঙ্গ বিশেষণটি পুংলিঙ্গ হয় ও মহৎ শব্দ স্থানে মহা হয়। যথা—নীলা যমুনা—নীলযমুনা। সুন্দরী বালিকা—সুন্দরবালিকা। মহান্ বৃক্ষঃ—মহাবৃক্ষঃ (মহা আদেশ)। পরপদে রাজন্ ও সখি শব্দ অ-কারান্ত হয়। মহারাজঃ, প্রিয়সখঃ। আরও চারিপ্রকার কর্মধারয়ের সংক্ষিপ্ত সঙ্কেত নিম্নে দেওয়া হইল।

অন্যান্য কর্মধারয়ের সঙ্কেত

১। উপমান কর্মধারয়—উপমান অর্থাৎ যাহার সহিত তুলনা করা হয় (যেমন মেঘের মত, চাঁদের মত) + গুণ বা দোষবোধক শব্দ। যথা—মেঘ ইব শ্যামঃ—মেঘশ্যামঃ (প্রথমটির নামে সমাসের নাম)।

। উপমিত কর্মধারয়— উপমেয় অর্থাৎ যাহাকে তুলনা করা হয় + উপমান (যাহার সহিত তুলনা করা)। গুণ দোষ উহ্য থাকে। যথা—পুরুষঃ সিংহঃ ইব—পুরুষসিংহঃ। মুখং কমলম্ ইব—মুখকমলম্।

৩। রূপক কর্মধারয়—উপমেয় + উপমান, কিন্তু ইহাদের দুইটিকে অভিন্ন বা অপৃথক্‌রূপে কল্পনা করা হয়। দুঃখম্ এব সাগরঃ (দুঃখই সাগর)—দুঃখসাগরঃ। ব্যাসবাক্যে এব লক্ষণীয় (ইব হইবে না)।

৪। মধ্যপদলোপী কর্মধারয়—পূর্বপদের বিশেষ্যকে বিশেষণ করিতে হইলে ব্যাসবাক্যে উহার পর আরও পদ যোগ করিতে হয়। যেমন—ময়ূরাসনম্—ময়ূরচিহ্নিতম্ আসনম্। পলান্নম্—পলমিশ্রিতম্ অন্নম্।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

দ্বিগু

যে কর্মধারয় সমাসে পূর্বের বিশেষণ পদ সংখ্যাবাচক, তাহাকে দ্বিগু বলে—সংখ্যাপূর্বো দ্বিগুঃ। দ্বিগু সমাসে প্রায়ই সমাহার অর্থাৎ মিলিত সমষ্টি বোঝায়। অ-কারান্ত দ্বিগু প্রায় ঈ-যোগে স্ত্রীলিঙ্গ, নচেৎ ক্লীবলিঙ্গ একবচন। ত্রয়াণাম্ লোকানাং সমাহারঃ—ত্রিলোকী। পঞ্চানাং বটানাং সমাহারঃ—পঞ্চবটী। কিন্তু ত্রিনয়নম্, ত্রিভুবনম্।

দ্বন্দ্ব

পরস্পর বিশেষ্য বিশেষণ নয়, এমন দুই বা বহু পদের যে সমাসে প্রত্যেক পদের অর্থ প্রধান তাহাকে দ্বন্দ্ব বলে। সাধারণতঃ এইরূপ সমাসকে ইতরেতর দ্বন্দ্ব বলে। 'ইতরেতর' অর্থাৎ ভিন্ন ভিন্ন এবং দ্বন্দ্ব বলিতে 'দুই' বোঝায়। অতএব এই সমাসে ভিন্ন ভিন্ন পদের যোগ এবং উভয় বা প্রত্যেক পদের অর্থই প্রধান। রামশ্চ লক্ষ্মণশ্চ—রামলক্ষ্মণৌ, মাতা চ পিতা চ—মাতাপিতরৌ।

কিন্তু দ্বন্দ্ব সমাসে মিলিত সমষ্টি বুঝাইলে সমাহার দ্বন্দ্ব হয়। সমাহার দ্বন্দ্ব নিত্য ক্লীবলিঙ্গ একবচন। হস্তৌ চ পাদৌ চ—হস্তপাদম্।

সমাহার-দ্বন্দ্বের সঙ্কেত

১। প্রাণিতূর্য-সেনাঙ্গানাম্—প্রাণীর অঙ্গবাচক, বাদ্যবাচক, বা সেনার অঙ্গবাচক শব্দের সমাহার, যথা—হস্তৌ চ পাদৌ চ—হস্ত-পাদম্। ভেরী চ পটহশ্চ—ভেরীপটহম্। পদাতিকাঃ অশ্বারোহাশ্চ—পদাতিকাশ্বারোহম্।

২। যেষাঞ্চ বিরোধঃ শাশ্বতিকঃ—যে প্রাণিদিগের নিত্য বিরোধ, তাহাদের সমাহার হয়। অহিশ্চ নকুলশ্চ—অহিনকুলম্।

৩। নদীবাচিনাং লিঙ্গভেদে দেশবাচিনাঞ্চ—ভিন্ন-ভিন্ন লিঙ্গের নদী বা দেশবাচক পদের সমাহার দ্বন্দ্ব হয়। গঙ্গা চ ব্রহ্মপুত্রশ্চ—গঙ্গাব্রহ্মপুত্রম্। গয়া চ প্রয়াগশ্চ—গয়াপ্রয়াগম্। এক লিঙ্গ হইলে সমাহার দ্বন্দ্ব হইবে না। যেমন—গঙ্গাযমুনে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বহুব্রীহি

যে সমাসে সমাসবদ্ধ পদটির পূর্ব বা পরবর্তী শব্দের কোনটির অর্থই প্রধান না হইয়া অন্য পদার্থকে বোঝায়, তাহার নাম বহুব্রীহি —অন্যপদার্থপ্রধানো বহুব্রীহিঃ। বহুব্রীহি সমাসে যে পদটি নিষ্পন্ন হয়, উহা বিশেষণ। অতএব ইহাতে বিশেষ্যের অনুযায়ী লিঙ্গ, বিভক্তি ও বচন হইবে। ব্যাসবাক্যে যদ্ ও তদ্ শব্দের ব্যবহার হয়। দীর্ঘৌ বাহূ যস্য সঃ দীর্ঘবাহুঃ (এস্থলে দীর্ঘ দুই বাহুকে না বুঝাইয়া দীর্ঘবাহু-বিশিষ্ট ব্যক্তিকে বুঝাইতেছে)। নির্মলং জলং যস্যাঃ সা—নির্মলজলা (নদী)—নদীকে বুঝাইতেছে এবং নদীর বিশেষণ-রূপে স্ত্রীলিঙ্গের প্রয়োগ হইয়াছে। দণ্ডঃ পাণৌ যস্য সঃ—দণ্ডপাণিঃ।

বহুব্রীহি সমাসে পূর্বের বিশেষণটি প্রায় পুংলিঙ্গ হয়। নির্মলা মতির্যস্য সঃ—নির্মলমতিঃ। শেষের আ-কারান্ত শব্দ অ-কারান্ত হয় পুংলিঙ্গে—সুন্দরী ভার্যা যস্য সঃ—সুন্দরভার্যঃ (যুবা)।

সহ শব্দ স্থানে বিকল্পে স হয়। পুত্রেণ সহ বর্তমানঃ—সপুত্রঃ বা সহপুত্রঃ। বহুব্রীহিসমাস নিষ্পন্ন পদ ক্রিয়াবিশেষণ হইলে ব্যাস-বাক্যে 'যথা স্যাৎ তথা' এইরূপ যোগ করিতে হয়। স সহর্ষং নৃত্যতি, এখানে সহর্ষম্ অর্থাৎ হর্ষেণ সহ বর্তমানং যথা স্যাৎ তথা।

অব্যয়ীভাব

সামীপ্য, অভাব, বীপ্সা (বা পৌনঃপুন্য) প্রভৃতি অর্থে যে সমাসে পূর্ব পদে অব্যয় থাকে এবং পূর্ব পদের অর্থ প্রধান তাহার নাম অব্যয়ীভাব। সমাসবদ্ধ পদটি ক্লীবলিঙ্গ ও একবচনে ব্যবহৃত হয়।

সমীপার্থে—কূলস্য সমীপে—উপকূলম্। অভাবার্থে—ভিক্ষায়াঃ অভাবঃ—দুর্ভিক্ষম্। পশ্চাৎ—গৃহস্য পশ্চাৎ—অনুগৃহম্। বীপ্সার্থে —দিনম্ দিনম্—প্রতিদিনম্। অনতিক্রমার্থে—শক্তিম্ অনতিক্রম্য —যথাশক্তি (যথাশক্তিম্ নহে)।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুবাদশিক্ষা—(১২)

সমাস

১। সমাস ব্যবহারের দ্বারা বিশেষত: তৎপুরুষ ও কর্মধারয়ের সাহায্যে সহজে অনুবাদ করা যায়। ইহাতে সমাসের পূর্বপদের বিভক্তি-প্রয়োগের দায়িত্ব এড়ান যায়। যেমন, নদীর তীরে আমের গাছ—ইহার অনুবাদে তৎপুরুষ সমাসের সাহায্যে বলা যায়—নদী-তীরে আম্রবৃক্ষ:। এইরূপ অনুবাদ শুনিতেও ভাল লাগে।

২। বিশেষ্য ও বিশেষণের মধ্যে লিঙ্গ, বিভক্তি ও বচনের মিল না রাখিয়া অনায়াসেই কর্মধারয় সমাসের সাহায্যে অনুবাদ করা যায়। বিশাল বৃক্ষ—বিশালবৃক্ষ:। সুন্দর গৃহ—সুন্দরগেহম্।

৩। কৃদ্‌যোগে যেখানে কর্মে বা কর্তায় ষষ্ঠী হয়, সেখানে ষষ্ঠী-তৎপুরুষ সাহায্যে অনুবাদ করা নিরাপদ। যেমন—সে অন্নের ভোজন করে—স: অন্নভোজনং করোতি। শাস্ত্রের উপদেশ পালনীয়—শাস্ত্রোপদেশ: পালনীয়:। প্রাতে সূর্যের উদয়—প্রাত: সূর্যোদয়:।

বিশেষ দ্রষ্টব্য—সমাসে সন্ধি নিত্য ইহা মনে রাখিবে

অনুবাদ আদর্শ

সমাস

দুষ্টজনের সংসর্গ সর্বদা ত্যাগ কর—সর্বদা দুর্জনসংসর্গং ত্যজ।
পূর্বজন্মে কৃত যে কর্ম তাহাই দৈব—পূর্বজন্মকৃতং যৎ কর্ম তদ্দৈবম্।
নীল আকাশে পূর্ণচন্দ্র সমুদিত—নীলাকাশে পূর্ণচন্দ্র: সমুদিত:।
রাম ও লক্ষণের মহিমা খ্যাত—রামলক্ষ্মণয়োর্মহিমা খ্যাত:।
তিনি তিন ভুবন জয় করিলেন—তেন ত্রিভুবনং জিতম্।
এই নদী যাহার জল পবিত্র—এষা পূতসলিলা নদী।
ইনি মহারাজের প্রিয় সখা—অয়ং মহারাজস্য প্রিয়সখ:।
যথাশাস্ত্র পুণ্যকাজ কর—কুরু পুণ্যং যথাশাস্ত্রম্।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুশীলনী

১। সমাস কাহাকে বলে? কর্মধারয় ও বহুব্রীহি সমাসে প্রভেদ কি? উপরের অনুবাদ-আদর্শের সমাসবদ্ধ পদগুলির ব্যাসবাক্য ও সমাস লিখ।

২। সমাসে পরিণত কর :—

রাজ্ঞঃ সখা, মহান্ তরুঃ, দ্রোণশ্চ দ্রুপদশ্চ, পীতম্ অম্বরং যস্য সঃ।

৩। যথাসম্ভব সমাস ব্যবহার দ্বারা অনুবাদ কর :—

কাবেরী নদীর তীরে বিশাল বৃক্ষ ছিল। রাজার পুত্র ঘোড়ায় চড়িয়া বৃক্ষের তলে আসিল। মহারাজা শক্তি অনুসারে দান করিলেন। দুর্ভিক্ষের সময় গ্রামে গ্রামে চোরের ভয়। রাম, লক্ষ্মণ, ভরত ও শত্রুঘ্ন বীর ছিলেন। রমণীর কোমল হৃদয় শোকের দ্বারা আহত হইল। দেবের আদিদেব মহাদেবের ত্রিনয়ন। নন্দগোপের পুত্র শ্রীকৃষ্ণ পীত বসন পরিধান করেন।

তদ্ধিত প্রত্যয়

অর্থবিশেষে প্রাতিপদিকের পর তল্ (তা), ত্ব, মতুপ্ (মত্), ষ্যণ্ (য্য) প্রভৃতি প্রত্যয় হয়। উহাদিগকে তদ্ধিত বলে।

তল্, ত্ব, ইমন্

ভাব অর্থে তল্ (তা), ত্ব বা কোন কোন শব্দের পর ইমন্ হয়। তল্ (তা) প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ, ত্ব-প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ ও ইমন্-প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ। যথা—প্রভুতা, প্রভুত্বম্। লঘুতা, লঘুত্বম্, লঘিমা। পশুতা, পশুত্বম্। গুরুতা, গুরুত্বম্, গরিমা।

মতুপ্ (মৎ), ইনি

১। 'আছে'—এই অর্থে মতুপ্ প্রত্যয় যুক্ত হয়। বুদ্ধিমত্, শ্রীমত্, ধীমত্। পুংলিঙ্গে ও ক্লীবলিঙ্গে ইহাদের রূপ শ্রীমত্ শব্দের মত এবং স্ত্রীলিঙ্গে দীর্ঘ ঈ-যোগে নদী শব্দের মত। অ-বর্ণান্ত শব্দের পর মতুপের ম স্থানে ব হয়। যথা—জ্ঞানবত্, ধনবত্, বিদ্যাবত্।

২। ইনি (ইন)—'আছে'-এই অর্থে ইনি হয়। যথা—গুণিন্।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

অণ্, অঞ্, ইঞ্, ষ্যঞ্, ঢক্

১। অণ্, অঞ্ (ষ্য), ইঞ্ (ষিা), ষ্যঞ্ (ষ্যে) ও ঢক্ (চ্যীয়) —অপত্যার্থে এই প্রত্যয়গুলি হয়। মনে রাখিবে আদিস্বরের বৃদ্ধি হয়। অণ্—কুরু-কৌরব। অঞ্—পুত্র-পৌত্র, মনু-মানব। ইঞ্—দশরথ-দাশরথি, ব্যাস-বৈয়াসকি ক। ষ্যঞ্—গর্গ-গার্গ্য। ঢক্—গঙ্গা-গাঙ্গেয়, ভগিনী-ভাগিনেয়। 'ভাব' অর্থেও এই সকল প্রত্যয়, হয়, তখন পদটি ক্লীবলিঙ্গ। গৌরবম্, দারিদ্র্যম্।

২। 'তিনি ইহার দেবতা'—এই অর্থেও এই প্রত্যয়গুলি হয়। যথা—বিষ্ণু-বৈষ্ণব, শিব-শৈব, অগ্নি-আগ্নেয়, গণপতি-গাণপত্য।

ময়ট্

ময়ট্ (ময়)—বিকার বা ব্যাপ্তি অর্থে ময়ট্। দারুময়, হিরণ্ময়।

বিভক্তি অর্থে তসিল্ ইত্যাদি

১। তসিল্ (তস)—পঞ্চমী ও সপ্তমী বিভক্তি স্থানে বিকল্পে তসিল্ হয়। যথা—গৃহাত্—গৃহতঃ। অগ্রে—অগ্রতঃ।

২। ত্রল (ত্র)—সর্বনাম শব্দে ৭মী বিভক্তির স্থানে ত্র। সর্বত্র।

৩। থাল্ (থা)—প্রকার অর্থে সর্বনামের তৃতীয়া বিভক্তির স্থানে থাল্। অন্যথা, সর্বথা, যথা, তথা।

৪। ধাচ্ (ধা)—প্রকার অর্থে সংখ্যাবাচক শব্দের পর ধাচ্ হয়। একধা, দ্বিধা, ত্রিধা, চতুর্ধা, ষোঢ়া ক।

৫। বতি (বত্)—সাদৃশ্য বা তুলনায়। পিতৃবত্, চন্দ্রবত্।

৬। চিত্, চন—অনিশ্চয় অর্থে বিভক্তিযুক্ত কিম্ শব্দের পর। যথা—কশ্চিত্, কাচিত্, কুত্রচিত্।

বিশেষ দ্রষ্টব্য—উপরের এই প্রত্যয়গুলির যোগে অব্যয় গঠিত হয় [অব্যয় দ্রষ্টব্য]। এই প্রত্যয়ান্ত শব্দের সাহায্যে অনুবাদ করা সহজ। যেমন—সবস্থানে—সর্বত্র, দুই প্রকারে—দ্বিধা ইত্যাদি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তর, তম

দুইয়ের মধ্যে একের উৎকর্ষে তর ও বহুর মধ্যে একের উৎকর্ষে তম প্রত্যয় যুক্ত হয়। এই প্রত্যয়ান্ত শব্দ অ-কারান্ত। যথা—গুরুতর, গুরুতম ; বলবত্তর, বলবত্তম। স্ত্রীলিঙ্গে আ-যোগ। দুইয়ের মধ্যে একের উৎকর্ষে যাহা অপেক্ষা উৎকর্ষ, তাহাতে ৫মী, এবং বহুর মধ্যে নির্ধারণে ৬ষ্ঠী বা ৭মী।

অনুবাদ-আদর্শ

তদ্ধিত-প্রত্যয়ান্ত পদ প্রয়োগ

গুরু সব সময়ে ও সকল স্থানে পিতার ন্যায় পূজ্য—গুরু: সর্বদা সর্বত্র চ পিতৃবৎ পূজ্য:। কোন ব্রাহ্মণ নদী হইতে গ্রামের দিকে আসিতেছেন—কশ্চিৎ বিপ্রো নদীত: গ্রামং প্রতি আগচ্ছতি। সিংহ ব্যাঘ্র অপেক্ষা অধিক বলবান্—সিংহো ব্যাঘ্রত: (বা ব্যাঘ্রাৎ) বলবত্তর:। পাণ্ডুর পুত্রগণের মধ্যে যুধিষ্ঠির সর্বাপেক্ষা ধার্মিক—পাণ্ডবেষু যুধিষ্ঠিরো ধার্মিকতম:। একদিন দশরথের পুত্র সুমিত্রার পুত্রকে বলিলেন—একদা দাশরথি: সৌমিত্রিম্ অবদৎ।

অনুশীলনী

১। তদ্ধিত প্রত্যয় যোগে শব্দগুলি বল :—লঘু+ইমন্, দশরথ+ইঞ্ (ষ্ণি), রাধা+ঢক্ (ষ্ণেয়), শিশু+অণ্ (ষ্ণ), ধন+মতুপ্, হিরণ্য+ময়ট্, চঞ্চু+ঘাচ্।

২। অন্ততঃ একটি তদ্ধিত প্রত্যয়ান্ত পদ ব্যবহারে সংস্কৃতে অনুবাদ কর :—শিবের ভক্তগণ শিবপূজা করেন। বিদ্যা যাঁহাদের আছে, তাঁহাদের সম্মান সর্ব স্থানে। রামের মত বীর কোথাও নাই। বাংলা ভাষা সংস্কৃত ভাষা হইতে আসিয়াছে। কালিদাস কবিগণের মধ্যে সর্বাপেক্ষা পূজ্য।

———

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরিশিষ্ট

(অনুবাদ ও অশুদ্ধি সংশোধন)

ভিন্ন ভিন্ন পাঠে নানা সঙ্কেত ও অনুবাদের রীতিনীতি সহজভাবে শেখানো হইয়াছে। উপরের শ্রেণীতে পড়িবার সময়েও বইটির সাহায্যে কৌশলগুলি আয়ত্ত রাখিবে। ইহাতে ফল ভালই হইবে।

পুনরায় কয়েকটা কথা স্মরণ করাইয়া দিই। ইংরাজী বা বাংলা হইতে সংস্কৃতে অনুবাদে শুদ্ধ বাংলায় বাক্যটী লিখিবে। কর্তা ও ক্রিয়ার নীচে দাগ দিবে—যাহাতে ক্রিয়ার পুরুষ ও বচন কর্তা অনুসারে বসাইতে ভুল না হয়। বিশেষ্য বিশেষণে লিঙ্গ, বিভক্তি ও বচনের মিল আর একটী নিয়ম। ক্ত, ক্তবতু, ও শতৃ, শানচ্ প্রত্যয়ান্ত শব্দ বিশেষণ; ইহাদের লিঙ্গ, বিভক্তি ও বচন বিশেষ্যের মত। ণত্ব, ষত্ব ও সন্ধির মোটামুটী নিয়ম ঠিক রাখিবে। কারক, সম্বন্ধপদ ও পদযোগে বিভক্তির নিয়ম আয়ত্ত রাখিবে। এগুলি ঠিক রাখিলেই অনুবাদ ও অশুদ্ধি সংশোধনে নির্ভুল উত্তর হইবে।

নিম্নে কয়েকটি অনুবাদ ও অশুদ্ধি সংশোধনের নমুনা রহিল। নিজেরা উত্তর করিয়া পরে মিলাইয়া লইবে। কর্তার আগেও ক্রিয়াপদ বসানো যায়, যদি উহাতে শ্রুতিমধুর হয়। জানা সন্ধি যথাসম্ভব করিবে।

বর্তমান কালে লট্, অতীতে স্ম-যোগে লট্; লঙ্ বা ক্ত, ক্তবতু ব্যবহার করিবে। ভবিষ্যৎ কালে লৃট্ হয়। আদেশ অর্থে বা Let থাকিলে লোট্। উচিত অর্থে বিধিলিঙ্ বা কৃত্যপ্রত্যয়। 'হইতেছে' না বুঝাইলে বর্তমানকালে 'Be' verb-এর অনুবাদের দরকার নাই। যেমন He is happy—স সুখী।

1. সংস্কৃতে অনুবাদ কর—This is a beautiful morning. The sun has risen in the east. Wind blows gently carrying scent of flowers. The sun having risen, lotuses bloom in the pond. Girls are plucking flowers from the tree. There is a river near the village. From the village ploughmen go toward the field.

1. **অনুবাদ :**—রম্যম্ ইদং প্রাতঃ। পূর্বস্যাং দিশি সূর্যঃ সমুদিতঃ। পুষ্পগন্ধম্ আবহন্ ধীরং বাতি সমীরঃ। সূর্যে উদিতে সরোবরে কমলানি প্রস্ফুটন্তি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

वृक्षं पुष्पाणि चिन्वन्ति बालाः। नदीं निकषा ग्रामः। कृषका ग्रामात् चौरमभितो गच्छन्ति।

2. সংস্কৃতে অনুবাদ কর :—In ancient time there was a prosperous city, Pataliputra by name. There lived a virtuous and powerful King. He had three sons who were all very wicked fom boyhood. The learned Visnusarma was invited by the King. The princes read Sastras with him in the form of stories. Within six months they made progress in study,

2. অনুবাদ :—आसीत् पुरा पाटलिपुत्रं नाम समृद्धं नगरम्। तत्र पराक्रमशाली धार्मिकश्च कश्चन नरपतिर्निवसति स्म। आसन् तस्य त्रयः पुत्राः। आ बाल्यात् ते सर्वे अतीव दुष्टाः। विष्णुशर्मा नाम पण्डितो राज्ञा समाहूतः। राजकुमारास्तत्सकाशात् कथारूपेण शास्त्राणि अधीतवन्तः। षड्भिर्मासैस्ते पाठे समुन्नतिं कृतवन्तः।

3. অশুদ্ধি :—तादृशी मिथ्या न वक्तव्या। वर्षायां नदी सवेगेन प्रवहति। भगवानस्य महिमा अपारा। एतादृशे विपदे नास्ति मे सहायः। सिंहा पर्वतगुहासु अधिशेरन्ते। हे अम्बे त्राहि माम्।

3. কারণ উল্লেখে শুদ্ধি :—तादृशं मिथ्या न वक्तव्यम् ('মিথ্যা' অব্যয় উহার বিশেষণ ক্লীবলিঙ্গ)। वर्षासु (নিত্য বহুবচন) नदी सवेगम् (ক্রিয়া-বিশেষণে ২য়া একবচন, বা वेगेन—প্রকৃতি প্রভৃতি শব্দে ৩য়া) प्रवहति। भगवतः (অ-কারান্ত নহে, ভগবৎ শব্দ) महिमा अपारः (পুংলিঙ্গ মহিমন্ শব্দের বিশেষণ)। एतादृश्याम् विपदि (বিপদ্ শব্দ ও উহার বিশেষণ স্ত্রীলিঙ্গ) नास्ति मे सहायः। सिंहाः पर्वतगुहाः (অধি-শী ধাতুর অধিকরণে কর্ম হয়) अधिशेरते (शी+लट् অন্তে যোগে শেরতে)। हे अम्ब (সম্বোধনে অম্ব) त्रायस्व (ত্রৈ-ধাতু আত্মনেপদী) माम्।

দ্রষ্টব্য—পুস্তকটির বিভিন্ন অনুশীলনী হইতে অনুবাদ ও অশুদ্ধি সংশোধন অংশ বাছিয়া বাছিয়া উত্তর করিতে চেষ্টা কর এবং দ্বিতীয় ভাগের প্রথমের অশুদ্ধি সংশোধন অংশ পুনরায় অভ্যাস কর।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

आम्र
भरतनिधि

Dr. Urmila Sharma Collection, Varanasi